The 21st April 1877.—It is hereby notified for general information that the Government of India having sanctioned an addition of one to the number of District and Sessions Judges in the Lower Provinces of Bengal, the Lieutenant-Governor has been pleased to direct that the post of Additional Judge and Additional Sessions Judge in the districts of the Dacca Division be abolished with effect from the 1st proximo; and he has been further pleased, under the authority vested in him by Sections 3 and 18, Act VI of 1871, and Section 13, Act X of 1872, to direct that from the same date the thanas entered in the statement below, some of which now lie wholly or partly within the jurisdiction of the Judge of Tipperah, and some wholly or partly within that of the Judge of Chittagong, be constituted into a separate Civil and Sessions Division, and to appoint thereto a separate District and Sessions Judge, who will have his head-quarters at the Sudder Station of the district of Noakholly.

The Lieutenant-Governor has further been pleased, under Section 18, Act VI of 1871, to transfer thana Bamni from the jurisdiction of the Moonsif of Dewangunge to that of the Moonsif of Sudaram, and outpost Farashgunge, of the Luchkipore thana, from the jurisdiction of the latter officer to that of the Moonsif of Begumgunge.

The civil and criminal jurisdictions as now altered will stand as follows:—

Name of district.	Name of division of district.	Name of thana.	Name of moonsifee to which each thana will be attached in future.	Judgeship to which attached at present. Civil jurisdiction.	Judgeship to which attached at present. Criminal jurisdiction.	District Judgeship and Sessions Division to which each thana will be attached in future.
Noakholly.	Bhulloa or Sudder Division.	Sudaram	Sudaram	Judge of Tipperah.	Judge of Tipperah.	Judge of Noakholly.
		Hattia				
		Bamni				
		Begumgunge ...	Begumgunge			
		Raneegunge				
		Lakhipore, except outpost Farashgunge.				
		Outpost Farashgunge				
		Sundeep, including the islands of Lukhi, Bodu, and Shedhi.	Sundeep	Judge of Chittagong.		
	Fenny Division...	Meerserai ...	Dewangunge ...			
		Ameergunge or Fenny				
		Chagulnya				

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st April 1877.—With reference to the separate Notification of this day's date, constituting the district of Noakholly into a separate District Judgeship and Sessions Division, the Lieutenant-Governor has been pleased to appoint Mr. J. Tweedie, who is at present officiating as Additional Judge and Additional Sessions Judge in the districts of the Dacca Division, to act as District and Sessions Judge of Noakholly, with effect from the 1st proximo.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 1*st May* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৯ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এস্তিরারমতে রেজিস্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারানুসারে শ্রীযুত সৈয়দ আবদুস্ সোভানকে লাইসেন্স দিয়া পাবনা জিলার অন্তর্গত পাবনা অদ্দুল ই ও মথুরা ও চাটমোহর পোলীস থানার সীমার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিস্টরী করিবার ক্ষমতা ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন। উক্ত আফিসের সদর স্থান পাবনায় হইবে।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২১ আপ্রিল।—ভারতবর্ষের গবর্ণমেণ্ট বঙ্গপ্রভৃতি দেশে ডিষ্ট্রিক্ট ও সেশন জজদের সংখ্যা বৃদ্ধি করিয়া আর এক জনকে নিযুক্ত করিবার অনুমতি দেওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঢাকা খণ্ডের অন্তর্গত জিলা সকলের আডিশ্যনল জজ ও আডিশ্যনল সেশন জজের পদ আগামি মাসের ১ তারিখ অবধি উঠাইয়া দিবার আজ্ঞা করিলেন। এবং ১৮৭১ সালের ৬ আইনের ৩ ও ১৮ ধারামতে ও ১৮৭২ সালের ১০ আইনের ১১ ধারামতে তাঁহার প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি এই আজ্ঞাও করিলেন যে, উক্ত তারিখ অবধি নিম্নলিখিত বর্ণনাপত্রের উল্লিখিত যে২ থানার মধ্যে কএকটী ত্রিপুরার জজ সাহেবের ও কএকটী চট্টগ্রামের জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে এইক্ষণে সম্পূর্ণরূপে বা অংশতঃ আছে তাহা লইয়া এক স্বতন্ত্র সিবিল ও সেশন খণ্ড ও তথায় স্বতন্ত্র এক জন ডিষ্ট্রিক্ট ও সেশন জজকে নিযুক্ত করা যাইবে, তাঁহার সদরস্থান নওয়াখালী জিলার সদর মোকামে হইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের ৬ আইনের ১৮ ধারামতে বামনি থানা দেওয়ানগঞ্জের মুনসেফের বিচারাধিপত্য হইতে সুধারামের মুনসেফী ভুক্ত হইবার ও লক্ষ্মীপুর থানার করাসগঞ্জ ফাঁড়ি সুধারামের মুনসেফী বিচারাধিপত্য হইতে বেগমগঞ্জের মুনসেফী ভুক্ত হইবার অনুমতিও করিলেন।

দেওয়ানী ও ফৌজদারী বিচারাধিপত্য পরিবর্ত্তন করিয়া এইক্ষণে যেরূপ হইবে তাহা এই২,—

জিলার নাম	জিলার মহকুমার নাম	থানার নাম	ইহার পর থানা যে মুনসেফীভুক্ত হইবে তাহার নাম	যে জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে এইক্ষণে আছে — দেওয়ানী বিচারাধিপত্য	যে জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে এইক্ষণে আছে — ফৌজদারী বিচারাধিপত্য	যে ডিষ্ট্রিক্ট জজের ও সেশন জজের বিচারাধিপত্যে ইহার পর থাকিবে তাহার নাম।
নওয়াখালী	ভুলুয়া বা সদর মহকুমা	সুধারাম	সুধারাম	ত্রিপুরার জজের	ত্রিপুরার জজের	নওয়াখালীর জজের।
		হাতিয়া				
		বামনি				
		বেগমগঞ্জ	বেগমগঞ্জ			
		রাণীগঞ্জ				
		করাসগঞ্জ ফাঁড়ি ভিন্ন লক্ষ্মীপুর				
		করাসগঞ্জ ফাঁড়ি ...				
		লক্ষ্মী ও বোহু ও সেধিদ্বীপ সুদ্ধ সন্দীপ	সন্দীপ	চট্টগ্রামের জজের		
	ফেনী মহকুমা	মীর সরাই	দেওয়ানগঞ্জ			
		আমীরগঞ্জ বা ফেনী ...				
		চাগলনয়া				

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২১ আপ্রিল।—নওয়াখালী জিলা স্বতন্ত্র ডিষ্ট্রিক্ট জজের ও সেশনের খণ্ড হওন বিষয়ক অদ্যকার তারিখের স্বতন্ত্র জ্ঞাপনপত্রোপলক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঢাকা খণ্ডের অন্তর্গত জিলা সমূহে আডিশ্যনল জজের ও আডিশ্যনল সেশন জজের কর্ম্ম কারি শ্রীযুত জে, টুইডী সাহেবকে আগামি মাসের ১ তারিখ অবধি নওয়াখালীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত করিলেন।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

NOTIFICATION.

The 24th April 1877.—In modification of the Notification dated the 13th August 1874, published at page 1273 of the *Calcutta Gazette* of the 19th idem, Part I, the Lieutenant-Governor has been pleased, under section 10 of Act V (B.C.) of 1876, to approve the following revised boundaries of the Berhampore Municipality, with effect from the 1st instant:—

The Municipality is divided into two blocks—block A, or the Berhampore block, and block B, or the Gorabazar block.

The block A of the Municipality is bounded on the west by the left bank of the Bhagiruthy river from a point opposite Kutuwallee thana on the road about 154 yards to the north of the north-western corner of the district jail boundary wall up to a point due west of Mekraj Baboo's house at Koonjo Ghata.

The other boundaries then run east along the Koonjo Ghata Rajbaree lane, up the Radhabullubpara lane, down the Girzatolla lane, till it meets the Dianaggore pucca road; it then runs south along the Dianaggore road for about 110 yards to a small culvert; thence direct to the tank on the north side of the Chaltia beel; thence along the north and east banks of that beel down to Joy Chand Khagra lane; thence westward along the Joy Chand Khagra lane to Baboo Radhica Churn Sen's garden; thence direct to Sooreeparah and on to the pucca bridge over the Kulkapore beel. The southern bank of the Kulkapore beel then forms the boundary, winding round up to the junction of the Jhowkhola pucca road and the Kulkapore pucca road; it then runs north along the Kulkapore pucca road up to a point near the Dutch burial-ground, where five roads meet; then north along the Saheb Ghata lane to the bank of the Adigunga to a large tank at Dhangurparah; thence direct to a point where three roads meet at the old cemetery; thence along Cossimbazar outpost road along the southern bank of the Katigunga to a cross road leading to the Nysripore road to Moharany Sarnomoyee's dwelling-house; thence south along the Punchanuntollah pucca road to Grant Hall corner; thence north along Khalaseebazar road and west along Berhampore bazar road to Kutuwallee thana.

Block B is bounded on the west by the Bhagiruthy river from a point opposite Koylah Ghata at the north-west corner of the college as far as Ajodhyanagore lane; thence east along the zemindaree road, up to its junction with the Chaltia kutcha road; and thence northward along the Chaltia kutcha road, meeting the pucca road to Choapore at a point 200 yards east of soldiers' cemetery; and thence west along the Koylah Ghata road south of the military cantonment to the north-west corner of the college.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENTS.

The 19th April 1877.

No. 130.—*Leave of absence.*—Mr. James Caldwell, Supervisor (temporary rank), Second Grade, attached to the Nuddea Rivers Division, for nine months on medical certificate, under Supplement F of the Civil Leave Code, Section 3.

2. Mr. Caldwell is also allowed preparatory leave for thirty days under the above Code, Sections 10 and 11.

The 20th April 1877.

No. 131.—*Notifications.*—Baboo Denonath Sen, Executive Engineer (temporary rank), Fourth Grade, joined the Mozufferpore Division on the 7th current, before noon.

No. 132.—Baboo Ramessur Dass, Accountant, Fourth Grade, joined the Chittagong Division on the 28th March 1877, before noon.

The 21st April 1877.

No. 133.—Baboo Gopal Chunder Mookerjee, Executive Engineer, Third Grade, assumed charge of the Presidency Division on the 5th current, after noon.

[*Government Gazette,* 1*st May* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৪ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৪ সালের আগষ্ট মাসের ২৫ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৯৮৫ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ১৩ তারিখের জ্ঞাপনপত্র মতান্তর করিয়া ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১০ ধারামতে বহরমপুর মুনিসিপালিটীর নিম্নলিখিত সংশোধিত সীমা এই মাসের ১ তারিখ অবধি অনুমোদন করিলেন।

এই মুনিসিপালিটী দুই ভাগে বিভক্ত A, বা বহরমপুর ও B, বা গোরাবাজার ভাগ।

উক্ত মুনিসিপালিটীর A, ভাগের পশ্চিম সীমা, জিলার জেল বাটীর সীমার প্রাচীরের উত্তর পশ্চিম কোণহইতে উত্তরদিগে প্রায় ১৫৪ গজ অন্তর কোতয়ালী থানার সম্মুখ রাস্তাহইতে কুঞ্জঘাটার মেঘরাজ বাবুর বাটীর খাড়াপশ্চিম পর্য্যন্ত ভাগিরথী নদীর বাম তট।

অন্যান্য সীমা পূর্ব্বদিগে কুঞ্জঘাটা রাজবাড়ী পথের সঙ্গে২ রাধাবল্লভ পাড়া গলি ধরিয়া গির্জ্জাটোলা পথ দিয়া দয়ানগরের পাকা রাস্তায় মিলে, পরে দক্ষিণদিগে দয়ানগরের পথের সঙ্গে২ প্রায় ১১০ গজ দূরে ছোট সাঁকো পর্য্যন্ত যায়, তথাহইতে চালভিয়া বিলের উত্তর পুষ্করিণী পর্য্যন্ত সোজা যায়, তথাহইতে ঐ বিলের উত্তর ও পূর্ব্ব তীর ধরিয়া জয়চাঁদ খাগড়ার পথ পর্য্যন্ত যায়, তথাহইতে পশ্চিমমুখে জয়চাঁদ খাগড়ার পথ ধরিয়া বাবু রাধিকাচরণ সেনের বাগান পর্য্যন্ত যায়, তথাহইতে সোজা শুড়িপাড়ায় গিয়া কালকাপুর বিলের উপর পাকা সাঁকো পর্য্যন্ত যায়। ঐ স্থানে কালকাপুর বিলের দক্ষিণ তীর ঝাউখোলা পাকা পথ, ও কালকাপুর পাকাপথের সংযোগ স্থান পর্য্যন্ত ঘুরিয়া সীমা হয়। পরে উত্তরদিগে কালকাপুরের পাকা পথের সঙ্গে২ ওসনদাজদের কবরস্থানের যেখানে পাঁচটা পথ মিলে, সেই স্থানপর্য্যন্ত ধাঙ্গর পাড়ায় বৃহৎ পুষ্করিণী গিয়া উত্তরমুখে সাহেবঘাটা পথ ধরিয়া আদিগঙ্গার ধার পর্য্যন্ত যায়, তথাহইতে সোজা পুরাতন কবরস্থানের তেমথা পথ পর্য্যন্ত যায়, তথাহইতে কাসিমবাজারের ফাঁড়ির পথের সঙ্গে২ কাটিগঙ্গার দক্ষিণ তীর ধরিয়া নিশ্রীপুর পথে যাইবার চৌমাথা পথ পর্য্যন্ত মহারাণী স্বর্ণময়ির বসত বাটী পর্য্যন্ত যায়, তথাহইতে দক্ষিন দিগে পঞ্চানন তলার পাকা পথ ধরিয়া গ্রাণ্ট হলের কোণ পর্য্যন্ত যায়, তথাহইতে উত্তরদিগে খাগড়াসীবাজার পথের সঙ্গে২ ও পশ্চিমমুখে বহরমপুর বাজারের পথের সঙ্গে২ কোতয়ালী থানা পর্য্যন্ত যায়।

কালেজের উত্তর পশ্চিম কোণে কয়লা ঘাটার সম্মুখ স্থানাবধি অযোধ্যানগর পথ পর্য্যন্ত B ভাগের পশ্চিম সীমা ভাগীরথী নদী, তথাহইতে পূর্ব্বমুখে জমীদারী পথের সঙ্গে২ চালতাকাঁচা পথের সহিত তাহার সংযোগ স্থান পর্য্যন্ত যায়, ও তথাহইতে উত্তরমুখে চালতাকাঁচা পথের সঙ্গে২ সৈন্যদের সমাধি স্থানের পূর্ব্ব ২০০ গজ অন্তর চোয়াপুরে যাইবার পাকা পথে মিলে, তথাহইতে পশ্চিমদিগে কয়লাঘাটা পথ ধরিয়া ও সেনানিবেশের দক্ষিণদিগে কালেজের উত্তর পশ্চিম কোন পর্য্যন্ত যায়।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৭ সাল ১৯ আপ্রিল।

১৩০ নম্বর।—ছুটী।—নদীয়ার নদীখণ্ডে নিযুক্ত কিয়ৎকালীন দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত জেমস কালডওয়েল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে নয় মাস ছুটী পাইয়াছেন।

২। শ্রীযুত কালডওয়েল সাহেব উপরোক্ত বিধির ১০ ও ১১ ধারামতে প্রস্তুত হওনার্থেও ত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ২০ আপ্রিল।

১৩১ নম্বর।—বিজ্ঞাপন।—চতুর্থ শ্রেণীর (কিয়ৎকালীন) একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু দীননাথ সেন, এই মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্ণে মজফরপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৩২ নম্বর।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু রামেশ্বর দাস, ১৮৭৭ সালের ২৮ মার্চের পূর্ব্বাহ্ণে চট্টগ্রাম খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৭ সাল ২১ আপ্রিল।

১৩৩ নম্বর।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়, এই মাসের ৫ তারিখের অপরাহ্ণে রাজধানী খণ্ডে কর্ম্মগ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

No. 134.—*Leave of Absence.*—Baboo Joynarain Dass, Supervisor, First Grade, attached to the Orissa Division, for three months on medical certificate, under Supplement F of the Civil Leave Code, Section 8, with effect from the 1st March 1877.

No. 135.—Baboo Poorno Chunder Banerjee, Overseer, Second Grade, attached to the Mozufferpore Division, is allowed privilege leave for fifteen days, under the above Code. Section 12, with effect from the 11th current, after noon.

LOCAL,—COMMUNICATIONS.

The 23rd April 1877.

No. 136.—*Declaration under Section* 6, *Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a road to be constructed to fill in the gap in the road contiguous to the gateway of the Eastern Bengal Railway Station at Purodah, in the village of Katdaha, pergunnah Rajpore, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 2 beeghas and 10 cottahs of standard measurement, bounded on the north by lands and the station of the Eastern Bengal Railway at Purodah; on the south by Jummai land belonging partly to Hari Chunder Mitter and Bishu Chowkidar and partly by a house belonging to Madhu Katu and Bishu Chowkidar; on the west by a cross road running from the gateway of the station of the Eastern Bengal Railway at Purodah to the southern portion of the Katdaha village; on the east by land belonging partly to Rati Kanta Basu and Brothers and partly to Kiram Shah and Bhairub Kar, is required within the aforesaid village of Katdaha

2. This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

CIVIL BUILDINGS.

The 24th April 1877.

No. 137.—*Declaration under Section* 6, *Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the new head-quarters of the sub-division of Dukhin Shabazpore, in village Algi, pergunnah Gopalpur Mirzanager, zillah Backergunge, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 80 beeghas of standard measurement, bounded on the north-west by Andir Khal; on the south-west by Bhola Khal; on the north-east by paddy lands of village Algi; and on the south-east by paddy lands and houses of Algi and Taragunj, as shown by the lines marked by the Executive Engineer in the fields by bamboo and wooden posts, is required within the aforesaid village of Algi.

2. This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Major-Genl.*, R.E.,
Secy. to the Govt. of Bengal in the P. W. D.

IRRIGATION.

NOTIFICATIONS,—ESTABLISHMENT.

The 23rd April 1877.

No. 137.—*Posting.*—Mr. W. G. L. Cotton, Executive Engineer, Fourth Grade, is posted to the Northern Drainage and Embankment Division, which he joined on the forenoon of the 9th April 1877.

No. 138.—*Leave.*—Baboo P. Veeriah Naidoo, First Class Assistant Apothecary, Byturnee Division, is granted leave on private affairs for six months, under Section 5, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself thereof, Baboo Heera Lal Bose, Assistant Surgeon, Third Grade, acting for him during his absence, or until further orders.

F. T. HAIG, *Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal
in the P. W. Dept., Irrigation Branch.

[*Government Gazette, 1st May* 1877.]

১৩৪ নম্বর।—ছুটী।—উড়িষ্যা খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু জয়নারায়ণ দাস, চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৭ সালের ১ মার্চ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

১৩৫ নম্বর।—মজফরপুর খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় উপরোক্ত বিধির ১২ ধারামতে এই মাসের ১১ তারিখের অপরাহ্ণ অবধি পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৭৭ সাল ২৩ আপ্রিল।

১৩৬ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত রাজপুর পরগনার কাটদহ গ্রামে ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের পোড়াদহ ষ্টেশনের ফটকের লাগাও পথে গর্ত্ত বুজাইয়া পথ করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কাটদহ গ্রামে কল্পিমতে ন্যূনাধিক ২।।০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের ভূমি ও পোড়াদহ ষ্টেশন, দক্ষিণ সীমা অংশতঃ হরিচন্দ্র মিত্রের ও বিশু চৌকীদারের জমাই জমী ও অংশতঃ মধু কাটু ও বিশু চৌকীদারের বাটী, পশ্চিম সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের পোড়াদহ ষ্টেশনের ফটকহইতে কাটদহ গ্রামের দক্ষিণ অংশপর্য্যন্তগামি চৌমাথা পথ, পূর্ব্ব সীমা অংশতঃ রতিকান্ত বসুর ও তদীয় ভ্রাতাদের ও অংশতঃ কিরাম শাহ ও ভৈরব করের ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

অট্টালিকা বিষয়ক।

১৮৭৭ সাল ২৪ আপ্রিল।

১৩৭ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত গোপালপুর মির্জানগর পরগনার আলগী গ্রামে দক্ষিণ সাবাজপুর মহকুমার নূতন সদর মোকামের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত আলগী গ্রামে কল্পিমতে ন্যূনাধিক ৮০/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর-পশ্চিম সীমা আন্দির খাল, দক্ষিণপশ্চিম সীমা ভোলা খাল, উত্তর পূর্ব্ব সীমা আগলী গ্রামের ধানের ভূমি, দক্ষিণ পূর্ব্ব সীমা একসেকিটিব ইঞ্জিনিয়র ক্ষেত্রে রেখা টানিয়া বাঁশের ও কাঠের খোঁটা মারিয়া চিহ্ন দিয়া আলগী ও তারাগঞ্জের যে ধান্যের ক্ষেত ও বাটী দেখাইয়াছেন তাহা।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

জে, ই, টি, নিকলস, মেজর-জেনরল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৩ আপ্রিল।

১৩৭ নম্বর।—অবস্থিতির কথা।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জি, এল, কটন সাহেব উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থিত হইয়া ১৮৭৭ সালের ৯ আপ্রিলের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্মগ্রহণ করিলেন।

১৩৮ নম্বর।—ছুটী।—বৈতরণী খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট আপথিকরি শ্রীযুত বাবু পি, বীরিয়া নৈদু, নিজ প্রয়োজনের নিমিত্তে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু হ রালাল বসু সেই কর্ম্ম করিবেন।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

IT is hereby notified that at the next Half-yearly Examination of Junior Civilians, Deputy Magistrates, &c., commencing on Monday, the 7th May 1877, four local Examination Committees will be held in this division, viz. one at No. 8, Theatre Road, Calcutta, for officers stationed at the Presidency or employed in the 24-Pergunnahs; one at Kishnaghur for officers employed in the district of Nuddea; one at Jessore Sudder Station for officers employed in that district; and one at Berhampore for officers employed in the Moorshedabad district.

C. T. BUCKLAND, *Commissioner*.

[*Government Gazette*, 1st *May* 1877.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 1, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ১ মে।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal, for the purpose of making Laws and Regulations on the 14th April 1877, and was referred to a Select Committee, who are to report thereon in three weeks:—

A Bill to provide for Irrigation in the Provinces subject to the Lieutenant-Governor of Bengal.

Whereas it is necessary to make provision for the construction, maintenance, and regulation of canals, for the supply of water therefrom, and for the levy of rates on irrigable and protected lands in the provinces subject to the Lieutenant-Governor of Bengal: It is hereby enacted:—

PART I.

Preliminary.

Short title.

1. This Act may be called "The Bengal Irrigation Act, 1877."

Local extent and commencement.

It shall take effect in those districts in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, to which the said

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৭ সালের আপ্রিল মাসের ১৪ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। তিন সপ্তাহের মধ্যে তাঁহাদের তদ্বিষয়ে রিপোর্ট করিতে হইবে।—

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অধীন প্রদেশে জল সেচনের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে খাল প্রস্তুত ও রক্ষা করণের ও খালের নিয়মাবধারণের ও জল যোগাইবার, ও জলসেচনের যোগ্য ও রক্ষাকৃত ভূমির উপর কর আদায় হইবার বিধান করা আবশ্যক, এইং কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ প্রথম ভাগ।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "বঙ্গদেশের জল সেচনবিষয়ক ১৮৭৭ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ও যে অবধি প্রচলিত হইবে ইহার কথা।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করণদ্বারা এই আইন উক্ত লেপ্টেনেন্ট গবরনর

Lieutenant-Governor shall extend it by an order published in the *Calcutta Gazette*; and shall commence on the day which shall be in such order provided for the commencement thereof.

2. On and from such day Bengal Act III of 1876 (the Bengal Irrigation Act) shall be repealed.

This repeal shall not affect the validity or invalidity of anything done or suffered, or any right, title, obligation, or liability accrued before the commencement of this Act.

And all rules prescribed, orders or appointments made, and agreements executed under the said Act shall (so far as they are consistent with this Act) be deemed to be respectively prescribed, made, and executed under this Act.

And all suits and proceedings now pending, which may have been commenced under the said Act, shall be deemed to be commenced under this Act.

Interpretation clause.

3. In this Act—unless there be something repugnant in the subject or context—

"Canal."

(i) "Canal" includes—

(*a*) all canals, channels, and reservoirs hitherto constructed, maintained, or controlled by Government for the supply or storage of water, or which may hereafter be so constructed, maintained, or controlled;

(*b*) all works, embankments, structures, supply and escape-channels connected with such canals, channels, or reservoirs;

(*c*) all village-channels as defined in clause (ii) of the section;

(*d*) all drainage-works as defined in clause (iii) of this section;

(*e*) any part of a river, stream, lake, natural collection of water, or natural drainage-channel, to which the Lieutenant-Governor has applied the provisions of Part II of this Act, or of which the water has been applied or used for the passing of this Act for the purpose of any existing canal;

(*f*) all lands on the banks of any canal as defined in articles (*a*), (*b*), (*c*), (*d*), and (*e*) of this clause, which have been acquired by Government;

"Village-channel."

(ii) "Village-channel" means any channel by which water is led from a canal directly into the fields to be irrigated, and includes all subsidiary

সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত যেং জিলায় প্রচলিত করেন সেইং জিলায় প্রচলিত হইবে। এবং ঐ আজ্ঞাপত্রে ঐ আইন প্রচলিত হওয়ার যে দিন নির্দ্দিষ্ট হয় সেই দিনাবধি প্রচলিত হইবে ইতি।

যেং আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। সেই দিনে ও তদনধি বঙ্গদেশায় জল সেচনবিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৩ আইন রহিত হইবে।

রহিত হইলেও, এই আইন প্রচলিত হওযার পুর্ব্বে যে কার্য্য করা গিয়াছে বা যাহা ভোগ হইয়াছে বা যে স্বত্ব কি অধিকার কি নিবন্ধ কি দায় বর্ত্তিয়াছে তাহার সিদ্ধাসিদ্ধতার বিঘ্ন হইবে ন ।

ও উক্ত আইনমতে যে সকল বিধি নির্দ্দিষ্ট হইল ও যে সকল আজ্ঞা বা নিয়োগ করা গেল ও যে সকল নিয়মপত্র সম্পাদন হইল তাহা, এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর, এই আইনমতে নির্দ্দিষ্ট ও করা ও সম্পাদন করা গেল বলিয়া জ্ঞান হইবে।

ও যেং মোকদ্দমা ও মোকদ্দমাঘটিত যেং কার্য্য পূর্ব্বোক্ত আইনমতে আরম্ভ হইয়া এইক্ষণে উপস্থিত আছে, তাহা এই আইনমতে আরম্ভ হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। বিষয়বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে, এই আইনে—

"খাল।"

(১) "খাল" শব্দের মধ্যে এইং বিষয়ও গণ্য,—

(ক) গবর্ণমেণ্ট জল যোগাইবার কিম্বা জল পুরিয়া রাখিবার নিমিত্ত যে সকল খাল ও নালা ও জলাশয় প্রস্তুত কি রক্ষা করিয়াছেন কিম্বা স্বীয় কর্ত্তৃত্বাধীনে রাখিয়াছেন, কি পশ্চাৎ প্রস্তুত ও রক্ষা করিয়া স্বীয় কর্ত্তৃত্বাধীন রাখিবেন তাহা,

(খ) সেইং খাল কি নালা কি জলাশয়সংক্রান্ত সকল কার্য্য ও বাঁধ ও গাঁথনি ও জল প্রবেশের ও বাহির হওয়ার নালা।

(গ) এই ধারার ২ প্রকরণের অর্থানুযায়ি সকল গ্রামীয় জলনালা।

(ঘ) এই ধারার ৩ প্রকরণের অর্থানুযায়ি জল নির্গমনের সকল কার্য্য।

(ঙ) শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব নদীর কি স্রোতের কি হ্রদের কিম্বা স্বাভাবিক জলাশয়ের কি জলনির্গমনার্থ স্বাভাবিক পয়নালার যে কোন অংশের প্রতি এই আইনের ২ দ্বিতীয় ভাগের বিধান প্রচলিত করেন, কিম্বা এই আইন প্রচলিত হওনের পুর্ব্বে বর্ত্তমান কোন খালের নিমিত্ত উক্ত কোন নদ্যাদির যে অংশের জলের ব্যবহার হইয়াছে সেই অংশ।

(চ) এই প্রকরণের (ক) (খ) (গ) (ঘ) ও (ঙ) প্রকরণমতে যাহাকে খাল বলিয়া জানিতে হইবে তাহার তীরে গবর্ণমেণ্ট যে সকল ভুমি প্রাপ্ত হন সেই ভুমি।

"গ্রামীয় জলনালা।"

(২) যেং ক্ষেত্রে জলসেচন করিতে হইবে, খালের জল যে নালা দিয়া একেবারে সেইং ক্ষেত্রে আনা যায় "গ্রামীয় জলনালা" শব্দে সেই জলনালা জানিতে

works connected with any such channel, except the sluice or outlet through which water is supplied from a canal to such channel.

(iii) "Drainage-work" means any work in connection with a system of irrigation which has been or may hereafter be made or improved by the Government for the purposes of the drainage of the country, whether under the provisions of Part IV of this Act or otherwise, and includes escape-channels from a canal, dams, weirs, embankments, sluices, groins, and other works connected therewith, but does not include works for the removal of sewage from towns.

"Drainage-work."

(iv) "Flood-embankment" means any embankment constructed or maintained by the officers of Government in connection with any system of irrigation works for the protection of lands from inundation, or which may be declared by the Lieutenant-Governor to be maintained in connection with any such system; and includes all groins, spurs, dams, and other protective works connected with such embankments.

"Flood-embankment."

(v) "Collector" means the head Revenue Officer of a district, and includes any officer appointed by the Lieutenant-Governor to exercise all or any of the powers of a Collector under this Act.

"Collector."

(vi) "Court" means, in the Regulation Provinces, a principal Civil Court of original jurisdiction,

"Court."

and in the Non-Regulation Provinces, the Court of a Commissioner of a Division,

unless when the Lieutenant-Governor has appointed (as he is hereby empowered to do), either specially for any case, or generally within any specified local limits, a judicial officer to perform the functions of a judge under this Act, and then the expression Court means the Court of such officer.

(vii) "Canal Officer" means an officer appointed under this Act to exercise control or jurisdiction over a canal or any part thereof; and includes every officer to whom any of the functions of a Canal Officer under this Act have been assigned by the Lieutenant-Governor.

"Canal Officer."

হইবে, ঐ খালের জল যে কপাট কি দ্বার দিয়া ঐ নালায় প্রবেশ করে তাহাছাড়া, ঐ নালা সংক্রান্ত উপকরণস্বরূপ যে সকল কার্য্য থাকে জলনালা শব্দের মধ্যে সেইং কার্য্যও গণ্য ।

(৩) জলসেচনের কোন প্রণালীসম্পর্কে গবর্ণমেণ্ট এই আইনের ৪ চতুর্থ ভাগের বিধানমতে কিম্বা প্রকারান্তরে দেশের জল নির্গত হইবার নিমিত্ত যে কার্য্য করিয়াছেন কিম্বা ইহার পর করেন, কি উৎকৃষ্ট করেন, "জলনির্গমনের কার্য্য" শব্দে সেই কার্য্য জানিতে হইবে । তন্মধ্যে খালহইতে জলনির্গমনের নালা ও জাঙ্গাল ও ভেড়ি ও বাঁধ ও কপাট ও কাষ্ঠাদির বাঁধ ও তৎসংযুক্ত অন্যং কার্য্যও গণ্য, কিন্তু নগরের ময়লা জল বাহির করিবার বিষয় গণ্য নয় ।

"জলনির্গমনের কার্য্য ।"

(৪) জলসেচনের কোন কার্য্যপ্রণালীসম্পর্কে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা জলপ্লাবনহইতে ভূমি রক্ষা করিবার যে বাঁধ প্রস্তুত বা রক্ষা করেন, কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত প্রণালী সম্পর্কে রক্ষা করা যাইবে বলিয়া যে বাঁধ নির্ণয় করেন "বন্যা নিবারণের বাঁধ" শব্দে সেই বাঁধ জানিতে হইবে, তন্মধ্যে ঐ বাঁধসম্পার্কীয় সকল কাষ্ঠাদির বেড়া ও জাঙ্গাল ও ভেড়ী রক্ষা করণার্থ অন্যান্য কার্য্যও গণ্য ।

"বন্যা নিবারণের বাঁধ ।"

(৫) কোন জিলায় যিনি রাজস্বের প্রধান কার্য্যকারক হন, "কালেক্টর" শব্দে তাঁহাকে জানিতে হইবে । এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইনমতে কালেক্টরের সকল কি কোনং ক্ষমতানুসারে কার্য্য করণার্থে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনিও ঐ শব্দের মধ্যে গণ্য ।

"কালেক্টর ।"

(৬) আইনের অধীন দেশে "আদালত" শব্দে দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন প্রধান আদালত,

"আদালত ।"

ও আইন বহির্ভূত দেশে দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের আদালত জানিতে হইবে ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এতৎক্রমে বিশেষমতে কোন মোকদ্দমার উপলক্ষে, কিম্বা সাধারণমতে কোন নির্দ্দিষ্ট সীমার মধ্যে, এই আইনঅনুসারে বিচারপতির কর্ম্মনিষ্পাদন করিবার জন্যে আদালতের কোন বিচারপতিকে নিযুক্ত করিতে ক্ষমতাপন্ন হইলেন । নিযুক্ত করিলে "আদালত" শব্দের মধ্যে ঐ বিচারপতির আদালত জানিতে হইবে ।

(৭) এই আইনমতে যে কার্য্যকারক কোন খালের কি তাহার কোন অংশের উপর কর্ত্তৃত্ব কি বিচারাধিপত্য করণার্থে নিযুক্ত হন, "খালের কর্ত্তৃপক্ষ" শব্দে তাঁহাকে জানিতে হইবে । এবং এই আইনে খালের কর্ত্তৃপক্ষের যে কর্ম্ম নির্দ্ধারিত হইল, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে কোন কর্ত্তৃপক্ষের প্রতি ঐ কার্য্য অর্পণ করেন ঐ শব্দে তিনিও গণ্য ।

"খালের কর্ত্তৃপক্ষ ।"

(viii) "Canal Engineer" means any officer of the Public Works Department entrusted with the construction and executive management of canals.

"Canal Engineer."

(ix) "Section" means a section of this Act.

"Section"

(x) "Owner" includes every person having a joint interest in the ownership of the thing specified, and all rights and obligations which attach to an owner under the provisions of this Act shall attach jointly and severally to every person having such joint interest in the ownership.

"Owner."

(xi) "Irrigable lands" means lands so situate as to be capable of receiving canal water for purposes of cultivation.

"Irrigable lands."

(xii) "Protected lands" means lands protected from river floods by flood-embankments.

"Protected lands."

(xiii) "Estate" means (1) any land or share in land subject to the payment to Government of an annual sum in respect of which the name of a proprietor is entered on the register known as the general register of all revenue-paying estates, or in respect of which a separate account may, in pursuance of Section 10 or of Section 11 of Act XI of 1859, have been opened;

"Estate."

(2) any land or share in land of more than 20 acres in extent separately entered in the register of revenue-free tenures;

(3) any land the revenue or rent of which may be payable directly to the Collector or any person specially appointed by him to collect the same;

(4) any land acquired under any rules issued by or under authority of Government for the sale, grant, or clearance of waste lands.

(xiv) "Tenure" includes every interest in land whether rent-paying or not, save an estate as above defined, and save the interest of a cultivating ryot.

"Tenure."

(xv) "District" means the portion of territory throughout which any person vested with the power of a Collector is authorized to exercise such powers.

"District."

[*Government Gazette*, 1st *May* 1877.]

(৮) পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের যে কার্য্যকারকের প্রতি খাল প্রস্তুত করিবার ও তৎকার্য্য সাধন করিবার অধ্যক্ষতার ভার অর্পিত হয়, "খালের ইঞ্জিনিয়র" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"খালের ইঞ্জিনিয়র।"

(৯) "ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে।

"ধারা।"

(১০) নির্দ্দিষ্ট কোন বিষয়ের স্বামিত্ব পক্ষে যেং ব্যক্তির সাধারণ স্বার্থ থাকে, "স্বামী" শব্দের মধ্যে সেইং ব্যক্তিও গণ্য। এবং এই আইনের বিধানমতে স্বামির প্রতি যে সকল স্বত্ব ও দায় বর্ত্তে, স্বামিত্ব পক্ষে যেং ব্যক্তির উক্ত সাধারণ স্বার্থ থাকে সেইং ব্যক্তিরও প্রতি সংযুক্ত ও স্বতন্ত্রভাবে সেইং স্বত্ব ও দায় বর্ত্তিবে।

"স্বামী।"

(১১) কৃষিকরণের নিমিত্ত খালের জল যে স্থানে পাওয়া যাইতে পারে এমত স্থানে ভূমি থাকিলে, "জল সেচনীয় ভূমি" শব্দে তাহা জানিতে হইবে।

"জলসেচনীয় ভূমি"।

(১২) বন্যা নিবারণের বাঁধ দ্বারা যে ভূমি বন্যা-হইতে রক্ষিত হয় "রক্ষাকৃত ভূমি" শব্দে তাহা জানিতে হইবে।

"রক্ষাকৃত ভূমি"।

(১৩) "মহাল" শব্দে—১। মালগুজারি মহালের সাধারণ রেজিষ্টর নামে খ্যাত রেজিষ্টরী বহীতে গবর্ণমেণ্টে বৎসরং কতক টাকা দিবার দায়ি বলিয়া যে ভূমির কি ভূমির যে অংশের সম্পর্কে ভূম্যধিকারির নাম লেখা থাকে, অথবা যে ভূমির উপলক্ষে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কি ১১ ধারানুসারে স্বতন্ত্র হিসাব রাখা যায় সেই ভূমি,

"মহাল"।

২। নিষ্কর তালুক প্রভৃতির রেজিষ্টরী বহীতে ২০ একরের অধিক পরিমাণের যে ভূমি কিম্বা ভূমির যে অংশ লেখা থাকে সেই ভূমি,

৩। যে ভূমির রাজস্ব কি খাজানা নিজ কালেক্টর সাহেবকে কিম্বা তাহা আদায় করণার্থে তাঁহার বিশেষ-মতে নিযুক্ত কোন ব্যক্তিকে দেওয়া যায় সেই ভূমি,

৪। পতিত ভূমি বিক্রয় কি দান কি পরিষ্কার করণার্থে গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের অনুমতি-ক্রমে যেং বিধি করা যায় সেই বিধিমতে প্রাপ্ত ভূমি বুঝাইবে।

(১৪) "তালুক প্রভৃতি" শব্দে পূর্ব্ব নির্দ্দিষ্ট মহাল ভিন্ন এবং কৃষিকারি রায়ত-দের স্বার্থভিন্ন সকর কিম্বা নিষ্কর ভূমিগত সকল স্বার্থ গণ্য।

"তালুকপ্রভৃতি"।

(১৫) কালেক্টরের ক্ষমতাবিশিষ্ট কোন ব্যক্তি দেশের যে অংশ ব্যাপিয়া সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, "জিলা" শব্দে দেশের সেই অংশ বুঝাইবে।

"জিলা।"

(xvi) "Holder of an estate or tenure" means all or any of the holders thereof; and where two or more persons are jointly holders thereof they shall be jointly and severally liable under this Act.

"Holder of any estate or tenure."

(১৬) "মহালের কি তালুকপ্রভৃতির ভোগাধিকারী" শব্দে ঐ ভূমির সকল কি কোন ভোগাধিকারিকে বুঝাইবে। দুই কি ততধিক ব্যক্তি সাধারণ অধিকারী হইলে তাঁহারা এই আইনমতে একত্র ও স্বতন্ত্র দায়ী হইবেন।

"মহালের কি তালুকপ্রভৃতির ভোগাধিকারী।"

(xvii) "Cultivating ryot" means a person cultivating land and paying rent therefor not exceeding one hundred rupees per annum.

"Cultivating ryot."

(১৭) যে ব্যক্তি ভূমি চাষ করিয়া বৎসর একশত টাকার অনধিক খাজানা দেন, "কৃষিকারি রায়ত" শব্দে তাঁহাকে বুঝাইবে ইতি।

"কৃষিকারি রায়ত"

4. Nothing contained in the Bengal Embankment Act, 1873, shall apply to any canal or flood-embankment as defined in this Act.

Bengal Embankment Act not applicable to canals.

৪ ধারা। এই আইনে খাল কি বন্যা নিবারণের বাঁধ বলিয়া যাহা নির্দ্দিষ্ট হইল, তাহার প্রতি বঙ্গদেশীয় বাঁধবিষয়ক ১৮৭৩ সালের আইনের কোন কথা খাটিবে না ইতি।

খালের প্রতি বঙ্গদেশীয় বাঁধ বিষয়ক আইন না খাটিবার কথা।

5. The Lieutenant-Governor may from time to time declare, by notification in the *Calcutta Gazette*, the officers by whom, and the local limits within which, all or any of the powers or duties hereinafter conferred or imposed shall be exercised or performed.

Power to appoint officers.

৫ ধারা। পশ্চাৎ লিখিত নানা প্রকারের যেং ক্ষমতা প্রদান করা যায় ও কর্ত্তব্য যেং কর্ম্ম নির্দ্ধারিত হয়, সেই সকল কি তন্মধ্য কোনং ক্ষমতামতে যেং কার্য্যকারকদের যেং স্থানের মধ্যে যেং কর্ম্ম নির্ব্বাহ করিতে হইবে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র-ক্রমে ইহা প্রকাশ করিবেন ইতি।

কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

PART II.

Of the Application of Water for Public Purposes.

6. Whenever it appears expedient to the Lieutenant-Governor that the water of any river or stream flowing in a natural channel, or of any lake or other natural collection of still water, should be applied or used by the Government for the purpose of any existing or projected canal;

Notification to issue when water-supply is to be applied for public purposes.

the Lieutenant-Governor may, by notification in the *Calcutta Gazette*, declare that the said water will be so applied or used after a day to be named in the said notification, not being earlier than three months from the date thereof.

7. At any time after the day so named, any Canal Officer, acting under the orders of the Lieutenant-Governor in this behalf, may enter on any land and remove any obstructions, and may close any channels, and do any other thing necessary for such application or use of the said water.

Powers of Canal Officer.

২ দ্বিতীয় ভাগ।

সাধারণের হিতার্থে জলপ্রয়োগের কথা।

৬ ধারা। যে খাল আছে কিম্বা যে খাল করিবার কল্পনা থাকে, সেই খালের কার্য্যপক্ষে কোন নদীর কিম্বা স্বাভাবিক নালার স্রোতের জল, কিম্বা কোন হ্রদের কি স্বাভাবিক অন্য জলাশয়ের স্থির জল গবর্ণমেন্টের প্রয়োগ কি ব্যবহার করা বিহিত, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এমত জ্ঞান করিলে,

সাধারণের হিতার্থে জল যোগাইতে হইলে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া জানাইবেন যে, ঐ জ্ঞাপনপত্রের উল্লিখিত তারিখ অবধি তিন মাসের অন্যূন যে তারিখ নির্দ্ধারিত হয়, সেই তারিখ অবধি ঐ জল তদ্রূপে প্রয়োগ হইবে কিম্বা ঐ জলের তদ্রূপ ব্যবহার হইবে ইতি।

৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এতৎকার্য্যপক্ষে যে আজ্ঞা করেন, খালের কোন কর্ত্তৃপক্ষ উক্ত নির্দ্ধারিত দিনের পর কোন সময়ে, ঐ আজ্ঞাধীনে কর্ম্ম করিয়া, কোন ভূমিতে গমনপূর্ব্বক উক্ত প্রকারে জল প্রয়োগ কি ব্যবহার হইবার অবরোধক কোন বিষয় স্থানান্তর করিতে, কিম্বা কোন নালা বন্ধ করিতে, ও অন্য যে কার্য্য আবশ্যক তাহা করিতে পারিবেন ইতি।

খালের কর্ত্তৃপক্ষের ক্ষমতার কথা।

Notice as to claims for compensation.

8. As soon as is practicable after the issue of such notification, the Collector shall cause public notice to be given at convenient places stating that the Government intends to apply or use the said water as aforesaid, and that claims for compensation in respect of the matters mentioned in section eleven may be made before him.

A copy of sections eleven, twelve, and thirteen shall be annexed to every such notice.

Contents of notice.

9. When any claim for compensation is made before the Collector in accordance with the last preceding section, the Collector shall issue a notice requiring all persons interested in the matter in respect of which compensation is claimed, to appear personally or by agent before him at a time and place therein mentioned (such time not being earlier than fifteen days after the date of publication of the notice), and to state the nature of their respective interests in the property affected, and the amount and particulars of their claims to compensation for such interests.

Notice to occupiers.

The Collector shall also serve notice to the same effect on the occupier (if any) of the land entered on, and on such persons known or believed to be interested in the matter in respect of which compensation is claimed, or to be entitled to act for persons so interested, as reside within his district.

Power to require statements as to name and interests.

10. The Collector may also require any person on whom a notice may be served under the last preceding section, and who makes a claim for compensation in accordance therewith, to deliver to him a statement containing, so far as may be practicable, the name of every other person possessing any interest in the property affected or any part thereof as co-proprietor, sub-proprietor, mortgagee, tenant, or otherwise, and of the nature of such interest, and of the rents and profits (if any) received or receivable on account thereof for the year next preceding the date of the statement.

Penalty for failure to comply.

If any person shall fail to comply within the time fixed by the notice with a requisition made under this section, the Collector may impose upon him such daily fine as he may think fit not exceeding fifty rupees; and such fine shall be payable daily until the requisition is complied with; and the Collector may

হানিপূরণের দাওয়া করা গেলে তাহার নোটিসের কথা।

৮ ধারা। ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর যত শীঘ্র হয়, কালেক্টর সাহেব উপযুক্ত নানা স্থানে এই মর্ম্মের নোটিস প্রকাশ করাইবেন যে, গবর্ণমেন্ট পূর্ব্বোক্তমতে উক্ত জল প্রয়োগ কি ব্যবহার করিতে মনস্থ করিয়াছেন অতএব ১১ ধারার উল্লিখিত কোন বিষয়সম্পর্কে কোন ব্যক্তির হানিপূরণের দাওয়া থাকিলে তিনি যেন কালেক্টর সাহেবকে জ্ঞাত করেন।

উক্ত প্রত্যেক নোটিসের সঙ্গে ১১ ও ১২ ও ১৩ ধারার নকলও দেওয়া যাইবে ইতি।

নোটিসের মর্ম্মের কথা।

৯ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে কালেক্টর সাহেবের সম্মুখে হানিপূরণের কোন দাওয়া করা গেলে, কালেক্টর সাহেব নোটিস প্রচার করিয়া, যে বিষয়ের নিমিত্ত হানিপূরণের দাওয়া হয় সেই বিষয়ে যাঁহাদের স্বার্থ থাকে তাঁহাদের সকলকে স্বয়ং কি মোক্তারের দ্বারা ঐ নোটিসের নির্দ্দিষ্ট স্থানে ও (ঐ নোটিস প্রকাশ হওয়ার তারিখের পর পনের দিনের অন্যূন) নির্দ্দিষ্ট সময়ে, তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া লক্ষিত সম্পত্তিতে তাঁহাদের স্বার্থের ভাব জানাইতে, ও ঐ স্বার্থ হেতুক হানিপূরণস্বরূপ কত টাকা দাওয়া করিতে চাহেন তাহা সবিশেষ জানাইতে আজ্ঞা করিবেন।

প্রজাদের নামে নোটিসের কথা।

যে ভূমিতে গমন করা গেল সেই ভূমিতে প্রজা থাকিলে, কালেক্টর সাহেব ঐ প্রজার নামেও, এবং যে বিষয়ের নিমিত্ত হানিপূরণের দাওয়া হয় সেই বিষয়ে আপন জিলার মধ্যবাসি যে ব্যক্তিদের স্বার্থ আছে কিম্বা স্বার্থপ্রাপ্ত ব্যক্তিদের সপক্ষে কর্ম্ম করিবার স্বত্ব আছে বলিয়া জানা থাকে কি বোধ হয়, তাঁহাদের নামেও নোটিস দিবেন ইতি।

নামের ও স্বার্থের বর্ণনাপত্র লিখিয়া দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

১০ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে ব্যক্তিকে নোটিস দেওয়া যায় ও তদনুসারে যে ব্যক্তি হানিপূরণের দাওয়া করেন, কালেক্টর সাহেব তাঁহাকে যত দূর পারেন তত দূর নিম্নলিখিত মর্ম্মের বর্ণনাপত্র, অর্থাৎ লক্ষিত সম্পত্তিতে কিম্বা তাহার কোন অংশে সহ-অধিকারি কি অধীন অধিকারি কি বন্ধক গ্রহীত কি প্রজাপ্রভৃতি বলিয়া অন্য কোন ব্যক্তির স্বার্থ থাকিলে তাঁহার নামের ও সেই স্বার্থের ভাবের বর্ণনাপত্র, ও বর্ণনাপত্রের তারিখের পূর্ব্ব বৎসরে ঐ স্বার্থ হেতুক কোন খাজানা কি লভ্য প্রাপ্ত হওয়া গেল কি প্রাপ্য থাকিলে তাহার বর্ণনাপত্র দিতে আদেশ করিতে পারিবেন।

তদনুসারে কর্ম্ম না করিবার দণ্ডের কথা।

এই ধারামতে যে আদেশ করা যায়, কোন ব্যক্তি উক্ত নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই আদেশমতে কর্ম্ম না করিলে, কালেক্টর সাহেব পঞ্চাশ টাকার অনধিক যত দণ্ড উচিত বোধ করেন, ঐ ব্যক্তির দিন২ তত টাকা দণ্ড ধার্য্য করিতে পারিবেন। ও সেই আদেশমতে কর্ম্ম না করণ পর্য্যন্ত দিন২ তাঁহার ঐ অর্থদণ্ড দিতে হইবে।

proceed from time to time to levy the amount which has become due in respect of any such fine, notwithstanding that an appeal against the order imposing such fine may be pending:

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner, and no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the Commissioner.

Persons required to make statements to be deemed legally bound to do so.

Every person required to make or deliver a statement under this section shall be deemed to be legally bound to do so within the meaning of sections one hundred and seventy-five and one hundred and seventy-six of the Indian Penal Code.

Damage for which compensation shall not be awarded.

11. No compensation shall be awarded for any damage caused by—

(*a*) stoppage or diminution of percolation or floods;

(*b*) deterioration of climate or soil;

(*c*) stoppage of navigation, or of the means of rafting timber or watering cattle. But compensation may be awarded in respect of any of the following matters:—

Matters in respect of which compensation may be awarded.

(*d*) stoppage or diminution of supply of water through any natural channel to any defined artificial channel, whether above or underground, in use at the date of the issue of the notification under section six:

(*e*) stoppage or diminution of supply of water to any work erected for purposes of profit on any channel, whether natural or artificial, in use at the date of the said notification:

(*f*) stoppage or diminution of supply of water through any natural channel which has been used for purposes of irrigation within the five years next before the date of the said notification:

(*g*) damage done in respect of any right to a water-course or the use of any water to which any person is entitled under the Indian Limitation Act, 1871, Part IV:

ও সেই অর্থদণ্ডের আজ্ঞার উপর আপীল উপস্থিত থাকিলেও কালেক্টর সাহেব ঐ অর্থদণ্ডের নিমিত্ত প্রাপ্য টাকা সময়ে২ আদায় করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন।

পরন্তু তদ্রূপ কোন আজ্ঞাক্রমে পাঁচ শত টাকার অধিক আদায় করা গেলে পর, কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের নিকট তদ্বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন, ও কমিশ্যনর সাহেবের আজ্ঞা না হইলে ঐ অর্থদণ্ডের আর টাকা আদায় করা যাইবে না।

যাঁহাদের প্রতি বর্ণনাপত্র লিখিয়া দিবার আদেশ হয় তাঁহাদের আইনমতে সেই কার্য্য করিতেই হইবার কথা।

এই ধারামতে কোন ব্যক্তির প্রতি বর্ণনা করিতে কি বর্ণনাপত্র লিখিয়া দিতে আদেশ হইলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৫ ও ১৭৬ ধারার অর্থানুসারে তাঁহাকে সেই কার্য্য করিতে আইনমতে আবদ্ধ বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

যেং হানির পূরণ পাওয়া যাইবে না তাহার কথা।

১১ ধারা। নিম্নলিখিত কোন কার্য্যদ্বারা হানি হইলেও সেই হানি পূরণের মীমাংসা হইবে না।

(ক) জল চোঁওনের কি বন্যার বন্ধ হওন কি কমিয়া যাওন।

(খ) জলবায়ুর কি মৃত্তিকার অপকৃষ্ট হওন।

(গ) নৌকাদি গমনের কি বাহাতুরী কাষ্ঠ ভাসাইয়া লওনের কি গোমেষাদির জলপানের উপায় বন্ধ হওন। কিন্তু নিম্নলিখিত কোন বিষয়ের নিমিত্তে হানিপূরণের মীমাংসা হইতে পারিবে,—

যেং বিষয়ের হানিপূরণের আজ্ঞা হইতে পারে তাহার কথা।

(ঘ) ৬ ধারামতে জ্ঞাপনপত্র প্রচার হওনের তারিখে মাটির উপর কি নীচে নির্দ্দিষ্ট যে কৃত্রিম নালার ব্যবহার হয় তন্মধ্যে স্বাভাবিক কোন নালা দিয়া যে জল আইসে তাহার বন্ধ হওন কি কমিয়া যাওন।

(ঙ) উক্ত জ্ঞাপনপত্রের তারিখে স্বাভাবিক কি কৃত্রিম যে নালার ব্যবহার হয় সেই নালায় লভ্যের আশায় যে বিষয় নির্ম্মিত হয় সেই বিষয়ের জলসম্পোষ্য বন্ধ হওন কি কমিয়া যাওন।

(চ) উক্ত জ্ঞাপনপত্রের তারিখের পূর্ব্ব পাঁচ বৎসরের মধ্যে যে জল স্বাভাবিক কোন নালা দিয়া গিয়া ক্ষেত্রাদিতে সেঁচিবার নিমিত্ত ব্যবহার হইত সেই জল সম্পোষ্য বন্ধ হওন কি কমিয়া যাওন।

(ছ) জলনালার ব্যবহারের স্বত্বপক্ষে, কিম্বা মিয়াদ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনের ৪ চতুর্থ ভাগমতে কোন ব্যক্তির জল পাইবার স্বত্ব পক্ষে যে হানি করা যায় তাহা।

(*h*). any other substantial damage, not falling under any of the above clauses (*a*), (*b*), or (*c*), and caused by the exercise of the powers conferred by this Act, which is capable of being ascertained and estimated at the time of awarding such compensation.

Compensation for loss of tolls lawfully levied.

Notwithstanding anything contained in clause (*c*), compensation may be awarded in respect of the loss of any tolls which were lawfully levied on any river or channel at the time of the issue of the notification mentioned in section six.

Diminution in market-value to be considered.

In determining the amount of compensation under this section, regard shall be had to the diminution in the market-value, at the time of awarding compensation, of the property in respect of which compensation is claimed; and where such market-value is not ascertainable, the amount shall be reckoned at twelve times the amount of the diminution of the annual net profits of such property, caused by the exercise of the powers conferred by this Act.

No right to any such supply of water as is referred to in clauses (*d*), (*e*), or (*f*) of this section, in respect of a work or channel not in use at the date of the notification, shall be acquired as against the Government, except by grant or under the Indian Limitation Act, 1871, Part IV.

Compensation for loss of drinking-water.

12. If any supply of drinking-water is substantially deteriorated or diminished by any works undertaken in accordance with a declaration made by the Lieutenant-Governor under section six, the Canal Officer shall be bound to provide within convenient distance an adequate supply of good drinking-water in lieu of that so deteriorated or diminished, and no person shall be entitled to claim any further compensation in respect of the said deterioration or diminution.

Limitation of claims.

13. No claim for compensation for any such stoppage, diminution, or damage shall be entertained after the expiration of six months from such stoppage, diminution, or damage, unless the Collector is satisfied that the claimant had sufficient cause for not making the claim within such period.

[*Government Gazette*, 1st *May* 1877.]

(অ) গুরুতর অন্য হানি উক্ত (ক) (খ) বা (গ) প্রকরণের মধ্যে না আইলে, ও এই আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করণ দ্বারা ঘটিলে, ও হানিপূরণের আজ্ঞা করণ সময়ে নিশ্চয়মতে জানা যাইতে ও তাহার হিসাব নিরূপণ হইতে পারিলে, সেই হানি।

যে মাসুল আইনমতে আদায় হয় তাহার হানিপূরণের কথা।

৬ ধারার লিখিত জ্ঞাপনপত্র প্রচার করণ সময়ে কোন নদীতে কি জলপথে আইনমতে মাসুল আদায় হইতে পারিলে, (গ) প্রকরণের কথা প্রবল থাকিলেও সেই মাসুলের হানিপূরণের আজ্ঞা হইতে পারিবে।

বাজার দর কমিয়া যাওনের কথা বিবেচনীয় হওয়ার কথা।

এই ধারামতে হানিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত ইহা নিরূপণ করিতে গেলে, যে সম্পত্তির উপলক্ষে ঐ হানিপূরণের দাওয়া হয়, হানিপূরণের আজ্ঞা করণ সময়ে ঐ সম্পত্তির বাজার দর কমিয়া গেলে তাহারও বিবেচনা করিতে হইবে। বাজার দর নিশ্চয় মতে জানা যাইতে না পারিলে, এই আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য হওন দ্বারা ঐ সম্পত্তির বাৎসরিক নিট লভ্য যত টাকা কমিয়া গেল, তাহার দ্বাদশগুণ বাজার দর বলিয়া ধরিতে হইবে।

জ্ঞাপনপত্রের তারিখে যে বিষয়ের কি নালার ব্যবহার না ছিল তদুপলক্ষে এই ধারার (ঘ) কি (ঙ) কি (চ) প্রকরণের উল্লিখিত জল সম্পোষ্যের কোন স্বত্ব প্রদান না করা গেলে কিম্বা মিয়াদ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনের ৪ চতুর্থ ভাগানুসারে প্রাপ্য না হইলে, গবর্ণমেন্টের বিপক্ষে প্রবল করা যাইতে পারিবে না ইতি।

পানীয় জলের হানিপূরণের কথা।

১২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ৬ ধারামতে যে জ্ঞাপনীপত্র প্রচার করেন তদনুসারে কোন কার্য্য হওয়াতে যদি পানীয় জল গুরুতররূপে নিকৃষ্ট হয় কি ন্যূন পড়ে, তবে তদ্রূপ নিকৃষ্ট কি ন্যূনীকৃত জলের পরিবর্ত্তে খালের কর্ত্তৃপক্ষের সুবিধামতে অনতিদূরে উৎকৃষ্ট ও যথেষ্ট পানীয় জলসম্পোষ্য করিয়া দিতেই হইবে, তাহা হইলে জল নিকৃষ্ট কি ন্যূন হওয়াপ্রযুক্ত কোন ব্যক্তির আর হানিপূরণের দাওয়া করিবার স্বত্ব থাকিবে না ইতি।

দাওয়া করিবার মিয়াদের কথা।

৫২ ধারা। জিলার নিষ্কর ভূমির রেজিষ্টরীতে যে মহাল লেখা থাকে তদ্ভিন্ন যে ভূমি খাজানা না দিয়া ভোগ হইয়া থাকে তাহা যে তালুক প্রভৃতির সীমার মধ্যে ধরা যায়, এই আইনের কার্য্যপক্ষে সেই তালুক প্রভৃতির একাংশ বলিয়া জ্ঞান হইবে। কোন তালুক প্রভৃতির সীমার মধ্যে ধরা না গেলে যে মহালের সীমার মধ্যে ধরা যায় সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে। কোন মহালের সীমার মধ্যে ধরা না গেলে তাহার সন্নিহিত মহাল যে কালেক্টর সাহেবের জিলার মধ্যে থাকে তিনি আপন মোহরাঙ্কিত আজ্ঞাক্রমে সন্নিহিত যে মহালের মধ্যে ঐ ভূমি ধরিতে আদেশ করেন তাহা সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে। ও উক্ত ভূমি যে মহালের কি তালুক প্রভৃতির একাংশ বলিয়া জ্ঞান হয় ঐ ভূমির নিমিত্ত জল সেচনের ও রক্ষা করণের কর তাহার ভোগাধিকারির স্থানে আদায় করা যাইবে। এবং ৪৯ ধারার কিম্বা বিষয় বিশেষে ৫১ ধারার বিধানমতে ঐ টাকা আদায় হইতে পারিবে। অথবা কালেক্টর সাহেব বিহিত বোধ করিলে এই আইনের কার্য্যপক্ষে স্বতন্ত্র রেজিষ্টরী বহী রাখিয়া সেই বহীতে ঐ ভূমি লিখিতে পারিবেন। তাহা হইলে, মহালের ন্যায় সেই ভূমির জল সেচনের ও রক্ষা করণের কর দেনা হইবে ও তাহা তদ্রূপে আদায় করা যাইতে পারিবে ইতি।

যে ভূমির খাজানা নাই তাহার নিমিত্তে ঐ কর দিবার কথা।

৬ ষষ্ঠ ভাগ।

গবর্ণমেণ্টের ও ভূম্যধিকারী প্রভৃতির কর্ত্তব্য কর্ম্মের কথা।

৫৩ ধারা। যে সকল ভূমির উপর জলসেচনের কর ধার্য্য হয়, সেই সকল ভূমিতে সেচনের নিমিত্ত প্রয়োজনমত জল ও জলনির্গমনের প্রয়োজনমত নালা গবর্ণমেণ্টের যোগাইয়া দেওয়া ও রক্ষা করা কর্ত্তব্য। ও ঐ করদায়ী ব্যক্তিদের ঐ জলসেচনের করের কোন অংশ ক্ষমা করা বা বাদ দেওয়া যাইবে না, কিন্তু গবর্ণমেণ্ট প্রয়োজনমতে জল যোগাইয়া দিতে ত্রুটি করিলে কিম্বা

গবর্ণমেণ্টের প্রয়োজনমতে জল যোগাইয়া রাখিতে হইবার কথা।

shall have failed to provide such adequate supply of water, or where the drainage is injuriously obstructed, when the person whose lands are affected thereby shall be entitled to such remission of the rate as may be authorized by the Lieutenant-Governor.

Provided that in such cases such lands shall, if protected, be liable to pay the protection rate.

Government to maintain adequate embankments.

54. It shall be the duty of the Government to provide and maintain adequate embankments and protection from floods to all lands assessed with the protection rate, and no remissions or deductions from the protection rate shall be allowed to the person liable to pay the same, except in cases where the Government shall have failed to provide such adequate embankments and protection from floods, when the person whose lands are affected thereby shall be entitled to such remission of the rate as may be authorized by the Lieutenant-Governor.

Government to bring water to boundary of village.

55. The Government shall not be bound to bring water for purposes of irrigation beyond the boundary of a village, nor, where the irrigable lands are not situate within the limits of a village, within the distance of one mile from such irrigable lands.

All owners and occupiers bound to afford free passage of water through their lands to irrigable areas beyond.

56. Every holder of an estate or tenure and cultivating ryot shall be bound to afford a free passage for water for irrigation purposes through or over the lands held or occupied by them to irrigable areas beyond such lands, and for that purpose shall construct and maintain such village-channels as in the opinion of the Collector or Canal Officer may be necessary, and if they fail to do so, the Collector or Canal Officer may require them by notice to execute the necessary works and repairs within a period not being less than fifteen days, and in the event of failure may execute them in his behalf; and all expenses incurred by the execution of such works or repairs shall be a sum due by such holder of an estate or tenure and cultivating ryot to Government, and shall be recoverable in the same manner as arrears of rates under section 50 of this Act.

Duty of people to construct village-channels.

57. It shall be the duty of the occupiers of irrigable lands, under the supervision and control of the owners thereof, and with

হানিজনকরূপে জলনির্গমনের বাধা হইলে, তদ্দ্বারা যে ব্যক্তিদের ভূমির হানি হয়, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যে হারে অনুমতি দেন তাহাদের সেই হারানুসারে করের ক্ষমা পাইবার স্বত্ব থাকিবে।

পরন্তু তদ্রূপ সকল স্থলে ঐ ভূমি রক্ষাকৃত হইয়া থাকিলে রক্ষাকরণের করের দায়ী হইবে ইতি।

গবর্ণমেণ্টের উপযুক্ত বাঁধ রাখিতে হইবার কথা।

৫৪ ধারা। যে সকল ভূমির উপর রক্ষা করণের কর ধার্য্য হয় সেই সকল ভূমির প্রয়োজনমতে বাঁধ ও বন্যা-হইতে রক্ষা করণের বিধান করিয়া রক্ষা করা গবর্ণমেণ্টের কর্ত্তব্য। ও যে ব্যক্তিরা সেই রক্ষা করণের করদায়া হন তাঁহাদের সেই করের কোন অংশ ক্ষমা করাকি বাদ দেওয়া যাইবে না। কিন্তু যদি গবর্ণমেণ্ট ঐ বাঁধ ও বন্যাহইতে রক্ষা করণের প্রয়োজনমত উপায় করিতে ত্রুটি করেন, তবে তদ্দ্বারা যে ব্যক্তিদের ভূমির ক্ষতি হয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যে হারে অনুমতি দেন তাঁহাদের সেই হারানুসারে করের ক্ষমা পাইবার স্বত্ব থাকিবে ইতি।

গ্রামের সীমাপর্য্যন্ত গবর্ণমেণ্টের জল আনাইতে হইবার কথা।

৫৫ ধারা। গবর্ণমেণ্ট জল সেচনের নিমিত্ত কোন গ্রামের সীমা পার করিয়া জল আনাইতে, ও জল সেচনীয় ভূমি গ্রামের সীমার মধ্যে না থাকিলে সেই ভূমির এক মাইলের ন্যূন পর্য্যন্ত আনাইতে আবদ্ধ নহেন ইতি।

জল সেচনীয় ভূমিতে জল আনাইবার জন্যে সকল ভূস্বামির ও অধিকারিদের ভূমির মধ্যদিয়া অবাধে পথ দিতে হইবার কথা।

৫৬ ধারা। মহালের ও তালুকপ্রভৃতির ভোগাধিকারী প্রত্যেক ব্যক্তি ও কৃষিকারী প্রত্যেক রায়ত আপন২ ভোগের কি অধিকারের ভূমির মধ্য কি উপর দিয়া জলসেচনীয় ভূমিতে অবাধে জল পঁহুছাইয়া দিবার পথ দিতে আবদ্ধ থাকিবেন। তদর্থেও কালেকটর সাহেবের কি খালের কর্ত্তৃপক্ষের বিবেচনায় গ্রামীয় যে জলনালা প্রস্তুত ও রক্ষা করা আবশ্যক, তাঁহারা তাহা প্রস্তুত করিয়া রাখিবেন, তাহা না করিলে, কালেক্টর সাহেব কিম্বা খালের কর্ত্তৃপক্ষ তাঁহাদের নামে নোটিস দিয়া পঞ্চদশ দিনের অন্যূন কোন সময়ের মধ্যে আবশ্যকমতে ঐ কার্য্য করিতে ও সারাইয়া দিতে আদেশ করিতে পারিবেন, তাহাতে ত্রুটি হইলে আপনারাই তাঁহাদের পক্ষে ঐ কর্ম্ম করিয়া দিতে পারিবেন। ও সেই কার্য্য করিতে বা সারাইয়া দিতে যত টাকা খরচ লাগে, ঐ মহালের বা তালুক প্রভৃতির ভোগাধিকারির ও কৃষিকারী রায়তের নিকটে গবর্ণমেণ্টের সেই টাকা পাওনা হইবে ও এই আইনের ৫০ ধারামতে তাহা বাকা করের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

গ্রামীয় জলনালা করা লোকদের কর্ত্তব্য হওয়ার কথা।

৫৭ ধারা। গবর্ণমেণ্ট যে বড়২ নালা করিয়া রক্ষা করেন তাহাহইতে আপনাদের ভূমিতে জল আনাইবার জন্যে গ্রামীয় জল-

heir assistance, to construct and maintain village-channels leading the water to their lands from the main channels constructed and maintained by the Government.

Procedure if zemindar opposes construction of village-channel.

58. If any holder of an estate shall in any way obstruct the making of such village-channels or the passing of water through the same, any subordinate tenure-holder or cultivating ryot interested in the construction and maintenance of such village-channels may apply to the Collector or Canal Officer, who shall, if satisfied of the necessity for interference, serve a notice on such holder of an estate directing him to cause such village-channels to be made, or to do or to abstain from doing any act or acts in connection therewith, as by the said notice may be prescribed.

Collector may interfere.

59. In the event of any holder of an estate refusing or neglecting to comply with the terms of such notice, the Collector shall, after due inquiry, cause such village channels as he deems requisite to be made, and recover the cost of making the same from such holder of an estate in the same manner as arrears of rates recoverable under section 49 of this Act.

Procedure if subordinate holders refuse to make village-channels.

60. If any subordinate tenure-holder or cultivating ryot refuse or neglect to make or in any way obstruct the passage of water through such village channels, the owner of the estate in which the lands of such tenure-holder or ryot are comprised may apply to the Collector or Canal Officer, who shall, if satisfied with the necessity for interference, serve a notice on such tenure-holder or ryot directing him to make the necessary village-channels and to afford a free passage to water through the same, or to do or to abstain from doing any act or acts in connection therewith, as by the said notice may be prescribed.

Collector may interfere.

61. In the event of any subordinate tenure-holder or cultivating ryot refusing or neglecting to comply with the terms of the said notice, the Collector shall, after due inquiry, cause such village-channels as he deems requisite to be made, and recover the cost of making the same from such subordinate tenure-holder or cultivating ryot in the same manner as arrears of rates recoverable under section 51 of this Act.

নালা প্রস্তুত করিয়া রাখা ঐ জলসেচনীয় ভূমির দখিলকারদের কর্ত্তব্য। তাঁহারা ঐ২ ভূমির স্বামিদের তত্ত্ব ও কর্ত্তৃত্বাধীনে ও তাঁহাদের সাহায্যে ঐ কর্ম্ম করিবেন ইতি।

জমীদার গ্রামীয় জলনালা প্রস্তুত করিবার বাধা জন্মাইলে কার্য্যপ্রণালীর কথা।

৫৮ ধারা। মহালের ভূম্যধিকারী কোন প্রকারে ঐ গ্রামীয় জলনালা প্রস্তুত করিবার কিম্বা তাহা দিয়া জল আনাইবার বাধকতা করিলে, গ্রামীয় ঐ জলনালা প্রস্তুত ও রক্ষা করণে যে অধীন পাট্টাদারের কি কৃষিকারী রায়তের স্বার্থ থাকে তিনি কালেক্টর সাহেবের বা খালের কর্ত্তৃপক্ষের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তিনি আপনার হস্তক্ষেপ করা আবশ্যক, ইহা হৃদ্বোধমতে জানিলে, মহালের ঐ ভোগাধিকারির নামে নোটিস দিয়া তাঁহাকে সেই গ্রামীয় জলনালা প্রস্তুত করাইয়া দিবার, কিম্বা ঐ নোটিসের নির্দ্দিষ্ট কোন বা কোন২ কার্য্য করিতে বা সেই কার্য্যে নিরস্ত থাকিতে আজ্ঞা করিবেন ইতি।

কালেক্টর সাহেবের হস্তক্ষেপ করিতে পারিবার কথা।

৫৯ ধারা। মহালের কোন ভোগাধিকারী ঐ নোটিসের আজ্ঞানুসারে কার্য্য করিতে অস্বীকার বা তাচ্ছল্য করিলে, কালেক্টর সাহেব উপযুক্তমতে অনুসন্ধান লইয়া গ্রামীয় যদ্রূপ জলনালা করা আবশ্যক বোধ করেন তাহা প্রস্তুত করাইবেন, ও এই আইনের ৪৯ ধারামতে বাকী কর যেরূপে আদায় হইতে পারে, ঐ মহালের ভোগাধিকারির স্থানে ঐ জলনালা প্রস্তুত করিবার খরচ সেইরূপে আদায় করিবেন ইতি।

অধীন ভোগাধিকারির, গ্রামীয় জলনালা করিতে অস্বীকার করিলে কার্য্যপ্রণালীর কথা।

৬০ ধারা। অধীন পাট্টাদার কি কৃষিকারি রায়ত গ্রামীয় তদ্রূপ জলনালা দিয়া জল যাইবার পথ প্রস্তুত করিতে অস্বীকার বা তাচ্ছল্য করিলে, কিম্বা কোন প্রকারে বাধা জন্মাইলে, ঐ পাট্টাদারের কি রায়তের ভূমি যে মহালের অন্তর্গত থাকে, সেই মহালের স্বামী কালেক্টর সাহেবের কিম্বা খালের কর্ত্তৃপক্ষের নিকট প্রার্থনা করিতে পারিবেন। ও তাঁহাদের হস্তক্ষেপ করা আবশ্যক ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ পাট্টাদারের কি রায়তের নামে নোটিস দিয়া তাঁহাকে ঐ আবশ্যক জলনালা প্রস্তুত করিয়া তাহা দিয়া অবাধে জল যাইবার পথ করিতে, কিম্বা তৎসম্পর্কে ঐ নোটিসের নির্দ্দিষ্ট কোন বা কোন২ কার্য্য করিতে বা সেই কার্য্যে নিরস্ত থাকিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবের হস্তক্ষেপ করিতে পারিবার কথা।

৬১ ধারা। কোন তালুকপ্রভৃতির অধীন ভোগাধিকারী কি কৃষিকারি রায়ত ঐ নোটিসের আজ্ঞানুযায়ী কার্য্য করিতে অস্বীকার বা তাচ্ছল্য করিলে, কালেক্টর সাহেব উপযুক্তমতে অনুসন্ধান লইয়া গ্রামীয় যে জলনালা প্রস্তুত করা আবশ্যক জ্ঞান করেন তাহা প্রস্তুত করাইয়া, এই আইনের ৫১ ধারামতে বাকী কর যেরূপে আদায় হইতে পারে ঐ অধীন ভোগাধিকারির কি কৃষিকারি রায়তের স্থানে সেইরূপে ঐ জলনালা করিবার খরচ আদায় করিবেন ইতি।

[*Government Gazette*, 1st May 1877.]

62. The liability of any holder of an estate or tenure, or of any cultivating ryot, incurred under sections 56, 57, 58, 59, 60, and 61 to afford a free passage for water or to construct or maintain village-channels shall in no case extend beyond the limits of his estate, tenure, or holding, and where several persons may be liable as aforesaid, the Collector or Canal Officer shall apportion the work to be done and the proportion of cost to be paid, in accordance with the area of irrigable land held or cultivated by each and irrigated from the village-channel constructed.

Liability of holders of estates, &c., to construct village-channels not to extend beyond limits of their estates, &c.

৬২ ধারা । ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০ ও ৬১ ধারামতে মহালের কি তালুকপ্রভৃতির ভোগাধিকারিদের কিম্বা কোন কৃষিকারি রায়তের জল অবাধে যাইবার পথ বা গ্রামীয় জলনালা প্রস্তুত করিয়া রক্ষা করিবার যে দায় বর্ত্তে, তাহ: তাঁহাদের মহালের কি তালুকপ্রভৃতির কি যোতের সীমার বাহিরে বর্ত্তিবে না। ও অনেক ব্যক্তি পূর্ব্বোক্তমতে দায়া হইলে, তাঁহাদের এক২ জন জলসেচনের যত ভূমি ভোগ কি চাষ করেন, ও প্রস্তুত করা জলনালাদ্বার যত ভূমিতে জল সেচন হয়, কালেক্টর সাহেব কিম্বা খালের কর্ত্তৃপক্ষ তদনুসারে এক২ জনের প্রতি ঐ কার্য্যের একাংশ ও খরচের একাংশ নিরূপণ করিবেন ইতি ।

মহাল প্রভৃতির সীমার বাহিরে মহালের ভোগাধিকারী প্রভৃতির গ্রামীয় জলনালা প্রস্তুত করিবার দায় না বর্ত্তিবার কথা ।

PART VII.

Of the Supply of Water.

63. All rules made by the Lieutenant-Governor under section 86 shall be consistent with the following conditions:—

Rules to be subject to certain conditions.

(a) The Canal Officer may not stop the supply of water to any village-channel, or to any person who is rated for such supply, except in the following cases:—

Power to stop water-supply.

(i) whenever and so long as it is necessary to stop such supply for the purpose of executing any work ordered by competent authority;

(ii) whenever and so long as any village-channel is not maintained in such repair as to prevent the wasteful escape of water therefrom;

(iii) whenever and so long as it is necessary to do so in rotation to supply the legitimate demands of other persons entitled to water;

(iv) whenever and so long as it may be necessary to stop the supply in order to prevent the wastage or misuse of water.

64. On application being made for a supply of water to be used for purposes other than those of irrigation, the Canal Officer may give permission for water to be taken for such purposes under such special conditions and restrictions as to the limitation and control of the supply as he shall think proper to impose in each case.

Canal Officer may supply water for purposes other than those of irrigation.

---

৭ সপ্তম ভাগ ।

জলসম্প্রোযোর কথা ।

৬৩ ধারা । শ্রীযুত লেপ্টেনেন্ট গবরণর সাহেব এই আইনের ৮৬ ধারামতে যে সকল বিধি করেন তাহা নিম্নলিখিত নিয়মের সহিত সঙ্গত থাকিবে ।—

বিধি সকল কোন২ নিয়মাধীন থাকার কথা ।

(ক) খালের কর্ত্তৃপক্ষ নিম্নলিখিত সকল স্থলছাড়া, গ্রামীয় কোন জলনালার জল কিম্বা জল পাইবার কারণে যে ব্যক্তির কর ধার্য্য হইয়াছে তাঁহার জল, বন্ধ করিতে পারিবেন না ।

জলবন্ধ করিবার ক্ষমতার কথা ।

(১) উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কর্ত্তৃপক্ষ কোন কর্ম্ম চালাইবার আজ্ঞা করিলে, তন্নিমিত্তে যখন ও যত দিন আবশ্যক, তখন ও তত দিন জলবন্ধ হইতে পারিবে ।

(২) গ্রামীয় জলনালাহইতে অকারণে জল বাহির হইয়া নষ্ট না হয়, এই নিমিত্ত যখন ও যতদিন সেই জলনালা নিয়মমতে সারাইয়া না রাখা যায় তখন ও তত দিন জল বন্ধ হইতে পারবে ।

(৩) অন্য যে ব্যক্তিদের জল পাইবার স্বত্ব আছে তাঁহারা বৈধমতে যত জলের দাওয়া করিতে পারেন ক্রমাগত তত জল যোগাইয়া দিবার নিমিত্তে যখন ও যত কাল আবশ্যক তখন ও তত কাল বন্ধ হইতে পারিবে ।

(৪) জল নষ্ট কি অপব্যয় না হইবার জন্যে যখন ও যতকাল ঐ জল বন্ধ করা আবশ্যক তখন ও তত কাল বন্ধ হইতে পারিবে ইতি ।

৬৪ ধারা । ভূমিতে সেঁচিবার কারণভিন্ন অন্য কার্য্যের নিমিত্ত জল পাইবার প্রার্থনা করা গেলে, যত জল দেওয়া যাইবে তাহার ও তদ্বিষয়ের তত্ত্বাবধারণ করিবার যে নিয়ম ও নিষেধ বিহিত বোধ করেন, খালের কর্ত্তৃপক্ষ এমত বিশেষ নিয়ম করিয়া ঐ কার্য্যের নিমিত্ত জল লইবার অনুমতি দিতে পারিবেন ইতি ।

ভূমিতে সেঁচিবার কারণভিন্ন অন্য কার্য্যেরও নিমিত্ত খালের কর্ত্তৃপক্ষের জল যোগাইয়া দিতে পারিবার কথা ।

65. If water supplied through a village-channel be suffered to run to waste, and if, after enquiry by the Canal Officer, the person through whose act or neglect such water was suffered to run to waste cannot be discovered, all the persons rateable in respect of the water supplied through such village-channel shall be jointly liable for the charges made in respect of the water so wasted, as determined by the Lieutenant-Governor under section eighty-six.

Liability when water runs to waste.

All questions arising under this section shall be decided by the Canal Officer, subject to the provisions of section 78.

PART VIII.

Of Procedure.

66. Immediately on the extension of this Act to any district or tract of country a general notice shall be published by the Collector setting forth the liability of all irrigable and protected lands to pay a fixed rate, and the district and general boundaries within which the same shall be levied.

Collector to publish notice of liability of irrigable and protected lands.

67. Immediately on the issue of such notice the Canal Officer shall prepare and submit to the inspection of the Collector a sketch map showing clearly the extent and boundaries of the irrigable areas commanded by each canal, or portion of a canal within his jurisdiction, and shall prepare a specification of boundaries within which the Canal Engineer shall certify that canals, distributaries, and appliances for delivery of an adequate supply of water exist in good and sufficient repair, and that efficient drainage has been provided to carry off surplus water or flood.

Canal Engineer to prepare sketch maps, &c.

68. The sketch map shall also show clearly the area and boundaries of lands not irrigable but adequately protected from floods by flood-embankments, and the Canal Engineer shall further certify that such embankments are in an efficient state of repair.

Sketch map to show not irrigable but protected lands.

69. Upon receipt of such sketch maps and certificates, the Collector shall prepare a list of all holders of estates and tenures within the areas certified by the Canal Engineer as irrigable and protected, and shall serve upon each of such holders of an estate

Collector to prepare lists of holders of estates and tenures.

৬৫ ধারা। গ্রামীয় জলনালাদ্বারা যে জল যোগাইয়া দেওয়া যায় তাহা নষ্ট হইতে দেওয়া গেলে, ও যে ব্যক্তির ক্রিয়া বা তাচ্ছল্যদোষে ঐ জল নষ্ট হইল খালের কর্তৃপক্ষ অনুসন্ধান লইয়াও তাহার উদ্দেশ পাইতে না পারিলে, গ্রামীয় ঐ জলনালা দিয়া যে জল যোগাইয়া দেওয়া যায়, তৎসম্পর্কে যে সকল ব্যক্তি করদায়ী হন, তাঁহারা ৮৬ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নির্ণীতমতে একত্র সেই নষ্ট করা জলের খরচের নিমিত্তে দায়ী হইবেন।

জল অকারণে নষ্ট হইলে দায়ের কথা।

এই ধারামতে যে সকল বিবাদ উত্থিত হয়, খালের কর্তৃপক্ষ ৭৮ ধারার বিধান মানিয়া তাহা নিষ্পত্তি করিবেন ইতি।

৮ অষ্টম ভাগ।

কার্য্যপ্রণালীবিষয়ক বিধি।

৬৬ ধারা। এই আইন কোন জিলায় কি প্রদেশে প্রচলিত করা গেলেই কালেক্টর সাহেব সাধারণ একখানি নোটিস প্রচার করিয়া, জল সেচনের যোগ্য ও রক্ষাকৃত সকল ভূমির নির্দ্ধারিত হারে করের দায়ী হওয়ার কথা, ও যে জিলায় ও সাধারণ যে সীমার মধ্যে কর আদায় হইবে এই কথা প্রকাশ করিবেন ইতি।

জলসেচনীয় ও রক্ষাকৃত ভূমির দায়ের নোটিস কালেক্টর সাহেবের প্রকাশ করিবার কথা।

৬৭ ধারা। উক্ত নোটিস প্রচার করা গেলেই, খালের কর্তৃপক্ষ আপনার এলাকার অন্তর্গত যে নালা বা নালার যে অংশ দ্বারা জল সেচনীয় যেং ভূমিতে জল দেওয়া যাইতে পারে, তাহার পরিমাণ ও সীমা স্পষ্টরূপে দেখাইবার নকশা প্রস্তুত করিয়া, কালেক্টর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন, ও যে সীমার অন্তর্গত নালা ও শাখানালা ও প্রয়োজনমতে জল যোগাইবার অন্য উপকরণ উৎকৃষ্ট ও কার্য্য চালাইবার উপযুক্ত অবস্থায় আছে, ও অতিরিক্ত জল বা বন্যার জল নির্গমনের যথোচিত নালা আছে খালের ইঞ্জিনিয়র সাহেব ইহার সর্টিফিকট সহিত সেই সীমার নির্দ্দেশপত্র প্রস্তুত করিবেন ইতি।

খালের ইঞ্জিনিয়রের নকশা প্রভৃতি প্রস্তুত করিতে হইবার কথা।

৬৮ ধারা। জল সেচনের যোগ্য নয় কিন্তু বন্যানিবারণার্থ বাঁধের দ্বারা যে ভূমি উপযুক্তমতে বন্যা হইতে রক্ষাকৃত হইয়াছে, ঐ নকশায় তাহারও আয়তন ও সীমা স্পষ্টরূপে দেখাইতে হইবে। ও কার্য্যপক্ষে সেই বাঁধ যথোচিত অবস্থায় আছে, খালের ইঞ্জিনিয়র সাহেব ইহারও সর্টিফিকট দিবেন ইতি।

জলসেচনের যোগ্য ভূমি ভিন্ন রক্ষাকৃত ভূমি দেখাইবার নকশার কথা।

৬৯ ধারা। খালের ইঞ্জিনিয়র সাহেব জলসেচনের যোগ্য ও রক্ষাকৃত ভূমির যে আয়তনের সর্টিফিকট দেন কালেক্টর সাহেব ঐ২ নকশা ও সর্টিফিকট প্রাপ্ত হইলে, সেই আয়তনের অন্তর্গত মহালের ও তালুক প্রভৃতির সকল ভোগাধি-

মহালের ও তালুকপ্রভৃতির ভোগাধিকারিদের নির্ঘণ্টপত্র কালেক্টর সাহেবের প্রস্তুত করিবার কথা।

or tenure a notice to return within fifteen days from the issue thereof the following particulars:—

(a) A list of the occupants of the lands comprised in his estate or tenure,

(b) The area of such holding,

(c) The nature of such holding,

(d) The amount of irrigation or protection rate leviable from such occupant, or payable by such holder of an estate or tenure.

70. Before proceeding to check such last mentioned lists, the Collector or Canal Officer shall cause to be published a proclamation addressed to all holders of estates or tenures and cultivating ryots concerned, calling on them to attend either personally or by agent before the Collector or Canal Officer, or any officer authorized by the Collector or Canal Officer in that behalf, at such places and at such times as shall be stated in such proclamation, for the purpose of pointing out their lands and facilitating proper checking of the lists, and of rendering such aid as may be necessary for the purposes of this Act.

Collector to publish proclamation before checking lists.

Such proclamation shall be published by posting a copy thereof at such place or places near the village in which such lands are situate as to the Collector may seem fit.

After issue of a proclamation as aforesaid, every person concerned shall be legally bound to attend and to give any information which may be required, or to produce any papers that may be called for so far as he may be able.

71. The list shall be checked and tested by the Collector, and after approval by him, shall be published in every village concerned.

Lists to be published by Collector.

72. All objections made by any person whose lands are included in such lists shall be made within fifteen days from the publication of such lists, and shall be heard and determined by the Collector, whose decision shall be final.

Objections to be determined by Collector.

কারির নামনির্ঘণ্ট প্রস্তুত করিয়া মহালের কি তালুক প্রভৃতির উক্ত প্রত্যেক ভোগাধিকারির নামে নোটিস দিয়া ঐ নোটিস জারী হইবার পঞ্চদশ দিনের মধ্যে নিম্নলিখিত বর্ণনা দিবার আজ্ঞা করিবেন,

(ক) তাঁহার মহালের কি তালুক প্রভৃতির অন্তর্গত ভূমির দখীলকারদের নামনির্ঘণ্ট।

(খ) ঐ যোতের আয়তন।

(গ) ঐ যোতের ভাব।

(ঘ) ঐ দখীলকারের স্থানে জলসেচনের বা ভূমি রক্ষা করের যত টাকা কর আদায় হইতে পারে, কিম্বা মহাল কি তালুক প্রভৃতির ঐ ভোগাধিকারী যত টাকা করের দায়া হন তাহ ইতি।

৭০ ধারা। কালেকটর সাহেব কি খালের কর্ত্তৃপক্ষ ঐসকল নির্ঘণ্টপত্রের দোষাদোষ ধরিবার জন্যে তাহা দেখিবার পূর্ব্বে, ঐ কার্য্যসংক্রান্ত মহালের কি তালুক প্রভৃতির সকল ভোগাধিকারির ও কৃষিকারি রায়তের নামে ঘোষণাপত্র প্রচার করাইয়া, আপনাদের ভূমি দেখাইয়া দিবার ও নির্ঘণ্টপত্রের দোষাদোষ ধরিতে সাহায্য করিবার ও এই আইনের কার্য্যহেতুক অন্য যে প্রকারের সহায়তা আবশ্যক তাহা করিবার নিমিত্ত, তাঁহাদিগকে নিজে বা স্বপক্ষীয় কর্ম্মকারকদ্বারা ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে কালেকটর সাহেবের কি খালের কর্ত্তৃপক্ষ সাহেবের সম্মুখে, কিম্বা কালেকটর কি খালের কর্ত্তৃপক্ষ সাহেব এই কার্য্যপক্ষে অন্য যে কর্ম্মকারককে অনুমতি দেন তাঁহার সম্মুখে আসিতে আজ্ঞা করিবেন।

ঐ নির্ঘণ্টপত্রের দোষাদোষ ধরিবার জন্যে তাহা দেখিবার পূর্ব্বে কালেক্টর সাহেবের ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

উক্ত ভূমি যে২ গ্রামের অন্তর্গত থাকে কালেক্টর সাহেব সেই২ গ্রামের নিকট যে বা যে২ স্থান উপযুক্ত বোধ করেন, ঐ ঘোষণাপত্রের নকল তথায় লাগাইয়া দিয়া তাহা প্রচার করা যাইবে।

ঘোষণাপত্র পূর্ব্বোক্তমতে প্রচার করা গেলে পর তাহাতে যে২ ব্যক্তির সম্পর্ক থাকে, তাঁহাদের প্রত্যেক জন আইনমতে উপস্থিত হইয়া, যে সন্ধান জানাইবার আদেশ থাকে তাহা জানাইতে, কিম্বা কোন কাগজপত্র দেখাইবার আজ্ঞা হইলেও দেখাইতে পারিলে তাহা দেখাইতে আবদ্ধ হইবেন ইতি।

৭১ ধারা। কালেক্টর সাহেব সেই নির্ঘণ্টপত্রের দোষাদোষ পরীক্ষা করিয়া দেখিবেন, ও অনুমোদন করিলে তৎসংক্রান্ত প্রত্যেক গ্রামে তাহা প্রচার করা যাইবে ইতি।

কালেকটর সাহেবের নির্ঘণ্টপত্র প্রচার করিতে হইবার কথা।

৭২ ধারা। ঐ নির্ঘণ্টপত্রের মধ্যে যে কোন ব্যক্তির ভূমি ধরা যায়, তাঁহার আপত্তি থাকিলে, ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ হওয়ার সময়াবধি পঞ্চদশ দিনের মধ্যে তাঁহার আপত্তি করিতে হইবে, ও কালেক্টর সাহেব তাহা শুনিয়া নিষ্পত্তি করিবেন ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

কালেক্টর সাহেবের আপত্তি নির্ণয় করিবার কথা।

Copies to be given to all holders of estates.

73. Copies of such lists as finally corrected by the Collector or Canal Officer shall be given to all holders of estates interested therein, and shall be their warrant to collect and pay the rates mentioned therein.

PART IX.

OF JURISDICTION.

Settlement of disputes as to mutual rights and liabilities of persons interested in village-channel.

74. Whenever a dispute arises between two or more persons in regard to their mutual rights or liabilities in respect of the use, construction, or maintenance of a village-channel, any such person interested may apply in writing to the Canal Officer stating the matter in dispute. Such officer shall thereupon give notice to the other persons interested that, on a day to be named in such notice, he will proceed to inquire into the said matter, and after such inquiry, he may pass his order thereon, or may transfer the matter to the Collector, who shall thereupon inquire into and pass his order on the said matter.

Dispute as to shares and payments.

75. Whenever any dispute arises among joint owners of a village-channel as to their shares of expense or as to the amounts severally contributed, or as to failure on the part of any owner to contribute his share, the matter may be decided after inquiry by the Canal Officer or Collector, as provided in the last preceding section.

Orders passed by Collector and Canal Officer to remain in force until set aside by Civil Court.

76. Any order passed by the Collector under either of the two last preceding sections, and, subject to the provisions of section seventy-eight, any such order passed by a Canal Officer, shall remain in force until set aside by the decree of a Civil Court, and may be executed by any Canal Officer as if it were a decree of the Civil Court.

Jurisdiction as to suits arising out of powers of distraint.

77. All suits arising out of the exercise of the power of distraint for recovery of irrigation or protection rates,

or out of any acts done under color of the exercise of the said power of distraint,

মহালের ভোগাধিকারি-দিগকে নকল দিতে হইবার কথা।

৭৩ ধারা। ঐ নির্ঘণ্টপত্র কালেক্টর কি খালের কর্ত্তৃপক্ষ সাহেবের দ্বারা চূড়ান্তরূপে সংশোধন করা গেলে পর, তাহার নকল ঐ পত্রলিখিত মহালের সকল ভোগাধিকারিকে দেওয়া যাইবে, ও সেই নকলই তাঁহাদের ঐ পত্রলিখিত কর আদায় করিবার ও দিবার ক্ষমতার প্রমাণপত্রস্বরূপ হইবে ইতি।

---

৯ নবম ভাগ।

বিচারাধিপত্যের কথা।

গ্রামীয় জলনালায় যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদের অধিকারের ও দায়ের পরস্পর বিবাদ নিষ্পত্তির কথা।

৭৪ ধারা। কোন গ্রামীয় জলনালার ব্যবহার কি প্রস্তুত কি রক্ষা করণ সম্পর্কে দুই কি তদধিক ব্যক্তিদের পরস্পর স্বত্ব কি দায় লইয়া বিবাদ হইলে, উক্ত কোন ব্যক্তি খালের কর্ত্তৃপক্ষের নিকট প্রার্থনাপত্র লিখিয়া বিবাদীয় বিষয়ের বর্ণন করিতে পারিবেন। তাহা হইলে ঐ কর্ত্তৃপক্ষ ঐ বিষয়ের স্বার্থযুক্ত অন্য ব্যক্তিদিগকে এই মর্ম্মের নোটিস দিবেন, যে ঐ নোটিসের নির্দ্ধারিত দিনে তিনি ঐ বিষয়ের তদন্ত লইতে প্রবৃত্ত হইবেন। তদ্রূপে তদন্ত লইয়া তদ্বিষয়ে আপনার আজ্ঞা জানাইতে, কিম্বা কালেক্টর সাহেবের প্রতি সেই বিষয় অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব সেই বিষয়ের তদন্ত লইয়া আপনার আজ্ঞা জানাইবেন ইতি।

অংশের ও টাকা দেওয়ার বিষয়ে বিবাদ হইলে তাহার কথা।

৭৫ ধারা। যাঁহারা গ্রামীয় জলনালার সংস্বামী হন, খরচের অংশাংশ লইয়া, কিম্বা একং জন সেই খরচের যে অংশ দিয়াছেন তাহা লইয়া, কিম্বা কোন ব্যক্তির নিজ অংশ দিবার ত্রুটি লইয়া তাহাদের মধ্যে বিবাদ হইলে, খালের কর্ত্তৃপক্ষ কিম্বা কালেক্টর সাহেব ইহার পূর্ব্ব ধারার বিধানমতে তদন্ত লইয়া তাহা নিষ্পত্তি করিতে পারিবেন ইতি

কালেক্টর সাহেবের ও খালের কর্ত্তৃপক্ষের আজ্ঞা দেওয়ানী আদালত কর্ত্তৃক অসিদ্ধ না হওন পর্য্যন্ত প্রবল থাকার কথা।

৭৬ ধারা। কালেক্টর সাহেব ইহার পূর্ব্ব দুই ধারার একতর ধারামতে যে আজ্ঞা করেন, ও খালের কর্ত্তৃপক্ষ ৭৮ ধারার বিধান প্রবল মানিয়া তদ্রূপ যে আজ্ঞা করেন, তাহা যত দিন দেওয়ানী আদালতের ডিক্রীমতে অসিদ্ধ না করা যায় তত দিন প্রবল থাকিবে, ও খালের কোন কর্ত্তৃপক্ষ দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন ইতি।

ক্রোককরণের ক্ষমতাহেতুক যে মোকদ্দমা উত্থিত হয় তাহার বিচার করিবার ক্ষমতার কথা।

৭৭ ধারা। জল সেচনের বা ভূমি রক্ষা করণের কর আদায় করিবার নিমিত্তে ক্রোক করণের ক্ষমতানুসারে কার্য্য হইয়া,

কিম্বা ক্রোককরণের উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিবার ছলে কোন কার্য্য হইয়া, যেং মোকদ্দমা হইয়া থাকে,

or by persons in receipt of the irrigation or protection rates, against any agents employed by them in the collection of such rates or the sureties of such agents for money received or for accounts kept by such agents in the course of such employment, or for papers in their possession,

shall be cognizable by the same Court or authority as would have jurisdiction if such rates were rent due for the land irrigated.

78. Every order passed by a Canal Officer under Part VII and Part IX of this Act, shall be appealable to the Collector, provided that the appeal be presented within thirty days of the date on which the Canal Officer made the order appealed against; and no appeal shall lie against any proceeding or order of the Collector under this Act, except as otherwise expressly provided in this Act, but all such proceedings and orders shall be subject to the supervision and control of the Commissioner of the Division and of the Board of Revenue, who may pass such order thereon as they may respectively think fit.

Appeal and supervision.

79 Any officer empowered under this Act to conduct any inquiry may exercise all such powers connected with the summoning and examining of witnesses as are conferred on Civil Courts by the Code of Civil Procedure; and every such inquiry shall be deemed a judicial proceeding.

Power to summon and examine witnesses.

PART X.

Of Offences and Penalties.

80. Whoever voluntarily and without proper authority does any of the acts following, that is to say—

Offences under the Act.

(1) damages, alters, enlarges, or obstructs any canal or drainage work;

(2) interferes with, increases or diminishes the supply of water in, or the flow of water from, through, over, or under any canal or drainage work, or by any means

কিম্বা যে ব্যক্তিরা জল সেচনের বা ভূমি রক্ষা করণের কর পাইলেন তাঁহারা ঐ কর আদায় করিবার জন্যে যে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারা ঐ কর্ম্ম করণসময়ে যে টাকা পাইলেন কি যে হিসাব রাখিলেন, কিম্বা তাঁহাদের অধিকারে যে কাগজপত্র থাকে তাহার জন্যে সেই কর্ম্মকারকদের কিম্বা তাঁহাদের জামিনদের নামে উক্ত ব্যক্তিরা যে মোকদ্দমা করেন,

যে জমীতে জল সেঁচিয়া দেওয়া যায়, ঐ কর সেই জমীর বাকী খাজানা হইলে যে আদালতের কি যে কর্ত্তৃপক্ষের বিচারাধিপত্য থাকিত, সেই আদালত কি সেই কর্ত্তৃপক্ষ ঐ মোকদ্দমা গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

৭৮ ধারা। খালের কর্ত্তৃপক্ষ এই আইনের ৭ সপ্তম ও ৯ নবম ভাগানুসারে যেং আজ্ঞা করেন, তাহার উপর কালেক্টর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু খালের কর্ত্তৃপক্ষের যে আজ্ঞার উপর আপীল হয় সেই আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে। এবং কালেক্টর সাহেব এই আইনমতে যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন, এই আইনে তাহার উপর আপীল হইবার স্পষ্ট বিধান না থাকিলে, হইতে পারিবে না। কিন্তু ঐ সকল আনুষ্ঠানিক কার্য্যের ও আজ্ঞার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্ব থাকিবে, তাঁহারা তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

আপীলের ও তত্ত্বাবধারণের কথা।

৭৯ ধারা। এই আইনমতে যে কর্ত্তৃপক্ষ কোন অনুসন্ধানের কার্য্য চালাইতে ক্ষমতাপন্ন হন, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে সাক্ষিদিগকে সমন করিয়া তাহাদের সাক্ষ্য লইবার জন্যে দেওয়ানী আদালতের প্রতি যেং ক্ষমতা দেওয়া গেল, উক্ত কর্ত্তৃপক্ষও সেইং বিষয়ে সেইং ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, ও তদ্রূপ যে অনুসন্ধানের কার্য্য করা যায় তাহা আদালতের আনুষ্ঠানিক কার্য্য বলিয়া জ্ঞান হইবে ইতি।

সাক্ষিদিগকে সমন করিয়া সাক্ষ্য লইবার ক্ষমতার কথা।

১০ দশম ভাগ।

অপরাধের ও দণ্ডের কথা।

৮০ ধারা। কোন ব্যক্তি উপযুক্ত ক্ষমতা না পাইয়া স্বেচ্ছামতে নিম্নলিখিত কোন কর্ম্ম করিলে, অর্থাৎ—

আইনমত অপরাধের কথা।

(১) কোন খালের কি জল নির্গমনের কোন নালার হানি করিলে কিম্বা তাহা পরিবর্ত্তন কি বৃদ্ধি কি অবরোধ করিলে,

(২) কোন খালে কি জল নির্গমনের নালায় যে জল থাকে, কিম্বা তাহাহইতে কিম্বা তাহার মধ্যে কি উপর কি নীচে দিয়া যে জল যায়, তাহাতে হস্তক্ষেপ করিলে, কিম্বা

raises or lowers the level of the water in any canal or drainage work;

(3) being responsible for the maintenance of a village-channel, or using a village-channel, neglects to take proper precautions for the prevention of waste of the water thereof, or interferes with the authorized distribution of the water therefrom or uses such water in an unauthorized manner;

(4) corrupts or fouls the water of any canal so as to render it less fit for the purposes for which it is ordinarily used;

(5) destroys, defaces, or moves any level mark or watergauge fixed by the authority of a public servant;

(6) destroys or removes any apparatus, or part of any apparatus for controlling or regulating the flow of water in any canal or drainage-work;

(7) passes, or causes animals or vehicles to pass in or across any of the works, banks, or channels of a canal contrary to rules made under this Act, after he has been desired to desist therefrom;

(8) without the permission of the Canal Officer causes, or knowingly and wilfully permits any cattle to graze upon any flood-embankments, or tethers, or causes or knowingly and wilfully permits any cattle to be tethered upon any such embankments, or roots up any grass or other vegetation growing on any such embankments, or removes, cuts, or in any way injures or causes to be removed, cut, or otherwise injured any trees, bushes, grass, or hedge intended for the protection of such embankment;

(9) violates any rule made under the Act, for breach whereof a penalty may be incurred;

shall, in case the offence shall not amount to mischief within the meaning of the Indian Penal Code, and on conviction before a Magistrate, be liable to a fine not exceeding fifty rupees, or to imprisonment for a term not exceeding one month, or to both.

Penalty.

[*Government Gazette*, 1st May 1877.]

সেই জলসম্পোষা বৃদ্ধি কি কম করাইলে কিম্বা কোন খালে কি জল নির্গমনের নালার জলের যে মাটাম থাকে তাহা উচ্চ কি নীচু করিলে।

(৩) কোন গ্রামীয় জলনালা রক্ষা করিবার কিম্বা তাহার ব্যবহারের নিমিত্ত দায়ী হইয়, তাহার জল নষ্ট না হইবার সদুপায় করিতে শৈথিল্য করিলে, কিম্বা তাহার জল যেরূপে বিতরণ হইবার অনুমতি আছে তদনুসারে বিতরণ না হইবার জন্যে হস্তক্ষেপ করিলে, কিম্বা জলের যদ্রূপ ব্যবহার করিবার অনুমতি আছে তদ্ভিন্ন প্রকারে ঐ জলের ব্যবহার করিলে,

(৪) কোন খালের জল সচরাচর যে কর্ম্মে ব্যবহার হইয়া থাকে তাহা সেই কর্ম্মের তাদৃশ উপযুক্ত না হয় এমতে জল নষ্ট কি ময়লা করিলে।

(৫) রাজকীয় কার্য্যকারকের অনুমতিক্রমে জলের যে দাগ কি জল মাপিবার যে যন্ত্র দেওয়া যায় তাহা নষ্ট কি বিকৃত কি স্থানান্তর করিলে।

(৬) খালে কি জল নির্গমনের কোন নালায় ন্যূন কি অধিক জল না যায় ইহার বিধান করিবার যে যন্ত্র থাকে, সেই কি তাহার কোন অংশ নষ্ট কি স্থানান্তর করিলে,

(৭) এই আইনমতে যে বিধি করা গেল তদ্বিপরীতে কোন খাল সংক্রান্ত কোন বিষয়ের কি তীরের কি নালার মধ্য কি উপর দিয়া পার হইয়া যাইতে কিম্বা কোন জন্তু কি গাড়ী চালাইতে নিষেধ হইলেও গেলে কি জন্তু প্রভৃতি চালাইলে।

(৮) খালের কর্তৃপক্ষের অনুমতি না লইয়া, জানিয়া শুনিয়া ও ইচ্ছা করিয়া বন্যানিবারণের কোন বাঁধে গোমেষাদি চরিতে দিলে, কিম্বা সেই বাঁধে গোমেষাদি বাঁধিলে, কিম্বা জানিয়া শুনিয়া ও ইচ্ছা করিয়া অন্যকে বাঁধিতে দিলে, কিম্বা উক্ত কোন বাঁধে যে ঘাস কি অন্য গাছ গাছড়া বাড়িয়া উঠিতেছে তাহা উপড়াইয়া ফেলিলে, কিম্বা ঐ বাঁধের রক্ষার জন্যে যে গাছ কি ঝোপ কি ঘাস কি বেড়া বসান যায় সেই গাছপ্রভৃতি স্থানান্তর করিলে কি কাটিলে কি কোন প্রকারে তাহার হানি করিলে কি করাইলে।

(৯) এই আইন অনুযায়ি যে বিধি লঙ্ঘনের দণ্ড ধার্য্য হইল, সেই বিধি লঙ্ঘন করিলে,

ঐ অপরাধ ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের নিরূপিত অর্থানুসারে অপকারের সমান না হইলে, ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

Further offences.

81. Whoever, without the authority of the Canal Officer—

(1) pierces or cuts through, or attempts to pierce or cut through, or otherwise to damage, destroy, or endanger the stability of any flood-embankment;

(2) opens, shuts, or obstructs or attempts to open, shut, or obstruct, any sluice in any such embankment;

(3) makes any dam or other obstruction for the purpose of diverting or opposing the current of a river on the banks whereof are flood-embankments, or refuses or neglects to remove any such dam or obstruction when so required by the Canal Officer;

Penalty.

shall, in case the offence shall not amount to mischief within the meaning of the Indian Penal Code, and on conviction before a Magistrate, be liable to a fine not exceeding two hundred rupees, or to imprisonment for a term not exceeding six months.

Obstruction to be removed and damage repaired.

82. Whenever any person is convicted of an offence under either of the last two preceding sections, the convicting Magistrate may order that he shall remove the obstruction or repair the damage in respect of which the conviction is held within a period to be fixed in such order. If such person neglects or refuses to obey such order within the fixed period, the Canal Officer may remove such obstruction or repair such damage, and the cost of such removal or repair shall be levied from such person by the Collector as a demand under section one of the aforesaid Bengal Act VII of 1868.

Persons employed on canal may take offenders into custody.

83. Any person in charge of or employed upon any canal, may remove from the lands or buildings belonging thereto, or may take into custody without a warrant and take forthwith before a Magistrate or to the nearest police-station, to be dealt with according to law, any person who within his view commits any of the following offences:—

(1) wilfully damages or obstructs any canal;

অন্যং অপরাধের কথা।

৮১ ধারা। কোন ব্যক্তি খালের কর্ত্তৃপক্ষের অনুমতি বিনা,

(১) বন্যা নিবারণের বাঁধ বিঁধিয়া কি কাটিয়া দিলে কিম্বা বিঁধিয়া কি কাটিয়া দিতে উদ্যোগ করিলে কিম্বা অন্য কোন প্রকারে ঐ বাঁধের হানি করিলে কি তাহার স্থায়িত্ব নষ্ট করিলে কি নষ্ট হওয়ার সঙ্কট জন্মাইলে।

(২) তদ্রূপ কোন বাঁধে যে কপাট থাকে কেহ সেই কপাট খুলিলে কি বন্ধ করিলে কি অবরোধ করিলে, কিম্বা খুলিতে কি বন্ধ করিতে কি অবরোধ করিতে উদ্যোগ করিলে,

(৩) যে নদীর ধারে বন্যানিবারণের বাঁধ আছে কেহ সেই নদীর স্রোত অন্য মুখ করিবার কি তাহার বাধা দিবার জন্যে কোন জাঙ্গাল কিম্বা অবরোধজনক অন্য বিষয় করিয়া দিলে, কিম্বা খালের কর্ত্তৃপক্ষের আজ্ঞা পাইলেও ঐ জাঙ্গাল কি অবরোধজনক অন্য বিষয় স্থানান্তর করিতে অসম্মত হইলে কি তাচ্ছল্য করিলে,

দণ্ডের কথা।

ঐ অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থানুসারে অপকারের সমান না হইলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ অপরাধের প্রমাণ হইলে তাহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

অবরোধজনক বিষয় স্থানান্তর করিতে ও হানি সারাইয়া দিতে হইবার কথা।

৮২ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার একতর ধারামতে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব অপরাধ নির্ণয় করেন তিনি আজ্ঞা করিয়া ঐ আজ্ঞাতে যে মিয়াদ নির্দ্ধার্য্য করেন সেই মিয়াদের মধ্যে ঐ অবরোধজনক বিষয় উঠাইয়া দিতে কিম্বা যে হানি সম্পর্কে অপরাধ নির্ণয় হইল সেই হানি সারাইয়া দিতে আদেশ করিতে পারিবেন। ঐ ব্যক্তি সেই মিয়াদের মধ্যে উক্ত আজ্ঞা মানিতে তাচ্ছল্য করিলে কি অসম্মত হইলে, খালের কর্ত্তৃপক্ষ অবরোধজনক সেই বিষয় উঠাইয়া দিতে কিম্বা সেই হানি সারাইয়া দিতে পারিবেন, এবং কালেক্টর সাহেব ১৮৬৮ সালের বঙ্গীয় উক্ত ৭ আইনের ১ ধারামত দাওয়া বলিয়া ঐ ব্যক্তির স্থানে ঐ বিষয় উঠাইয়া কি সারাইয়া দেওয়ার খরচ আদায় করিবেন ইতি।

খালে যাঁহারা কর্ম্ম করেন অপরাধিদিগকে তাঁহাদের আটক রাখিতে পারিবার কথা।

৮৩ ধারা। খাল যে ব্যক্তির জিম্মায় থাকে কিম্বা যে ব্যক্তি খালে কর্ম্ম করেন এমত কোন ব্যক্তির চক্ষুর গোচরে কেহ নিম্নলিখিত কোন অপরাধ করিলে, তিনি ঐ খালসংক্রান্ত ভূমি কি গৃহাদিহইতে তাঁহাকে বাহির করিয়া দিতে, কিম্বা তাঁহাকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্ত বিনা পরওয়ানায় ধরিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকট কিম্বা নিকটস্থ পোলীস থানায় লইয়া যাইতে পারিবেন—বিশেষতঃ

(১) কেহ ইচ্ছা করিয়া কোন খালের হানি কি অবরোধ করিলে,

(2) without proper authority interferes with the supply or flow of water, in or from any canal or in any river or stream, so as to make dangerous or render less useful any canal.

Saving of prosecution under other laws.

84. Nothing herein contained shall prevent any person from being prosecuted under any other law for any offence punishable under this Act: provided that no person shall be punished twice for the same offence.

Compensation to person injured.

85. Whenever any person is fined for an offence under this Act, the Magistrate may direct that the whole or any part of such fine may be paid by way of compensation to any person injured by such offence, or to any person who gave information leading to the detection of such offence, or to the conviction of the offender.

PART XI.

OF SUBSIDIARY RULES.

Power to make, alter, and cancel rules.

86. The Lieutenant-Governor may from time to time make rules to regulate the following matters:—

(*a*) the proceedings of any officer who, under any provision of this Act, is required or empowered to take action in any matter;

(*b*) the cases in which, the officers to whom, and the conditions subject to which, orders and decisions given under any provisions of this Act, and not expressly provided for as regards appeal, shall be appealable;

(*c*) the person by whom, the time, place, or manner at or in which, anything for the doing of which provision is made in this Act, shall be done;

(*d*) the amount of any charge made under this Act;

(*e*) the dates for payment of instalments of rates under sections 48 and 50.

(*f*) and generally to carry out the provisions of this Act.

The Lieutenant-Governor may from time to time alter or cancel any rules so made.

Publication of rules.

Such rules, alterations, and cancelment shall be published in the *Calcutta Gazette*, and shall thereupon have the force of law.

[*Government Gazette*, 1*st May* 1877.]

(২) কোন খালে কি কোন নদীতে কি স্রোতে যে জল আইসে কি তাহাহইতে যে জল বাহির হয় কেহ উপযুক্ত ক্ষমতা না পাইয়াও তাহাতে হস্তক্ষেপ করিয়া ঐ খাল সঙ্কটজনক কিম্বা পুর্ব্বাপেক্ষা অল্প কার্য্যকর করিলে ইতি।

অন্যং আইনমতেও নালিশ হইতে পারিবার কথা।

৮৪ ধারা। এই আইনমতে যে অপরাধের দণ্ড হইতে পারে, সেই অপরাধের নিমিত্ত অন্য কোন আইনমতে কোন ব্যক্তির নামে নালিশ যে না হইতে পারে, এই আইনের কোন কথায় এমত নিষেধ নাই। কিন্তু একি অপরাধের জন্যে কোন ব্যক্তির দুইবার দণ্ড হইতে পারিবে না ইতি।

ক্ষতিগ্রস্ত ব্যক্তির হানিপূরণের কথা।

৮৫ ধারা। এই আইনমতে কোন অপরাধ হেতুক কোন ব্যক্তির অর্থদণ্ড হইলে, ঐ অপরাধের দ্বারা যে ব্যক্তির হানি হইল মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির হানিপূরণস্বরূপে, কিম্বা ঐ অপরাধ যাহাতে ধরা পড়িল কিম্বা অপরাধির অপরাধ যাহাতে নির্ণয় হইল যে ব্যক্তি এমত সন্ধান জানাইলেন তাঁহাকে, ঐ অর্থদণ্ডের সমুদয় টাকা কি তাহার একাংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

১১ একাদশ ভাগ।

উপকরণার্থ বিধি।

বিধি প্রণয়ন ও পরিবর্ত্তন ও রহিত করিবার ক্ষমতার কথা।

৮৬ ধারা। শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং নিম্নলিখিত বিষয়ের বিধান করণার্থ বিধি করিতে পারিবেন।

(ক) এই আইনের কোন বিধানমতে কোন কর্ত্তৃপক্ষের প্রতি কোন বিষয়ে নালিশপ্রভৃতি করিবার আজ্ঞা থাকিলে কি ক্ষমতা দেওয়া গেলে, তাঁহার আনুষ্ঠানিক কার্য্যের বিধি।

(খ) এই আইনের কোন বিধানমতে যেং আজ্ঞা ও নিষ্পত্তি করা যায় তাহার উপর আপীল করিবার স্পষ্ট বিধান না থাকিলে, যেং স্থলে ও যেং কার্য্যকারকদের নিকটে ও যেং নিয়মানুসারে আপীল হইতে পারিবে তাহার বিধি।

(গ) এই আইনে যে কার্য্য করিবার বিধান হইল, যে ব্যক্তিরা যে সময়ে যে স্থানে যে প্রকারে ঐ কার্য্য করিবেন তাহার বিধি।

(ঘ) এই আইনমতে কোন দাবির নিমিত্ত যত টাকা ধরিতে হইবে তাহার বিধি।

(ঙ) ৪৮ ও ৫০ ধারামতে করের কিস্তি দিবার তারিখ।

(চ) ও এই আইনের বিধানমতে কার্য্য হইবার নানা বিধি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তদ্রূপে প্রণীত কোন বিধি সময়েং পরিবর্ত্তন ও রহিত করিতে পারিবেন।

ঐ বিধি প্রচার করিবার কথা।

ঐং বিধি ও তাহার পরিবর্ত্তন ও রহিত হওনের কথা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, করা গেলেই আইনের তুল্য বলবৎ হইবে।

Provided that no rules shall be made by the Lieutenant-Governor under the powers conferred on him by this section until a draft of the same shall have been published in the *Calcutta Gazette* for one month, after which time the Lieutenant-Governor may pass such rules as originally published, or with such alterations, additions, and omissions as he may think fit.

কিন্তু এই ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে২ ক্ষমতা প্রদান করা গেল, তিনি কলিকাতা গেজেটে এক মাস পর্য্যন্ত প্রকাশ না করিয়া সেই ক্ষমতানুসারে কোন বিধি প্রণয়ন করিবেন না। সেই এক মাস গত হইলে পর ঐ বিধি প্রথম যেরূপে প্রকাশ হইয়াছিল সেইরূপে তাহা প্রচলিত করিতে পারিবেন কিম্বা যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে তাহা করিয়া কিম্বা তাহাতে অন্য কথা সংযোগ করিয়া কিম্বা তাহার কোন কথা ত্যাগ করিয়া তাহা প্রচলিত করিতে পারিবেন ইতি।

Statement of Objects and Reasons.

The Government of India having imposed upon the Government of Bengal the duty of maintaining, and paying interest on, its own canals, it has become necessary to raise the required amount by imposing a rate on all lands benefited by such canals or protected from flood by embankments. It is proposed to make all irrigable lands liable to the payment of a rate not exceeding Rs. 2 per acre, and all protected lands, if not irrigable, liable to a rate not exceeding 8 annas per acre. These rates, as a general principle, are to be payable by the cultivator, the zemindar being made responsible for collecting them and handing them over to Government. The duty of constructing and maintaining village-channels is thrown upon the occupiers of land under supervision of the owner thereof, and provision is made in the Bill for the enforcement of these obligations. Remission of rates is to be allowed in cases where the Government may fail to supply sufficient water or to maintain adequate embankments.

In consequence of the principle of compulsory payment of rates being adopted, it becomes necessary to repeal the sections of the Bengal Irrigation Act, 1876, which relate to the voluntary payment of water-rates; and as the present Bill somewhat changes the law relating to the construction and maintenance of village-channels, it has been thought advisable to repeal the whole Act, and to incorporate in the present Bill such of its provisions as are not inconsistent with the new principles involved.

T. E. Ravenshaw.

The 9th April 1877.

W. E. H. Forsyth,
Offg. Asst. Secy to the Govt of Bengal, Legislative Department

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত দেশের খালের ব্যয়পোষণের ও সুদ দিবার ভার অর্পণ করাতে, তদর্থে টাকা তুলিবার নিমিত্ত ঐ খাল দ্বারা উপকার প্রাপ্ত বা বাঁধ দ্বারা বন্যাহইতে রক্ষাকৃত সকল ভূমির উপর কর ধার্য্য করা আবশ্যক হইল। তৎ-প্রযুক্ত জল সেচনীয় সকল ভূমির উপর একর প্রতি ২ টাকার অনধিক, ও জল সেচনীয় না হইয়া যে সকল ভূমি রক্ষাকৃত হয় তাহার উপর একর প্রতি ।।০ আট আনার অনধিক কর ধার্য্য করিবার প্রস্তাব হইয়াছে। সচরাচর এই করের দায় কৃষিকারকদের উপর পড়িবে। জমীদা-রেরা কেবল কর আদায় করিয়া গবর্ণমেণ্টের হস্তে অর্পণ করিবেন। গ্রামীয় জলনালা প্রস্তুত ও রক্ষা করণের ভার ভূমির দখীলকারদের প্রতি অর্পিত হইল, কিন্তু ভূস্বা-মিদের তত্ত্বাধীনে ঐ কার্য্য করা যাইবে, ও এই পাণ্ডুলি-পিতে তাঁহাদের কর্ত্তব্য সেই২ কর্ম্ম প্রবল করিবার বিধান হইয়াছে। গবর্ণমেণ্ট প্রয়োজনমতে জলসম্পোষ্য করিয়া না দিলে কিম্বা প্রয়োজনমতে বাঁধ রক্ষা না করিলে, করের ক্ষমা হইতে পারিবে।

বলক্রমে কর আদায় করিবার প্রণালী স্থাপন হওয়াতে বঙ্গদেশীয় জলসেচন বিষয়ক ১৮৭৬ সালের আইনের যে২ ধারাক্রমে কেবল স্বেচ্ছাক্রমে জলের কর দেওয়া যাইত তাহা রহিত করা আবশ্যক হইল, আর এই পাণ্ডুলিপিতে গ্রামীয় জলনালা প্রস্তুত ও রক্ষা করণ বিষয়ক অবস্থার পরিবর্ত্তন হওয়াতে সেই আইনটি এক-কালে রহিত করিয়া, ঐ নূতন প্রণালীর সহিত যে২ বিধান অসঙ্গত নয় এই পাণ্ডুলিপিতে সেই২ বিধান সংগ্রহ করা বিহিত বোধ হইল।

টি, ই, রেবনশা।

১৮৭৭ সাল ৯ আপ্রিল।

ডব্লিউ, ই, এচ, ফরসাইথ,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণ-মেণ্টের একটিং আসিস্টাণ্ট সেক্রেটরী।

John Robinson, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 1, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ১ মে।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 5, dated the 3rd March 1877.

The High Court is pleased to direct that the forms of Certificate under Act XXVII of 1860, hereunto annexed, be substituted for the forms prescribed in Circular Order No. 90 of 4th December 1856, as amended by Circular Order No. 60 of 6th August 1860.

FORM OF CERTIFICATE OF REPRESENTATION UNDER ACT XXVII OF 1860.

To

A. B.

Whereas in pursuance of the orders of this Court, dated
in the matter of the estate of the late
this Certificate is granted to you agreeably to the provisions of Act XXVII of 1860, you are hereby authorized and empowered to collect all debts due to the said
giving acquittances for all sums received by you.

You are further empowered to receive interest and dividends on the Government Securities and on the Bank shares and other shares in public Companies noted below due to the said estate, and to negociate and transfer such securities and shares.

You shall, after the expiration of twelve months from the date of this Certificate, and thereafter whenever this Court shall require you to do so, file a statement on oath of all monies recovered or realized by you under this Certificate, failing which this Certificate may be cancelled.

You shall further adhere strictly to such laws as have been or may be passed by the Governor-General in Council for the guidance of persons holding Certificates for the collection of debts due to the estate of the deceased persons.

Government Promissory Notes

No.
of 18
of the per cent. loans
for Rs.
Share Certificates
No.
of 18
of the Bank, &c.

FORM OF CERTIFICATE.

To

A. B.

Whereas in pursuance of the orders of this Court, dated
in the matter of the estate of the late
this Certificate is granted to you, agreeably to the provisions of Act XXVII of 1860, you are hereby authorized and empowered to collect all debts due to the said
giving acquittances for all sums received by you.

You are further empowered to receive interest and dividends on the Government Securities and on the Bank shares and other shares in public Companies noted below due to the said estate.

[*Government Gazette*, 1*st May* 1877.]

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রকাশিত সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।

১৮৭৭ সালের ৩ মার্চের ৫ নম্বর।

১৮৬০ সালের ২৭ আইনমত সর্টিফিকট লিখিবার যে পাঠ ১৮৫৬ সালের ৪ ডিসেম্বরের ৯০ নং সরকুলর অর্ডরে নির্দ্ধারিত হইয়া ১৮৬০ সালের ৬ আগস্টের ৬০ নং সরকুলর অর্ডরক্রমে সংশোধিত করা যায়, হাই কোর্টের সাহেবেরা তৎপরিবর্ত্তে এই সরকুলর অর্ডরে সংযুক্ত পাঠের ব্যবহার করিবার আদেশ করিতেছেন।

১৮৬০ সালের ২৭ আইনমতে স্থলাভিষিক্ত হওয়ার সর্টিফিকটের পাঠ।

শ্রী অমুক সমীপেষু।

মৃত অমুকের সম্পত্তির উপলক্ষে এই আদালত অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে আজ্ঞা করিলেন, তৎক্রমে ১৮৬০ সালের ২৭ আইনের বিধানমতে তোমাকে এই সর্টিফিকট দেওয়া গেল, ও উক্ত অমুকের সকল প্রাপ্য আদায় করিয়া যত টাকা প্রাপ্ত হও তাহার শোধপত্র দিতে তোমার প্রতি এই পত্রক্রমে সম্পূর্ণ শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল।

আরো উক্ত সম্পদের পক্ষে নিম্নলিখিত গবর্ণমেণ্ট সিক্যুরিটীর ও ব্যাঙ্ক শ্যারের ও প্রকাশ্য কোম্পানির অন্য২ শ্যারের উপর যে সুদ ও ডিবিডেণ্ড প্রাপ্য হয়, তাহাও তুমি গ্রহণ করিতে, ও ঐ সিক্যুরিটী ও শ্যার বিক্রয়াদি করিয়া হস্তান্তর করিতে ক্ষমতাপন্ন আছ।

এই সর্টিফিকটমতে তুমি যে ঋণের শোধ পাও বা যত টাকা আদায় কর, এই সর্টিফিকটের তারিখ-অবধি দ্বাদশ মাস গত হইলে পর, ও তৎপরে এই আদালত যে সময়ে আজ্ঞা করেন সেই সময়ে, শপথ-ক্রমে ঐ সকল টাকার হিসাব দিবা। না দিলে এই সর্টিফিকট রহিত করা যাইতে পারিবে।

আরো মৃত ব্যক্তির সম্পদের প্রাপ্য টাকা আদায় করিবার সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তিদের কার্য্যপদ্ধতি দর্শাওনার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে সকল আইন প্রণয়ন করিলেন বা করেন তুমি অতি দৃঢ়মতে সেই২ আইন মানিয়া কার্য্য করিবা।

গবর্ণমেণ্ট প্রমিসরি নোট।
নং
অমুক সালের
শত করা এত টাকা সুদের
এত টাকার।

শ্যার সর্টিফিকট।
নং
অমুক সালের।
ব্যাঙ্ক প্রভৃতির।

সর্টিফিকটের পাঠ।

শ্রী অমুক সমীপেষু।

মৃত অমুকের সম্পত্তির উপলক্ষে এই আদালত অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে আজ্ঞা করিলেন, তৎক্রমে ১৮৬০ সালের ২৭ আইনের বিধানমতে তোমাকে এই সর্টিফিকট দেওয়া গেল, ও উক্ত অমুকের সকল প্রাপ্য আদায় করিয়া যত টাকা প্রাপ্ত হও তাহার শোধপত্র দিতে তোমার প্রতি এই পত্রক্রমে সম্পূর্ণ শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল।

আরো উক্ত সম্পদের পক্ষে নিম্নলিখিত গবর্ণমেণ্ট সিক্যুরিটীর ও ব্যাঙ্ক শ্যারের ও প্রকাশ্য কোম্পানির অন্য২ শ্যারের উপর যে সুদ ও ডিবিডেণ্ড প্রাপ্য হয় তাহাও তুমি গ্রহণ করিতে ক্ষমতাপন্ন আছ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

You shall, after the expiration of twelve months from the date of this Certificate, and thereafter whenever this Court shall require you to do so, file a statement on oath of all monies recovered or realized by you under this Certificate, failing which this Certificate may be cancelled.

You shall further adhere strictly to such laws as have been or may be passed by the Governor-General in Council for the guidance of persons holding Certificates for the collection of debts due to the estate of the deceased persons.

Government Promissory Notes

No.

of 18

of the per cent. loan

for Rs.

Share Certificates

No.

of 18

of the Bank, &c.

No. 6, dated the 3rd March 1877.

The High Court directs that Registering Officers be informed when documents which have been registered are discredited by judgments of the Civil Courts wherever there is a strong *primâ facie* case which indicates the propriety of a prosecution.

2. There are obvious objections to an indiscriminate resort to criminal proceedings, but the Court desires to impress upon Judicial Officers how important it is that, where manifest fraud has been committed, there should be a really efficient prosecution.

GENERAL LETTER No. 4.

To

ALL JUDGES AND MAGISTRATES.

Dated Calcutta, the 7th March 1877.

SIR,

HIGH COURT, ENGLISH DEPARTMENT, *Civil and Criminal.*

IN forwarding herewith, for your information and that of your subordinates, an extract from a letter* from the Financial Secretary to the Chief Commissioner of the Central Provinces, directing the submission, with future annual stamp administration reports, of an abstract statement showing separately the revenue realized by stamps in each district for civil, criminal, and revenue processes, I am directed to request that the necessary returns for civil and criminal processes, in the form prescribed by the Government of India, may be forwarded at the close of each official year to the Accountant-General, Bengal, a duplicate being sent at the same time to the High Court.

* No. 2410, dated the 28th August 1876.

2. An abstract of the returns will be prepared by the Accountant-General and sent to the Board of Revenue, for submission to Government with the abstract of the returns from the revenue courts.

W. M. SOUTTAR,
Registrar.

[*Government Gazette,* 1*st May* 1877.]

এই সর্টিফিকটমতে তুমি যে ঋণের শোধ পাও বা যত টাকা আদায় কর, এই সর্টিফিকটের তারিখ-অবধি দ্বাদশ মাস গত হইলে পর, ও তৎপরে এই আদালত যে সময়ে আজ্ঞা করেন সেই সময়ে, শপথ-ক্রমে ঐ সকল টাকার হিসাব দিবা। না দিলে এই সর্টিফিকট রহিত করা যাইতে পারিবে।

আরো মৃত ব্যক্তির সম্পদের প্রাপ্য টাকা আদায় করিবার সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তিদের কার্য্যপদ্ধতি দর্শাওনার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে সকল আইন প্রণয়ন করিলেন বা করেন তুমি অতি দৃঢ়মতে সেই২ আইন মানিয়া কার্য্য করিবা।

গবর্ণমেণ্ট প্রমিসরি নোট।

নং

অমুক সালের

শত করা এত টাকা সুদের

এত টাকার।

শ্যার সর্টিফিকট।

নং

অমুক সালের।

ব্যাঙ্ক প্রভৃতির।

১৮৭৭ সালের মার্চ মাসের ৩ তারিখের ৬ নম্বর।

যে২ দলীল রেজিষ্টরী করা যায়, দেওয়ানী আদালতের বিচারক্রমে তাহা অমান্য হইলে, ও আপাততঃ তদ্বিষয়ের অভিযোগ করা উচিত বলিয়া দৃঢ় বোধ হইলে, রেজিষ্টরী কার্য্যকারকদিগকে সেই কথা জ্ঞাত করা যায় হাই কোর্টের এই আদেশ।

২। বিবেচনা না করিয়া হঠাৎ ফৌজদারী মোকদ্দমায় প্রবর্ত্ত হওয়ার স্পষ্ট আপত্তি আছে। কিন্তু যদি স্পষ্টই প্রতারণা হইয়া থাকে, তবে সম্পূর্ণরূপে ফলোপধায়ক অভিযোগ উপস্থিত করা অত্যন্ত প্রয়োজন, হাই কোর্টের সাহেবেরা এই কথা বিচারপতিদের হৃদ্গত করিতে চাহেন।

সাধারণ পত্র।

সকল জজ ও মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৭৭ সাল ৭ মার্চ।

ইহার পর ইষ্টাম্প সম্পর্কীয় কার্য্যের বার্ষিক রিপোর্ট পাঠাইলে, প্রত্যেক জিলায় দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্ব সংক্রান্ত পরওয়ানার নিমিত্ত ইষ্টাম্পদ্বারা যত রাজস্ব আদায় হয় তাহার বর্ণনাপত্রের স্বতন্ত্র এক২ খানি চুম্বকপত্র ঐ রিপোর্টের সঙ্গে পাঠাইতে হইবে, মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের নামে ফিনানশ্যল সেক্রেটরী সাহেবের পত্র* হইতে উদ্ধৃত এই মর্ম্মের কথা তোমার ও তোমার অধীন কার্য্যকারকদের জ্ঞানার্থে প্রেরণ করিয়া এই আদেশ করিতেছি যে, ভারতবর্ষের গবর্ণ-মেণ্টের নির্দ্ধারিত পাঠে দেওয়ানী ও ফৌজদারী পরওয়ানার নিমিত্ত উক্ত আবশ্যক রিটর্ণ দোকর লিখিয়া, রাজকীয় কার্য্যসংক্রান্ত প্রতিবৎসরের অবসানে, এক খানি বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট, অন্য খানি হাই কোর্টে পাঠাইবা।

* ১৮৭০ সালের ২৮ আগষ্টের ২৪১০ নং পত্র।

২। আকৌণ্টেণ্ট জেনরল সাহেব ঐ রিটর্ণের চুম্বক প্রস্তুত করিয়া রেবিনিউ বোর্ডে পাঠাইবেন, ও তাহা রাজস্ব সংক্রান্ত আদালতের রিটর্ণের চুম্বকের সহিত গবর্ণমেণ্টে অর্পণ করা যাইবে।

ডবলিউ, এম, স্টর,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

Extract from a letter from the Secretary to the Government of India, in the Financial Department to the Chief Commissioner of the Central Provinces,—No. 2410, dated 28th August 1876.

PARA. 1.—I am directed to acknowledge the receipt of your letter No. 2904-183, dated 26th July 1876, forwarding a report on the stamp revenue administration of the province for the year 1875-76 together with your review thereof.

* * * * * * *

3. In the present report the cost of the process service establishment is shown as a charge against the stamp revenue. This is not correct. The cost of these establishments is no more a proper charge against the stamp revenue than is the cost of judicial establishments generally.

4. It is, however, important to know how far the revenue levied by stamps for the service of processes corresponds with the cost of their establishments; and I am to request that a return in the following form may be obtained from each district for civil, criminal, and revenue processes separately and that abstracts of these returns for the whole province may be appended to the annual stamp administration report:—

DR.

Process fees, gross	
Less share of charges in the Stamp Department	
Process fees, net ... ... Rs.	

CR.

Process serving establishment	
Add 12 per cent. for estimated cost of pensions	
Other contingencies	
Total Rs.	

RESULT.

Surplus	
Deficit	

Ordered that the above paragraphs be forwarded to the other Local Governments, with a request that district returns in the form therein prescribed may be obtained, and abstracts thereof appended to their future reports.

No. 2346.

Copy forwarded to the Officiating Secretary to the Board of Revenue, in the Miscellaneous Revenue Department, with the request that the orders of the Government of India may be complied with when submitting future annual stamp administration reports.

By order of the Lieutenant-Governor of Bengal,

H. H. RISLEY,

Acting Asst. Secy. to the Govt. of Bengal.

CRIMINAL.

No. 2, dated the 26th March 1877.

IN lieu of the return (numbered in the series of forms as High Court Criminal No. 128) called "State of the Files of the Magistrate and his Subordinates," the High Court of Judicature directs the submission monthly, by the Magistrate of every district under its authority, of a return in the annexed form, which is to be exactly followed.

2. The form explains itself, and the return should be despatched not later than the 15th of the month succeeding that to which it relates.

[*Government Gazette,* 1st *May* 1877.]

মধ্যপ্রদেশের প্রধান কমিশনর সাহেবের নামে ফিনান্সিয়াল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৬ সালের ২৮ আগষ্টের ২৪১৭ নং পত্রহইতে উদ্ধৃত কথা।

১ দফা।—আপনকার ১৮৭৬ সালের ২৬ জুলাইর ২৭০৪-১৩৩ নং পত্র প্রাপ্ত হইলাম। প্রদেশের মধ্যে ১৮৭৫-৭৬ সালে ইষ্টাম্প সংক্রান্ত রাজস্ব সম্পর্কে যে কার্য্য নিষ্পাদন হইল তাহার রিপোর্ট, ও তদ্বিষয়ে আপনকার পুনরালোচনার বহি ঐ পত্রের সঙ্গে পাঠাইলেন।

* * * *

৩। এই রিপোর্টের মধ্যে পরওয়ানা জারী করিবার সিরিশ্‌তার খরচ ইষ্টাম্পসংক্রান্ত রাজস্বের খরচ বলিয়া লেখা গেল। ইহা উচিত নয়, কারণ আদালতের সাধারণ আমলাগণের খরচ যেমন ইষ্টাম্পসংক্রান্ত খরচ বলিয়া লেখা কর্ত্তব্য নয়, তেমনি উক্ত সিরিশ্‌তারও খরচ সেইরূপে লেখা অনুচিত।

৪। পরন্তু পরওয়ানা জারী করণার্থে ইষ্টাম্পদ্বারা যত রাজস্ব আদায় হয়, তাহা ঐ সিরিশতার খরচের সঙ্গে যত দূর মিলে, ইহা জ্ঞাত হওয়া অত্যন্ত প্রয়োজন। এই কারণে আদেশ এই যে, প্রত্যেক জিলার দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্ব সংক্রান্ত পরওয়ানার নিমিত্ত নিম্নলিখিত পাঠে স্বতন্ত্র রিটর্ণ গ্রহণ করা যায়, ও ইষ্টাম্প সংক্রান্ত কার্য্যের বার্ষিক রিপোর্টের সহিত সম্পূর্ণ প্রদেশের ঐ২ রিটর্ণের চুম্বকও পাঠান যায়।

জমা।	টাকা।
পরওয়ানার ফী, মোট	
ইষ্টাম্পের কর্ম্মবিভাগের খরচের একাংশ বাদে	
খরচা বাদে পরওয়ানার ফী ... ... টাকা	

খরচ।	
পরওয়ানা জারী করিবার আমলাগণ	
পেনশ্যনের আনুমানিক খরচের নিমিত্ত আর শতকরা ১২ টাকা ধর ...	
নৈমিত্তিক অন্য২ খরচ	
মোট	

ফল।

উদ্বর্ত্ত	...	...	...	...	...	...
কমী	...	...	...	...	...	...

স্থানীয় অন্য২ গবর্ণমেণ্টের নিকট এই পত্রের উক্ত কএক দফা পাঠাইতে আজ্ঞা হইল, ও উক্ত পাঠে নানা জিলাহইতে রিটর্ণ আনাইয়া, ইহার পর যে২ রিপোর্ট পাঠান যায় তাহার সঙ্গে ঐ২ রিটর্ণের চুম্বক পাঠাইতে আদেশ থাকিবার আজ্ঞা হইল।

২৩৪৬ নম্বর।

রাজস্বসংক্রান্ত বিবিধ কর্ম্মবিভাগে রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটরী সাহেবের নামে ইহার নকল পাঠান গেল, ও ইহার পর ইষ্টাম্পসংক্রান্ত কার্য্যের বার্ষিক রিপোর্ট অর্পণ করিলে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞানুযায়ি কর্ম্ম করিবার আদেশ হইল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

এচ, এচ, রিসলি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

ফৌজদারী।

১৮৭৭ সালের ২৬ মার্চের ২ নম্বর।

হাই কোর্টের ফৌজদারী রিটর্ণশ্রেণীর মধ্যে "মাজিষ্ট্রেট সাহেবের ও তাঁহার অধীন কর্ম্মকারকদের নথির অবস্থা" নামক যে রিটর্ণের ১২৮ নম্বর দেওয়া গিয়াছে, তৎপরিবর্ত্তে হাই কোর্টের সাহেবেরা আদেশ করিলেন যে, আপনার কর্তৃত্বাধীন প্রত্যেক জিলার মাজিষ্ট্রেট সাহেব মাসে২ নিম্নলিখিত পাঠে রিটর্ণ অর্পণ করেন। ঐ রিটর্ণ ঠিক সেই পাঠানুসারে লিখিত হইবে।

২। ঐ পাঠের কথা আপনিই বুঝা যাইবে। যে মাসের রিটর্ণ হয় তাহা যেন তৎপর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত পাঠান যায় তাহার পর নয়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

3. The monthly statement of the "average duration of cases before the magisterial authorities" may be discontinued, except in so far as it serves for the preparation of the annual statement of average duration of cases.

The Court further directs that the Magistrate of every district under its authority shall submit monthly a statement in the annexed form, exhibiting the cases of all persons tried within the month under the provisions of Chapter XVIII of the Code of Criminal Procedure. This statement also should be despatched not later than the 15th of the succeeding month. Under the column of offence charged it will be sufficient to insert the section of the Indian Penal Code (thus—323 P. C.), or, in the case of offences against Municipal Acts or Conservancy clauses of Police Acts, the number of the section with the letters M. A. or C. C., as the case may be; but the charge is to be entered in this column *as laid*; the substituted charge, if any, is to be similarly shown in the next column.

5. The punishment is to be entered, if a fine, as F. Rs. 50, or the like; if imprisonment—S. I. or R. I. (as the case may be) 3 M., or the like.

6. Magistrates will require their clerks to fill up the statement in exact accordance with these instructions.

State of the Files of District and other Magistrates of at the close of 187 .

TRIBUNALS AND POWERS.		NUMBER OF CASES (WITH PERSONS) PENDING.						OF THE FOREGOING PERSONS UNDER TRIAL.					Remarks and explanations as to number of cases pending or time of pendency.
Names.	Class.	Cases.	Persons.	In custody.	On bail.	Recognizance.	Otherwise.	Over 6 months.	Over 3 months.	Over 2 months.	Over 1 month.	Not exceeding 1 month.	
BENCHES.													
Magistrate of the District	1												
——													
——													
Sub-Divisional Officer, Sudder	1												
——													
——													
——													
Sub-Divisional Officer													
——													
——													
TOTAL ...													

[*Government Gazette*, 1st *May* 1877.]

৩। কোন মোকদ্দমা গড়ে যত দিন মাজিষ্টরী কার্য্যকারেকদের সম্মুখে উপস্থিত থাকে ইহার মাসিক কৈফিয়ৎ দেখিয়া তদ্বিষয়ের বার্ষিক কৈফিয়ৎ প্রস্তুত করণার্থে যত দূর তাহার ফল দর্শে, কেবল তত দূর আবশ্যক, নতুবা সেই মাসিক কৈফিয়ৎ পাঠাবার আর প্রয়োজন নাই।

৪। হাই কোর্টের সাহেবেরা আরো এই আদেশ করিতেছেন। কোন মাসের মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৮ অষ্টাদশ অধ্যায়ের বিধানমতে যে সকল ব্যক্তির বিচার হয়, হাই কোর্টের কর্তৃত্বাধীন প্রত্যেক জিলার মাজিষ্ট্রেট সাহেব মাসে২ তাহাদের মোকদ্দমার বর্ণনাপত্র নিম্নলিখিত পাঠে অর্পণ করেন। এই বর্ণনাপত্রও যে মাসের হয় তাহার পর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত পাঠাইতে হইবে তাহার পর নয়। "যে অপরাধের অভিযোগ হয়।" এই কথা লিখিবার ঘরে অপরাধ না লিখিয়া ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ধারা (যথা ৩২৩ P.C.) লিখিলেই চলিতে পারিবে। ও মুনিসিপল আইনের কিম্বা পোলীসের আইন সংক্রান্ত (Conservancy Clause) নগর পরিষ্কার রাখণ সম্পর্কীয় ধারার উল্লিখিত অপরাধ হইলে, ধারা লিখিয়া তাহার পর M.A. বা বিষয়বিশেষে C.C. লেখা যাইতে পারিবে। কিন্তু যে অপরাধের অভিযোগ হইল এই ঘরে তাহাই নির্দ্দিষ্ট থাকিবে। তৎপরিবর্ত্তে অন্য অপরাধের অভিযোগ করা গেলে, তাহাও তৎপশ্চাৎ ঘরে সেই প্রকারে লেখা যাইবে।

৫। যে দণ্ডের আজ্ঞা হইল তাহাও এই প্রকারে লিখিতে হইবে যথা, অর্থদণ্ড হইলে ৫০৲ টাকা F প্রভৃতি। ও সামান্য কারাদণ্ডের আজ্ঞা হইলে S.I. বা কঠোর কারাদণ্ডের আজ্ঞা হইলে R.I. বা ৩ মাস ইত্যাদি লিখিতে হইবে।

৬। মাজিষ্ট্রেটেরা আপনাদের কেরাণীদিগকে ঠিক এই উপদেশমতে বর্ণনাপত্র পূর্ণ করিয়া দিতে আজ্ঞা করিবেন।

অমুক সালের অমুক মাসের শেষে অমুক জিলার মাজিষ্ট্রেট সাহেবের ও অন্যং মাজিষ্ট্রেটদের নথির অবস্থা।

আদালত ও ক্ষমতা।		যত ব্যক্তিসম্পর্কীয় যত মোকদ্দমা উপস্থিত আছে।						উক্ত ব্যক্তিদের মোকদ্দমা বিচারাধীন থাকে।					যত মোকদ্দমা উপস্থিত আছে বা যত কাল উপস্থিত থাকে এতদ্বিষয়ের মন্তব্য কথা।
নাম	শ্রেণী	মোকদ্দমা	ব্যক্তি	হেফাজত আছে	হাজিরজামীন দিয়াছে	মুচলকা লিখিয়াছে	অন্য প্রকারের	৬ মাসের উপর	৩ মাসের উপর	২ মাসের উপর	১ মাসের উপর	১ মাসের উপর নয়	
বেঞ্চ।													
জিলার মাজিষ্ট্রেট সাহেব ...	১												
সদর মহকুমার কর্তৃপক্ষ ...	১												
মহকুমার কর্তৃপক্ষ ...													
মোট ...													

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

Names and particulars of persons convicted or discharged by way of SUMMARY TRIAL *in the District of* *during the month of* 187 .

In order of date of decision in all Courts.

Names of the accused. (Where more than one, the first only need be named, but the number of persons should be specified.)	Offence *charged* (by section of Penal Code, &c.)	Alteration of charge, if any, by Magistrate.	Convicted or acquitted.	Sentence, if convicted.	Number of witnesses examined.	Date of decision.	Name of Magistrate or designation of Bench.	REMARKS.

CIVIL AND CRIMINAL.

No. 7, dated the 7th April 1877.

THE accompanying copy of a despatch from the Secretary of State for India to the Government of Madras is circulated for the information and guidance of all Judges and Magistrates.

2. The High Court desires to point out that the caution which the Secretary of State thought it necessary to convey in the case of Judges accepting the hospitality of public officers, who prosecute merely as a matter of public duty, must apply with much greater force to the case of their coming under obligation to private disputants.

From Her Majesty's Secretary of State for India, to His Excellency the Right Hon'ble the Governor in Council, Fort St. George,—(No. 5, (Revenue), dated India Office, London, the 25th January 1877.)

THE despatch of your Excellency in Council, dated 28th November, No. 19 of 1876, transmitting a memorial from Vemagauti Narayana Rao, late a Tahsildar and a Sub-Magistrate in the Nellore district, in which he prays for restoration to the service of Government, has been considered in Council.

2. I desire that the memorialist, who has been convicted of corruption, may be informed that I decline to interfere in his favour.

3. I fully approve of the orders alluded to in the last paragraph of the despatch for giving every consideration to Tahsildars and Native Magistrates when accused of offences in their official capacity.

4. There is one point connected with this case on which I desire to make a suggestion. The memorialist was prosecuted by the Collector, and he alleges (page 60) that when the Sessions Judge came to Nellore to try the case, he resided at the Collector's house, and was greatly prejudiced by the Collector against the memorialist.

I have no doubt that the latter assertion is quite unfounded, but I think it would be well if your Grace in Council would suggest to the Judges, through the High Court, to avoid, as far as possible, becoming the guests of those who are interested in cases, civil or criminal, which will eventually be submitted to the Judge's decision. All possible imputation of prejudice against the weaker party will thus be avoided.

[*Government Gazette*, 1*st May* 1877.]

অমুক সালের অমুক মাসে অমুক জিলায় সরাসরী বিচার হইয়া যেং ব্যক্তির অপরাধ নির্ণয় হইল বা যাহাদিগকে ছাড়িয়া দেওয়া গেল তাহাদের নাম ও বৃত্তান্ত।

নানা আদালতের নিষ্পত্তির তারিখ অনুসারে।

অভিযুক্ত ব্যক্তির নাম। (দুই কি তদধিক ব্যক্তির নামে অভিযোগ হইলে, কেবল প্রথম ব্যক্তির নাম লেখা প্রয়োজন। কিন্তু যত ব্যক্তির নামে অভিযোগ হয় তাহাদের সংখ্যা লিখিতে হইবে।)	যে অপরাধের অভিযোগ হয়। (দণ্ডবিধির আইনের বা অন্য আইনের ধারা লিখিতে হইবে।)	মাজিষ্ট্রেট সাহেব অভিযোগ পরিবর্ত্তন করিলে ঐ অভি-যোগ	অপরাধ নির্ণয় বা ব্যক্তিকে নিষ্কৃতি করা গেল	অপরাধ নির্ণয় হইলে যে দণ্ডের আজ্ঞা হয়	যত জন সাক্ষির সাক্ষ্য লওয়া যায়	নিষ্পত্তির তারিখ	মাজিষ্ট্রেটের নাম বা যেক্ষেত্রে ব্যক্তি	মন্তব্য।

দেওয়ানী ও ফৌজদারী।

১৮৭৭ সালের আপ্রিল মাসের ৭ তারিখের ৭ নং পত্র।

ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব মান্দ্রাজের গবর্ণমেণ্টের নামে যে রাজপত্র পাঠাইলেন তাহার এই সকল সকল জজ ও মাজিষ্ট্রেট সাহেবের জ্ঞান ও উপদেশার্থে পাঠান যাইতেছে।

২। রাজকীয় কার্য্যকারকেরা অন্য কারণে নয় কেবল আপনাদের পদোপলক্ষে কোন ব্যক্তির নামে অভিযোগ করিলে পর, বিচারপতিরা তাঁহাদের আতিথ্য স্বীকার করিলে যদি শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহাদিগকে সতর্ক করা আবশ্যক জ্ঞান করেন, তবে সাধারণ বিবাদিদের মধ্যে কোন ব্যক্তি-দের নিকট বিচারপতিরা বাধিত হইলে, আর কত দূর সতর্ক হওয়া উচিত, হাই কোর্টের সাহেবেরা এই বিষয়ে মনোযোগ করাইতে চাহেন।

মান্দ্রাজের মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর সাহেবের নামে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের পত্র,—(লণ্ডন, ইণ্ডিয়া আফিস, ১৮৭৭ সালের ২৫ জানুয়ারির রাজস্বসংক্রান্ত ৫ নং পত্র।)

নেলোর জিলার ভূতপূর্ব্ব তহসীলদার ও মাজিষ্ট্রেট শ্রীভীমগোতী নারায়ণ রাও গবর্ণমেণ্টের কর্ম্মে পুনরায় গ্রাহ্য হওয়ার নিমিত্ত যে আবেদনপত্র দিলেন, মন্ত্রিসভাধিষ্ঠিত আপনকার ১৮৭৬ সালের ২৮ নবেম্বরের ১৯ নং পত্রসহিত সেই পত্র প্রাপ্ত হওয়া গেল ও মন্ত্রিসভার বিবেচনা করা গেল।

২। ঐ আবেদনপত্রলেখকের উৎকোচগ্রহণদোষ নির্ণয় হইয়াছিল, অতএব তাঁহার সপক্ষে হস্ত-ক্ষেপ করিতে পারি না আপনি তাঁহাকে এই কথা জানাইবেন।

৩। তহসীলদারদের ও প্রদেশের মাজিষ্ট্রেটদের নামে রাজকীয় কর্ম্মসম্বন্ধে অভিযোগ হইলে, তাঁহাদের পক্ষে বিশেষ মনোযোগ করা প্রয়োজন, পত্রের শেষ দফার উল্লিখিত এই আজ্ঞা সম্পূর্ণ-রূপে অনুমোদন করিলাম।

৪। এই কথা সম্পর্কীয় এক বিষয়ে আমার পরামর্শ দেওনের বাঞ্ছা আছে। কালেকটর সাহেব আবেদনপত্রলেখকের নামে অভিযোগ করিয়াছিলেন, ও প্রার্থক ঐ পত্রের (৬০ পৃষ্ঠায়) লিখিয়াছেন যে, সেশন জজ সাহেব ঐ মোকদ্দমা বিচার করিবার নিমিত্ত নেলোরে আইলে কালেকটর সাহেবের বাটীতে বাস করিলেন, ও তিনি পত্রলেখকের বিপক্ষে সেশন জজ সাহেবের চিত্তের বৈকৃতি জন্মাইয়া দিলেন।

৫। শেষোক্ত কথা সম্পূর্ণরূপে অমূলক ইহার সন্দেহ নাই। তথাপি দেওয়ানী কি ফৌজদারী যে মোকদ্দমা সময়ান্তরে জজ সাহেবের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করা যাইতে পারে, এমত মোক-দ্দমায় যে ব্যক্তিদের স্বার্থ থাকে জজ সাহেবেরা সাধ্যমতে তাঁহাদের আতিথ্য স্বীকার না করেন, এই বিষয়ে আপনি মন্ত্রিসভাধিষ্ঠিত হইয়া হাই কোর্টের দ্বারা জজ সাহেবদিগকে সাবধান করুন। তাহা হইলে পর দুর্ব্বল পক্ষের বিপরীতে পক্ষপাতিত্ব দোষারোপ হইতে পারিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

CIVIL.

No. 8, dated the 7th April 1877.

THE High Court's Criminal Circular No. 3, dated the 25th July 1872, is herewith circulated for the information of all Civil Courts, and it is directed that those Courts be guided by its provisions when issuing processes to districts in which the language in use is different from that of the district issuing the process.

2. This circular order should be read in connexion with Civil Circular No. 4 of 13th March 1876.

CIRCULAR ORDER No. 3.

To—All Criminal Authorities.

Dated Calcutta, the 25th July 1872.

HIGH COURT, &c.,
CRIMINAL SIDE.
Present:
The Hon'ble Sir R. Couch, *Kt., Chief Justice.*
The Hon'ble Louis S. Jackson.
The Hon'ble W. Markby,
" F. A Glover.
" W. Ainslie,
Judges of the Court.

INCONVENIENCE having resulted in certain cases from processes sent from Bengal to courts in the Madras Presidency being in Hindoostanee, the Court are pleased, at the instance of His Honor the Lieutenant-Governor, to issue the following orders on the subject.

2. Warrants issuing out of a Magistrate's Court should be written "in the language in ordinary use in the district in which it is held," that is to say (with certain exceptions) the language in which the proceedings of the several courts are conducted But where a warrant is sent for execution to the Magistrate of a district where a different language is in ordinary use, the warrant should be accompanied by a translation, certified by the transmitting Magistrate to be correct, into such other language, or into English. Moreover, in such cases it would be proper that the warrant should always be accompanied by a letter in English requesting its execution.

By Order, &c.,
(Signed) W. CORNELL.
Offg. Registrar.

The 18th April 1877.

RULE OF PRACTICE.

HIGH COURT.
CIVIL SIDE.
Present:
THE Hon'ble Sir R. Garth, *Knt., Chief Justice.*
The Hon'ble Louis S. Jackson.
" A. G. Macpherson.
" W. Markby.
" W. Ainslie.
" E. G. Birch.
" G. G. Morris.
" S. White.
" R. C. Mitter.
" W. F. McDonell.
" H. T. Prinsep.
" J. Pitt-Kennedy.
Judges.

THE Court consider it desirable that the following appeals should be brought to hearing as early as possible, viz:—

(1.) Appeals from orders of the Lower Appellate Courts, remanding cases for retrial, &c., and

(2.) Appeals from orders of the Lower Courts made on remand by this Court.

IT IS ACCORDINGLY ORDERED:

1. That in the case of appeals of the classes mentioned above, there shall be added at foot of every memorandum of appeal filed after this date, a note to the following effect:—

NOTE.—This appeal is from an order of the Lower Appellate Court, dated————, remanding the case for retrial under Section 351 of the Civil Procedure Code;

or

This appeal is from an order of the Lower Appellate Court (or the Court of First Instance, as the case may be) made on remand by the High Court, dated——.

2. That such appeals shall have precedence over other appeals in the preparation for hearing, and shall, when ready, be placed on a special board of appeals for hearing.

[*Government Gazette*, 1*st May* 1877.]

দেওয়ানী।

১৮৭৭ সালের আপ্রিল মাসের ৭ তারিখের ৮ নম্বর।

সকল দেওয়ানী আদালতের জ্ঞানার্থে ইহার সহিত হাই কোর্টের ১৮৭২ সালের জুলাই মাসের ২৫ তারিখের ৩ নম্বরের সরকুলর পাঠান যাইতেছে। ও যে জিলাহইতে পরওয়ানা বাহির হয় তাহার চলিত ভাষাভিন্ন কোন ভাষা যে জিলায় প্রচলিত থাকে এমত জিলায় পরওয়ানা পাঠাইতে হইলে, উক্ত আদালত সকলের প্রতি ঐ সরকুলরের বিধানমতে কার্য্য করিতে আদেশ করা গেল।

২। ১৮৭৬ সালের মার্চ মাসের ১৩ তারিখের দেওয়ানী ৪ নং সরকুলরের সঙ্গে এই সরকুলর পাঠ করা উচিত।

---

৩ নং সরকুলর অর্ডর।

ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা, ১৮৭২ সাল ২৫ জুলাই।

হাই কোর্ট।
ফৌজদারী পক্ষ।
উপস্থিত।
মান্যবর শ্রীযুত সর, আর, কৌচ সাহেব নাইট, চিফ জষ্টিস।
মান্যবর শ্রীযুত লুইস এস, জ্যাকসন সাহেব।
,, ,, ডবলিউ, মার্কবি সাহেব।
,, ,, এফ, এ, গ্লোবর সাহেব।
,, ,, ডবলিউ, এন্সলি সাহেব।
আদালতের জজ।

কোন২ স্থলে পরওয়ানা হিন্দুস্থানী ভাষায় লিখিত হইয়া বঙ্গদেশহইতে মান্দ্রাজ দেশের আদালতে পাঠান গেলে অসুবিধা হওয়াতে, হাই কোর্টের সাহেবেরা মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুরোধে তদ্বিষয়ের নিম্নলিখিত আজ্ঞা প্রচার করিলেন।

২। মাজিষ্ট্রেটের আদালতহইতে পরওয়ানা বাহির হইলে আদালত যে জিলায় থাকে সেই জিলার চলিত ভাষায় অর্থাৎ আদালতের কার্য্যানুষ্ঠানে যে ভাষার ব্যবহার হয়, কেবল স্থলবিশেষভিন্ন সেই ভাষায় লিখিতে হইবে। কিন্তু ভিন্নভাষা যে জিলায় প্রচলিত থাকে এমত জিলার মাজিষ্ট্রেটের নামে পরওয়ানা জারী করিবার নিমিত্ত পাঠাইতে হইলে, সেই ভিন্ন ভাষায় কি ইংরাজী ভাষায় ঐ পরওয়ানার অনুবাদ, অনুবাদটি ঠিক বলিয়া মাজিষ্ট্রেটের স্বাক্ষরযুক্ত সর্টিফিকট সঙ্গে পাঠাইতে হইবে। আরো তদ্রূপ স্থলে ইংরাজী ভাষায় পরওয়ানা জারী করিবার প্রার্থনা সূচক পত্রও পরওয়ানার সঙ্গে পাঠান উচিত।

ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

১৮৭৭ সাল ১৮ আপ্রিল।

ব্যবহারসূচক বিধি।

হাইকোর্ট।
দেওয়ানী পক্ষ।
উপস্থিত।
মান্যবর শ্রীযুত সর আর, গার্থ সাহেব, নাইট, চিফ জষ্টিস।
মান্যবর শ্রীযুত লুইস এস, জ্যাকসন সাহেব।
,, ,, এ, জি, মাকফর্সন সাহেব।
,, ,, ডবলিউ, মার্কবি সাহেব।
,, ,, ডবলিউ, এন্সলি সাহেব।
,, ,, ই, জি, বার্চ সাহেব।
,, ,, জি, জি, মরিস সাহেব।
,, ,, এস, ওয়াইট সাহেব।
,, ,, আর, সি, মিত্র।
,, ,, ডবলিউ, এফ, মাকডনেল সাহেব।
,, ,, এচ, টি, প্রিন্সেপ সাহেব।
,, ,, জে, পিট কেনেডি সাহেব।
জজগণ।

নিম্নলিখিত প্রকারের আপীল শ্রবণের নিমিত্ত সাধ্যমতে ত্বরায় উপস্থিত করা যায়, হাই কোর্টের সাহেবেরা ইহা উচিত জ্ঞান করিলেন। বিশেষতঃ

(১) নিম্ন আপীল আদালতের যে আজ্ঞাক্রমে মোকদ্দমা পুনর্ব্বিচার প্রভৃতির নিমিত্ত ফিরিয়া পাঠান যায়, সেই আজ্ঞার উপর আপীল। ও

(২) এই কোর্ট দ্বারা মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলে, নিম্ন আদালত যে আজ্ঞা করেন তাহার উপর আপীল।

অতএব এই২ আজ্ঞা হইল।

১। পূর্ব্বোক্ত প্রকারের আপীল হইলে, এই তারিখ অবধি আপীলের যে মর্ম্মাত্মকপত্র উপস্থিত করা যাইবে তাহার উপরিভাগে এই মর্ম্মে সংক্ষেপ লিপি লিখিতে হইবে,—

নোট।—নিম্ন আপীল আদালত অমুক তারিখে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩৫১ ধারামতে মোকদ্দমা পুনর্ব্বিচার করণার্থে ফিরিয়া পাঠাইবার যে আজ্ঞা করেন সেই আজ্ঞার উপর এই আপীল।

কিম্বা

হাই কোর্ট অমুক তারিখে মোকদ্দমা ফিরিয়া পাঠাইলে নিম্ন আপীল আদালত (কিম্বা বিষয়বিশেষে প্রথমস্থলীয় আদালত) যে আজ্ঞা করেন তাহার উপর এই আপীল।

২। শ্রবণ জন্যে প্রস্তুতকরণ সময়ে উক্ত আপীল অন্য২ আপীলের অগ্রগণ্য হইবে ও প্রস্তুত হইলে শ্রবণের উপযুক্ত আপীলের বিশেষ বোর্ডে লেখা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

3. That when an order of remand is made by a Bench of this Court under Section 354, the Deputy Registrar shall make a note of the same in a register to be kept for the purpose; and that he shall bring to the notice of the Division Bench any case in which the Lower Court shall not have made a return to the order of remand within four months, or within such time as may have been specially ordered.

4. That Bench Clerks when preparing daily (or peremptory) boards shall place the appeals which are on the special board before other appeals, except such as may be part-heard or may have been adjourned, which shall, as heretofore, be placed on such daily (or peremptory) board before all other appeals whatsoever.

AND IT IS FURTHER ORDERED:

That a copy of this resolution be posted up at the main entrance of the Court-house for general information; and that a copy be forwarded to each of the Gazettes for publication.

By order of the High Court,
W. M. SOUTTAR,
Registrar.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MARCH 1877.

HON'BLE V. H. SCHALCH, C.S.I.

No. 1.

DISTRICT officers are informed that, in the case of minors living in the Wards' Institution, no marriage should be authorized, and no steps or negotiations preliminary to marriage be recognized, without the previous sanction and approval of the Board.

No. 2.

IN continuation of the Board's circular order No. 1 of December 1876, all Collectors, on whose revenue rolls are estates having lands outlying in other districts, are directed to send particulars for Register A, Part II, prescribed in section 8 of Act VII (B.C.) of 1876. to the Collectors within whose jurisdictions these outlying portions lie.

No. 3.

THE following should be substituted for Rule II, section 8, page 10 of the Manual on Registration of Lands under Act VII (B.C.) of 1876, which is to form Chapter IV of the revised edition of the Board's Rules:—

II.—All such fees shall be credited to a special sub-head under "Land Revenue Miscellaneous Receipts," viz. "Fees under the Land Registration Act, VII (B.C.) of 1876." Fines levied under the Act will be credited to "Miscellaneous," as fines and forfeitures of revenue courts, and searching and copying fees under section 75 to "Provincial Services," as revenue record-room receipts. Charges incurred under the Act will be merely on account of extra establishment, and will be debited to "4, Land Revenue collections and Deputy Commissioners', &c., establishments, temporary establishments."

No. 4.

THE following addition is made to circular No. 7 of May 1876:—

Under the head "Land Revenue, Miscellaneous Receipts," after the sub-head "Rents of buildings situated on such lands," a new sub-head must be opened, to be styled—

"Fees under the Land Registration Act, VII (B.C.) of 1876."

[*Government Gazette*, 1st *May* 1877.]

৩। এই কোর্টের বেঞ্চ ৩৫৪ ধারামতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার আজ্ঞা করিলে ডেপুটী রেজিষ্ট্রার তদ্রূপ আজ্ঞা লিখিয়া রাখিবার রেজিষ্টরী বহীতে তাহার নোট লিখিবেন। ও ফিরিয়া পাঠাইবার সেই আজ্ঞার উপলক্ষে নিম্ন আদালত চারি মাসের মধ্যে, কিম্বা অন্য যে সময়ের বিশেষ আজ্ঞা হইয়া থাকিবে সেই সময়ের মধ্যে রিটর্ন না দিলে, তিনি ডিবিজন বেঞ্চের নিকট সেই কথা জ্ঞাত করিবেন।

৪। বেঞ্চের ক্লার্কেরা দৈনিক (বা অত্যন্ত প্রয়োজনীয়) আপীলের বোর্ড প্রস্তুত করিতে গেলে, যেং আপীলের একাংশের শ্রবণ হইয়াছে কিম্বা যাহার দিনান্তর নিরূপণ হইয়াছে তাহা লইয়া যেমন করা গিয়া থাকে তেমনি করা যাইবে তাহা ছাড়া ঐ বিশেষ বোর্ডের লিখিত আপীল অন্য আপীলের অগ্রে লিখিবেন।

আরো এই আজ্ঞা হইল,

এই নির্দ্ধারণপত্রের প্রতিলিপি সাধারণের জ্ঞানার্থে কোর্ট হৌসে প্রবেশ করিবার প্রধান দ্বারের নিকট লাগাইয়া দেওয়া যায় ও প্রকাশ করণার্থে একং প্রতিলিপি নানা গেজেটে পাঠান যায়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে

ডবলিউ, এম, শুটর,

রেজিষ্ট্রার।

বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৭ সাল মার্চ মাস।

মান্যবর বি এচ লক সাহেব, সি, এস, আই।

১ নম্বর।

জিলার কর্তৃপক্ষদিগকে জ্ঞাত করা যাইতেছে যে রাজানুপালিতদের থাকিবার স্থানে যে বালকের বাস করেন, বোর্ডের অনুমতি না পাইলে ও বোর্ডের সাহেবেরা অনুমোদন না করিলে, তাঁহাদের বিবাহের অনুমতি দেওয়া যাইবে না, ও বিবাহের প্রাক্কালীন কথাবার্ত্তা ও সম্বন্ধ গ্রাহ্য হইবে না।

২ নম্বর।

কোন কালেক্টর সাহেবের তৌজীর মধ্যে ভিন্ন জিলার অন্তর্গত মহালের ভূমি লেখা থাকিলে, বোর্ডের ১৮৭৬ সালের ডিসেম্বর মাসের ১ নং সরক্যুলর অর্ডরের অতিরিক্ত ঐ কালেক্টর সাহেবদের প্রতি এই আদেশও হইতেছে যে, ভিন্ন জিলার অন্তর্গত ঐ ভূমি যে কালেক্টর সাহেবদের এলাকার মধ্যে থাকে তাঁহাদের নিকট ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৮ ধারার নির্দ্দিষ্ট A রেজিষ্টরের দ্বিতীয় খণ্ডে লিখিবার বৃত্তান্ত প্রেরণ করেন।

৩ নম্বর।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে ভূমি রেজিষ্টরী করণ বিষয়িণী যে বিধিপুস্তিকা হইয়াছে তাহার ১৮ পৃষ্ঠার অষ্টম পরিচ্ছেদের ২ প্রকরণের পরিবর্ত্তে এই বিধি দিতে হইবে।—বোর্ডের বিধিপুস্তকের সংশোধিত সংস্করণের চতুর্থ অধ্যায় বলিয়া ঐ বিধিপুস্তিকা সংগৃহীত হইবে।

২।—"ভূমির রাজস্বসংক্রান্ত বিবিধ আয় বলিয়া" যে শীর্ষক আছে, উক্ত সকল ফী তাহার নীচে "ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমত ফী" বলিয়া এক বিশেষ দফায় জমা করিয়া লইতে হইবে। আইনমতে অর্থদণ্ডের টাকা আদায় হইলে, তাহা রাজস্বসংক্রান্ত আদালতের অর্থ ও সম্পত্তি দণ্ড বলিয়া "বিবিধ বিষয়ের" হিসাবে, ও ৭২ ধারামতে অন্বেষণ ও নকল করিবার ফী আদায় হইলে, তাহা রাজস্ব সম্পর্কীয় মহাফেজখানার আয় বলিয়া "প্রবিন্শ্যল সরবিসের" হিসাবে জমা করিয়া লওয়া যাইবে। এই আইনমতে কেবল অতিরিক্ত আমলাগণের নিমিত্ত খরচবিনা অন্য খরচ ধরিতে হইবে না, ও "৪। ভূমির রাজস্ব আদায় করণসম্পর্কীয় ও ডেপুটী কমিশ্যনর প্রভৃতির শিক্ষিশতা ও কিয়ৎকালীন সিরিশতার" নিমিত্ত বলিয়া খরচ লেখা যাইবে।

৪ নম্বর।

১৮৭৬ সালের মে মাসের ৭ নং সরক্যুলর অর্ডরে এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

"ভূমির রাজস্ব সংক্রান্ত বিবিধ আয়" এই শীর্ষকের নীচে "ঐং ভূমিগত গৃহাদির খাজানা" বলিয়া যে দফা আছে তাহার পরে এই নূতন দফা লিখিতে হইবে।—

"ভূমি রেজিষ্টরীকরণবিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমত ফী।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

2. Fines levied under the Act will be credited to "Miscellaneous," as fines and forfeitures of revenue courts, and searching and copying fees under section 75 to "Provincial Services," as revenue record-room receipts.

3. Charges incurred under the Act will be merely on account of extra establishment, and will be debited to "4, Land Revenue collections and Deputy Commissioners', &c., establishments, temporary establishments."

No. 5.

A SERIES of forgeries and embezzlements of road-cess money has recently been discovered in a district treasury, which was rendered possible only by great laxity of procedure and inattention to the law [Act X (B.C.) of 1871] and to the rules for the guidance of district treasury officers. District officers are accordingly enjoined to see at once that similar irregularities are not being committed in their offices, and are warned to be careful that the law and rules are strictly observed.

2. The irregularities connected with the case in question were as follow:—

(1)—The Chairman of the District Road Committee signed cheques for small sums (as Rs. 2) without seeing that the word "only" was inserted after the sum in the body of the cheque. The cheque was then easily altered by the Road Fund accountant to one for a large amount (as Rs. two *thousand*). The Chairman also failed to see that the petty sum for which he signed the cheque was entered against the proper detail on the back—an omission which enabled the Road Fund accountant to draw large sums as for "works of improvement," which would have attracted suspicion if entered as for "miscellaneous contingencies."

(2)—The Chairman allowed cheques for the District Engineer to be made payable *through the Road Fund accountant.* Cheques should always be made payable to the officer or other person whose demand they meet, or to bearer. Had the accountant of the Road Committee's office drawn repeatedly heavy sums for the District Engineer as "bearer" merely, and without his signature, this would probably have attracted attention earlier.

(3)—The duplicate pass-book was allowed to remain entirely in the hands of the accountant of the Road Fund office, while Rule VI of the rules for the management of the transactions of the District Road Funds, published with the Accountant-General's circular No. 288, dated 20th August 1873, directs that the duplicate pass-book shall remain in possession of the Chairman of the Road Committee. The cheque-book of the Road Committee was also left with the accountant, instead of being kept under lock and key by the Vice-Chairman or Chairman.

(4)—Neither the Chairman nor the treasury officer took care to see that the duplicate pass-book (which is the check on the treasury receipts and disbursements) was compared regularly with the treasury copy of the pass-book, and certified monthly to be correct by the treasury officer agreeably to Rules VII and VIII of the rules contained in the Accountant-General's circular above cited. The duplicate pass-book was allowed to be posted up by the Road Fund accountant himself, the man who committed the forgeries, and made by him to tally with the Road Fund accounts, which, of course, exhibited only the genuine disbursements ordered, while the treasury pass-book showed the actual disbursements made. The treasury accountant initialed the duplicate pass-book occasionally without actually comparing it with his books, and the treasury officer never called for the book or inquired why it was not laid before him daily for comparison and signature.

(5)—The treasury accountant and the treasury officer passed cheques which came before them for large sums of over Rs. 2,000, without seeing that they were signed by both the Chairman and Vice-Chairman of the Road Cess Committee, this being in contravention of section 85 of the Act, and of Rules XXXV and XXXVI

[*Government Gazette*, 1*st May* 1877.]

২। এই আইনমতে অর্থদণ্ডের টাকা আদায় হইলে, তাহা রাজস্বসংক্রান্ত আদালতের অর্থ ও সম্পত্তি দণ্ড বলিয়া "বিবিধ বিষয়ের" হিসাবে, ও ৭২ ধারামতে অন্বেষণ ও নকল করিবার ফী রাজস্ব-সম্পর্কীয় মহাফেজখানার আয় বলিয়া "প্রবিনশ্যল সরবিসের" হিসাবে জমা করিয়া লওয়া যাইবে।

৩। এই আইনমতে কেবল অতিরিক্ত আমলাগণের নিমিত্ত খরচবিনা অন্য খরচ ধরিতে হইবে না, ও "৪। ভূমির রাজস্ব আদায় করণসম্পর্কীয় ও ডেপুটী কমিশ্যনরপ্রভৃতির সিরিশ্‌তা ও কিয়ৎকালীন সিরিশ্‌তার" নিমিত্ত বলিয়া খরচ লেখা যাইবে।

---

৫ নম্বর।

কোন জিলার খাজানাখানায় জালকরণ ও পথকরের টাকার তহবীলভাঙ্গন দোষ ক্রমশঃ হইয়াই সম্প্রতি প্রকাশ পাইয়াছে। কার্য্য পক্ষে অত্যন্ত তাচ্ছল্য ও ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের প্রতি ও জিলার খাজানাখানাসংক্রান্ত কার্য্যকারকদের উপদেশার্থ বিধির প্রতি অত্যন্ত অমনোযোগ না হইলে তাহা কোন প্রকারে ঘটিতে পারিত না। অতএব জিলার সকল কর্ত্তৃপক্ষের প্রতি এই আজ্ঞা হইল যে, তাঁহাদেরও কার্য্যালয়ে সেই প্রকারের অনিয়মিত কার্য্য না হইয়া থাকে এই বিষয় দেখুন, ও আইন ও বিধি সকল আঁটাআঁটিরূপে মানা যায় এই বিষয়ে সতর্ক থাকুন।

২। পূর্ব্বোক্ত স্থলে যে অনিয়মিত কার্য্য হইয়াছিল তাহার মর্ম্ম এই।—

(১) ডিষ্ট্রিক্ট রোড কমিটীর সভাপতি (২ টাকা প্রভৃতি) অল্প টাকার চ্যাকে স্বাক্ষর করিতেন কিন্তু চ্যাকের মূলপাঠে যত টাকা লেখাথাকে তাহার পরেই only শব্দ লেখা গেল কি না ইহা দেখিতেন না। সুতরাং রোড ফণ্ডের হিসাবনবীস স্বচ্ছন্দে ২ টাকার চ্যাক বাড়াইয়া ২০০০৲ টাকার চ্যাক করিতে পারিতেন। আর সভাপতি অল্পটাকার চ্যাকে স্বাক্ষর করিলেও যে কার্য্য উপলক্ষে দেওয়া গেল চ্যাকের পৃষ্ঠে তাহা লেখা গেল কি না ইহাও দেখিতেন না তাহাতে অধিক টাকার চ্যাকে "বিবিধ বিষয়ের নৈমিত্তিক খরচ" লিখিলে সন্দেহ জন্মিতে পারে বলিয়া, রোড ফণ্ডের হিসাবনবীস ঐ চ্যাকের পৃষ্ঠে "ভূমির উৎকর্ষ সাধনার্থ কার্য্য" লিখিতেন।

(২) ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের নামে যে চ্যাক দিবার অনুমতি হইত সভাপতি রোড ফণ্ডের হিসাবনবীসের নামে তাহা দিতেন। যে কার্য্যকারক বা অন্য যে ব্যক্তি টাকার দাওয়া করেন, তাঁহারই কিম্বা বাহকের নামে চ্যাক লিখিয়া দেওয়া উচিত। রোড কমিটীর আফীসের হিসাবনবীস যদি ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের স্বাক্ষর বিনা তাঁহার নিমিত্ত বারম্বার কেবল বাহক-স্বরূপ অধিক করিয়া টাকা লইতেন, তবে আশু ধরা পড়িবার সম্ভাবনা ছিল।

(৩) ডিষ্ট্রিক্ট রোড ফণ্ড সম্পর্কীয় কার্য্যের অধ্যক্ষতাকরণ বিষয়ক যে বিধি আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ১৮৭১ সালের আগস্ট মাসের ২০ তারিখের ৭৮৮ নং সরকুলর অর্ডরের সহিত প্রকাশ করা গিয়াছিল তাহার ৬ ধারার বিধি এই যে, ডুপ্লিকেট পাস বুক রোড কমিটীর সভাপতির নিকট থাকিবে। কিন্তু তাহা না হইয়া ঐ বহীখানি একেবারে রোড ফণ্ড আফিসের হিসাবনবীসের হাতে থাকিতে দেওয়া গেল। ও রোড কমিটীর যে চ্যাকবুক প্রতিনিধি সভাপতির বা সভাপতির নিকট কুলুপ ও চাবি দিয়া বন্ধ করিয়া রাখা উচিত তাহাও ঐ হিসাবনবীসের হাতে থাকিত।

(৪)—ঐ ডুপ্লিকেট পাসবুক দ্বারা খাজানাখানার প্রাপ্ত ও খরচ করা টাকার হিসাবের দোষাদোষ ধরা যাইতে পারে, কিন্তু সভাপতি কি খাজানাখানার কার্য্যকারক, ইঁহাদের মধ্যে কেহই আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের পূর্ব্বোক্ত সরকুলরের অন্তর্গত বিধির ৭ ও ৮ ধারামতে খাজানাখানার পাসবুকের সঙ্গে ঐ ডুপ্লিকেট পাসবুক নিয়ত মিলাইয়া দেখিতেন না, ও খাজানাখানার কার্য্যকারক মাসে ঠিক বলিয়া তাহার সর্টিফিকট লিখিতেন না। রোডফণ্ডের হিসাবনবীস অর্থাৎ যে ব্যক্তি এই সকল জাল করিত তাহারই প্রতি ঐ ডুপ্লিকেট পাসবুক সম্পত্তি করিয়া দিতে অনুমতি হইত ও সে রোড ফণ্ডের হিসাবের সঙ্গে মিলাইয়া দিত। সুতরাং প্রকৃত যত টাকা খরচ করিবার আজ্ঞা হইল রোড ফণ্ডের হিসাবে তাহাই লেখা যাইত, ও প্রকৃত যত টাকা খরচ হইত তাহা খাজানাখানার পাসবুকে লেখা যাইত। খাজানাখানার হিসাবনবীস আপনার বহীর সঙ্গে ঐ ডুপ্লিকেট পাসবুক মিলাইয়া না দেখিয়া তাহাতে কখনং আপনার নামের আদ্যাক্ষর লিখিতেন। ও খাজানাখানার কর্ত্তৃপক্ষ ঐ বহী কখনই আনাইয়া দেখিতেন না, ও তাঁহার মিলাইয়া দেখিবার ও স্বাক্ষর করিবার জন্যে তাঁহার নিকট কি কারণে প্রতিদিন আনা যাইত না ইহাও জিজ্ঞাসা করিতেন না।

(৫)—দুই সহস্রের অধিক টাকারও চ্যাক খাজানাখানার হিসাবনবীসের ও খাজানাখানার কর্ত্তৃপক্ষের সম্মুখে আনা গেলে, তাহাতে রোড সেস কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়েই স্বাক্ষর করিলেন কি না, ইহা না দেখিয়াও তাঁহারা চ্যাক পাস করিতেন। তাঁহাদের এই কার্য্যটী আইনের ৮২ ধারার ও খাজানাখানার কর্ম্মকারকদের কার্য্য শিক্ষিত দেখাইবার বিধির ৩২ ও ৩৬ ধারার বিরুদ্ধ। কারণ ঐ দুই ধারার বিধান এই যে, সকল চ্যাকে উপযুক্তমতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

of the rules for the guidance of treasury officers, which last require the treasury accountant to examine all cheques, to see that they are in order as to signatures and countersignatures, and that they are duly stamped and in proper form; and the treasury officer to pass the cheque only after careful examination.

(6)—The Vice-Chairman of the Road Cess Committee was permitted by the Chairman to entirely abnegate his functions as regards the work of his office, and the Chairman alone signed cheques for sums both below and above Rs. 100, contrary to the intention of section 85 of the Act already quoted.

(7)—The audit of the year's accounts by the Vice-Chairman and a Sub-Committee under section 88 of the Act was so superficial as to fail entirely to discover the frauds.

No. 6.

1. As some doubts appear still to exist as to what revenue-free lands should be entered in the General Register B, Parts I to III, prescribed under Act VII (B.C.) of 1876, district officers are informed that nothing is to be entered in any part of Register B unless it is *already* recognized and registered as a revenue-free property in some way or other, or until they have gone through the procedure of section 35 of the Act.

2. At the outset in Part I will only be entered (1) lands already recognized as lakhiraj by competent authority and entered in Register C, and (2) lands in which Government has granted a perpetual proprietary title revenue-free, and which are entered as having such title in Registers 46, 46A, or 60.

3. It will not ordinarily be necessary for the purposes of this Act to inquire whether all the properties now found in Register C were correctly so entered. Where there is a manifest error, such as where land resumed and settled is still shown in Register C, the facts must be reported for the Board's orders: and if it is found hereafter that any properties have been erroneously entered in Register B, the Board can remove them under section 36.

4. In Part II should be entered all lands registered in Register 26 or other similar register as occupied by Government or by any public body for public purposes free of revenue demand. It will not include lands rented by Government from private owners, or held by Government rent-free with or without consent of owners, such tenures not being held on a proprietary title. Railway B class lands will be shown here, with a note that they are occupied temporarily.

5. In Part III will only be entered waste or other similar lands not assessed to revenue such as are shown already in Registers 41 and 42.

6. The procedure of section 35 must be gone through before any hitherto unregistered addition can be made to *any part* of the new Register B.

7. If a Collector thinks that—

(1) any plot of lakhiraj not now in Register C; or any lands of which Government has given a revenue-free perpetual proprietary title not already entered in Registers 46, 46A, or 60, should be entered in Part I; or

(2) that any lands occupied for public purposes, not now shown in Register 26, should be entered in Part II; or

(3) that any waste or other unassessed lands (such as island churs in course of formation) not now entered in Registers 41 or 42 should be entered in Part III—

he must proceed under section 35, and if the entry is to be in Part I of Register B, he must get the Board's orders. Where the property, which it is proposed to register, is in the possession of Government, the Collector himself will take the necessary steps ordinarily required from the proprietor or manager, and will procure all needful information to complete the entries.

8. If he thinks that lands held as a separate property rent-free, but not recognized as legitimately *revenue*-free, need not be entered as a separate revenue-free property, he can,

স্বাক্ষর ও ক্রোড়স্বাক্ষর আছে কি না ও উপযুক্ত ইত্তাম্প দেওয়া গেল ও উচিতমতে লেখা গেল কি না, ইহা জানিবার জন্যে খাজানাখানার হিসাববহীর সকল চ্যাক পরীক্ষা করিয়া দেখিবেন, ও খাজানাখানার কর্ত্তৃপক্ষ মনোযোগের সহিত পরীক্ষা করিয়া না দেখিলে, চ্যাক পাস করিবেন না।

(৬)—প্রতিনিধি সভাপতির পদোপলক্ষে যেং কর্ম্ম কর্ত্তব্য ছিল, রোডসেস কমিটীর সভাপতি তাঁহাকে একেবারে সেই কর্ম্ম বিসর্জ্জন করিতে দিলেন, ও পূর্ব্বোক্ত আইনের ৮৫ ধারার তাৎপর্য্যের বিপরীতে এক শতের ন্যূন বা অধিক টাকারও চ্যাকে একাই স্বাক্ষর করিতেন।

(৭)—আইনের ৮৮ ধারামতে প্রতিনিধি সভাপতি সব-কমিটীকে লইয়া বৎসরের হিসাব আডিট করিতেন বটে, কিন্তু এমত কাঁচা করিয়া করিতেন যে ঐ সব প্রতারণার কার্য্য কোন প্রকারেই ধরা যাইত না।

---

৬ নম্বর।

১। ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের নির্দ্ধারিত B চিহ্নিত সাধারণ রেজিষ্টরের ১ অবধি ৩ পর্য্যন্ত খণ্ডে নিষ্কর যেং প্রকারের ভূমি লিখিতে হইবে, এই বিষয়ের অদ্যাপি সন্দেহ থাকাতে জিলার কর্ত্তৃপক্ষদিগকে জ্ঞাত করা যাইতেছে যে, ভূমি নিষ্কর বলিয়া কোন প্রকারে স্বীকার বা রেজিস্ট্রী করা না গেলে বা তাহা লইয়া আইনের ৩৫ ধারার প্রণালীমতে কার্য্য না হইলে, B চিহ্নিত রেজিষ্টরী বহীর কোন অংশে ঐ ভূমি লিখিতে হইবে না।

২। আপাততঃ প্রথম খণ্ডে এইং ভূমি মাত্র লেখা যাইবে (১) যে ভূমি উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারক কর্ত্তৃক লাখেরাজ বলিয়া স্বীকৃত হইয়া C চিহ্নিত রেজিষ্টরে লেখা গিয়াছে ও (২) গবর্ণমেণ্ট যে ভূমির প্রতি চিরকালের নিমিত্ত নিষ্কর রূপ অধিকারিত্ব স্বত্ব প্রদান করিলেন ও সেই প্রকারে স্বত্বদান বলিয়া যাহা ৪৬ বা ৪৬ক বা ৬০ নং রেজিষ্টরী বহীতে লেখা গিয়াছে।

৩। C চিহ্নিত রেজিষ্টরী বহীতে যে সকল সম্পত্তি লেখা গিয়াছে তাহা ঐ বহীতে লেখা উচিত কি না, এই আইনের কার্য্যপক্ষে সচরাচর এই কথার সন্ধান লওয়ার প্রয়োজন নাই। খাজেরাপ্তী ও বন্দোবস্তী কোন ভূমি অদ্যাপি উক্ত রেজিষ্টরী বহীতে আছে, ইত্যাদি স্পষ্ট ভ্রম দেখা গেলে, বোর্ডের আজ্ঞা জানিবার নিমিত্ত সেই কথার রিপোর্ট করিতে হইবে। কোন সম্পত্তি অনুচিতমতে B চিহ্নিত রেজিষ্টরী বহীতে লেখা গিয়াছে ইহা পশ্চাৎ দেখা গেলে, বোর্ডের সাহেবেরা তাহা ৩৬ ধারামতে উঠাইয়া লইতে পারিবেন।

৪। গবর্ণমেণ্ট বা সাধারণ কোন সমাজ রাজস্ব না দিয়া রাজকীয় কার্য্যার্থে অধিকার করেন বলিয়া যে ভূমি ২৬ নং কিম্বা সেই প্রকারের অন্য রেজিষ্টরী বহীতে লেখা যায়, তাহা দ্বিতীয় খণ্ডে লিখিতে হইবে। গবর্ণমেণ্ট সাধারণ স্বামির স্থানে যে ভূমি খাজানা করিয়া লন, কিম্বা স্বামিদের অনুমতি সহিত বা তদ্ভিন্ন যে ভূমি নিষ্কররূপে ভোগ করেন তাহা ধরিতে হইবে না, কারণ তাহা অধিকারিত্ব স্বত্বক্রমে ভোগ হয় না। রেলওয়ের B শ্রেণীর ভূমি ঐ খণ্ডে লেখা যাইবে, ও তাহা কিয়ৎকালের নিমিত্ত ভোগ হইতেছে, এই মর্ম্মের সংক্ষেপ কথাও লিখিতে হইবে।

৫। পতিত ভূমি কি রাজস্ব ধার্য্য না হইয়া অন্য যে ভূমি ৪১ ও ৪২ নং রেজিষ্টরে লেখা গিয়া থাকে কেবল তাহাই তৃতীয় খণ্ডে লিখিতে হইবে।

৬। যে ভূমি ইতি পূর্ব্বে রেজিষ্টরী করা যায় নাই, B চিহ্নিত নূতন রেজিষ্টরের কোন খণ্ডে তাহা লিখিবার পূর্ব্বে ৩১ ধারার প্রণালীমতে কার্য্য করিতে হইবে।

৭। (১) যে লাখেরাজ ভূমি এইক্ষণে C চিহ্নিত রেজিষ্টরে লেখা নাই, কিম্বা গবর্ণমেণ্ট চিরকালের নিমিত্ত যাহার নিষ্কররূপে অধিকারিত্ব স্বত্ব প্রদান করিয়াছেন এমত যে ভূমি ৪৬ বা ৪৬ক বা ৬০ নং রেজিষ্টরী বহীতে লেখা যায় নাই, তাহা প্রথম খণ্ডে লেখা উচিত, কিম্বা

(২) রাজকীয় কার্য্যের নিমিত্ত যে ভূমির অধিকার করা গিয়াছে ও এইক্ষণে ২৬ নং রেজিষ্টরী বহীতে লেখা নাই তাহা দ্বিতীয় খণ্ডে লেখা উচিত, কিম্বা

(৩) ক্রমশঃ বর্দ্ধনশীল চড়া প্রভৃতি যে পতিত ভূমি কিম্বা যাহার জমা ধার্য্য হয় নাই এমত যে ভূমি এইক্ষণে ৪১ বা ৪২ নং রেজিষ্টরে লেখা যায় না তাহা তৃতীয় খণ্ডে লেখা উচিত,

কালেক্টর সাহেব এমত বোধ করিলে, তাঁহার ৩১ ধারামতে কর্ম্ম করিতে হইবে, ও B চিহ্নিত রেজিষ্টরী বহীর প্রথম খণ্ডে লিখিতে হইলে বোর্ডের আজ্ঞা পাইতে হইবে। যে সম্পত্তি রেজিষ্টরী করিবার প্রস্তাব হয়, তাহা গবর্ণমেণ্টের অধিকারে থাকিলে, ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের সচরাচর যেং কার্য্য করা আবশ্যক কালেক্টর সাহেব আপনি সেইং কার্য্য করিবেন ও বহীতে লিখিবার উপযুক্ত কথা লেখাইবার যেং সন্ধান লওয়া প্রয়োজন তাহাও লইবেন,

৮। কোন ভূমি খাজানা না দিয়া স্বতন্ত্র ভোগ হইতেছে কিন্তু আইনমতে নিষ্কর বলিয়া স্বীকৃত নয়, ও স্বতন্ত্র নিষ্কর সম্পত্তি বলিয়া তাহা লেখা উচিত নয় তাঁহার এমত বোধ হইলে, তিনি ৩৩ ধারামতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১ মে।]

and should, proceed under section 33, or again under section 34 he can attach any lands not included in a registered estate to that estate if this seems best.

9. Lands which have been separately marked off by the survey as *isad*, but which have not been assessed to revenue, are not to be entered in any part of Register B as revenue-free properties. The proper way to treat them is, under section 33 or 34, and to include them in, or attach them to, the parent estate or estates for the purposes of the Act. Where the *isad* is in the possession of the owners of the original estate, section 34 would generally apply; where it is held by third parties as a distinct property, section 33 would apply.

10. The numerous petty lakhiraj holdings not registered in existing Register C should generally be treated under section 33. None of them can be entered in Register B, Part I, without the orders of the Board. They cannot be entered in any other part of Register B.

No 7.

THE following should be added to rule I, section 8, page 9, of the Manual on Registration of Lands under Act VII (B C.) of 1876, after the words "in section 64" in line 2:—

"But to avoid complicating the accounts with fractions, no lower fee than one ann should be taken."

No. 8.

RULE IX, section 4, chapter XII, page 104, of the Board's Rules is hereby cancelled, and the following should be added to rule VIII of the same section, after the words "the certificate of the examiners":—

"and a receipt for the value of the certificate stamp."

No. 9.

WITH a view to enable Treasury Officers to prepare in a complete form the quarterly memorandum of receipts and issues of Government currency notes, prescribed by paragraph 20 of the Comptroller General's Circular No. 215, dated 25th August 1875 (published with the Accountant-General's Circular No. 346 of the 21st September following), the Board of Revenue withdraws that portion of its circular No. 2 of July 1876 which cancels the columns of Register No. 79A. intended to shew transactions in currency notes of Rs. 20 and 10 in value. The register should now be kept up in its old form, with an additional column for notes of Rs. 5 in value.

No. 10.

তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	জমিদারের নাম।	সদর জমা।	মোট বাকি যাহার জন্য মহাল নিলাম হইবে।	মন্তব্য।
		চিরস্থায়ী বন্দোবস্ত মহাল।	৬৮৬৪৸৶০		
৫২১	কিসমৎ কুন্দহিত কড়েয়া পরগনে ঐ	কৃষ্ণচন্দ্র চক্রবর্ত্তী শ্রীশ্রী৺ রাধাবল্লভ ঠাকুরের সেবাইত নাবালক রামরঞ্জন চক্রবর্ত্তির স্টেটের মেনেজার মেস্তর এচ, স্মিথ সাহেব, বেণীমাধব চক্রবর্ত্তী, রামকৃষ্ণ চক্রবর্ত্তী, চন্দ্রাবলী দেবী, মঙ্গলা দেবী, দীননাথ চট্টোপাধ্যায়, শিবশঙ্কর মুখোপাধ্যায়, রাজকিশোর সরকার, কালীনারায়ণ মুখোপাধ্যায়, রামমণী দেব্যা, মুক্তকেশী, প্রসন্নকুমারী, রাখালচন্দ্র মুখোপাধ্যায়, বাগালচন্দ্র মুখোপাধ্যায়, হরিনারায়ণ, হরচন্দ্র মুখোপাধ্যায়, রণবাহাদুর সিংহ, মানদাসুন্দরী দেবী, কুলদাসুন্দরী দেবী, শিবসুন্দরী দেবী, মহামায়ী দেবী, নীলমণি চক্রবর্ত্তী, শ্রীশ্রী৺ ধরচন্দ্র সালেগ্রাম ঠাকুরের সেবাইত ত্রৈলোক্যনাথ মিসির, পূর্ণানন্দ মিসির, ও রামচন্দ্র মিসির			
		বাদ পৃথক হিসাব যাহা নিলাম হইবে না রণ বাহাদুর সিংহ, চন্দ্রাবলী দেবী নাবালক রামরঞ্জন চক্রবর্ত্তির স্টেটের ম্যানেজার মেস্তর এচ স্মিথ সাহেব, রাখালচন্দ্র মুখোপাধ্যায়, বাগালচন্দ্র মুখোপাধ্যায়, শিবসুন্দরী দেবী, ও মহামায়ী দেবী।	৪৩৯২৸৮		
		বাকী নিম্নলিখিত ব্যক্তিদিগের হিস্যা যাহা ৩১৪।/৯ টাকার জন্য নিলাম হইবে।	২৪৭২৸৶৪	৩১৪।/৯	
		বেণী মাধব চক্রবর্ত্তী, রামকৃষ্ণ চক্রবর্ত্তী, মঙ্গলা দেবী, দীননাথ চট্টোপাধ্যায়, শিবশঙ্কর মুখোপাধ্যায়, রাজকিশোর সরকার কালীনারাণ মুখোপাধ্যায়, রামমণী দেবী, মুক্তকেশী, প্রসন্ন কুমারী, হরিনারায়ণ, হরচন্দ্র মুখোধ্যায়, মানদাসুন্দরী দেবী, কুলদাসুন্দরী দেবী, নীলমণি চক্রবর্ত্তী, শ্রীশ্রী৺ধরচন্দ্র শালেগ্রাম ঠাকুরের সেবাইত ত্রৈলোক্যনাথ মিসির, রামচন্দ্র মিসির, ও, পূর্ণানন্দ মিসির।			

NYAH DOOMKA DY. COMMISSIONER'S OFFICE,
The 12th May 1877.

J. BOXWELL,
Offg. Deputy Commissioner.

[*Government Gazette, 22nd May* 1877.]

জিলা দিনাজপুর।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা দিনাজপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৭ সালের ২৮ মার্চ তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৭ সালের ২২ মে মোতাবেক ১২৮৪ সালের ১০ জ্যৈষ্ঠ মঙ্গলবার ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে ইতি।

নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকির পরিমাণ	কৈফিয়ত।
১৭৩ নং	মৌজে সজনা পাড়া পরগনে দেহট্ট	হৃষীকেশ বড়াল	৫১৩৮৶/১॥	১৮৬৲	পুরা মহাল
কিসমত ৩ ২৫৬ নং	মৌজে সিন্দুর হাট্টা দিগর পরগনে গিলাহবাড়ী	মেঃ জর্জ্জ রবেল পিটর সাহেব	৪২৮১।/৩	১৪৫৭।/৩	ঐ
২৬৪ নং	মৌজে মিরজাপুর গয়রহ পরগনে গিলাহ বাড়ী	ঐ	৬৮৯৩৮৵৪	২৩৬৪৸৶৪	ঐ
৪৭০ নং	মৌজে রামকৃষ্ণপুর দিগর পরগণে গিলাহবাড়ী	ঐ	১৫৫৭৸৩৸	৯০৭॥৶১১	ঐ

ইং ১৮৭৭ সাল,
তারিখ ২৩ আপ্রিল।

C. E. Samuells,
Covd. Dy. Collector in charge.

জিলা মালদহ।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মালদহের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকী রাজস্ব এবং যে সকল দাবি ১৮৭৭ সালের ২৮ মার্চ দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭৭ সালের ২৩ মে মোতাবেক ১২৮৪ সাল তারিখ ১১ জ্যৈষ্ঠ বুধবার দিবসে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৭৭ সাল তারিখ ২ আপ্রিল মোতাবেক সন ১২৮৩ সাল তারিখ ২১ চৈত্র।

তফসীল।

শ্রেণী	নম্বর তৌজি	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকির পরিমাণ	কৈফিয়ৎ।
প্রথম	৫১৪	মৌজে নমুয়া গয়রহ পরগনে রুকুনপুর	প্যারমোহন চৌধুরী	২৫৫৮॥৴০	৮৫৫৲	সন ১২৮৩ সাল লাগায়েদ কিস্তি ফাল্গুনের বাকী রাজস্ব আদায় কারণ

H. Mosley,
Offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২২ মে।]

জিলা নদীয়া।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৭ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৭ সালের ২৬ জুন তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। সন ১৮৭৭ সাল ৮ মে। মোং ১২৮৪ সাল ২৭ বৈশাখ।

এস্তমুরারি

৪০ নং তং বেতাই পং বেতাই রেজিষ্টরির লিখিত মালিক থাকমণী দেব্যা ওগয়রহ যাহার সদর জমা ৮৮০৫।৶২ টাকা ও পোলিস ১১০৶৫ টাকা সন ১৮৫৯ সালের ১১ আইনমত স্বতন্ত্র হিসাব হইয়া ৪০।১ নং তৌজি যাহার সদর জমা ৩৩০২৸৮ টাকা ও পোলিস ৪১।।/১ টাকা সখিমণী দেব্যার নামে লেখা যায় তাহার বাকী খাজানা ৪৩৮।।৶৭ টাকা বাকির জন্য নিলাম হইবে।

১১৭ নং ডিহি চণ্ডী পং পাজনওর রেজিষ্টরির লিখিত মালিক মেঃ জন ককরেল সাহেব অফিসর এসাইন দিগর সদর জমা ১০২৪৬৶৮ টাকা ও পুলিস ১২৯৶৪ টাকা সেওয়ায় অংশ যাহার সদর জমা ৯৪৩৭।।/৪ টাকা ও পুলিস ১১৮৸৶১০ টাকা সুরেন্দ্রনাথ পাল চৌধুরী দিগরের নামে লেখা যায় সন ১৮৫৯ সালের ১১ আইনমত স্বতন্ত্র হিসাব হইয়াছে তদ্বাদে অবশিষ্ট অংশ ১১৭।০ নং যাহার সদর জমা ৮০৮।।/৪ টাকা ও পুলিস ১০৶৬ টাকা মেঃ জন ককরেল সাহেব অফিসর এসাইন দিগরের নামে লেখা যায় তাহার বাকি খাজনা ২৭২৷।০ টাকা ও পুলিস ৫/৯ টাকা বাকির জন্য নিলাম হইবে।

৪৩৩ নং মৌঃ রায়বালী পং কুনাজপুর রেজিষ্টরির লিখিত মালিক খুদিরাম রায়দিগর সদর জমা ৭৪৭।।৶৯ টাকা ও পুলিস ১৭/১ টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমত স্বতন্ত্র হিসাব হইয়া ৬৭২/১ টাকা ও পুলিস ১৬/৭ টাকা দ্বারকানাথ বিশ্বাসদিগরের নামে লেখা যায় তদ্বাদে অংশ অবশিষ্ট মহাল ৪৩৩।০ নং তৌজি সদর জমা ৭৫।৶৮ টাকা ও পুলিস ৸৶৬ আনা খুদিরাম রায়দিগরের নামে লেখা যায় তাহার বাকী খাজনা ৫।।/১১ টাকা বাকির জন্য নিলাম হইবে।

৪৭৭ নং ডিহি শ্যামপুর পং রাজপুর রেজিষ্টরির লিখিত মালিক কালাচাঁদ চক্রবর্ত্তী সদর জমা ৩,৬৫২৲২ টাকার মধ্যে ১৮৬৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাবে ৪৭৭।৭ নং তৌজি সখিমণী দেব্যার নামে লেখা যায় তাহার সদর জমা ৫৩৭৸/০ টাকা বাকি খাজানা ৮৸৶ টাকা বাকির জন্য নিলাম হইবে।

৪৮৫ নং ডিঃ সরিণ্যা পং বেলগাঁ রেজিষ্টরির লিখিত মালিক লক্ষ্মী নারায়ণ মজুমদার দিগর সদর জমা ১৫৩৩৶৮ টাকা ও পোলিস ১৮।।/৮ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমত স্বতন্ত্র হিসাবে ২৸৶৯ টাকা ও পোলিস ৲৯ পাই দ্বারকানাথ বিশ্বাসের নামে লেখা যায় তদ্বাদে অবশিষ্ট অংশ ৪৮২।০ নং তৌজি সদর জমা ১৫৩০৶১১ টাকা ও পোলিস ১৮।।১১ টাকা কালীনাথ ও লক্ষ্মীনারায়ণ মজুমদার-দিগরের নামে লেখা যায় তাহার বাকি খাজানা ।।৬ আনা বাকির জন্য নিলাম হইবে।

৪৯০ নং ডিং সামটা পং মূলঘড় রেজিষ্টরির লিখিত মালিক মাধবচন্দ্র পাল দিগর সদর জমা ৪১৫৪৶৪ টাকা ও পোলিস ৪৫।৶৬ টাকা মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে ৪৯০।১ নং তৌজি রাজকুমারী দাসী চৌধুরাণী স্বতন্ত্র হিসাবে সদর জমা ২০৭৭/২ টাকা ও পোলিস ২২।।৶৯ টাকা তদ্বাদে অবশিষ্ট অংশ ৪৯০।০ নং তৌজি যাহার সদর জমা ২০৭৭/২ টাকা ও পোলিস ২২।।৶৯ টাকা মাধবচন্দ্র পাল নামে লেখা যায় তাহার বাকি খাজনা ৫১৬৲ টাকা ও পোলিস ১১/১১ টাকা বাকির জন্য নিলাম হইবে

৩১৯২ নং পং ভড় ফতেজঙ্গপুর পং ভড় ফতেজঙ্গপুর রেজিষ্টরির লিখিত মালিক শীতলচন্দ্র ঘোষ-দিগর সদর জমা ২৪৩৩/০ টাকার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র হিসাবে ১১৬৯৲ টাকা পঞ্চানন ঘোষ দিগরের নামে লেখা যায় তদ্বাদে অবশিষ্ট অংশ ৩১৯২।০ নং তৌজি সদর জমা ১২৬৪/০ টাকা শীতলচন্দ্র ঘোষ দিগরের নামে লেখা যায় তাহার বাকি খাজানা ২৫০৸/৭ টাকা বাকির জন্য নিলাম হইবে।

C. C. STEVENS,
Collector.

[*Government Gazette*, 22nd *May* 1877.]

জিলা ২৪ পরগণা ।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জেলা ২৪ পরগণা এই যে,

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৭৭ সালের ২৮ মার্চ কিস্তির মালগুজারির বাকী বাবত ইংরাজি সন ১৮৭৭ সালের ১৬ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৮৪ সাল ৩ আষাঢ় রোজ শনিবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৭৭ সাল তারিখ ৩ মে মোতাবেক সন ১২৮৪ সাল তারিখ ২৩ বৈশাখ ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ।

৫৯৮ নং　কিঃ পরগনে বালিয়া কিঃ বালিয়া লিখিত মালিক পার্ব্বতীনাথ মুস্তফী ওগয়রহ সদর জমা কোম্পানি ৯৩৭।⁄১১ টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ⁄০ আনা রকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালিতে পার্ব্বতীনাথ মুস্তফী ওগয়রহের নামে ৶৵০ আনার কাত সদর জমা কোং ৮২০।১ টাকা তাহার সন ১২৮৩ সালের লাং ফাল্গুন কিস্তি সন ১৮৭৭ সালের ২৮ মার্চ পর্য্যন্ত আদায় বাদে ২৮⁄৩ টাকা বাকী হওয়ায় নিলামে ধরা গেল ।

৬১৮ নং　কিঃ পরগনে বালিয়া তরফ শ্রীকৃষ্ণপুর লিখিত মালিক রামধন বসু ওগয়রহ সদর জমা কোং মায় পোলীস থানাদারি ১১৪১৮১ টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৴৩॥⁄১৮৮৶ আনা রকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালিতে রামধন বসু ওগয়রহের নামে ॥৶১৬৶১⁄ আনার কাত সদর জমা কোং মায় পোলীস থানাদারি ৭৭২৭৮ টাকা তাহার সন ১২৮৩ সালের লাং ফালগুন কিস্তি সন ১৮৭৭ সালের ২৮ মার্চ পর্য্যন্ত আদায় বাদে ৫০⁄ টাকা বাকী হওয়ায় নিলামে ধরা গেল ।

৬৫৮ নং　কিঃ পরগনে বালিয়া তরফ শ্রীকৃষ্ণপুর লিখিত মালিক রামধন বসু ওগয়রহ সদর জমা কোং মায় পোলীস থানাদারি ১১৪১৮১ টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে মালিক পতিতচন্দ্র সাউর নামে স্বতন্ত্র হিসাব ৶১৩।৶ আনার কাত সদর জমা কোং মায় পোলীস থানাদারি ২৬২৭৫ টাকা তাহার সন ১২৮৩ সালের লাং ফালগুন কিস্তি সন ১৮৭৭ সালের ২৮ মার্চ পর্য্যন্ত আদায় বাদে ৭৪॥৶৮ টাকা বাকী হওয়ায় নিলামে ধরা গেল ।

২৩৬৯ নং　পরগনে দাতিয়াওঃ কিঃ দাতিয়াওঃ লিখিত মালিক জয়গোপাল পাল চৌধুরী ও সদর জমা কোম্পানি ৪৭৩২২।⁄৬। টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ॥১৬৮=⁄১২।৶ আনার রকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালিতে জয়গোপাল পাল চৌধুরী ওং নামে ।৶২৮–৶৭।৶ আনার কাত সদর জমা কোং ২১১৪৪॥৬৮ টাকা তাহার সন ১২৮৩ সালের লাং ফাল্গুন কিস্তি সন ১৮৭৭ সালের ২৮ মার্চ পর্য্যন্ত আদায় বাদে ২২২।⁄৭৮ টাকা বাকী হওয়ায় নিলামে ধরা গেল ।

R. H. Wilson,
Offg. Collector.

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

IN the matter of NARAIN DOSS, an Insolvent.

NOTICE is hereby given that Tuesday, the 5th day of June next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 19th day of March 1874 until the 30th day of April last, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent, will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

A. B. MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
Calcutta, 14*th May* 1877.

The like Notice. In the matter of SYUD AMEER ALI, an Insolvent, wherein the account of the Official Assignee, from 16th June 1876 to 30th April last, has been filed in the Chief Clerk's Office.

A. B. MILLER,
Official Assignee.
(7—1)

IN the matter of WOOMES CHUNDER BONNERJEE (G. DE LEEMANS & Co.), an Insolvent.

On Tuesday, the 1st day of May instant, upon the application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do, from and out of the sum of Rs. 8,628-2-1 in his hands, pay a dividend at the rate of Rs. 18 per cent. (which will amount to the sum of Rs. 7,055-5-3) upon the several claims admitted on the schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee, notice whereof is hereby given.

A. B. MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
Calcutta, 12*th May* 1877.

The like Notice. In the matter of NICHOLAS MALCOLM GASPER, an Insolvent, wherein it was amongst other things ordered that out of Rs. 1,816-5 the Official Assignee do pay a dividend at Rs. 10 per cent. (amounting to Rs. 1,408-8).

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of CHARLES WILLIAM SALIZ and another (BRUNET SALIZ LATAPIE), Insolvents, wherein it was amongst other things ordered that out of Rs. 2,381-2-2 the Official Assignee do pay a dividend at Re. 1-8 per cent. (amounting to Rs. 1,561-1-11)..

A. B. MILLER,
Official Assignee.

[*Government Gazette*, 22*nd May* 1877.]

যোত্রহীনের আদালত।

কলিকাতার যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন নারায়ণ দাসের বিষয়ে।

এই সম্বাদ দেওয়া গেল যে আগামি জুন মাসের ৫ তারিখ মঙ্গলবার ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের পুনশ্চ শুনানি হইবে। ও এ বিষয়ে ১৮৭৪ সালের মার্চ মাসের ১৯ তারিখ অবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত আসৈনী সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব অর্পণ করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের আফিসে দেখা যাইতে পারিবে। কোন মহাজন কিম্বা এই বিষয়ে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহিলে, শ্রবণের দিনের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের আফিসে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনী সাহেবের আফিস,
কলিকাতা, ১৮৭৭ সাল ১৪ মে।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন সৈয়দ আমীর আলির বিষয়ে সেই প্রকারের সংবাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৭৬ সালের জুন মাসের ১৬ তারিখঅবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত সরকারী আসৈনী সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের (জি, ডিলিমান্স কোম্পানির) বিষয়ে।

আসৈনী সাহেব চলিত সালের মে মাসের ১ তারিখ মঙ্গলবারে প্রার্থনা করাতে এই আজ্ঞা হইয়াছে যে, উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া স্বীকার করা গেল, তাহা উক্ত আসৈনী সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৮,৬৮৮/১ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১৮৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৭,০৫৫।/৩ টাকা ডিবিডেণ্ড দেন, ইহার সংবাদ দেওয়া গেল।

সরকারী আসৈনী সাহেবের আফিস,
কলিকাতা, ১৮৭৭ সাল ১২ মে।

এ, বি, মিলর,
সরকারা আসৈনী।

যোত্রহীন নিকলাস মালকম গাম্পার সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ১৮১৬।/ টাকাহইতে সরকারী আসাইনী সাহেব শতকরা ১৮৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ১৪০৮।। টাকা ডিবিডেণ্ড দেন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন চার্লস উইলিয়ম সালিজ ও (ক্রনেট সালিজ ও লাতাপি) ও অন্যের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ২৬৮৯৷২ টাকাহইতে সরকারী আসাইনী সাহেব শতকরা ১।। টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ১৫৬১/১১ টাকা ডিবিডেণ্ড দেন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২২ মে।]

The like Notice. In the matter of JAMES HILL (BARHAM HILL & Co.), an Insolvent, wherein it was amongst other things ordered that out of Rs. 5,724-5-9 the Official Assignee do pay a dividend at Re. 1-4 per cent. (amounting to Rs. 3,940-7-5).

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of GEORGE URE ADAM (ADAM SCOTT & Co.) an Insolvent, wherein it was amongst other things ordered that out of Rs. 4,248-13-2 the Official Assignee do pay a dividend at 8 annas per cent. (amounting to Rs. 3,165-7).

A. B MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of ALEXANDER COLVIN and others (COLVIN & Co.), Insolvents, wherein it was amongst other things ordered that out of Rs. 16,539-13-6 the Official Assignee do pay a dividend at 2 annas and 6 pie per cent. (amounting to Rs. 14,324-5-7).

A. B. MILLER,
Official Assignee.
(8—1)

Rates of Subscription to the Bengali Government Gazette,
FROM 1ST JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage	... ...	Rs.	10	0	0
Ditto, with postage	... ...	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount.

দেওয়ালিয়া আদালত।

দেওয়ালিয়া জেমস্ হিল (বায়হার্ষ হিল কোম্পানির) বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৫,৭২৫।/৯ টাকাহইতে সরকারী আসৈনী সাহেব শতকরা ১।৺ আনার হিসাবে সর্ব্বসুদ্ধ ৩,৯১৪০।৶৩ টাকা ডিবিডেণ্ড দেন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

দেওয়ালিয়া জন ইউর আডাম (আডাম স্কট কোম্পানির) বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৪,২৪৮৵১ টাকাহইতে সরকারী আসাইনী সাহেব শতকরা ।।৹ আনার হিসাবে সর্ব্বসুদ্ধ ৩১৬৫।৶ টাকা ডিবিডেণ্ড দেন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

দেওয়ালিয়া আলেক্‌জাণ্ডর কলবিন প্রভৃতির (কলবিন কোম্পানির) বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ১৬,৫৩৯৵৬ টাকাহইতে সরকারী আসৈনী সাহেব শতকরা ৵৬ পাই হিসাবে সর্ব্বসুদ্ধ ১৪,৩২৪।/৭ টাকা ডিবিডেণ্ড দেন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের ... ... ১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ ... ... ১২।।০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের এক২ খান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২২ মে।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এড্‌উইন্ মরিস্ লুইস্ সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1974 ১৯৭৪

[REGISTERED No. 10.]

TUESDAY, MAY 29, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৯ মে।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 16th May 1877.

No. 21.—In exercise of the power conferred by the Statute 24 & 25 Vic., cap. 67, section 17, the Governor-General in Council has been pleased to appoint Wednesday, the 30th instant, at noon, as the time, and the Council Chamber in the Government House, Simla, as the place, for a meeting of the Council of the Governor-General for the purpose of making Laws and Regulations.

A. Phillips,
Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—Establishments.

Simla, the 15th May 1877.

No. 424.—The Hon'ble C. Pontifex, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, reported his departure from India per steamer *Nepaul,* which was left by the Pilot at sea on the 5th ultimo.

No. 426.—The Hon'ble F. B. Kemp, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, reported his departure from India per steamer *Mira,* which was left by the Pilot at sea on the 15th ultimo.

The 18th May 1877.

No. 441.—Mr. F. G. Millett is permitted to resign Her Majesty's Bengal Civil Service.

Arthur Howell,
Offg. Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.—Establishment.

Simla, the 14th May 1877.

No. 221.—Major J. G. Forbes, R.E., Superintending Engineer, 1st Grade (temporary rank), is appointed to officiate as Chief Engineer 3rd class and Joint Secretary to the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, during the absence of Colonel Haig, R.E., on privilege leave, or until further orders.

The 18th May 1877.

No. 235.—With reference to Public Works Department Resolution No. 91—93 E. R., dated 28th February 1877, the Governor-General in Council is pleased to make the following provisional appointments and postings in the Railway Branch of the Public Works Department:—

Lieutenant G. F. Wilson, R.E., Assistant Engineer, 2nd Grade, Tirhoot State Railway, is appointed to be an Assistant Director of State Railways, and is posted to the North-Eastern System.

Captain E. A. Trevor, R.E., Examiner of Accounts, Northern Bengal State Railway, is appointed Examiner of Accounts, North-Eastern System of State Railways, with direct charge of the Northern Bengal Railway.

[*Government Gazette, 29th May* 1877.]

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১৬ মে।

২১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব, মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১৭ ধারার দত্ত ক্ষমতাক্রমে কার্য্যকরত এই মাসের ৩০ তারিখ বুধবার দুই প্রহরের সময় ও সিমলাস্থ গবর্ণমেণ্টের মন্ত্রিসভাগৃহ আইন ও ব্যবস্থা প্রণয়ণনার্থ শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার অধিবেশনের সময় ও স্থান বলিয়া নির্ণয় করিলেন।

এ, ফিলিপস্
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১৫ মে।

৪২৪ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ মান্যবর শ্রীযুত সি. পন্টিফেক্স সাহেব নেপাল নামক ষ্টীমরে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন। আড়কাটী সাহেব গত মাসের ৫ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

৪২৬ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ, মান্যবর শ্রীযুত এফ, বি, কেম্প সাহেব, মাইরা নামক ষ্টীমরে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন। আড়কাটী সাহেব গত মাসের ১২ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৭৭ সাল ১৮ মে।

৪৪১ নম্বর।—শ্রীযুত এফ, জি, মিলেট সাহেব শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

আর্থর হৌয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তাবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১৪ মে।

২২১ নম্বর।—শ্রীযুত কর্ণেল হেগ, আর, ই, সাহেবের অনুগ্রহের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত প্রথম শ্রেণীর কিয়ৎকালীন সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, জি, ফর্ব্বস সাহেব, আর, ই, তৃতীয় শ্রেণীর চীফ ইঞ্জিনিয়রের ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার জাইণ্ট সেক্রেটরীর কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৮ মে।

২৩৫ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৭ সালের ২৮ ফেব্রুয়ারির ৯১—৯৩ নং ই, আর, নির্দ্ধারণের উপলক্ষে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখায় নিম্নলিখিত কিয়ৎকালীন নিয়োগ ও অবস্থিতির আজ্ঞা করিলেন।

ত্রিহুত ষ্টেট রেলওয়ের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র, লেপ্টেনেণ্ট শ্রীযুত জি, এফ, উইলসন সাহেব, আর, ই, ষ্টেট রেলওয়ে সমূহের আসিষ্টাণ্ট ডৈরেকটরের পদে নিযুক্ত হইয়া উত্তরপূর্ব্বদিগের রেলওয়েতে অবস্থিত হইলেন।

বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের হিসাব পরীক্ষক কাপ্তান শ্রীযুত ই, এ, ট্রেবর সাহেব, আর, ই, উত্তর পূর্ব্বদিগের রেলওয়ের হিসাব পরীক্ষকের পদে নিযুক্ত হইয়া বঙ্গদেশের উত্তরদিগের রেলওয়ের কার্য্যের ভার প্রাপ্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

No. 237.—With reference to Financial Department Notification No. 195, dated 27th April 1877, and to Public Works Department Notification No. 235 of this date, Lieutenant-Colonel F. S. Stanton, R.E., Assoc. Inst. C. E., Officiating Director of State Railways, North-Eastern System, will also officiate as Joint Secretary to the Government of Bengal in the Public Works Department for State Railways under that Government.

No. 239.—Captain H. W. Clarke, R.E., Executive Engineer, 3rd Grade, Officiating Deputy Consulting Engineer to the Government of India for Guaranteed Railways, Sindh, is transferred in the same capacity to Calcutta.

Captain R. A. Sargeaunt, R.E., Examiner, 2nd Class, 2nd Grade, and Examiner of Guaranteed Railway Accounts, Calcutta, is appointed to officiate as a Deputy Consulting Engineer to the Government of India for Guaranteed Railways, and is posted to Calcutta.

No 240.—Baboo Ram Gotty Mookerjee, Manager of the Calcutta and South-Eastern and the Nulhattie State Railways, is brought on the strength of the State Railway Revenue Establishment in Class IV.

W. A. CROMMELIN, *Major Genl., R.E.*,
Secy. to the Govt. of India.

২৩৭ নম্বর।—উত্তর-পূর্ব্বদিগের ষ্টেট রেলওয়ের একটিং ডৈরেক্টর ও রয়েল ইঞ্জিনিয়রিং আসোসিএসন ইনিষ্টিট্যুশনের সিবিল ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এফ, এস, ষ্টান্টন সাহেব, আর, ই, ফিনান্শাল ডিপার্টমেণ্টের ১৮৭৭ সালের ২৭ আপ্রিলের ১৯১ নং বিজ্ঞাপনের ও পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের অদ্যকার তারিখের ২৩৫ নং বিজ্ঞাপনের উপলক্ষে বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীনে ঐ গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর কর্ম্ম করণার্থেও নিযুক্ত হইলেন।

২৩৯ নম্বর।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র ও সিন্ধু গারাণ্টিড রেলওয়ের পক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ডেপুটী কন্সল্টিং ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এচ, ডবলিউ, ক্লার্ক সাহেব, আর, ই, সেই ক্ষমতার্বিশিষ্ট হইয়া কলিকাতায় প্রেরিত হইলেন।

দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় সম্প্রদায়ের হিসাব পরীক্ষক ও কলিকাতার গারাণ্টিড রেলওয়ের হিসাব পরীক্ষক কাপ্তান শ্রীযুত আর, এ, সর্জেণ্ট সাহেব, আর, ই, গারাণ্টিড রেলওয়ে সমূহের পক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী কন্সল্টিং ইঞ্জিনিয়রের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া কলিকাতায় অবস্থিত হইলেন।

২৪০ নম্বর।—কলিকাতা ও দক্ষিণপূর্ব্ব ও নলহাটী ষ্টেট রেলওয়ের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু রামগতি মুখোপাধ্যায় ষ্টেট রেলওয়ের রাজস্ব সিরিশতার চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

ডবলিউ, এ, ক্রমেলিন, মেজর-জেনরল, আর, ই,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 29, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৯ মে।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2986A.

GENERAL.—*The 13th May* 1877.—The orders of the 7th instant, granting three months' privilege leave of absence to Mr. E. H. Whinfield, Magistrate and Collector of Burdwan, are cancelled.

The 14th May 1877.—In supersession of the orders of the 13th February 1877, Mr. L. R. Tottenham, District and Sessions Judge, Midnapore, is allowed furlough for a period of eight months, under Section 12 of the Civil Leave Code, together with subsidiary leave not exceeding ten days, under Section 24 of the Code, with effect from the 11th May 1877.

Moulvi Dulleelooddeen, Deputy Magistrate and Deputy Collector, Patna, is allowed leave for six months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 10th November last.

Baboo Dwarka Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Bogra, is transferred to Julpigoree.

The 15th May 1877.—Mr. H. A. D. Phillips, Assistant Magistrate and Collector, in charge of the Kendraparah division of the Cuttack district, is allowed leave for twelve days from the 25th June next, to enable him to attend the high proficiency examination in Ooriah to be held in Calcutta in July 1877.

Baboo Rutton Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Bagdogra division of the Rungpore district, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code.

The 16th May 1877.—Mr. S. S. Jones, Acting Assistant Commissioner, Hazareebagh, is vested, under Section 20 of Act XXII of 1864, with powers to try breaches of rules and regulations framed under Section 17 of the said Act in the Cantonment of Hazareebagh.

The 17th May 1877.—In supersession of the orders of the 12th March 1877, published in the *Calcutta Gazette* of the 14th idem, Mr. John Nugent, C.S., is allowed leave for six months, under Section 21, Chapter V of the Civil Leave Code, together with subsidiary leave for a period not exceeding thirty days, with effect from the 13th instant.

Baboo Petambur Banerjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, and is posted to Backergunge.

This cancels the orders of the 12th ultimo, appointing Mr. G. Dias to be temporarily a Sub-Deputy Collector in that district.

The 18th May 1877.—Mr. G. S. Park, Officiating Magistrate and Collector of Sarun, is confirmed in that appointment.

The 19th May 1877.—Captain E. W. Samuells, S.C., Assistant Superintendent of Revenue Survey, in charge of the 14th or Dearah Survey, is vested with the powers of a Deputy Collector under Act V (B.C.) of 1875 in the districts of Furreedpore, Backergunge, and Nuddea.

The 21st May 1877.—Mr. H. P. Wylly, Deputy Revenue Superintendent, Orissa, is vested with the powers of a Collector under Act X of 1870.

Baboo Juggo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, on being relieved of his special duty under the Public Works Department Irrigation Branch of this Government, is posted to Cuttack.

Mr. A. A. Ware, Officiating Joint-Magistrate and Deputy Collector, Bhagulpore, acted as Magistrate and Collector of that district from the 20th April to the 4th May 1877.

Mr. J. C. Veasey, C.S., reported his departure from India on furlough on the 15th instant.

Baboo Norendro Nath Chowdry, B.L., Officiating Deputy Magistrate and Deputy Collector, Patna, is posted to Sarun.

[*Government Gazette, 29th May* 1877.]

বঙ্গদেশের শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৯৮৩A. নম্বর।

সাধারণ।—১৮৭৭ সাল ১৩ মে।—বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই, এচ, উইলকিন্স সাহেব এই মাসের ৭ তারিখের আজ্ঞামতে যে তিন মাস অনুগ্রহের ছুটী পান তাহা রহিত করা গেল।

১৮৭৭ সাল ১৪ মে।—১৮৭৭ সালের ১৩ ফেব্রুয়ারির আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। মেদিনীপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এল, আর. টটনহাম সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে আট মাস নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ ধারামতে ১৮৭৭ সালের ১১ মে অবধি দশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন গত নবেম্বর মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় জলপাইগুড়িতে প্রেরিত হইলেন।

১৮৭৭ সাল ১৫ মে।—১৮৭৭ সালের জুলাই মাসে কলিকাতায় উড়িয়া ভাষার বিশেষ বিজ্ঞতার যে পরীক্ষা হ'বে তাহাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে কটক জিলার অন্তর্গত কেন্দ্রপাড়া মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, এ, ডি, ফিলিপস সাহেব আগামি জুন মাসের ২৫ তারিখ অবধি বার দিন ছুটী পাইয়াছেন।

রঙ্গপুর জিলার অন্তর্গত বাগদোগরা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতন লাল ঘোষ সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ১৬ মে।—হাজারাবাগের একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এস, এস, জোন্স সাহেব, হাজারীবাগ সেনানিবেশে ১৮৬৪ সালের ২২ আইনের ১৭ ধারামতে প্রণীত বিধি ও ব্যবস্থা লঙ্ঘনের বিচার করণার্থে উক্ত আইনের ২০ ধারামতে ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৭ সাল ১৭ মে।—১৮৭৭ সালের ২০ মার্চের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঐ মাসের ১২ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত জান নুজেণ্ট সাহেব, সি, এস, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ২১ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন এই মাসের ১৩ তারিখ অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু পীতাম্বর বন্দোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া বাকরগঞ্জে অবস্থিত হইলেন।

শ্রীযুত জি, ডায়স সাহেব কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলায় সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন গত মাসের ১২ তারিখের এই আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৭ সাল ১৮ মে।—সারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি, এস, পার্ক সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন

১৮৭৭ সাল ১৯ মে।—১৪ শ অর্থাৎ দিয়ারা জরীপীকার্য্যের অধ্যক্ষতাভারপ্রাপ্ত রাজস্বের জরীপী কার্য্যের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট, কাপ্তান শ্রীযুত ই, ডবলিউ সামুয়েলস সাহেব, এস, সি, ফরীদপুর, বাকরগঞ্জ ও নদীয়া জিলায় ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৭ সাল ২১ মে।—উড়িষ্যার রাজস্বের ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, পি, উইলী সাহেব ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্ট শ্রীযুত বাবু জগন্মোহন রায়, এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপাটমেণ্টের জলসেচন শাখার স্বীয় বিশেষ কার্য্য অন্যের প্রতি অর্পণ করিলে কটকে অবস্থিত হইবেন।

ভাগলপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, এ, ওয়েস সাহেব ১৮৭৭ সালের ২০ আপ্রিল অবধি ৪ মে পর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত জে, সি, বীমস সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১২ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

পাটনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নরেন্দ্রনাথ চৌধুরী, বি, এল, সারণে অবস্থিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

The 22nd May 1877.—The following notification is substituted for that published in the *Calcutta Gazette* of the 2nd instant:—

Mr. H. W. Mackenzie, Deputy Magistrate and Deputy Collector, on special duty, is appointed to settle the boundary disputes connected with the survey of the Chota Nagpore and Burkagurh estates.

Mr. J. S. Drummond, C.S., has been allowed extension of leave for six months, on medical certificate, by the Right Hon'ble the Secretary of State.

Baboo Poresh Nath Sukul, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871.

The following notification is substituted for that published in the *Calcutta Gazette* of the 4th April 1877:—

The 2nd April 1877.—Mr. S. S. Jones, B.A., Officiating Assistant Commissioner, Manbhoom, is transferred to Hazareebagh.

The 22nd May 1877.—Mr. H. B. Lawford, Acting District and Sessions Judge, 24-Pergunnahs, is appointed, under Section 3 of Act X of 1870, to perform the functions of a Judge in the town of Calcutta for the purpose of disposing of cases of land acquisition under the provisions of that Act.

POLICE.—*The 18th May* 1877.—Mr. L. E. F Tonnerre acted as an Assistant Superintendent of Police from the 2nd October to 24th November 1876.

The 21st May 1877.—Mr. W. P. Davis, District Superintendent of Police, Hazareebagh, reported his departure from India on furlough on the 30th April 1877.

The 22nd May 1877.—Baboo Nobo Kristo Ghose, Officiating Assistant Superintendent of Police, 24-Pergunnahs, having returned to duty on the forenoon of the 11th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 24th February last is cancelled.

ECCLESIASTICAL.—*The 17th May* 1877.—The Rev. Shem Sahu is authorised to grant certificates of marriage between persons who are Native Christians under Clause 5, Section 5 of Act XV of 1872.

REGISTRATION —*The 18th May* 1877.—The Sub-Divisional Officer of Dukhin Shabazpore is also appointed to be Sub-Registrar of Dowlutkhan as a temporary arrangement.

EDUCATION.—*The 17th May* 1877.—Baboo Dwarka Nath Sen, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a member of the District School Committee of Beerbhoom, *vice* Baboo Gour Das Bysack, transferred.

OPIUM.—*The 15th May* 1877.—Mr. C. L. Harrison, Sub-Deputy Opium Agent, now officiating at Gya, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 16th instant, or any subsequent date on which he may avail himself of it.

Mr. C. E. S. Innes, Assistant Sub-Deputy Opium Agent, Tehta, is appointed to act as Sub-Deputy Opium Agent of Gya during the absence, on leave, of Mr. C. L. Harrison, or until further orders.

The 22nd May 1877.—The orders of the 21st April 1877, published in the *Calcutta Gazette* of 25th idem, appointing Mr. G. Nicholson to officiate as an Assistant Sub-Deputy Opium Agent, will have effect from 9th March last, the date on which he relieved Mr. Porcelli.

Mr. C. A. C. Gennoe, Assistant Sub-Deputy Opium Agent, having reported his arrival at the Benares Agency on the 27th April 1877, the unexpired portion of the leave granted to him under orders dated 20th February last is cancelled.

FORESTS.—*The 21st May* 1877.—Mr. W. G. Green, Officiating Sub-Assistant Conservator of Forests, is posted to the Chittagong Forest Division.

MEDICAL.—*The 17th May* 1877.—Baboo Raj Chunder Sandyal, Moonsif of Tumlook, is appointed to be a member of the Committee for the management of the charitable dispensary at Tumlook, *vice* Baboo Grish Chunder Chatterjee, transferred.

[*Government Gazette, 29th May* 1877.]

১৮৭৭ সাল ২২ মে।—এই মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত জ্ঞাপনপত্রের পরিবর্ত্তে নিম্নলিখিত জ্ঞাপনপত্র দেওয়া গেল।

বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ, মাকেঞ্জি সাহেব ছোটনাগপুর ও বরকাগড় ইষ্টেটের জরীপী কার্য্যসংক্রান্ত সীমা বিষয়ক বিবাদ নিষ্পত্তি করণার্থে নিযুক্ত হইলেন।

মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব শ্রীযুত জে, এস, ড্রমণ্ড সি, এস, সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর ছয় মাস ছুটী দিয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পরেশনাথ স্কুল, ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৭ সালের ১০ আপ্রিলের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত জ্ঞাপনপত্রের পরিবর্ত্তে নিম্নলিখিত জ্ঞাপনপত্র দেওয়া গেল।

১৮৭৭ সাল ২ আপ্রিল।—মানভূমের একটিং আসিষ্টাণ্ট কমিশনর শ্রীযুত এস, এস, জোন্স, সাহেব, বি, এ, হাজারীবাগে প্রেরিত হইলেন।

১৮৭৭ সাল ২২ মে।—২৪ পরগনার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এচ, সি, লাফর্ড সাহেব ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে ভূমি গ্রহণ বিষয়ক মোকদ্দমা নিষ্পত্তি করণার্থে উক্ত আইনের ৩ ধারামতে কলিকাতা নগরে জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

পোলীস।—১৮৭৭ সাল ১৮ মে।—শ্রীযুত এল, ই, এফ, টমেস সাহেব. ১৮৭৬ সালের ২ অক্টোবর অবধি ২৪ নবেম্বর পর্য্যন্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিয়াছেন।

১৮৭৭ সাল ২১ মে।—হাজারীবাগের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, পি, ডেবিস্ সাহেব, নিয়মিত ছুটী লইয়া ১৮৭৭ সালের ৩০ আপ্রিলে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

১৮৭৭ সাল ২২ মে।—২৪ পরগনার পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু নবকৃষ্ণ ঘোষ এই মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ফেব্রুয়ারি মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

ধর্ম্মকার্য্যসম্পর্কীয়।—১৮৭৭ সাল ১৭ মে।—পাদরী শ্রীযুত শেম সাহু খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইয়াছেন।

রেজিষ্টরী করণ।—১৮৭৭ সাল ১৮ মে।—দক্ষিণ সাবাজপুর মহকুমার কর্ত্তৃপক্ষ কিয়ৎকালের নিমিত্তে দৌলৎখাঁর সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

শিক্ষাসম্পর্কীয়।—১৮৭৭ সাল ১৭ মে।—শ্রীযুত বাবু গৌরদাস বসাক স্থানান্তরে নিযুক্ত হওয়াতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ সেন, বীরভূম জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

আফীম।—১৮৭৭ সাল ১৫ মে।—সম্প্রতি গয়ার একটিংরূপে কর্ম্মকারি আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এল, হারিসন সাহেব, এই মাসের ১০ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সি, এল, হারিসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তেহতার আফীমের আসিষ্টাণ্ট সব ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, ই, এস, ইনিস সাহেব গয়ার আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ২২ মে।—শ্রীযুত জি, নিকলসন সাহেব গত মার্চ মাসের ৯ তারিখ অবধি অর্থাৎ শ্রীযুত পর্সেলি সাহেবের প্রতি কর্ম্মের ভারাপণের তারিখ অবধি আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন এই মাসের ১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ১৮৭৭ সালের ২১ আপ্রিলের এই আজ্ঞা সফল হইবে।

আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এ, সি, জেমো সাহেব ১৮৭৭ সালের ২৭ আপ্রিলে বাণারস এজেন্টীতে পঁহুছিয়াছেন রিপোর্ট করাতে গত ফেব্রুয়ারি মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

বনবিষয়ক।—১৮৭৭ সাল ২১ মে।—একটিং সব-আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত ডবলিউ, জি, গ্রীন সাহেব, চট্টগ্রাম বনখণ্ডে অবস্থিত হইলেন।

চিকিৎসাবিষয়ক।—১৮৭৭ সাল ১৭ মে।—শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায় স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তমলুকের মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্যাল, তমলুকস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

The 22nd May 1877.—Assistant Surgeon Grish Chunder Dutt, attached to the Beauleah Charitable Dispensary, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

Assistant Surgeon Sudrool Huq, a supernumerary at the Presidency, is appointed temporarily to have medical charge of the Beauleah Charitable Dispensary during the absence, on leave, of Assistant Surgeon Grish Chunder Dutt.

Economic Museum.—*The 22nd May* 1877.—Mr. R. Cornish, c. s., is appointed to be Vice-Chairman of the Mozufferpore Economic Museum Committee.

Municipal.—*The 8th May* 1877.—Baboo Gopal Chunder Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, is appointed to be Controlling and Registering Officer under Section 2, Act V (B.C.) of 1876 (the Hackney Carriage Act), within the Municipality of Hooghly and Chinsurah.

The Lieutenant-Governor approves the election, by the Commissioners for the Municipality of Revelgunge, in the district of Sarun, of Mr. H. G. Cooke, Officiating Joint-Magistrate and Deputy Collector, as their Vice-Chairman for the year 1877-78.

The 9th May 1877.—The following gentlemen are appointed to be Commissioners for the Municipality of Barripore, in the district of 24-Pergunnahs :—

Baboo Thacoordass Roy Chowdhry, Zemindar, *vice* Baboo Bassanto Coomar Roy Chowdhry.

Baboo Taruck Nath Sircar, Head-Master, Barripore English School, *vice* Baboo Mohesh Chunder Ghose.

Baboo Indra Narain Banerjee, Native Doctor, *vice* Baboo Umbica Churn Bose.

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Municipality of Bhuddessur, in the Hooghly district, of Baboo Raj Kishen Banerjee as their Vice-Chairman for the year 1877-78.

The 14th May 1877.—The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Municipality of Mozufferpore of Mr. R. Cornish, Officiating Joint-Magistrate and Deputy Collector, as their Vice-Chairman, *vice* Mr. A. C. Tute, transferred.

The following gentlemen are appointed to be Municipal Commissioners for the Mozufferpore Municipality :—

Moonshee Mahomed Bakur.
Sheik Bahadur Hossein.
Moonshee Sitaram.

Baboo Harungi Missir, the Agent for the Dulhin Sahib of Bettiah, is appointed to be a Commissioner for the Municipality of Bettiah, in the Chumparun district.

Road Cess.—*The 14th May* 1877.—The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Nursingpore, in the district of Tipperah, under Section 76 of Act X (B.C.) of 1871, for the purpose of giving effect to the provisions of the Act :—

Baboo Otool Chunder Ghose, Moonsif of Toobkibagrah, *Chairman*.
„ Goluck Chunder Roy, Zemindar, *Vice-Chairman*.

Members.

Baboo Prosano Koomar Chatterjea, Sub-Inspector of Police.
„ Jaga Bandhu Gupta, Rural Sub-Registrar.
„ Raj Coomar Roy, Zemindar.
„ Gobind Chunder Bose, Zemindar.
„ Bhicary Lal Thacoor, Ijaradar and Trader.
„ Goluck Chunder Guha, Zemindar's Naib.
„ Srinath Dass, Zemindar's Manager.
Bakhur Mullah, Ryot.

[*Government Gazette, 29th May* 1877.]

১৮৭৭ সাল ২২ মে।—বোয়ালিয়ার দাতব্য ঔষধালয়ে নিযুক্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত গিরীশচন্দ্র দত্ত, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল দাক্তারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত গিরীশচন্দ্র দত্তের অনুপস্থানকালে রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সুরুল হক্ কিয়ৎকালের নিমিত্তে বোয়ালিয়ার দাতব্য ঔষধালয়ের চিকিৎসা কার্য্যের ভারগ্রহণার্থ নিযুক্ত হইলেন।

ইকনমিক মিউসিয়ম বিষয়ক।—১৮৭৭ সাল ২২ মে।—শ্রীযুত আর, কর্ণিস সাহেব, সি, এস, মজঃফরপুরের ইকনমিক মিউসিয়ম কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

মুনিসিপল।—১৮৭৭ সাল ৮ মে।—একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর, শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় ছকড়া গাড়ীর আইন বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২ ধারামতে হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর মধ্যে তত্ত্বাবধারণ ও রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ হইবেন।

সারণ জিলার অন্তর্গত রেবেলগঞ্জ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জি, কুক সাহেবকে ১৮৭৭।৭৮ সালের নিমিত্তে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৭৭ সাল ৯ মে।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগণা জিলার অন্তর্গত বারুইপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বসন্তকুমার রায় চৌধুরীর পরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু ঠাকুরদাস রায় চৌধুরী।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র ঘোষের পরিবর্ত্তে বারুইপুরের ইংরেজী স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু তারকনাথ সরকার।

শ্রীযুত বাবু অম্বিকাচরণ বসুর পরিবর্ত্তে নেটিব ডাক্তর শ্রীযুত বাবু ইন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায়।

হুগলী জিলার অন্তর্গত ভদ্রেশ্বর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়কে ১৮৭৭।৭৮ সালের নিমিত্তে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৭৭ সাল ১৪ মে।—শ্রীযুত এ, সি, টুট সাহেব স্থানান্তরে নিযুক্ত হওয়াতে মজঃফরপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর, কর্ণিস সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মজঃফরপুর মুনিসিপালিটীর মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুনশী মহম্মদ বাকের।	শ্রীযুত মুনশী সীতারাম।
,, সেখ বাহাদুর হুসেন।	

বেতিয়ার ডুলহিম্ সাহেবের এজেণ্ট শ্রীযুত বাবু হরজী মিশ্র, চাম্পারণ জিলার অন্তর্গত বেতিয়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পথকর।—১৮৭৭ সাল ১৪ মে।—নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধানের কার্য্যপক্ষে উক্ত আইনের ৭৬ ধারামতে ত্রিপুরা জিলার অন্তর্গত নরসিংহপুরের শাখা পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

তুবকীবগড়ার মুনসেফ শ্রীযুত বাবু অতুলচন্দ্র ঘোষ, সভাপতি।

জমীদার শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায়, প্রতিনিধি সভাপতি।

মেম্বর

পোলীসের সব-ইন্সপেক্টর শ্রীযুত বাবু প্রসন্নকুমার চট্টোপাধ্যায়।

গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু জগবন্ধু গুপ্ত।

জমীদার শ্রীযুত বাবু রাজকুমার রায়।

,, ,, ,, গোবিন্দচন্দ্র বর্ণ।

ইজারদার ও ব্যবসায়ি শ্রীযুত বাবু ভিকারীলাল ঠাকুর।

জমীদারের নায়েব শ্রীযুত বাবু গোলোকচন্দ্র গুহ।

জমীদারের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু শ্রীনাথ দাস।

রায়ত শ্রীযুত বাকর মোল্লা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

Baboo Ram Doyal Dass, Government Pleader and Talookdar.
„ Nobin Chunder Chuckerberty, Head-Master, Nursingpore School.
„ Deno Nath Banerjea, Pleader and Talookdar.
„ Hurrish Chunder Chuckerberty, Peshkar.
„ Srinath Sen, Nazir.
„ Chunder Kishor Ghose, Pleader.
„ Prosono Coomar Mozoomdar, Sub-Inspector of Schools.
„ Chunder Kant Mozoomdar, Howladar.
Alimuddin Bapari, Ryot and Trader.
Sua Gazi Munshi, Ryot.
Baboo Muchi Ram Das, Ryot.
Burkotullah Patwary, Talookdar.
Baboo Puddo Lochun Shome, Talookdar and Tehsildar.
„ Kali Komul Roy, Ijaradar and Talookdar.
„ Horokant Thakoor, Guru or Religious Guide.
„ Annunda Chundra Mittra, Ijaradar.
Aminuddin Meah, Talookdar and Ryot.
Baboo Khettra Nath Bhuttacharjea, District Engineer of Tipperah.

The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Muradnagur, in the district of Tipperah, under Section 76 of Act X (B C.) of 1871, for the purpose of giving effect to the provisions of the Act:—

Baboo Behary Lall Mullick, First Moonsif, Panchpookhoriah, *Chairman.*
Moonshee Reazuddin, Rural Sub-Registrar, *Vice-Chairman.*

Members.

Baboo Joy Chundra Ghose, Pleader and Talookdar.
„ Shurrat Chundra Bhuttacharjee, Pleader.
„ Guru Dass Chowdhury, Government Pleader and Talookdar.
„ Uma Lochun Mozoomdar, Zemindar.
„ Sarup Chunder Dass, Zemindar.
„ Raj Chunder Chowdhury, Pleader.
„ Krishna Komal Dass, Pleader and Talookdar.
„ Nobo Kisor Sircar, Mooktear and Ryot.
„ Ram Doyal Roy, Zemindar.
„ Gour Kishore Kur, Pleader.
„ Doorga Churn Aich, Zemindar.
„ Aubhoy Churn Gangooly, Superintendent of the Estate of Baboo Mohini Mohun Dass.
„ Parbutty Churn Dass, Naib of Nawab Khaja Assanullah's Estate.
„ Augui Coomar Roy, Talookdar.
Shaik Karim Sircar, Ryot.
Moonshee Mahomed Wasak, Pleader and Talookdar.
„ Maniruddin, Ryot.
Baboo Surbeswar Roy, Zemindar.
„ Krishna Dhun Dass, Pleader and Talookdar.
„ Khettre Nath Bhuttacharjee, District Engineer of Tipperah.

The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Chaudogram, in the district of Tipperah, under Section 76 of Act X (B.C.) of 1871, for the purpose of giving effect to the provisions of the Act:—

Baboo Shamlal Haldar, Moonsif of Chaudogram, *Chairman.*
Moonshee Ausanulla, Sheristadar, *Vice-Chairman.*

Members.

Baboo Bissesur Roy, Pleader.
„ Chundra Coomar Ghose, Pleader.
„ Harrish Chandra Pal, Pleader.
„ Baikanto Nath Sen, Pleader.
„ Paurno Chandra Bardhun, Pleader.
„ Basanto Coomar Dutt, Pleader.

[*Government Gazette, 29th May* 1877.]

গবর্ণমেন্টের উকীল ও তালুকদার শ্রীযুক্ত বাবু রামদয়াল দাস।

নরসিংহপুর স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু নবীনচন্দ্র চক্রবর্ত্তী।

উকীল ও তালুকদার শ্রীযুত বাবু দীননাথ বন্দ্যোপাধ্যায়।

পেশকার শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র চক্রবর্ত্তী।

নাজীর শ্রীযুত বাবু শ্রীনাথ সেন।

উকীল শ্রীযুত বাবু চন্দ্রকিশোর ঘোষ।

স্কুল সমূহের সব-ইনস্পেক্টর শ্রীযুত বাবু প্রসন্নকুমার মজুমদার।

হাওলাদার শ্রীযুত বাবু চন্দ্রকান্ত মজুমদার।

রায়ত ও ব্যবসায়ি শ্রীযুত আলিমদ্দীন বেপারী।

রায়ত শ্রীযুত সুয়া গাজী মুনশী।

রায়ত শ্রীযুত বাবু মুচিরাম দাস।

তালুকদার শ্রীযুত বরকোতুল্লা পাটওয়ারী।

তালুকদার ও তহসীলদার শ্রীযুত বাবু পদ্মলোচন সোম।

ইজারদার ও তালুকদার শ্রীযুত বাবু কালীকমল রায়।

গুরুঠাকুর শ্রীযুত বাবু হরকান্ত ঠাকুর।

ইজারদার শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মিত্র।

তালুকদার ও রায়ত শ্রীযুত আমীরুদ্দীন মিঞা।

ত্রিপুরার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য।

নিম্নলিখি মহাশয়েরা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধানের কার্য্যপক্ষে উক্ত আইনের ৭৬ ধারামতে ত্রিপুরা জিলার অন্তর্গত মুরাদনগরের শাখাপথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

পাঁচপুকুরিয়ার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু বিহারীলাল মল্লিক, সভাপতি।

গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত মুনশী রেয়াজুদ্দীন, প্রতিনিধিসভাপতি।

মেম্বর।

উকীল ও তালুকদার শ্রীযুত বাবু জয়চন্দ্র ঘোষ।

উকীল শ্রীযুত বাবু শরচ্চন্দ্র ভট্টাচার্য্য।

গবর্ণমেন্টের উকীল ও তালুকদার শ্রীযুত বাবু গুরুদাস চৌধুরী।

জমীদার শ্রীযুত বাবু উমালোচন মজুমদার।

" " " স্বরূপচন্দ্র দাস

উকীল শ্রীযুত বাবু রাজচন্দ্র চৌধুরী।

উকীল ও তালুকদার শ্রীযুত বাবু কৃষ্ণকমল দাস।

মোক্তার ও রায়ত শ্রীযুত বাবু নবকিশোর সরকার।

জমীদার শ্রীযুত বাবু রামদয়াল রায়।

উকীল শ্রীযুত বাবু গৌরকিশোর কর।

জমীদার " " দুর্গাচরণ আইচ।

বাবু মোহিনীমোহন দাসের ইষ্টেটের সুপরিন্টেণ্ডের শ্রীযুত বাবু অভয়াচরণ গঙ্গোপাধ্যায়।

নবাব শ্রীযুত খাজা আশানুল্লার ইষ্টেটের নায়েব শ্রীযুত বাবু পার্ব্বতীচরণ দাস।

তালুকদার শ্রীযুত বাবু অগ্নিকুমার রায়।

রায়ত শ্রীযুত শেখ করিম সরকার।

উকীল ও তালুকদার শ্রীযুত মুনশী মহম্মদ ওয়াসক।

রায়ত শ্রীযুত মুনশী মণিরুদ্দীন।

জমীদার শ্রীযুত বাবু সর্ব্বেশ্বর রায়।

উকীল ও তালুকদার শ্রীযুত বাবু কৃষ্ণধন দাস।

ত্রিপুরার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধানের কার্য্যপক্ষে উক্ত আইনের ৭৬ ধারামতে ত্রিপুরা জিলার অন্তর্গত চৌদ্দ গ্রামের শাখাপথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

চৌদ্দ গ্রামের মুনসেফ শ্রীযুত বাবু শ্যামলাল হালদার, সভাপতি।

সিরিশ্তাদার শ্রীযুত মুনশী আসানুল্লা, প্রতিনিধি সভাপতি।

মেম্বর।

উকীল শ্রীযুত বাবু বিশ্বেশ্বর রায়।

ঐ " " চন্দ্রকুমার ঘোষ।

ঐ " " হরিশচন্দ্র পাল।

ঐ " " বৈকুণ্ঠনাথ সেন।

ঐ " " পূর্ণচন্দ্র বর্দ্ধন।

ঐ " " বসন্তকুমার দত্ত।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

Moonshee Anhamedulla, Head-Master for the time being.
Mahomed Monyar, Landholder.
Zinet Ali, Landholder.
Auhid Baksha Khordoker, Landholder.
Baboo Issan Chandar Chowdhury, Landholder.
Moonshee Maha Ali Mozoomdar, Landholder.
Baboo Gobhurdhun Lall Deshee, Landholder.
Moulvie Furidudeen, Marriage Sub-Registrar.
Fazal Islam, Sub-Registrar of Deeds.
Baboo Kristo Coomar Kar, Mooktear.
„ Harsondar Bardhun, Mooktear.
„ Nundo Coomar Chuckerbutty, Mohurrir and Inhabitant.
Moonshee Gozeenfarulla, Nazir.
Baboo Khettra Nath Bhuttacharjea, District Engineer of Tipperah.

The 16th May 1877.—Baboo Rojoni Nath Chatterjee, Manager of the Surjapur Estate, is appointed to be a member and Vice-Chairman of the Branch Road Cess Committee of the sub-division of Kishengunge, *vice* the Moonsif of Kishengunge.

Baboo Gunga Pershad Sahoo, Putnidar of Siktee, is appointed to be a member of the Branch Road Cess Committee of Arrareah.

Meer Kasim Ali, Malikdar in Bussuntpoor, is appointed to be a member and Vice-Chairman of the Arrareah Branch Road Cess Committee.

The 21st May 1877.—Mr. Anundoram Borooah, C.S., is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Burdwan, *vice* Mr. A. C. Brett.

The Senior Assistant to the Magistrate and Collector of Gya is appointed to be a member of the District Road Cess Committee of Gya.

ERRATA.—*The 21st May* 1877.—In the orders of the 12th April 1877, appointing certain gentlemen to be members of the Branch Road Cess Committee of Dukhin Shabazpore, in Backergunge, *for* "Rajjabali Molla, Mooktear," *read* "Rajjab Ali Molla, Haoladar;" *for* "Abdul Hosen, Talookdar, Mooktear," *read* "Abdul Hasim, Shikdar, Talookdar;" *for* "Omar Jan Chaudri, Mooktear," *read* "Omar Jan Chaudri, Haoladar."

In the notification dated the 21st April 1877, published at page 550, Part I of the *Calcutta Gazette* of the 2nd instant, relative to the appointment of a Municipal Commissioner for the town of Pubna in the place of Mr. J. Savi, *for* "Mr. J. B. Junior," *read* "Mr. Thomas Brae, Junior."

The following Notifications are republished from the *Assam Gazette*:—

No. 12.—*The 3rd May* 1877.—Mr. W. B. Savi assumed charge of the office of District Superintendent of Police, Cachar, on the forenoon of the 19th April 1877 from Captain M. O. Boyd, Officiating Deputy Commissioner of that district.

No. 13.—*The 9th May* 1877.—Mr. A. Manson, who has been appointed by the Government of India, Home Department, to act as Deputy Commissioner of Sylhet, assumed charge of office on the afternoon of the 3rd May 1877 from Mr. J. K. Wight.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2087A.

The 15th May 1877.—Baboo Bhugwan Chunder Sen, Subordinate Judge of Backergunge, is placed in charge of the current duties of the office of District and Sessions Judge of Backergunge, in addition to his own, during the absence, on leave, of Mr. H. C. Sutherland.

[*Government Gazette*, 29th *May* 1877.]

এইক্ষণকার নিমিত্ত প্রধান শিক্ষক শ্রীযুত মুনশী আবদেল্লা।
ভূম্যধিকারী শ্রীযুত মহম্মদ মনিয়ার।
ঐ ,, তৈমত আলী।
ঐ ,, আহিদ বক্স খুর্দকার।
ঐ ,, বাবু ঈশানচন্দ্র চৌধুরী।
ঐ ,, মুনশী মহা আল্লা মজুমদার।
ঐ ,, বাবু গোবর্দ্ধনলাল দেশী।
বিবাহের সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী ফরিদুদ্দীন।
দলীল দস্তাবেজের সব-রেজিষ্ট্রার শ্রীযুত ফজল হসলাম।
মোক্তার শ্রীযুত বাবু কৃষ্ণকুমার কর।
ঐ ,, ,, হরসুন্দর বর্দ্ধন।
মোহরের ও বাসেন্দা শ্রীযুত বাবু নন্দকুমার চক্রবর্ত্তী।
মাজীর শ্রীযুত মুনশী গোজীনফাকল্লা।
ত্রিপুরার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য।

১৮৭৭ সাল ১৬ মে।—কৃষ্ণগঞ্জের মুনসেফের পরিবর্ত্তে, সূর্য্যাপুর ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু রজনীনাথ চট্টোপাধ্যায় কৃষ্ণগঞ্জ মহকুমার শাখাপথকর কমিটীর মেম্বর ও প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

সিক্টীর পত্তনীদার শ্রীযুত বাবু গঙ্গাপ্রসাদ সাহু অররিয়ার শাখাপথকর কমিটীতে নিযুক্ত হই-লেন।

বসন্তপুরের মালিকদার শ্রীযুত মীরকাসিম আলী, অররিয়া শাখাপথকর কমিটীর মেম্বর ও প্রতি-নিধিসভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ২১ মে।—শ্রীযুত, এ, পি, ব্রেট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত আনন্দরাম বড়ুয়া, সি, এস, বর্দ্ধমান জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

গয়ার পদজ্যেষ্ঠ আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর গয়া জিলার পথকর কমিটীতে নিযুক্ত হই-লেন।

অশুদ্ধশোধন।—১৮৭৭ সাল ২১ মে।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ শাবাজপুরের শাখা-পথকর কমিটীতে কএক মহাশয়ের নিয়োগ বিষয়ক ১৮৭৭ সালের ১২ আপ্রিলের আজ্ঞাতে, "মোক্তার শ্রীযুত রজ্জবালী মোল্লা" এই নামের পরিবর্ত্তে, "হাওলাদার শ্রীযুত রজ্জব আলী মোল্লা" এবং "তালুক-দার ও মোক্তার শ্রীযুত আবদুল হুসেন" এই নামের পরিবর্ত্তে "তালুকদার শ্রীযুত আবদুল হাসিম শীক-দার" এবং "মোক্তার শ্রীযুত ওমরজান চৌধুরী" এই নামের পরিবর্ত্তে "হাওলদার শ্রীযুত ওমরজান চৌধুরী" পাঠ করিতে হইবে।

এই মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৬৭৯ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৭ সালের ২১ আপ্রিলের জ্ঞাপনপত্রে শ্রীযুত জে, সাবি সাহেবের স্থানে পাবনা নগরের মুনিসিপল কমিশ্য-নরের পদে শ্রীযুত জে, বি, জুনিয়র সাহেবের নিয়োগ বিষয়ক বিজ্ঞাপনে "শ্রীযুত জে, বি, জুনিয়র" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত জামস ব্রে জুনিয়র" পাঠ করিতে হইবে।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১২ নম্বর।—১৮৭৭ সাল ৩ মে।—শ্রীযুত ডবলিউ, বি, সাবি সাহেব ১৮৭৭ সালের ১৯ আপ্রিলের পূর্ব্বাহ্নে কাছাড় জিলার একটিং ডেপুটী কমিশনর কাপ্তান শ্রীযুত এম, ও, বয়ড সাহেবের স্থানে ঐ জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৩ নম্বর।—১৮৭৭ সাল ৯ মে।—হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট কর্ত্তৃক ছিলটের ডেপুটী কমিশ্যনরের কর্ম্মকরণার্থে নিযুক্ত শ্রীযুত এ, মানসন সাহেব শ্রীযুত জে, কে, ওয়াইট সাহেবের স্থানে ১৮৭৭ সালের ৩ মের অপরাহ্নে কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী

জুডিশাল ডিপার্টমেণ্ট।

২৯৮৭A নম্বর।

১৮৭৭ সাল ১২ মে।—শ্রীযুত এচ, সি, সদরলণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে বাকরগঞ্জের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন, আপন কর্ম্মাতিরিক্ত বাকরগঞ্জের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কার্য্যালয়ের চলিত কর্ম্মের অধ্যক্ষতা ভার প্রাপ্ত থাকিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

The 18th May 1877.—Baboo Sharoda Pershad Chatterjee, Moonsif of Rampore Haut, in Moorshedabad, is appointed to be Moonsif of Maureshwar, in Beerbhoom.

Baboo Nilmoney Nag, an Additional Moonsif in Rungpore, is appointed to be Moonsif of Doobrajpore, in Beerbhoom.

Baboo Joy Gopal Bose, Moonsif of Doobrajpore, is appointed to be Moonsif of Rampore Haut, in Moorshedabad.

Baboo Kristo Chunder Chowdry, Moonsif of Deang, in Chittagong, is transferred to Rungoonea, in that district. He is, however, posted temporarily to Puttcah till relieved by Baboo Triguna Prosunno Bose.

Baboo Juggut Bundhoo Dutt, M.A. and B.L., Moonsif of Rungoonea, is transferred to Deang.

Moonshi Fyzoollah is appointed to officiate as Moonsif of Rungoonea till relieved by Baboo Kristo Chunder Chowdry.

The following officers of the Irrigation Department are vested with the powers of a Magistrate of the Third Class for the trial of offences under Section 18, Act V (B.C.) of 1864:—

Major J. M. Heywood, R.E., Executive Engineer, Arrah.
Captain A. D. MacArthur, R.E., Executive Engineer, Buxar.
Mr. J. F. Williamson, temporary Executive Engineer, Arrah.
Mr. C. E. Livesay, temporary Executive Engineer, Nasecrgunge.
Baboo H. L. Mitter, Assistant Engineer, Joynughur.
Mr. R. Buckley, Executive Engineer, Dinapore.
Lieutenant R. H. Brown, R.E., Assistant Engineer, Daoodnuggur.

The 21st May 1877.—The following officers, employed under the Irrigation Department, are vested with the powers of a Magistrate of the Third Class for the trial of offences under Sections 93 to 95 of Act IV (B.C.) of 1877:—

Mr. J. P. Cleghorn, Assistant Engineer, Arrah division.
„ F. M. S. Douglas, ditto, ditto.
„ W. A. Inglis, ditto, ditto.

Mr. F. R. S. Collier, Assistant Magistrate and Collector, in charge of the Kurigaon division of the Rungpore district, is vested with the powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

The 22nd May 1877.—Moonshee Moinooddin, Sub-Deputy Collector, Mudhoobunnee, is vested with the powers of a Magistrate of the Third Class.

ERRATUM.—*The 22nd May* 1877.—In the orders of the 1st instant, promoting certain officers of the subordinate judicial service,—*for* "Baboo Amirto Lall Bose," *read* "Baboo Amirto Lall Chatterjee."

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 22nd May 1877.—It is hereby notified, under the provisions of Section 15 of Act V of 1861, that as the village of Badnikhally, in the Patooakhally sub-division of the district of Backergunge, is in a disturbed state, and breaches of the peace are apprehended owing to the existence of disputes regarding the possession of lands and the collection of

১৮৭৭ সাল ১৮ মে।—মুরশিদাবাদের অন্তর্গত রামপুরহাটের মুন্সেফ শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায় বীরভূমের অন্তর্গত ময়ূরেশ্বরের মুন্সেফের পদে নিযুক্ত হইলেন।

রঙ্গপুরের আডিশ্যনল মুন্সেফ শ্রীযুত বাবু নীলমণি নাগ, বীরভূমের অন্তর্গত দুবরাজপুরের মুন্সেফের পদে নিযুক্ত হইলেন।

দুবরাজপুরের মুন্সেফ শ্রীযুত বাবু জয়গোপাল বসু, মুরশিদাবাদের অন্তর্গত রামপুরহাটের মুন্সেফের পদে নিযুক্ত হইলেন।

চট্টগ্রামের অন্তর্গত দিয়াঙ্গের মুন্সেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরী ঐ জিলার অন্তর্গত রাঙ্গুনিয়ার প্রেরিত হইলেন। শ্রীযুত বাবু ত্রিগুণাপ্রসন্ন বসুর প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত তিনি কিয়ৎকালের নিমিত্তে পুতিয়ায় অবস্থিত হইলেন।

রাঙ্গুনিয়ার মুন্সেফ শ্রীযুত বাবু জগদ্বন্ধু দত্ত, এম, এ, ও বি, এল, দিয়াঙ্গে প্রেরিত হইলেন।
শ্রীযুত মুনশী ফয়জুল্লা শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরীর প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত রাঙ্গুনিয়ার মুন্সেফের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

জলসেচন কার্য্যবিভাগের নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ১৮ ধারামত অপরাধের বিচার করণার্থে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

আরার একসেকিটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, এম, হেউড সাহেব, আর, ই।

বক্সারের একসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এ, ডি, মাকার্থর সাহেব, আর, ই।

আরার কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এফ, উলিয়মসন সাহেব।

নাসীরগঞ্জের কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ই, লাইবসে সাহেব।

জয়নগরের আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু এচ, এল, মিত্র।

দানাপুরের একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, বকলে সাহেব।

দাউদনগরের আসিস্টান্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেন্ট শ্রীযুত আর, এচ, ব্রৌণ সাহেব, আর, ই।

১৮৭৭ সাল ২১ মে।—জল সেচন কার্য্যবিভাগের অধীনে নিযুক্ত নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৭৬ সালের বঙ্গীয় ৩ আইনের ৯৩—৯৫ পর্য্যন্ত ধারামত অপরাধের বিচার করণার্থে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

আরাখণ্ডের আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, ক্লেঘর্ণ সাহেব।

ঐ ঐ „ এফ, এম, এস, ডগলাস সাহেব।

ঐ ঐ „ ডবলিউ, এ, ইংলিশ সাহেব।

রঙ্গপুর জিলার অন্তর্গত করিগাঁ মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ, আর, এস, কোলিয়র সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারার উল্লিখিত অপরাধের সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৭ সাল ২২ মে।—মধুবনির সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী ময়নুদ্দীন তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

অশুদ্ধশোধন।—১৮৭৭ সাল ২২ মে।—সবর্ডিনেট জুডিশ্যাল সর্ব্বিসের কএক কার্য্যকারকের উচ্চপদভুক্ত হওনবিষয়ক এই মাসের ১ তারিখের আজ্ঞামতে "শ্রীযুত বাবু অমৃতলাল বসু" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত বাবু অমৃতলাল চট্টোপাধ্যায়" পাঠ করিতে হইবে।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২২ মে।—বাখরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালী মহকুমার বদনীখালী গ্রামে, ভূমির দখল ও খাজানা আদায় লইয়া বিবাদপ্রযুক্ত গোলযোগ থাকাতে তথায় শান্তিভঙ্গ হওনাশঙ্কায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এক জন হেড কনষ্টাবল ও চারি জন কনষ্টাবলের এক বিশেষ পোলীসদল এই মাসের ১ তারিখ অবধি ছয় মাসের নিমিত্তে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

rents, the Lieutenant-Governor has sanctioned for six months, from the 1st instant, the employment of a special police force consisting of one head constable and four constables to be quartered at the said village. The charge noted below will be levied from the residents of Badnikhally :—

	Rs.	A.	P.
1 Head constable at Rs. 20	20	0	0
2 Constables at Rs. 8	16	0	0
2 " " 7	14	0	0
	50	0	0
Pensionary charges at 2 annas per rupee	6	4	0
Contingencies at 10 per cent.	5	0	0
	61	4	0
Total for six months	367	8	0
House accommodation	80	0	0
	447	8	0

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st May 1877.—In continuation of Government Notification of 27th August 1876, it is hereby notified, under the provisions of Section 15 of Act V of 1861, that in consequence of the frequent breaches of the peace and serious riots which occur between the rival factions of the zemindar of Syedpore and the talookdars and others, owners of the villages of Singkhali and Attorkhali, in the Perozepore sub-division, in the district of Backergunge, the Lieutenant-Governor has sanctioned the retention for a further period of six months of a special police force of one head constable and 10 constables to be quartered on the said villages. The cost of the force noted below will be assessed and levied from the inhabitants of the villages in proportion to their respective means :—

	Rs.	A.	P.
1 First grade head constable at Rs. 25	25	0	0
2 First grade constables at Rs. 9	18	0	0
4 Second grade constables at Rs. 8	32	0	0
4 Third grade constables at Rs. 7	28	0	0
Pensionary charges at 2 annas per rupee	12	14	0
Contingencies at 10 per cent.	10	0	0
	125	14	0
Or for six months	755	4	0
Barracks	25	0	0
Clothing allowance of one head constable and ten constables at Rs. 4 per annum	22	0	0
Total cost ...	802	4	0

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 12th May 1877.—The Lieutenant-Governor is pleased to transfer the head-quarters of the Sub-Registry Office of Sarupkati from Banaripara to Kuudihar, in the district of Backergunge. This arrangement will take effect from 1st May.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 29*th May* 1877.]

উক্ত গ্রামে নিযুক্ত থাকিবার অনুমতি দিয়াছেন। নিম্নভাগে যে খরচ লেখা গেল বদনীখালি বাসিদের স্থানে তাহা আদায় করা যাইবে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

	টাকা।
২০৲ টাকা করিয়া এক জন হেড কনষ্টবল … … …	২০৲
৮৲ টাকা ,, দুই জন কনষ্টবল … … … …	১৬৲
৭৲ টাকা ,, ঐ ঐ … … … …	১৪৲
	৫০৲
টাকায় ৵০ আনা করিয়া পেনশ্যনের উপলক্ষে খরচ … …	৬।০
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ … … …	৫৲
	৬১।০
ছয় মাসের মোট … … … … … …	৩৬৭।।০
বাসা ঘরের নিমিত্তে … … … … …	৮৫৲
	৪৫৭।।০

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২১ মে।—১৮৭৬ সালের আগষ্ট মাসের ২১ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এতদ্দ্বারা এই জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল। বাকরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুর মহকুমার সৈয়দপুরের জমীদারের ও শিঙ্গ খালী ও আসোরখালী গ্রামের তালুকদার প্রভৃতি স্বামিদের প্রতিযোগিদলের মধ্যে সতত শান্তিভঙ্গ ও গুরুতর হঙ্গামা হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এক জন হেড কনস্টাবল ও দশ জন কনস্টাবলের এক বিশেষ পোলীস দল আর ছয় মাসের নিমিত্তে ঐ২ গ্রামে নিযুক্ত থাকিবার অনুমতি দিয়াছেন। উক্ত দলের খরচ নিম্নলিখিতমতে উক্ত গ্রামবাসিদের অবস্থানুসারে হারহারীমতে ধার্য্য হইয়া আদায় করা যাইবে।

	টাকা।
২৫৲ টাকা করিয়া এক জন প্রথম শ্রেণীর হেড কনস্টাবল … …	২৫৲
৯৲ টাকা ,, দুই জন প্রথম শ্রেণীর কনস্টাবল … … …	১৮৲
৮৲ টাকা ,, চারি জন দ্বিতীয় ,, ,, … … …	৩২৲
৭৲ টাকা ,, চারি জন তৃতীয় ,, ,, … … …	২৮৲
পেনশ্যনের হিসাবে টাকা প্রতি ৵০ আনা করিয়া… … …	১২৸৵০
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ … … …	১০৲
মোট …	১২৫৸৵০
ছয় মাসে …	৭৫৫।০
বারিকের … … … … … …	২৫৲
এক জন হেড কনস্টাবল ও দশ জন কনস্টাবলের বার্ষিক ৪৲ টাকার হিসাবে কাপড়ের খরচ… … … …	২২৲
মোট খরচ …	৮০২।০

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১২ মে।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব স্বরূপকাটী সব-রেজিষ্টরী আফিসের সদর স্থান বাকরগঞ্জ জিলার অন্তর্গত বনারিপাড়াহইতে কওিহারে উঠিয়া যাইবার অনুমতি দিয়াছেন। মে মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

NOTIFICATION.

The 15*th May* 1877.—It is hereby notified for general information that, on the recommendation of the Commissioners of the Municipality of Rungpore at a meeting, the Lieutenant-Governor has been pleased, under Section 234 of Act V (B.C.) of 1876, to extend to that Municipality the provisions of Sections 278 to 284 of the said Act, both inclusive.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17*th May* 1877.—It is hereby notified for general information that, on the recommendation of the Commissioners of the Municipality of Ranaghat at a meeting, the Lieutenant-Governor has been pleased, under Section 234 of Act V (B.C.) of 1876, to extend to that Municipality the provisions of Sections 235 to 255, 257 to 288, and 292 to 294 of Part VII, Chapter II of the said Act V (B.C.) of 1876.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16*th May* 1876.—The following bye-laws, framed by the Municipal Commissioners of Berhampore at a meeting under Section 313, Act V (B.C.) of 1876, having been confirmed by the Lieutenant-Governor under Section 314 thereof, are hereby published for general information :—

For regulating the disposal of offensive matter, rubbish, and dead bodies of animals.

1. Every person within whose premises any animal may die shall, within four hours after its death, or, if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine: and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rs. 10.

2. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass.

Penalty for infringement, Rs. 10.

For the regulation and management of privies.

3. Every owner or occupier of any house, land, or premises, from which offensive matter is not removed by the said owner or occupier, shall give free access to the servants of the Municipality to his house, land, or premises, for the removal of any night-soil or filth within such hours as may have been fixed on by the Municipal Commissioners.

Penalty for infringement, Rs. 5.

4. Every person shall construct his privy above ground, and shall provide his privy or premises with a suitable movable receptacle of metal or earthenware.

Penalty for infringement after notice, Rs. 20.

[*Government Gazette*, 29*th May* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৫ মে।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব রঙ্গপুর মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৭৮-২৮৪ পর্য্যন্ত ধারার বিধান উক্ত আইনের ২৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৭ মে।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব রাণাঘাট মুনিসিপালিটীর কমিশ্যনরদের অনুরোধক্রমে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের ২৩১-২৫৫ পর্য্যন্ত ধারার ও ২৫৭-২৮৮ পর্য্যন্ত ধারার ও ২৯২-২৯৪ পর্য্যন্ত ধারার বিধান উক্ত আইনের ২৩৪ ধারামতে উক্ত মুনিসিপালীটীতে প্রচলিত করিলেন। সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৬ মে।—বহরমপুরের মুনিসিপল কমিশ্যনরেরা ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১৩ ধারামতে সভাগত হইয়া নিম্নলিখিত উপবিধি প্রণয়ন করিলে ঐ আইনের ৩১৪ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

১। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর চারি ঘন্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘন্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাবেন অথবা ঐ বাড়ী নগরের যে খণ্ডের অন্তর্গত থাকে সেই খণ্ড পরিষ্কার রাখিবার (Conservancy Overseer) তত্ত্বাবধারকের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরেরা যে হার ধরেন ঐ ব্যক্তি উক্ত ওবরসিয়রকে সেই হারে ঐ জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ ব্যক্তিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জনা থাকিলে কেবল তিনিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশনরদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ খরচ তাঁহার স্থানে আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ওবরসিয়রের প্রতি আদেশ হইলে তিনি সেই মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০ টাকা।

২। কমিশ্যনরেরা সময়ে২ তদ্রূপ মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করেন তদ্ভিন্ন স্থানে কোন ব্যক্তির কোন মরা জন্তু কি তাহার কোন অংশ ফেলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

পাইখানার বিধান ও কার্য্যাধ্যক্ষতা করণার্থ বিধি।

৩। । কোন ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপনি দুর্গন্ধজনক বিষয় স্থানান্তর করাইয়া না দিলে, মুনিসিপল কমিশ্যনরেরা যেং ঘন্টা নিরূপণ করেন তিনি বিষ্ঠা কি মল সরাইয়া লইবার জন্যে মুনিসিপালিটীর চাকরদিগকে সেই২ ঘন্টার মধ্যে অবাধে আপন ঘরে কি ভূমিতে কি বাড়ীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪। প্রত্যেক জন মাটির উপরে আপনার পাইখানা করিবেন। ও যাহা সরাইয়া লওয়া যাইতে পারে পাইখানার কি বাড়ীর মধ্যে লোহাদির কি মাটির এমন আধার রাখিবেন।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘন হইলে দণ্ড ২০৲ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

5. On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises, in or on which any well-privy, or other noxious or improperly constructed privy, may be situated, shall fill up, close, or otherwise alter the construction of the said privy, as may be directed in the notice; and if the orders contained in the notice be not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

6. No owner or occupier of any house, land, or premises, in or on which any privy may be situated, shall allow night-soil or filth of any kind to flow or be discharged from such privy into any drain, water-course, river, tank, hollow, or excavation (or any place containing waste and stagnant water), or into any other receptacle but one of the nature described in bye-law No. 4.

Penalty for infringement, Rs. 20.

7. No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cess-pool, into any river, tank, khâl, water-course, or receptacle for water, or dispose of the above-mentioned kinds of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement, Rs. 20.

8. The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or on any premises if at any time it seem to them necessary for the preservation of public health, or for the prevention of infection or the spread of disease: provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants or disinfectants at cost price, and the price shall be recoverable from the owner or occupier of such privy or premises as a debt due to the Commissioners.

Penalty for not using deodorants or disinfectants so supplied, a fine which may extend to Rs. 10.

9. No person shall carry night-soil through the streets otherwise than in a closely-covered receptacle, of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement, a fine which may extend to Rs. 5.

10. Every carriage or cart plying in the streets after one hour after sunset shall carry a light or lights, except when, in the opinion of the Magistrate, there may be sufficient moonlight to render such a light or lights unnecessary.

Penalty for infringement, fine which may extend to Rs. 2.

11. No person shall put, or cause to be put, on any house or other building any spout or other thing intended for the conveyance and discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement after notice, a fine which may extend to Rs. 5.

12. It shall be lawful for the Municipal Commissioners to issue a notice to the owner or occupier of any house or building on which there may already be any such spout or other thing intended for the conveyance of water as is described in bye-law 11, directing him to remove or alter such spout or other thing; and if the orders contained in the notice be not carried out within ten days, the Commissioners may remove or alter such spout or other thing in the manner directed in the notice, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

13. No person shall construct or place over any public drain any bridge, platform, building or structure of any kind except by and with the written permission of the Municipal Commissioners, and in such manner as they shall direct; and in the case of such

৫। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকুয়া পাইখানা থাকিলে কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে, তিনি মুনিসিপল কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ গর্ত্ত ভরাট কি বন্ধ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে ১৫ দিনের মধ্যে কার্য্য না করা গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্ধ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় হইতে পারিবে।

৬। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে, তিনি কোন নর্দ্দামায় কি জলপ্রণালীতে কি নদীতে কি পুষ্করিণীতে কিম্বা গর্ত্তে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও মরা জল দাঁড়ায় এমত কোন স্থানে কিম্বা এই উপবিধির ৪ ধারার উল্লিখিত আধার ভিন্ন কোন আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কি কোন প্রকারের ময়লা বিষয় যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৭। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দামার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দামার কি পাইখানার কি আঁস্তাকুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলপ্রণালীতে কি জল থাকিবার স্থানে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা তাহা লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ এই বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৮। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চূণের কি আলকাতরার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক কিম্বা রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমন স্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক কি রোগ সঞ্চার নিবারক দ্রব্য যে মূল্যেক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেইং দ্রব্য দিতে হইবে, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় পাইখানার কি বাড়ীর স্বামির কি দখীলকারের স্থানে ঐ২ দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবে।

দুর্গন্ধ নাশক কিম্বা রোগ সঞ্চার নিবারক যে২ দ্রব্য উক্ত প্রকারে দেওয়া গেল তাহার ব্যবহার না করিবার দণ্ড ১০৲ টাকাপর্য্যন্ত।

৯। মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ বিষ্ঠাদি লইয়া যাইবার জন্যে যে প্রকারের ও যে ডৌলের আধার ব্যবহার করিবার আজ্ঞা করেন দৃঢ়রূপে আঁটিয়া বন্ধ সেই প্রকারের আধারভিন্ন কোন ব্যক্তি অন্য আধারে ও মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ যে২ ঘন্টার আজ্ঞা করেন তদ্ভিন্ন কোন ঘন্টায়, রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘন হইলে ৫৲ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

১০। যে জ্যোৎস্না রাত্রিতে আলো জ্বালা মাজিষ্ট্রেটের বিবেচনায় অপ্রয়োজন তদ্ভিন্ন সূর্য্যাস্তের এক ঘন্টার পরে কোন গাড়ী কি ছেকড়া গাড়ী রাস্তায় গেলে আলো জ্বালিয়া যাইতে হইবে।

এই বিধি লঙ্ঘন হইলে ২৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

১১। কোন ঘরের কি অন্য গাঁথনির ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোকদের গমনাগমনের কোন পথে জল পড়িতে পারে কেহ এমত নল বসাইতে পারিবেন না।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘন হইলে ৫৲ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

১২। যে নল বা অন্য বিষয় দ্বারা জল বাহির হইবে কোন ঘরের বা কোটার স্বামী বা দখীলকার এই উপবিধির ১১ ধারার লিখিতমতে ঐ নলপ্রভৃতি বসাইলে মুনিসিপল কমিশ্যনরেরা তাঁহাকে নোটিস দিয়া সেই নল বা অন্য বিষয় তুলিয়া ফেলিবার বা পরিবর্ত্তন করিবার আজ্ঞা করিতে পারিবেন। নোটিসের লিখিত আজ্ঞামতে দশ দিনের মধ্যে কর্ম্ম করা না গেলে কমিশ্যনরেরা তদনুসারে সেই নল বা অন্য বিষয় তুলিয়া ফেলিতে বা পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তাহা করিতে যে খরচ হয় তাহা কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় আদায় হইতে পারিবে।

১৩। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন সরকারী নর্দ্দামার উপর কোন সাঁকো কি বসিবার স্থান কি গাঁথনি কি কোন বিষয় গাঁথিবেন কি রাখিবেন না। অনুমতি পাইলে কমিশ্যনরেরা যেরূপে তাহা গাঁথিতে বলেন কেবল সেই রূপেই গাঁথিতে পারিবেন। যে২ সাঁকো

bridges, platforms, buildings and structures now in existence, the Commissioners shall have power to issue a notice to the owner or occupier of any such bridges, platforms, buildings or structures directing such alterations as they may think proper.

Penalty for continued infringement after notice, daily fine which may extend to Rs. 3.

14. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public road or thoroughfare, or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Municipal Commissioners.

Penalty for infringement after notice, fine which may extend to Rs. 10.

Penalty for continued infringement after notice, daily fine which may extend to Rs. 5.

15. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground, in a grave constructed of masonry, in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground.

Penalty for infringement, Rs. 10.

16. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than six feet deep.

Penalty for infringement, Rs. 10.

17. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than two feet from any other existing grave.

Penalty for infringement, Rs. 20.

18. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 20.

19. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rs. 10.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 15th May 1877.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is likely to be required to be taken by Government at the public expense for a public purpose, viz. for sanitary objects in Kalicadebi Sahi, in the city of Pooree, it is hereby declared that for the above purpose a piece of land measuring 10 poles 26 yards and 7 feet, equal to 1 goont 14 biswas of local measurement, and bounded on the north and east by the land called Kung Bagicha, belonging to Mohunt Naraen Das; on the south by the public latrine; and on the west by the land belonging to Roghoo Nath Khuntia, is likely to be required within the aforesaid Kalicadebi Sahi, in the city of Pooree.

This declaration is made under the provisions of Section 4 of Act X of 1870 to all whom it may concern.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 29th May* 1877.]

কি বসিবার স্থান কি গাঁথনি এখন আছে সেই২ সাঁকোর কি বসিবার স্থানের কি গাঁথনির স্বামি কি দখীলকারদিগকে নোটিস দিয়া কমিশ্যনরদের বিবেচনায় তাহার যেরূপ পরিবর্ত্তন করা উচিত বোধ হয় সেইরূপে তাহা করিবার আজ্ঞা দিতে পারিবেন।

নোটিস পাইলে পর আর যত দিন ঐ বিধি লঙ্ঘন হইয়া থাকে দিনপ্রতি আর ৩৲ টাকা দণ্ড হইতে পারিবে।

১৪। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ কোন রাজপথে কি লোকদের গমনাগমনের পথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, মুনিসিপল কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘন হইলে ১০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

ও নোটিস পাইলে পর যত দিন ঐ বিধি লঙ্ঘন হইতে থাকে তাহার দিনপ্রতি আর ৫৲ টাকা দণ্ড হইতে পারিবে।

১৫। কোন ব্যক্তি গোরস্তানে পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুতিলে, বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে পাঁচ ফুটের কম না থাকে এমত করবে পুতিবেন কি পোতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

১৬। কোন ব্যক্তি গোরস্তানে কাঁচা কবরে শব কি শবের কোন অঙ্গ পুতিলে, ছয় ফুটের কম গর্ত্তে পুতিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

১৭। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে, অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

১৮। কবরে একটি শব দেওয়া গেলে কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

১৯। শব কি শবের কোন অঙ্গ রাজপথ দিয়া লইয়া যাইতে হইলে তাহা উপযুক্তরূপে ঢাকিয়া ও সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত করিয়া লইয়া যাইতে হইবে।

এই বিধি লঙ্ঘনেয় দণ্ড ১০৲ টাকা।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৫ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পুরীনগরের অন্তর্গত কালিকাদেবী সাহির স্বাস্থ্যোন্নতি করণাভিপ্রায়ে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া সম্ভাবনা, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পুরীনগরের অন্তর্গত উক্ত কালিকাদেবী সাহীতে ১০ পোল ২৬ গজ ৭ ফুট পরিমিত অর্থাৎ স্থানীয় মাপের ১ গুণ্ঠ ১৪ বিশ্বাস পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন সম্ভাবনা। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্বসীমা মোহন্তনারায়ণ দাসের কঙ্গ বাগিচা নামক ভূমি, দক্ষিণসীমা সাধারণের পাইখানা, পশ্চিমসীমা রঘুনাথ খুন্তিয়ার ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

NOTIFICATION.

The 7th May 1877.—It is hereby notified for general information that, on the recommendation of the Commissioners of the Municipality of Chittagong, made at a meeting, the Lieutenant-Governor has been pleased, under Section 234 of Act V (B.C.) of 1876, to extend to that Municipality all the provisions of Part VII, Chapter II of the said Act V (B.C.) of 1876, with the exception of Sections 256 to 270, both inclusive.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENTS.

The 17th May 1877.

No. 162.—*Transfers.*—The following transfers are made in the interests of the public service as a temporary measure:—

Mr. F. Sills, Executive Engineer, Fourth Grade, and Baboo Nettye Govind Chowdry, Temporary Apprentice Engineer, from the First Calcutta to the Mozufferpore Division for special duty.

Mr. Sills and Nettye Govind Chowdry joined the Mozufferpore Division on the 2nd current, after noon.

No. 163.—Mr. J. A. Campbell, Assistant Engineer, Temporary Rank, First Grade, from the Nuddea Rivers to the Dacca Division, in the interests of the public service, as a emporary measure.

No. 164.—*Notifications* —Mr. W. P. Milne, Assistant Engineer, Third Grade, joined the Circular and Eastern Canals Division on the 4th current, before noon.

No. 165.—Baboo Debendronath Dutt, Accountant, Fourth Grade, attached to the Chittagong Division, availed himself of the leave* granted to him from the 16th September 1876 to the 28th February 1877.

* Bengal Government (Public Works Department) Notification No. 251, of the 12th July 1876.

The 18th May 1877.

No. 166.—*Corrigenda.*—In Notification No. 156, of the 11th current, *for* "Smith" *read* "Smyth."

Opposite the name of Baboo Baney Madhub Mozoomdar, *for* "1876" *read* "1877."

G. A. D. ANLEY, C. E.,
Asst. Secy. to the Govt. of Bengal
in the Public Works Dept.

IRRIGATION.

NOTIFICATIONS,—ESTABLISHMENT.

Dated 21st May 1877.

No. 172.—*Notifications.*—Mr. C. W. Hope, Executive Engineer, Third Grade, Western Sone Survey Division, availed himself, on the afternoon of the 9th May 1877, of the subsidiary leave granted him in the orders marginally noted.

No. 121, dated 10th April 1877.

No. 173.—The Lieutenant-Governor is pleased to order the abolition of the Western Sone Survey Division of the Sone Circle with effect from the 10th May 1877.

[*Government Gazette, 29th May* 1877.]

অশুদ্ধশোধন।

১৮৭৭ সালের মে মাসের ২২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫৬১ পৃষ্ঠার ৭ মের বিজ্ঞাপনের বাঙ্গলা অনুবাদের ভ্রম হওয়াতে তাহা সংশোধন করা গেল।

১৮৭৭ সাল ৭ মে।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব চট্টগ্রাম মুনিসিপালিটীর সভাগত কমিশ্যানরদের অনুরোধক্রমে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২ অধ্যায়ের ৭ পরিচ্ছেদের ২৫৬—২৭০ পর্য্যন্ত ধারার বিধান উক্ত আইনের ২৩৩ ধারামতে উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৭ সাল ১৭ মে।

১৬২ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে কিয়ৎকালের জন্যে নিম্নলিখিত স্থানান্তরে নিয়োগ করা গেল।

চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, সিলস সাহেব ও কিয়ৎকালীন অপ্রেণ্টিস ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু নিতাইগোবিন্দ চৌধুরী বিশেষ কার্য্যের নিমিত্তে কলিকাতার প্রথম খণ্ডহইতে মজফরপুর খণ্ডে প্রেরিত হইলেন।

শ্রীযুত সিলস সাহেব ও শ্রীযুত নিতাইগোবিন্দ চৌধুরী এই মাসের ২ তারিখের অপরাহ্নে মজফরপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৬৩ নম্বর।—কিয়ৎকালীন প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এ, কাম্বেল সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে কিয়ৎকালের জন্যে নদীয়ার নদী খণ্ডহইতে ঢাকা খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৬৪ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ' পি, মিলনী সাহেব, এই মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে সরকুলর ও পূর্ব্বখাল খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৬৫ নম্বর।—চট্টগ্রাম খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু দেবেন্দ্রনাথ দত্ত ১৮৭৬ সালের ১৬ সেপ্টেম্বর অবধি ১৮৭৭ সালের ২৮ ফেব্রুয়ারি পর্য্যন্ত যে ছুটী পান* তাহা গ্রহণ করিয়াছেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ১২ জুলাইর ২৫১ নং বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ মে।

১৬৬ নম্বর।—অশুদ্ধশোধন।—এই মাসের ১১ তারিখের ১৫৬ নং বিজ্ঞাপনে "শ্রীযুত স্মিথ সাহেব" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত স্মাইথ সাহেব" পাঠ করিতে হইবে।

শ্রীযুত বাবু বেণীমাধব মজুমদারের নামের পার্শ্বে "১৮৭৬ সাল" এই কথার পরিবর্ত্তে "১৮৭৭ সাল" পাঠ করিতে হইবে।

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিস্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তাবিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২১ মে।

১৭২ নম্বর।—বিজ্ঞাপন।—পশ্চিম সোণ জরীপী খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, হোপ সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে উপকরণার্থ ছুটী পান তাহা ১৮৭৭ সালের ৯ মের অপরাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ১০ আপ্রিলের ১২১ নং।

১৭৩ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৭ সালের ১০ মে অবধি সোণ চক্রের অন্তর্গত পশ্চিম সোণ জরীপী খণ্ড উঠাইয়া দিবার আজ্ঞা করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

No. 174.—Baboo Denonath Bhuttacharjee, Overseer, Third Grade, Buxar Division, availed himself, on the afternoon of the 4th May 1877, of the furlough granted him in the orders marginally noted.

No. 96, dated 26th March 1877.

No. 175.—*Posting.*—Baboo Issur Chunder Ghose, Overseer, First Grade, to the Byturnee Division, which he joined on the forenoon of the 4th May 1877.

No. 176.—*Notification.*—Baboo Troyluckho Nath Sircar, Overseer, First Grade, Arrah Division, availed himself, on the afternoon of the 13th May 1877, of the privilege leave granted him in the orders marginally noted.

No. 129, dated 16th April 1877.

No. 177.—*Transfers.*—Mr. G. F. Moore, Probationary Assistant Engineer, Third Grade, is transferred in the interests of the public service from the Gunduk Survey to the Upper Gunduk Embankment Division.

No. 178.—Mr. G. F. Moore, Probationary Assistant Engineer, Third Grade, is transferred in the interests of the public service from the Upper to the Lower Gunduk Embankment Division.

No. 179.—Mr. A. Monies, Assistant Engineer, Second Grade, is transferred in the interests of the public service from the Western Sone Survey to the Eastern Sone Division, which he joined on the afternoon of the 30th April 1877.

No. 180.—*Notification.*—Baboo Omrito Lall Roy Chowdry, Assistant Engineer, Second Grade, Northern Drainage and Embankment Division, availed himself, on the forenoon of the 11th April 1877, of the privilege leave granted him in the orders marginally noted, and returned to duty on the forenoon of the 11th May 1877.

No. 150, dated 4th May 1877.

Dated 22nd May 1877.

No. 181.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for a drainage cut at Khagaul, on the left side of the Patna branch canal, extending from the road approach to bridge over lock No. 12 to the railway line near the 78th mile of the canal, it is hereby declared that for the above purpose a strip of land, measuring between two and three acres, and being 1,230 feet long and averaging 30 feet broad, in the village of Badalpura, pergunnah Phulwaree, zillah Patna, is required.

This declaration is made under the provisions of Section 6, Act X of 1870.

J. G. FORBES, *Major*, R. E.,
Offg. Joint-Secy. to the Govt. of Bengal in the P. W. Dept., Irrigation Branch.

১৭৪ নম্বর।—বন্যার খণ্ডের তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু দীননাথ ভট্টাচার্য্য পার্শ্বলিখিত আজ্ঞামতে যে নিয়মিত ছুটী পান ১৮৭৭ সালের ৪ মের অপরাহ্নে তাহা গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ২৬ মার্চের ৯৬ নং।

১৭৫ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষ বৈতরণী খণ্ডে অবস্থিত হইয়া ১৮৭৭ সালের ৪ মের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৭৬ নম্বর।—বিজ্ঞাপন।—আরাখণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু ত্রৈলোক্য নাথ সরকার পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান ১৮৭৭ সালের ১৩ মের অপরাহ্নে তাহা গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ১৬ আপ্রিলের ১২৯ নং।

১৭৭ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এফ, মুর সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে গণ্ডক জরীপী খণ্ডহইতে উত্তর গণ্ডক বাঁধ খণ্ডে প্রেরিত হইলেন।

১৭৮ নম্বর।—তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এফ, মুর সাহেব, রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে উত্তর গণ্ডক বাঁধ খণ্ডহইতে দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডে প্রেরিত হইলেন।

১৭৯ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, মরিস সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে পশ্চিম সোণ জরীপী খণ্ডহইতে পূর্ব্ব সোণ জরীপী খণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৭ সালের ৩০ আপ্রিলের অপরাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮০ নম্বর।—বিজ্ঞাপন।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু অমৃতলাল রায় চৌধুরী পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৭ সালের ১১ আপ্রিলের পূর্ব্বাহ্নে গ্রহণ করিয়া ১৮৭৭ সালের ১১ মের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন।

১৮৭৭ সালের ৪ মের ১৫০ নং।

১৮৭৭ সাল ২১ মে।

১৮১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনাশাখ খালের ১২ নং কবাটের উপর সাঁকোতে পঁহুছিবার পথ অবধি উক্ত খালের ৭৮ মাইলের নিকট রেল পথ পর্য্যন্ত ঐ শাখা খালের বামদিকস্থ খণ্ডোলে জলনালা করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাটনা জিলার অন্তর্গত ফুলবাড়ী পরগনার বাদলপুর গ্রামে দুই তিন একরের মধ্যে অর্থাৎ ১২৩০ ফুট দীর্ঘ ও গড়ে ৩০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

জে, জি, ফর্ব্বস, মেজর, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং জইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 29, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৯ মে ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

APRIL 1877.

HON'BLE V. H. SCHALCH, C.S.I.

Erratum.

Circular order No 10 *of March* 1877.—For "*Section* 42" *in the first line of the Circular, read* "*Section* 38."

No. 10.

DISTRICT officers are requested to credit fines realized under Act V (B C.) of 1875 to "Miscellaneous Land Revenue," and to shew them in Table V of Return No. X under the head "Fines under Act V (B C.) of 1875."

HON'BLE T. E RAVENSHAW

AND

C T. BUCKLAND, ESQ.

No. 11.

IN the *Rules for the Classification and Registration of English correspondence in Collector's Offices* it is laid down that correspondence may be divided into the following departments, and any others which may be found convenient, viz.—

I—General Department,

II—Account and Treasury Department,

III—Excise Department;

and each of the registers prescribed by the rules is to be divided into as many sections as there are departments, each department having its own series of numbers.

2. It appears that in some districts the intention of this arrangement has been misunderstood, and the Deputy Collectors in charge of the treasury or excise or other special departments have been allowed to consider themselves as being in charge of separate offices, instead of being merely subordinate branches of the one Collectorate office. They have been allowed to correspond with the Collector by separately numbered letters, or memoranda, and to shew as receipts the orders they receive from, and as issues the replies they give to, the Collectors. In some districts the Collector's office has actually first entered all receipts from the Commissioner or higher authorities on excise and other departmental matters in the *General* department registers, registering the Collector's orders to his Deputy as issues, while the whole matter has been entered over again by the Deputy Collector in the departmental registers.

3. All this is entirely wrong. The excise or treasury departments are integral parts of the Collector's office, and receipts and issues of correspondence with offices outside the Collectorate are to appear once only, in that part of the Collectorate correspondence registers which belongs to the departments concerned.

4. The Deputy Collectors in charge of departments are to act as secretaries or personal assistants to the Collector. They will take the Collector's orders, submit their suggestions or remarks to him in memoranda or notes, which will be mere "keep-withs" in the file, and prepare drafts for him, if necessary. In routine matters they may sign letters issuing as *for* the Collector, and dispose in his name of such business as he may definitely make over to them; but they will never correspond with him in any shape whatever.

[*Government Gazette*, 29*th May* 1877]

বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৭ সাল আপ্রিল মাস।

মান্যবর শ্রীযুত বি এচ লক সাহেব, সি, এস, আই।

অশুদ্ধ শোধন।

১৮৭৭ সালের মার্চ মাসের ১০ নম্বরের সরক্যুলর অর্ডরের প্রথম পংক্তিতে “৪২ ধারার” পরিবর্ত্তে “৩৮ ধারা” পাঠ করিতে হইবে।

১০ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ করা যাইতেছে যে, ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনানুসারে যে অর্থদণ্ড আদায় হয় তাহা “বিবিধ প্রকারের ভূমির রাজস্বের” হিসাবে জমা করিয়া লন, ও “১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনমত অর্থদণ্ড” এই শীর্ষক লিখিয়া, ১০ নং রিটর্ণের ৫ নং টেবিলে লেখেন।

মান্যবর শ্রীযুত টি ই রেবনশা সাহেব

ও

শ্রীযুত সি টি বকলেণ্ড সাহেব।

১১ নম্বর।

কালেক্টর সাহেবদের আফিসে ইঙ্গরেজি পত্রাদি শ্রেণীবদ্ধ ও রেজিষ্টরী করিবার যে বিধি আছে, তন্মধ্যে নিম্নলিখিত ভাগ ও অন্য যে২ বিভাগ সুবিধা বোধ হয় তদনুসারে ঐ সকল পত্র ভাগ২ করিয়া রাখিবার বিধান হইয়াছে,—বিশেষতঃ

১।—সাধারণ ভাগ।
২।—হিসাবের ও খাজানাখানার ভাগ।
৩।—আবকারী ভাগ।

ও বিধিতে যে সকল রেজিষ্টরী বহী রাখিবার আজ্ঞা হইয়াছে, উক্ত যত ভাগ করা যায় প্রত্যেক রেজিষ্টরী বহীতে তত পরিচ্ছেদ করিতে হইবে, ও প্রত্যেক ভাগের লিখিত কথার ক্রমিক নম্বর থাকিবে।

২। দেখা যাইতেছে যে কোন২ জিলায় উক্ত নিয়ম করণের অভিপ্রায় বুঝা যায় নাই, ও খাজানাখানার কি আবকারী কি বিশেষ অন্য বিভাগের কার্য্যের ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টরেরা আপন২ কাছারী একি কালেক্টরী কাছারীর অধীন শাখামাত্র জ্ঞান না করিয়া, আপনাদিগকেই যেন স্বতন্ত্র আফিসের কার্য্যাধ্যক্ষ বলিয়া জ্ঞান করিয়াছেন। তাঁহারা পত্রে কি মর্ম্মাত্মকপত্রে স্বতন্ত্র নম্বর দিয়া কালেক্টর সাহেবদের সঙ্গে লিখনপঠন করিয়াছেন, ও কালেক্টর সাহেবদের স্থানে যে আজ্ঞা পান তাহা প্রাপ্ত পত্র বলিয়া ও নিজে যে উত্তর দেন তাহা কালেক্টর সাহেবের নামে প্রেরিত পত্র বলিয়া লিখিয়াছেন। কোন২ জিলায় আবকারী ও অন্য২ কর্ম্মবিভাগ সম্পর্কীয় যে২ পত্র কমিশানর সাহেবের কিম্বা উপরিস্থ অন্য কার্য্যকারকদের স্থানে পাওয়া যায় তাহা প্রথমেই কালেক্টর সাহেবের আফিসে সাধারণ ভাগের রেজিষ্টরীতে লেখা গিয়াছে ও কালেক্টর সাহেব আপনার ডেপুটীর নিকট যে আজ্ঞা দিলেন তাহা তাঁহার প্রেরিত পত্র বলিয়া রেজিষ্টরী করা গেল ও ডেপুটী কালেক্টর নানা কর্ম্মবিভাগের রেজিষ্টরী বহীর মধ্যে ঐ সমুদয় পত্রাদি পুনরায় লিখিলেন।

৩। এই সমুদয়ই ভ্রম। আবকারী কি খাজানাখানার কর্ম্মবিভাগ কালেক্টর সাহেবের আফিসের এক২ অংশমাত্র। কালেক্টরী কাছারীর বাহিরের অন্য২ আফিসে যে পত্রাদি পাওয়া যায় ও পাঠান যায়, তাহা একবার মাত্র, অর্থাৎ যে কর্ম্মবিভাগ সম্পর্কীয় হয় সেই বিভাগের রেজিষ্টরী বহীতে কালেক্টরীর পত্রাদির মধ্যে লিখিতে হইবে।

৪। নানা কর্ম্মবিভাগের অধ্যক্ষতাভার প্রাপ্ত ডেপুটী কালেক্টরেরা কালেক্টর সাহেবের সেক্রেটরী বা স্বকীয় আসিষ্টান্টস্বরূপ কর্ম্ম করিবেন। তাঁহারা কালেক্টর সাহেবের আজ্ঞা গ্রহণ করিবেন, ও মর্ম্মাত্মকপত্র কি নোট লিখিয়া আপনাদের পরামর্শ কি মন্তব্য কথা তাঁহার সম্মুখে অর্পণ করিবেন ও প্রয়োজন হইলে তাঁহার নিমিত্ত পত্রের পাণ্ডুলিপি প্রস্তুত করিবেন। তাঁহাদের সেই মর্ম্মাত্মকপত্র কি নোট নথির শামিল রাখা এক২ খানিপত্র মাত্র হইবে। চলিত কর্ম্মসম্পর্কে যে২ পত্র বাহির হয় তাহাতে তাঁহারা কালেক্টর সাহেবের পরিবর্ত্তে স্বাক্ষর করিতে পারিবেন, ও তিনি যে কর্ম্ম নির্দ্দিষ্টমতে অর্পণ করেন তাহা তাঁহার নাম ধরিয়া নির্ব্বাহ করিতে পারিবেন, কিন্তু তাঁহার সঙ্গে কোন প্রকারে পত্রাদি লিখন পঠন করিতে পারিবেন না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৯ মে।]

5. As regards the correspondence which the treasury officer carries on in his own name, that, too, will be shown in the same "departmental" section of the office registers with the other correspondence on treasury matters received by the Collector; but the treasury officer's replies will issue in his own name.

6. These directions will not apply to the managers of wards' estates, even when these are Deputy Collectors. Under the law the managers of wards' estates have a distinct office and responsibility, and the correspondence of their office and that of the Collector must be kept apart, though every effort should be made to reduce it to a minimum by personal communication.

HON'BLE T. E. RAVENSHAW.

No 12.

SIX months have now passed since the publication, under section 41, Act VII (B.C.) of 1876, of the notification by the Lieutenant-Governor, dated 18th September 1876 (published in the *Calcutta Gazette* of 20th September), fixing the 1st of November as the date before which application was to be made by all concerned for the registry of their names and interests under the Act

2. Up to date the number of applications filed has been comparatively small, and the Board have now to draw the attention of Collectors to section 65 of the Act, which provides penalties for the voluntary or negligent omission to make such application within the prescribed time.

3. The Board are aware of the peculiar difficulties that attend the introduction of a measure of this kind, and they are not willing suddenly or severely to press for penalties. But proprietors and holders of revenue-free properties have had ample notice of what is required of them, and it is necessary now to push on the work of registration steadily and firmly to completion.

4. The Board therefore direct that Collectors shall publish (in the manner laid down in section 41 of the Act) a supplementary general notice warning all concerned that on the 1st of June lists of defaulting estate and tenure-holders will be prepared, and penalties be imposed in all cases that seem to call for this.

No. 13.

THE following is added to clause 21, section 6, chapter XIII of the Board's Rules, after the words "calculated under rule 11":—

"The rate for ruling lines in any copies of a register should be half the rate fixed for lines in *thakbust* and *khusra* maps, each line being taken the whole length or breadth of the page or sheet."

No. 14.

IN consultation with the Legal Remembrancer, paragraphs 8 and 9 of Board's circular order No 6, of March 1877, are amended, and will stand as follows:—

			বাদ গোলোকচন্দ্র মাসান্তদিগরের পৃথক হিসাব যাহা নিলাম হইবেক না ...	১৪৩২।৶৪	
			বাকী উদয়চান্দ দাস ও রামপ্রসাদ বেরা ও রামসাগর ভঞ্জ রতনমণী জওজে বৈকুণ্ঠনাথ জানা ও আনন্দলাল রায় ও বাবুরাম ভুঞা ও চৌধুরী দ্বারিকানাথ মাসান্ত ও শ্রীমতী তারামণী দাসী ও মদনমোহন মাইতির এজমালি হিস্যা যাহা সরকারি বাকী ৭৸৶৭ জন্য নিলাম হইবে	৬৬৮৸৭	৸৶৭
৪৯৭	৩২২	বরদোই ওঃ বরদাই পং খটনগর	রাধাকৃষ্ণ দাস মহাপাত্র ও খোষালি দেই ও তিলকরাম দে ও গিরিধারি প্রসাদ দে ও জগন্নাথ প্রসাদ দে	৮৫২।৩	
			বাদ গিরিধারি প্রসাদ দে ও জগন্নাথ প্রসাদ পৃথক হিসাব যাহা নিলাম হইবেক না	৩৩১৶৪	
			বাকী রাধাকৃষ্ণ দাস মহাপাত্র ও খোষালি দেই ও তিলকরাম দের এজমালি হিস্যা যাহা সরকারি বাকী ৩১।৶৩ জন্য নিলাম হইবেক	৫২১৶১১	৩১।৶৩
৮২৪	৪৬৬	চক গণেশ পং খড়গপুর	উমাপ্রসাদ রায় ও সৈয়দ মহম্মদ হুসেন ও ক্ষেত্রমোহন পাল ...	১০৪৩ ৴৪	২৸
১১৭১	৬৫৩	গুমাই পং বাটীটাকী	সুন্দরনারায়ণ মাসান্ত ও সুবলচরণ পাণ্ডা ও ইন্দ্রমোহন দে ও শ্রীমত্যা রঙ্গলতা দেই মাদরে মহাফেজ রাধানাথ দে ও ঠাকুরদাস দে নাবালগ ও শ্রীমত্যা জানকী দেই বণিত পরমানন্দ দে পুত্রবধূ শ্রীমত্যা পার্ব্বতী দেই ও শ্রীমত্যা রঙ্গলতা দেই	৬৫৫৶২	৫৮৶
১৪৮৩	৮২৮	কেকড় পং সবঙ্গ ...	গঙ্গারাম দে	৫৬২৶৩	২৬৩।।০

রেজিষ্টরির নম্বর	তৌজির নম্বর	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	যে সরকারি বাকির জন্য নিলাম হইবেক তাহা	কৈফিয়ৎ।
১৭০৮	৯৪২	খাগড়াগেড়্যা পং সবঙ্গ	কুঙরনারায়ণ রায় ও হরগোবিন্দ রায় পুত্রগণ ও শ্রীমত্যা সুয়া দেই মাতা মহাফেজ ঝও রায় নাবালগ বণিতা ৺ লক্ষ্মীনারায়ণ রায় ও মধুসূদন রায় ও শ্রীমত্যা কৌশল্যামণী ও শ্রীমত্যা অহল্যা দাসী ও মদনমোহন দে	৭২৫৷৵২	৶৮	
১৭৭৭	৯৬৯	মালুয়া ওং বলভদ্রপুর পং অমরশী	রামপ্রসাদ বেরা	৯২৪৸১	৪৩১৷৪	
			মিয়াদী বন্দবস্তী মহাল।			
১৯৬৯	২০৩	মঙ্গলপুর পং পটাসপুর	চৌধুরী গোপেন্দ্রনন্দন দাস মহাপাত্র ও আনন্দলাল রায় ও কাশীনাথ মিত্র ...	২০৬৯	১২১৫৸৩	
১৯৭১	২০৫	মকরামপুর পং ঐ ...	আনন্দলাল রায় ও হরশাহীলাল ভকৎ	১৩৪৬	১৭৷৭	
			চিরবন্দবস্তী মহাল।			
২০১০	১১০০	নিশ্চিন্দে ওং খাগড়াগেড়্যা পং সবঙ্গ	অক্ষয়রাম সেন ও মদনমোহন দে ও রাজনারায়ণ সেন ও ইন্দ্রমোহন দে রঙ্গলতা মাদরে রাধানাথ দে ও ঠাকুরদাস দে নাবালগ ও শ্রীধর দে ও নিমাইচন্দ্র দে ও জানকী দে ও পার্ব্বতী দেই ও শ্রীমতী শচী দাসী ও শ্রীমতী হরমণী দাসী ও শ্রীমতী দুর্গামণী দাসী	৬৫৩৷৵৭	১৷৶৬	
২৩৪৩	১১৭৬	পালপাড়া পং অমরশী	শ্রীমত্যা ভদ্রা দেই ও রাজনারায়ণ রায় ও রাধাচরণ রায় ও বশমন্ত রায় ও লক্ষ্মীনারায়ণ রায় ও হরিনারায়ণ রায় ও মথুরমোহন রায় ও হরনারায়ণ রায় ও জিতরাম রায় ও বেচারাম মাইতি ও অহল্যা দেই বৈদ্যনাথ পাল নাবালগের মাতা ও রতনমণী দেই ও ইন্দ্রনারায়ণ রায় নাবালগের গার্ডিনস্বরূপ ও মহেশচন্দ্র রায় মহাপাত্র ও কার্ত্তিকরাম গুছাত ও সীতারাম দাস ও শ্রীমত্যা বেচনমণী দেই ও কুঙরনারায়ণ দাস নাবালগের জেঠাই ও শ্রীমতী বিনোদমণী দেই উক্ত কুঙরনারায়ণ রায় নাবালগের মাতা ও গৌরমোহন গোস্বামী ও নরসিংহনারায়ণ মাইতি ও তারাপ্রসাদ রায় ও গুরুপ্রসাদ মাইতি	৮১৫৷১০		
			বাদ সীতারাম দাস দিগরের পৃথক হিসাব যাহা নিলাম হইবে না ...	৩১৬৷৵৭		
			বাকী শ্রীমত্যা ভদ্রাদেই ও রাজনারায়ণ রায় রাধাচরণ রায় ও বশমন্ত রায় ও লক্ষ্মীনারায়ণ রায় ও হরিনারায়ণ রায় ও মথুরমোহন রায় ও	৪৯৮৷৵৩	১২৸৮	

			হরনারায়ণ রায় ও জিতরাম রায় ও বেচারাম মাইতি ও অহল্যা দেই বৈদ্যনাথ পাল নাবালগের মাতা ও রত্নমণী দেই ও ইন্দ্রনারায়ণ রায় নাবালগের গার্জন স্বরূপ ও মহেশ্চন্দ্র রায় মহাপাত্র ও কার্ত্তিকরাম গুছাতের এজমালী হিস্যা যাহা সরকারি বাকী ১৫৸৶৴ জন্য নিলাম হইবেক …		
২৩৫৭	১২৯৩	রাধানগর পং খটনগর।	পঞ্চানন কাননগোই ও নরনারায়ণ দাস কাননগোই ও গুরুপ্রসাদ দে ও পঞ্চানন্দ আচার্য্য ও জিতরাম রায় ও সাধুচরণ মান্না হাড়চরণ দাস ও মধুসূদন দে ও গুরুপ্রসাদ জানা ও হরনারায়ণ জানা ও উমাপ্রসাদ দে ও পীতাম্বর পাত্র ও হরিচরণ দে ও লালমোহন দাস ও গোকুলচরণ ব্রহ্ম ও দামোদর ব্রহ্ম ও শ্রীমতী ব্রহ্মময়ী রামনারায়ণ রায়ের বনিতা ও বাদল খাঁ	২৬৫৪৸৴২	
			বাদ গোকুলচরণ ব্রহ্ম দিগরের পৃথক হিসাব যাহা নীলাম হইবে না …	১৬৯॥৶২	
			বাকী পঞ্চানন কাননগোই ও নরনারায়ণ দাস কানানগোই ও গুরুপ্রসাদ দে ও পঞ্চানন্দ আচার্য্য ও জিতরাম রায় ও সাধুচরণ মান্না ও হাড়চরণ দাস ও মধুসূদন দে ও গুরুপ্রসাদ জানা ও হরনারায়ণ জানা ও উমাপ্রসাদ দে ও পীতাম্বর পাত্র ও হরিচরণ দে ও লালমোহন দাসের এজমালি হিস্যা যাহা সরকারি বাকী ১১৶৩ জন্য নিলাম হইকেব	২৪৮৫৶০	১১৶৩
২৭৫৯	১৫১৮	উস্মুতপুর পং কাশীযোড়া	শ্যামাচরণ মাইতি ও ইন্দ্রজিৎ পট্টনায়ক ও ভবানীচরণ বসু …	১৩১৭।৶৪	২১২৸৶৭
২৭৬০	১৫১৯	উত্তর উস্মুতপুর পং কাশীযোড়া	বৈকুণ্ঠনাথ কুণ্ডু ও প্যারীমণী দেব্যা ও শ্রীনারায়ণ মাইতি ও শ্রীনাথচরণ নন্দী ও লক্ষ্মীনারায়ণ পাত্র ও শ্রীমত্যা সুন্দরী দাসী ও মোহন পাত্র ও ভজহরি পাত্র ও শ্রীমতী সুন্দরী দাসী ও শ্রীমত্যা মহামায়া দেই বণিতা গোরাচান্দ মহাপাত্র ও শ্রীমত্যা জানকী দেই ও ভগবতীচরণ ভট্টাচার্য্যের বণিতা …	৩৫০৫৶১	
			বাদ বৈকুণ্ঠনাথ কুণ্ডুর এজমালি অংশ যাহা নিলাম হইবেক না ৯৫৭।৴০ বাদ শ্রীনারায়ণ মাইতিদিগরের পৃথক হিসাব যাহা নিলাম হইবেক না ১২৬৭৸৶১	{ ২২২৫৶১	
			বাকী প্যারীমণী দেব্যার পৃথক হিসাব যাহা সরকারি বাকী ৬০০৲ জন্য নিলাম হইবেক	১২৮০	৬০০৲

MIDNAPORE COLLECTORATE,
The 22nd June 1877.

H. L. HARRISON,
Collector.

জিলা ঢাকা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৭ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৭ সালের ৩০ জুলাই মোং ১২৮৪ সন ১৬ শ্রাবণ তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ১৮৭৭ ইং ১২ জুন।

ক্রমিক নং	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকীর পরিমাণ	মন্তব্য।
১০৩৯৭নং	পঃ সিন্দুরী তরক ঘোপসেলেন্দ, ওগয়রহ	বাউলচন্দ্র, রামকুমার শাহা, রতনমণী দাস্যা, ললিতচন্দ্র শাহা, লোকনাথ মজুমদার, চিত্রমণী দাস্যা, অভয়চন্দ্র শাহা, রামচন্দ্র, গিরীশচন্দ্র চৌধূরী, স্বরূপ, প্রসন্নচন্দ্র চৌধূরী, ঈশানচন্দ্র মজুমদার, দূর্য্যোধন শিকদার, হাল নাম জারী শিবসুন্দরী, কুমদীসুন্দরী দাস্যা, শারদাসুন্দরী, হরসুন্দরী দেব্যা, অন্নপূর্ণা দাস্যা, রাজকৃষ্ণ মজুমদার, ধর্ম্মনারায়ণ লাহিড়ী, চণ্ডীপ্রসাদ মজুমদার, রাজনারায়ণ, ভোমনারায়ণ রায়, গোলাম আব্বাস, নজিরুদ্দিন চৌধূরী, মাহাম্মদ আহাছান, গোপীনাথ সান্যাল, রামনাথ সরকার, মাহাম্মদ এছরাইল, কালীচরণ, কৃষ্ণকান্ত, রামতনু, কমলাকান্ত সিংহ, কোমরদ্দিন, মাহাম্মদ আহাছান, শ্যামাসুন্দরী দাস্যা, উমাসুন্দরী দাস্যা, মাদরে দীননাথ সরকার, আনন্দমণী দাস্যা, মাদরে দুর্গানাথ মিত্র, মধুসূদন মিত্র, নাবালগ ফখরদ্দীন	১৮৫৯॥৵২	কিস্তি ১২৮২ সালের লাং ফাল্গুন ৭৪ ৪৸৶ ১২৮৩ সালের লাং জ্যৈষ্ঠ ৯৬/৬ ঐ সালের কিঃ ভাদ্র ৪২০৶৩ ঐ সালের কিঃ অগ্রহায়ণ ৫৬১/০ ১৮২২।/১	বাউলচন্দ্র, রামকুমার শাহা রত্নমণী দাস্যা, ললিতচন্দ্র শাহা, ১২৸৵১০ পাই লোকনাথ মজুমদার ১৩৸৬ পাই চিত্রমণী দাস্যা ১৸৶৬ পাই অভয়চন্দ্র শাহা ১৩৸৬ পাই রামচন্দ্র গিরীশচন্দ্র চৌধূরী ২৯॥৬ পাই স্বরূপ প্রসন্ন চন্দ্র চৌধূরী ৭।/১ পাই ঈশানচন্দ্র মজুমদার ৫০॥৵১ পাই দূর্য্যোধন শীকদার হাল নাম জারী শিবসুন্দরী কুমদীসুন্দরী দাস্যা ৩৫॥৶৬ পাই শারদাসুন্দরী হরসুন্দরী দেব্যা ১৬১॥৵৫ অন্নপূর্ণা দাস্যা ৮১৸২ পাইর হিসাব ১৮৫৯ সনের ১১ আইনমতে পৃথক আছে, অবশিষ্ট রাজকৃষ্ণ মজুমদার ধর্ম্মনারায়ণ লাহিড়ী, চণ্ডীপ্রসাদ মজুমদার, রাজনারায়ণ, ভোমনারায়ণ, রায়, গোলাম আব্বাস, নজিরউদ্দীন চৌধূরী, মাহাম্মদ আহাছান, গোপীনাথ সান্যাল রামনাথ সরকার, মাহাম্মদ এছরাইল, কালীচরণ কৃষ্ণকান্ত রামতনু কমলাকান্ত সিংহ, কোমরদ্দীন মাহাম্মদ আহাছান, শ্যামাসুন্দরী দাস্যা উমাসুন্দরী দাস্যা মাদরে দীননাথ সরকার ও আনন্দমণী দাস্যা মাদরে দুর্গানাথ মিত্র মধুসূদন মিত্র নাবালগ ফখরদ্দীন ১৪৫০॥৶১ পাই সদর জমা ১৮২২।/১ পাই বাকীর কারণ নীলাম হইবেক ইতি।

D. R. Lyall, *Collector.*

[*Government Gazette*, *26th June* 1877.]

জিলা ঢাকা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৭ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৭ সালের ৩০ জুলাই মোং ১২৮৪ সন ১৬ শ্রাবণ তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ১৮৭৭ ইং ১২ জুন।

তৌজি নং	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকীর পরিমাণ	মন্তব্য।
৯১৭৮ নং ৩৯২ নং	কিং পং কাসিম নগর রকম হিস্যে ॥৵৮=ক্রাং স্তি বং মুন্শী মাহাম্মদ হাফেজ	মুন্শী মহাম্মদ হাফেজ আতরণন্নেছা জওজে সৈয়দদ্দিন আহাম্মদ ও ফজলল হক ও অম্বল খএরাত জওজে মৌলবি আশওয়ার জমা	২১৬০৲	কিস্তি ১২৮২ সালের লাং অগ্রহায়ণ ৯৪১॥৵ ১২৮২ সালের লাং ফাল্গুন ৫৫৫৷৴২ পাই ——— ১৪৯৬৷৴১ পাই	প্রকাশ থাকে যে তৃতীয় ঘরের লিখিত মালিকের নামের অতিরিক্ত থাকের কাগজে মুন্শী মাহাম্মদ এস্মাইল ও মৌলবী মাহাম্মদ এস্রাইল ও নোতফন্নেছা ও ইফাজ-উল্লার নাম দখল করিতে লেখা যায়।

D. R. Lyall, *Collector*.

NOTICE.

Required a Mohurrir for the Record-room of the District Judge of East Burdwan. Knowledge of English is not essential. Previous experience in the Record Department, and testimonials of character and efficiency, indispensable. A capable person will have the prospect of obtaining the post of Record-keeper, which will be vacant after some months by the retirement of the present incumbent; and the appointment of a Mohurrir will be now made with a view to his qualifying in the *interim* for the superior appointment, the salary of which is Rs. 30, rising to Rs. 50.

C. D. Field, *District Judge*.

Burdwan Judge's Office, *the 21st June* 1877.

বিজ্ঞাপন।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার জজ সাহেবের আদালতের মহাফেজখানায় এক জন মুহুরীরের প্রয়োজন হইয়াছে, ইংরেজী ভাষা না জানিলেও চলিতে পারিবে। কিন্তু মহাফেজখানার কার্য্য পূর্ব্বে করিয়াছেন ইহার ও চরিত্রের ও কার্য্যদক্ষ্যতার নিদর্শনপত্র নিতান্ত প্রয়োজন। কার্য্যক্ষম ব্যক্তির মহাফেজের পদ পাইবার আশা থাকিতে পারিবে, কেননা এইক্ষণে যিনি মহাফেজ আছেন কএক মাস পরে তিনি কর্ম্মহইতে অবসর গ্রহণ করিলে সেই পদ শূন্য হইবে, সেই উচ্চ পদের উপযুক্ত হওনাভিপ্রায়ে কিয়ৎকালের নিমিত্তে এইক্ষণে এক জন মুহুরীরকে নিযুক্ত করা যাইবে, তাঁহার বেতন ৩০৲ টাকা, বৃদ্ধি হইয়া ৫০৲ টাকা পর্য্যন্ত হইবে।

সি, ডি, ফিলড,
জিলার জজ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৬ জুন।]

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

IN the matter of NARAIN DASS, an Insolvent.

On Tuesday, the 5th day of June, upon the application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do, from and out of the sum of Rs. 582-1-7 in his hands, pay a dividend at the rate of Rs. 6 per cent. (which will amount to the sum of Rs. 400-15-4) upon the several claims admitted on the schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee, notice whereof is hereby given.

A. B. MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
Calcutta, 21*st June* 1877.

The like Notice. In the matter of SYUD AMEER ALI, an Insolvent, wherein it was amongst other things ordered that out of Rs. 2,625-14-6 the Official Assignee do pay a dividend at Rs. 7 per cent. (amounting to Rs. 2,121-0-0).

A. B. MILLER,
Official Assignee.

যোত্রহীনের আদালত।

কলিকাতার যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন নারায়ণ দাসের বিষয়ে।

আসৈনী সাহেব চলিত সালের জুন মাসের ৫ তারিখ মঙ্গলবারে প্রার্থনা করাতে এই আজ্ঞা হইয়াছে যে, উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া স্বীকার করা গেল, তাহা উক্ত আসৈনী সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৫৮২/৭ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৬৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৪০০৸৶৪ টাকা ডিবিডেণ্ড দেন, ইহার সংবাদ দেওয়া গেল।

সরকারী আসৈনী সাহেবের আফিস,
কলিকাতা, ১৮৭৭ সাল ২১ জুন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন সৈয়দ আমির আলীর বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ২৬২৫৸৵৬ টাকাহইতে সরকারী আসাইনী সাহেব শতকরা ৭৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ২১২১৲ টাকা ডিবিডেণ্ড দেন।

এ, বি, মিলর,
সরকারী আসৈনী।

(11—1)

It is hereby notified that the undermentioned estates, belonging to His Highness the Moharaj Adheeraj Bahadoor, of Burdwan, will be let out to putnee by public auction at the Burdwan Palace on Monday, the 2nd July next, corresponding with the 19th Assar 1284 B.S. Parties intending to take the putnees are requested to apply for further particulars to the undersigned.

Name of Zillah.	Name of Mehal.	Rent paid by the former putneedars. Rs.	A.	P.
Burdwan ...	Kharize Araji of Sanko	381	0	0
Ditto ...	Chur Gram Culna	966	5	6
Ditto ...	Arazi of Sanko	135	0	0
Midnapore ...	Joykissenpore	3,660	0	0
Ditto ...	Tuppeh Narajole	19,600	0	0
Moorshedabad ...	Bhandara	571	8	6
Monghyr ...	Pipra Doderaj	3,118	5	0

Burdwan Palace, the 30th May 1877.　　R. C. Moitro, *Jumma Member.*

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বর্দ্ধমানাধিপতি হিজ হাইনেশ শ্রীলশ্রীযুত মহারাজ অধিরাজ বাহাদুরের অধিকৃত নিম্নলিখিত সম্পত্তি সকল আগামি ২রা জুলাই সোমবার মোঃ ১২৮৪ সালের ১৯এ আষাঢ় তারিখে বর্দ্ধমানের রাজবাটীতে প্রকাশ্য নীলামের দ্বারা পত্তনী বিলি করা যাইবেক গ্রাহকগণ অন্যং বিষয় জানিবার জন্য নিম্নের স্বাক্ষরকারির নিকট আবেদন করিতে পারেন।

জিলার নাম।	মহালের নাম।	পূর্ব্ব পত্তনীদারের দেয় রাজস্ব।
বর্দ্ধমান ...	শাঁকোর মালের খারিজী আরাজী	৩৮১৲
	চর গ্রাম কালনা	৯৬৬।৴৬
	শাঁকোর আরাজী	১৩৫৲
মেদিনীপুর ..	জয়কৃষ্ণপুর	৩৬৬০৲
	তপ্পে নারাজোল	১৯৬০০৲
মুরশিদাবাদ ...	ভাণ্ডারা	৫৭১।।৬
মুঙ্গের ...	পিপরা দোদরাজ	৩১১৮।৴

আর, সি, মৈত্র,
জমা-মেম্বর।

বর্দ্ধমান,—রাজবাটী,
১২৮৪। ১৮ই জ্যেষ্ঠ।

(9—3)

Rates of Subscription to the Bengali Government Gazette,
FROM 1ST JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage	...	...	...	Rs.	10	0	0
Ditto, with postage	...	...	...	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাস্থল বিনা এক বৎসরের		...	...	...	...	... ১০৲
ডাকমাস্থল সুদ্ধ	ঐ	...	...	...	...	... ১২৷৷০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette, 26th June* 1877.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডুউইন্ মরিস্ লুইস্ সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

TUESDAY, JUNE 26, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৬ জুন।

PART III.

Act of the Legislative Council of India.

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষের মন্ত্রিসভার আইন।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 30th March 1877, and is hereby promulgated for general information:—

ACT No. X OF 1877.

THE CODE OF CIVIL PROCEDURE.

CONTENTS.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন ১৮৭৭ সালের মার্চ মাসের ৩০ তারিখে মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবকর্ত্তৃক অনুমোদিত হওয়াতে, সাধারণের জানার্থে প্রকাশ করা যাইতেছে।—

১৮৭৭ সালের ১০ দশম আইন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন।

সূচীপত্র।

CHAPTER III.

৩ তৃতীয় অধ্যায়।

OF PARTIES AND THEIR APPEARANCES, APPLICATIONS AND ACTS.

উভয় পক্ষ ও তাঁহাদের উপস্থিত হওন ও প্রার্থনাকরণ ও ক্রিয়া বিষয়ক বিধি।

CHAPTER VI. / ৬ ষষ্ঠ অধ্যায়।

OF THE ISSUE AND SERVICE OF SUMMONS. / সমন বাহির করণ ও দেওন বিষয়ক বিধি।

Issue of Summons. / সমন বাহির করণ বিষয়ক বিধি।

SECTIONS.

104. Procedure in case of non-attendance of one or more of several plaintiffs.

105. Procedure in case of non-attendance of one or more of several defendants.

106. Consequence of non-attendance, without sufficient cause shown, of party ordered to appear in person.

107. Court to receive written declaration in support of cause shown for failure to appear.

108. Setting aside decree *ex parte* against defendant.

109. No decree to be set aside without notice to opposite party.

CHAPTER VIII.

OF WRITTEN STATEMENTS AND SET-OFF.

110. Written statements.

111. Particulars of set-off to be given in written statement.

Enquiry.

Effect of set-off.

112. No written statement to be received after first hearing unless called for by Court.

Court may at any time call for written statement.

113. Procedure when party fails to present written statement called for by Court.

114. Frame of written statements.

115. Written statements to be subscribed and verified.

116. Rejection of argumentative, prolix, or irrelevant written statements.

Attestation of amendments.

Effect of rejection.

CHAPTER IX.

OF THE EXAMINATION OF THE PARTIES BY THE COURT.

117. Ascertainment from each party whether allegations in written statements are admitted or denied.

118. Oral examination of party or companion of himself or his pleader.

119. Substance of examination to be written.

120. Consequence of refusal or inability of pleader to answer.

ধারা।

১০৪। প্রতিবাদী ব্রিটিশীয় ভারতবর্ষের বাহিরে বাস করাতে উপস্থিত না হইলে কার্য্য প্রণালীর কথা।

১০৫। অনেক জন বাদির মধ্যে এক কি কএক জন উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

১০৬। অনেক জন প্রতিবাদির মধ্যে এক কি কএক জন উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

১০৭। কোন পক্ষের স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা থাকিলেও উপযুক্ত কারণ না থাকিতে তিনি না আইলে তাহার ফলের কথা।

১০৮। প্রতিবাদী উপস্থিত না থাকিলে তাহার বিপক্ষে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধ করিবার কথা।

১০৯। বিপক্ষ পক্ষকে নোটিস না দিলে ডিক্রী অসিদ্ধ করিতে না হইবার কথা।

৮ অষ্টম অধ্যায়।

বর্ণনাপত্র ও দাওয়ার বিপরীত দাওয়া বিষয়ক বিধি।

১১০। বর্ণনাপত্রের কথা।

১১১। এক দাওয়ার বিপক্ষে অন্য দাওয়া উপস্থিত করা গেলে বর্ণনাপত্রে তাহার বিবরণ লিখিবার কথা।

অনুসন্ধান লওনের কথা।

বাদ দেওয়ার ফলের কথা।

১১২। প্রথম শ্রবণের পর আদালত বর্ণনাপত্র না চাহিলে তাহা গ্রাহ্য হইতে না পারিবার কথা।

আদালতের কোন সময়েই বর্ণনাপত্র আনাইবার ক্ষমতার কথা।

১১৩। আদালত কোন পক্ষের নিকট বর্ণনাপত্র চাহিলেও তিনি না দিলে কার্য্যপ্রণালীর কথা।

১১৪। বর্ণনাপত্র যেরূপে লিখিতে হইবে তাহার কথা।

১১৫। বর্ণনাপত্রে স্বাক্ষর করিতে ও সত্যাকরণের কথা লিখিতে হইবার কথা।

১১৬। বর্ণনাপত্রে তর্কবিতর্ক কিম্বা অতি বিস্তারিত কি অপ্রাসঙ্গিক কথা থাকিলে তাহা অগ্রাহ্য করিবার কথা।

সংশোধনের সাক্ষির কথা।

অগ্রাহ্য করণের ফলের কথা।

৯ নবম অধ্যায়।

আদালতের দ্বারা উভয় পক্ষের পরীক্ষা লওন বিষয়ক বিধি।

১১৭। লিখিত বর্ণনাপত্রে যে উক্তি হইয়াছে তাহা স্বীকার বা অস্বীকার হইল, প্রত্যেক পক্ষের নিকট ইহা জ্ঞাত হওয়ার কথা।

১১৮। এক পক্ষের কিম্বা সঙ্গি ব্যক্তির কি উকীলের বাচনিক পরীক্ষার কথা।

১১৯। পরীক্ষার ফলের মর্ম্ম লিখিয়া রাখিবার কথা।

১২০। উকীল উত্তর না দিলে কি দিতে না পারিলে তাহার ফলের কথা।

CHAPTER X.	১০ দশম অধ্যায়।
OF DISCOVERY AND OF THE ADMISSION, INSPECTION, PRODUCTION, IMPOUNDING AND RETURN OF DOCUMENTS.	সন্ধান লওন ও দলীল গ্রাহ্য ও দৃষ্টি ও উপস্থিত করণ ও আটক রাখণ ও ফিরিয়া দেওন বিষয় বিধি।

CHAPTER XVI.

OF AFFIDAVITS.

CHAPTER XVII.

OF JUDGMENT AND DECREE.

১৬ ষোড়শ অধ্যায়।

আফিডেবিট বিষয়ক বিধি।

১৭ সপ্তদশ অধ্যায়।

বিচার ও ডিক্রী বিষয়ক বিধি।

CHAPTER XVIII. / ১৮ অষ্টাদশ অধ্যায়।

OF COSTS. / খরচাবিষয়ক বিধি।

CHAPTER XIX. / ১৯ ঊনবিংশ অধ্যায়।

OF THE EXECUTION OF DECREES. / ডিক্রী জারীকরণ বিষয়ক বিধি।

A.—Of the Court by which Decrees may be executed. / ক।—যে আদালতের দ্বারা ডিক্রীজারী করা যাইতে পারিবে তদ্বিষয়ক বিধি।

Sections.		ধারা।	
248.	Notice to show cause why decree should not be executed.	২৪৮।	ডিক্রী জারী করিতে না হওয়ার কারণ দেখাই-বার নোটিস দিবার কথা।
	Proviso.		উপবিধি।
249.	Procedure after issue of notice.	২৪৯।	নোটিস জারী হইবার পর কার্য্যপ্রণালীর কথা।
250.	Warrant when to issue.	২৫০।	পরওয়ানা যে সময়ে বাহির হইবে, তাহার কথা।
251.	Date, signature, seal, and delivery.	২৫১।	তাহাতে তারিখ দিয়া ও স্বাক্ষর ও মোহর করিয়া দিবার কথা।
252.	Decree against representative of deceased for money to be paid out of deceased's property.	২৫২।	মৃত ব্যক্তির সম্পত্তি হইতে তাঁহার স্থলাভি-ষিক্তের টাকা দিবার ডিক্রীর কথা।
253.	Decree against surety.	২৫৩।	জামিনের বিপক্ষে ডিক্রীর কথা।
254.	Decree for money.	২৫৪।	টাকার নিমিত্ত ডিক্রীর কথা।
255.	Decree for mesne profits or other matter, amount of which to be subsequently ascertained.	২৫৫।	ওয়াসিলাতের কিম্বা অন্য যে বিষয়ের মূল্য পশ্চাৎ নির্ণয় করিতে হইবে তদ্বিষয়ক ডিক্রীর কথা।
256.	Power to direct immediate execution of decree for money not exceeding rupees 1,000.	২৫৬।	১০০০৲ টাকার অধিকের ডিক্রী না হইলে অপৌণেই তাহা জারী করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।
257.	Modes of paying money under decree.	২৫৭।	ডিক্রীমত টাকা যেই রূপে দেওয়া যাইবে তাহার কথা।
258.	Payment of money out of Court to decree-holder.	২৫৮।	আদালতের বাহিরে ডিক্রীদারকে টাকা দিবার কথা।
259.	Decrees for specific moveables, or recovery of wives.	২৫৯।	বিশেষ অস্থাবর দ্রব্যের কিম্বা স্ত্রী পুনঃপ্রাপণের নিমিত্ত ডিক্রীর কথা।
260.	Decree for specific performance or restitution of conjugal rights.	২৬০।	বিশেষ কার্য্যসম্পাদন করণার্থ কিম্বা দাম্পত্য স্বত্ব পুনঃপ্রাপণার্থ ডিক্রীহইলে তদ্বিষয়ক কথা।
261.	Decree for execution of conveyances, or endorsement of negotiable instruments.	২৬১।	হস্তান্তরকরণপত্র সম্পাদন করিবার কিম্বা ক্রেয়-বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে লিখিবার ডিক্রীর কথা।
262.	Form and effect of execution of conveyance by Court.	২৬২।	হস্তান্তরকরণপত্রে আদালতের যেরূপে স্বাক্ষর করিতে হইবে ও তাহার যে ফল হইবে তাহার কথা।
263.	Decree for immoveable property.	২৬৩।	স্থাবর সম্পত্তির নিমিত্ত ডিক্রীর কথা।
264.	Delivery of immoveable property when in occupancy of tenant.	২৬৪।	স্থাবর সম্পত্তি প্রজার অধিকারে থাকিলে তাহা দেওয়াইবার কথা।
265.	Partition of estate or separation of share.	২৬৫।	মহাল বিভাগ কি অংশ পৃথক করিবার কথা।
	F.—Of Attachment of Property.		চ।—সম্পত্তি ক্রোক করণ বিষয়ক বিধি।
266.	Property liable to attachment and sale in execution of decree.	২৬৬।	ডিক্রী জারীক্রমে যেই প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারে তাহার কথা।
267.	Power to summon and examine persons as to property liable to be seized.	২৬৭।	ব্যক্তিদিগকে ডাকাইয়া যে সম্পত্তি ধৃত হইতে পারিবে তদ্বিষয়ে তাহাদিগকে জিজ্ঞাসা-বাদ করিবার কথা।
268.	Attachment of debt, share, and other property not in possession of judgment-debtor.	২৬৮।	ঋণ ও শ্যার ও অন্য যে সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে নাই তাহা ক্রোক করিবার কথা।
269.	Attachment of moveable property in possession of defendant.	২৬৯।	প্রতিবাদির অধিকারে যে অস্থাবর সম্পত্তি থাকে তাহা ক্রোক করিবার কথা।
	Power to make rules for maintenance of attached live-stock.		পশ্বাদি ক্রোক করা গেলে তাহার আহারাদির বিধি করিবার ক্ষমতার কথা।
270.	Attachment of negotiable instruments.	২৭০।	ক্রেয় বিক্রেয় নিদর্শনপত্র ক্রোক করিবার কথা।
271.	Seizure of property in house.	২৭১।	ঘরের মধ্যে দ্রব্য ধৃত করণ বিষয়ক কথা।
	Seizure of property in zanánás.		অন্তঃপুরে দ্রব্য ধৃতকরণ বিষয়ক কথা।

CHAPTER XX. / ২০ বিংশ অধ্যায়।

OF INSOLVENT JUDGMENT-DEBTORS. / ডিক্রীমত খাতক ঋণ শোধ করিতে অক্ষম হইলে তদ্বিষয়ক বিধি।

SECTIONS.	ধারা।
358. When Court may declare insolvent absolved from further liability.	৩৫৮। আদালত যে স্থলে ঋণশোধ করণাক্ষম ব্যক্তিকে আর দায়হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন তাহার কথা।
359. Procedure in case of dishonest applicant.	৩৫৯। প্রার্থকের ত্রুটিসাচরণ হইলে কার্য্যপ্রণালীর কথা।
360. Investment of other Courts with powers of District Courts. Transfer of cases.	৩৬০। অন্যান্য আদালতের প্রতি জিলার আদালতের ক্ষমতা প্রদান করিবার ও মোকদ্দমা স্থানান্তর করিয়া দিবার কথা।

PART II.

দ্বিতীয় ভাগ।

OF INCIDENTAL PROCEEDINGS.

নৈমিত্তিক কার্য্যানুষ্ঠানের বিধি।

CHAPTER XXI.

২১ একবিংশ অধ্যায়।

OF THE DEATH, MARRIAGE, AND INSOLVENCY OF PARTIES.

কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণশোধ করণের অক্ষমতা হইলে, তদ্বিষয়ক বিধি।

361. No abatement by party's death, if cause of action survive.	৩৬১। এক পক্ষের মৃত্যু হইলেও নালিশ করিবার হেতু প্রবল থাকিলে, মোকদ্দমা রহিত না হইবার কথা।
362. Proceeding in case of death of one of several plaintiffs or defendants, if cause of action survive.	৩৬২। অনেক জন বাদির কি প্রতিবাদির মধ্যে এক জনের মৃত্যু হইলেও নালিশের হেতু প্রবল থাকিলে কার্য্যানুষ্ঠানের কথা।
363. Proceeding in case of death of one of several plaintiffs where cause of action survives to survivors and representative of deceased.	৩৬৩। অনেক বাদির মধ্যে এক জন মরিলে ও উত্তরজীবীদের এবং মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের পক্ষে নালিশের হেতু প্রবল থাকিলে কার্য্যানুষ্ঠানের কথা।
364. Proceeding where no application made by representative of deceased plaintiff.	৩৬৪। মৃত বাদির স্থলাভিষিক্ত প্রার্থনা না করিলে কার্য্যানুষ্ঠানের কথা।
365. Proceeding in case of death of sole, or sole surviving, plaintiff.	৩৬৫। একই বাদির কিম্বা অবশিষ্ট একই বাদির মৃত্যু হইলে কার্য্যানুষ্ঠানের কথা।
366. Abatement where no application by representative of deceased plaintiff.	৩৬৬। মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত প্রার্থনা না করিলে, মোকদ্দমা রহিত হইবার কথা।
367. Procedure in case of dispute as to representative of deceased plaintiff.	৩৬৭। মৃত বাদির স্থলাভিষিক্ত কে হন, এই বিষয়ের বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।
368. Procedure in case of death of one of several defendants, or of sole or sole surviving defendant.	৩৬৮। অনেক প্রতিবাদির মধ্যে এক জনের কিম্বা একই কিম্বা অবশিষ্ট একই প্রতিবাদির মৃত্যু হইলে কার্য্যপ্রণালীর কথা।
369. Suit not abated by marriage of female party.	৩৬৯। এক পক্ষ স্ত্রী হইলে তাহার বিবাহহেতুক মোকদ্দমা রহিত না হওয়ার কথা।
370. When plaintiff's bankruptcy or insolvency bars suit.	৩৭০। বাদী দেউলিয়া কিম্বা ঋণ শোধ করিতে অক্ষম হইলে মোকদ্দমা করিবার বাধা হওয়ার কথা।
Procedure when assignee fails to continue suit or give security.	আসৈনী মোকদ্দমা চালাইতে কি জামিন দিতে ত্রুটি করিলে কার্য্যপ্রণালীর কথা।
371. Effect of abatement on parties' rights.	৩৭১। মোকদ্দমা রহিত হইলে উভয় পক্ষের স্বত্বপক্ষে যে ফল হয় তাহার কথা।
Application to set aside abatement or dismissal.	মোকদ্দমা রহিত কি ডিসমিস করিবার আজ্ঞা অসিদ্ধ করিবার প্রার্থনার কথা।

PART III. / তৃতীয় ভাগ।

OF SUITS IN PARTICULAR CASES. / বিশেষ২ স্থলের মোকদ্দমাবিষয়ক বিধি।

CHAPTER XXVI. / ২৬ ষড়বিংশ অধ্যায়।

SUITS BY PAUPERS. / পাপরদের মোকদ্দমাবিষয়ক বিধি।

CHAPTER XXVII. / ২৭ সপ্তবিংশ অধ্যায়।

SUITS BY OR AGAINST GOVERNMENT OR PUBLIC OFFICERS. / গবর্ণমেণ্টের কিম্বা রাজকীয় কার্য্যকারকদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক কথা।

CHAPTER XXVIII. / ২৮ অষ্টাবিংশ অধ্যায়।

SUITS BY ALIENS AND BY OR AGAINST FOREIGN AND NATIVE RULERS.

ভিন্ন জাতীয় ব্যক্তিদের ও ভিন্ন দেশীয় বা এতদ্দেশীয় সরদারদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

SECTIONS.

448. Stay of proceedings on death or removal of next friend.

449. Application for appointment of new next friend.

450. Course to be followed by minor plaintiff or applicant on coming of age.

451. Where he elects to proceed.

452. Where he elects to abandon.

453. Making and proving applications under sections 451, 452.

454. When minor co-plaintiff.

Costs.

455. When suit unreasonable or improper.

Costs.

456. Petition for appointment of guardian *ad litem*.

457. Who may be guardian *ad litem*.

458. Guardian neglecting his duty may be removed.

Costs.

459. On death or removal of guardian *pendente lite*, new guardian to be appointed.

460. When decree to be enforced against heir or representative.

461. Before decree, next friend or guardian *ad litem* not to receive money without leave of Court and giving security.

462. Next friend or guardian *ad litem* not to compromise without leave of Court.

Compromise without leave voidable.

463. Application of sections 440 to 462 to persons of unsound mind.

464. Wards of Court.

CHAPTER XXXII.

SUITS BY AND AGAINST MILITARY MEN.

465. Officers or soldiers who cannot obtain leave may authorize any person to sue or defend for them.

ধারা।

৪৪৮। আসন্ন বন্ধু মরিলে কি অবসর হইলে মোকদ্দমার কার্য্য স্থগিত থাকার কথা।

৪৪৯। নূতন আসন্ন বন্ধু নিযুক্ত করিতে প্রার্থনা করিবার কথা।

৪৫০। অপ্রাপ্তবয়স্ক বাদী কিম্বা প্রার্থক বয়ঃপ্রাপ্ত হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪৫১। চালাইতে স্থির করিলে তদ্বিষয়ক কথা।

৪৫২। ত্যাগ করিতে স্থির করিলে তদ্বিষয়ক কথা।
খরচার কথা।

৪৫৩। ৪৫১ বা ৪৫২ ধারামত প্রার্থনাপত্র করণ ও প্রমাণ করণের কথা।

৪৫৪। নাবালগ সহবাদী হইলে তদ্বিষয়ের কথা।
খরচের কথা।

৪৫৫। মোকদ্দমা অসঙ্গত কি অনুচিত হইলে তদ্বিষয়ের কথা।

খরচের কথা।

৪৫৬। মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক নিযুক্ত করিবার দরখাস্তের কথা।

৪৫৭। মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক কে হইতে পারেন ইহার কথা।

৪৫৮। অভিভাবক কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাঁহাকে অবসর করিতে পারিবার কথা।

খরচার কথা।

৪৫৯। মোকদ্দমা উপস্থিত থাকিতে অভিভাবক মরিলে নূতন অভিভাবক নিযুক্ত করিবার কথা।

৪৬০। যে স্থলে উত্তরাধিকারির কি স্থলাভিষিক্ত ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করা যাইতে পারে তাহার কথা।

৪৬১। ডিক্রীর পূর্ব্বে আদালতের অনুমতি বিনা ও জামিন না দিয়া আসন্ন বন্ধুর কি মোকদ্দমা-সম্পর্কীয় অভিভাবকের টাকা গ্রহণ না করিবার কথা।

৪৬২। আদালতের অনুমতি বিনা আসন্ন বন্ধুর কি মোকদ্দমা সম্পর্কীয় অভিভাবকের রাজীনামা না করিবার কথা।

অনুমতি না পাইলে রাজীনামা ব্যর্থ হওয়ার কথা।

৪৬৩। ক্ষিপ্তমনা ব্যক্তিদের প্রতি ৪৪০ অবধি ৪৬২ পর্য্যন্ত ধারা খাটাইবার কথা।

৪৬৪। কোর্ট ওয়ার্ডসের কথা।

---

৩২ দ্বাত্রিংশ অধ্যায়।

সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৪৬৫। সেনাপতিরা কি সেনারা ছুটী পাইতে না পারিলে আপনাদের নিমিত্ত বাদপ্রতিবাদ করণার্থে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবার কথা।

SECTIONS.

CHAPTER XXXV.

OF TEMPORARY INJUNCTIONS AND INTERLOCUTORY ORDERS.

---

৩৫ পঞ্চত্রিংশ অধ্যায়।

কিয়ৎকালের নিমিত্ত নিষেধ বিষয়ক ও মোকদ্দমার চলনকালীন আজ্ঞা বিষয়ক বিধি।

Sections.	
	দ্বারা।
500. Application for such orders to be after notice.	৫০০। নোটিস দেওয়ার পর তদ্রূপ আজ্ঞা প্রার্থনা করা যাইবার কথা।
501. When party may be put in immediate possession of land, the subject of suit.	৫০১। যে স্থলে অগোণেই কোন পক্ষকে বিবাদীয় ভূমির অধিকার দেওয়া যাইতে পারিবে তাহার কথা।
502. Deposit of money, &c., in Court.	৫০২। আদালতে টাকা প্রভৃতি গচ্ছিত করিবার কথা।
CHAPTER XXXVI.	**৩৬ ষটত্রিংশ অধ্যায়।**
Appointment of Receivers.	**গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।**
503. Power of Court to appoint Receivers.	৫০৩। গ্রাহকদিগকে আদালতের নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
Receiver's liabilities.	গ্রাহকের দায়ের কথা।
504. When Collector may be appointed Receiver.	৫০৪। কালেক্টর সাহেব যে স্থলে গ্রাহকের পদে নিযুক্ত হইতে পারেন তাহার কথা।
505. Courts empowered under this chapter.	৫০৫। এই অধ্যায়মতে যেং আদালতের ক্ষমতা থাকে তদ্বিষয়ের কথা।
PART V.	**পঞ্চম ভাগ।**
OF SPECIAL PROCEEDINGS.	**বিশেষ কার্য্যানুষ্ঠান বিষয়ক বিধি।**
CHAPTER XXXVII.	**৩৭ সপ্তত্রিংশ অধ্যায়।**
Reference to Arbitration.	**সালীসীতে অর্পণ করণবিষয়ক বিধি।**
506. Parties to suit may apply for order of reference.	৫০৬। মোকদ্দমার উভয় পক্ষের অর্পণ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবার কথা।
507. Nomination of arbitrator.	৫০৭। সালীস মনোনীত করিবার কথা।
When Court to nominate arbitrator.	যে স্থলে আদালত সালীসকে মনোনীত করিবেন তাহার কথা।
508. Order of reference.	৫০৮। অর্পণ করিবার আজ্ঞা কথা।
509. When reference is to two or more, order to provide for difference of opinion.	৫০৯। দুই কি তদধিক জন সালীসের প্রতি অর্পণ করা গেলে, মতের অনৈক্য সম্ভাবনা প্রযুক্ত তাহার বিধান করিবার কথা।
510. Death, incapacity, &c., of arbitrators or umpire.	৫১০। সালীসদের কি প্রমাণপুরুষের মৃত্যু কি অক্ষমতা প্রভৃতি হইলে তদ্বিষয়ের কথা।
511. Appointment of umpire by Court.	৫১১। আদালতের দ্বারা প্রমাণপুরুষ নিযুক্ত হওয়ার কথা।
512. Powers of arbitrator or umpire appointed under sections 509, 510, 511.	৫১২। ৫০৯ কি ৫১০ কি ৫১১ ধারামতে যে সালীস কি প্রমাণপুরুষ নিযুক্ত হন তাঁহার ক্ষমতার কথা।
513. Summoning witnesses.	৫১৩। সাক্ষিদিগকে সমন করিবার কথা।
Punishment for default, &c.	ত্রুটি প্রভৃতি হেতুক দণ্ডের কথা।
514. Extension of time for making award.	৫১৪। মীমাংসা করিবার সময় বৃদ্ধির কথা।
515. When umpire may arbitrate in lieu of arbitrators.	৫১৫। সালীসদের পরিবর্ত্তে প্রমাণপুরুষের সালীসী করিতে পারিবার কথা।
516. Award to be signed and filed.	৫১৬। মীমাংসাপত্রে স্বাক্ষর করিয়া অর্পণ করিবার কথা।
517. Arbitrators or umpire may state special case.	৫১৭। সালীসদের কি প্রমাণ পুরুষের বিশেষ বিষয় ব্যক্ত করিতে পারিবার কথা।
518. Court may, on application, modify or correct award in certain cases.	৫১৮। কোনং স্থলে প্রার্থনামতে আদালতের মীমাংসা মতান্তর কি সংশোধন করিতে পারিবার কথা।

SECTIONS.	ধারা।
519. Order as to costs of arbitration.	৫১৯। সালীসীতে অর্পণ করণের খরচ বিষয়ক আজ্ঞার কথা।
520. When award or matter referred to arbitration may be remitted.	৫২০। মীমাংসা কি সালিসীতে অর্পিত বিষয় যে স্থলে ফিরিয়া পাঠান যাইতে পারিবে তাহার কথা।
521. Grounds for setting aside award.	৫২১। মীমাংসা অসিদ্ধ করিবার হেতুর কথা।
522. Judgment to be according to award.	৫২২। মীমাংসানুসারে ডিক্রী হইবার কথা।
Decree to follow.	পরে ডিক্রী হইবার কথা।
523. Agreement to refer to arbitration may be filed in Court.	৫২৩। সালীসীতে অর্পণ করণের সম্মতিপত্র আদালতে অর্পণ করা যাইতে পারিবার কথা।
Application to be numbered and registered.	ঐ প্রার্থনাপত্রে নম্বর দিয়া তাহা রেজিষ্টরী করিবার কথা।
Notice to show cause against filing it.	আদালতে অর্পণ না করিবার কারণ দেখাইবার নোটিসের কথা।
524. Provisions of this chapter applicable to proceedings under order of reference.	৫২৪। সালীসীতে অর্পণ করিবার আজ্ঞানুসারে যে কার্য্যানুষ্ঠান হয় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিবার কথা।
525. Filing award in matter referred to arbitration without intervention of Court.	৫২৫। আদালতের হস্তক্ষেপকরণ বিনা সালীসীতে অর্পিত বিষয়ের মীমাংসা অর্পণ করিবার কথা।
Application to be numbered and registered.	প্রার্থনাপত্রের নম্বর দিয়া তাহা রেজিষ্টরী · করিবার কথা।
Notice to parties to arbitration.	সালীসীর উভয় পক্ষকে নোটিস দিবার কথা।
526. Filing and enforcement of such award.	৫২৬ ঐ মীমাংসা অর্পণ ও প্ররল করণের কথা।

CHAPTER XXXVIII. — ৩৮ অষ্টত্রিংশ অধ্যায়।

OF PROCEEDINGS ON AGREEMENT OF PARTIES. — উভয় পক্ষের সম্পত্তিক্রমে আনুষ্ঠানিক কার্য্য বিষয়ক বিধি।

527. Power to state case for Court's opinion.	৫২৭। আদালতের অভিমত জ্ঞাত হওয়ার জন্যে বর্ণনা করিবার ক্ষমতার কথা।
528. When value of subject-matter must be stated.	৫২৮। যে স্থলে বিষয়ের মূল্য ব্যক্ত হইবে তাহার কথা।
529. Agreement to be filed and numbered as a suit.	৫২৯। নিয়মপত্র মোকদ্দমার ন্যায় অর্পণ করিবার ও তাহার নম্বর দিবার কথা।
530. Parties to be subject to Court's jurisdiction.	৫৩০। উভয় পক্ষের আদালতের ক্ষমতাধীন থাকার কথা।
531. Hearing and disposal of the case.	৫৩১। ঐ বিষয় শুনিবার ও নিষ্পত্তি করিবার কথা।

CHAPTER XXXIX. — ৩৯ ঊনচত্বারিংশ অধ্যায়।

OF SUMMARY PROCEDURE ON NEGOTIABLE INSTRUMENTS. — বিক্রেয় নিদর্শনপত্রের উপর সরাসরী কার্য্যপ্রণালীর কথা।

532. Institution of summary suits upon bills of exchange, &c.	৫৩২। বিল অফ একচেঞ্জ প্রভৃতির উপর, সরাসরী মোকদ্দমা উপস্থিত করিবার কথা।
Payment into Court of sum mentioned in summons.	সমনের উল্লিখিত টাকা আদালতে দিবার কথা।
533. Defendant showing defence on merits to have leave to appear.	৫৩৩। প্রতিবাদী দোষগুণ মূলক উত্তর দেখাইলে উপস্থিত হইবার অনুমতি পাইবার কথা।
534. Power to set aside decree.	৫৩৪। ডিক্রী অসিদ্ধ করিবার ক্ষমতার কথা।
535. Power to order bill to be deposited with officer of Court.	৫৩৫। কোর্টের কার্য্যকারকের হস্তে বিল রাখিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।
536. Recovery of cost of noting non-acceptance of dishonoured bill.	৫৩৬। বিল অমান্য হইলে অগ্রাহ্য হওয়ার কথা লিখিবার খরচ আদায়ের কথা।

Sections.	ধারা।
537. Procedure in suits under this chapter.	৫৩৭। এই অধ্যায়মত মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।
538. Power to extend this chapter.	৫৩৮। এই অধ্যায়ের বিধান বিস্তৃত করিবার ক্ষমতার কথা।

CHAPTER XL. / ৪০ চত্বারিংশ অধ্যায়।

Of Suits relating to Public Charities. / সাধারণের হিতার্থে দত্ত ধনবিষয়ক মোকদ্দমার বিধি।

539. When suit relating to public charities may be brought.	৫৩৯। সাধারণের হিতার্থে দত্তধনবিষয়ক মোকদ্দমা যে স্থলে উপস্থিত করা যাইতে পারিবে তদ্বিষয়ের কথা।

PART VI. / ষষ্ঠ ভাগ।

OF APPEALS. / আপীলবিষয়ক বিধি।

CHAPTER XLI. / ৪১ একচত্বারিংশ অধ্যায়।

Of Appeals from Original Decrees. / মূল ডিক্রীর উপর আপীল বিষয়ক বিধি।

540. Appeal to lie from all original decrees, except when expressly prohibited.	৫৪০। স্পষ্টরূপে নিষিদ্ধ না হইলে মূল সকল ডিক্রীর উপর আপীল হইতে পারিবার কথা।
541. Form of appeal.	৫৪১। আপীল লিখিবার পাঠের কথা।
Memorandum to be accompanied by copy of decree and judgment.	মর্ম্মাত্মকপত্রের সঙ্গে ডিক্রীর ও বিচারের নকল দিতে হইবার কথা।
Memorandum of appeal.	আপীলের মর্ম্মাত্মকপত্রের কথা।
542. Appellant confined to grounds set out.	৫৪২। যেং হেতু ব্যক্ত থাকে আপেলান্টের কেবল সেইং হেতু ধরিতে পারিবার কথা।
543. Rejection of memorandum or grounds of objection.	৫৪৩। মর্ম্মাত্মকপত্র কি আপত্তির হেতুপত্র অগ্রাহ্য হইবার কথা।
544. One of several plaintiffs or defendants may obtain reversal of whole decree if it proceed on ground common to all.	৫৪৪। অনেক বাদির কি প্রতিবাদির সাধারণ হেতুমূলক ডিক্রী হইলে এক জনের সম্পূর্ণ ডিক্রী অন্যথা করাইতে পারিবার কথা।

Of staying and executing Decrees under Appeal. / ডিক্রী জারীর উপর আপীল হইলে তাহা স্থগিত ও জারীকরণ বিষয়ক বিধি।

545. Execution of decree not stayed solely by reason of appeal.	৫৪৫ কেবল আপীল হওয়া প্রযুক্ত ডিক্রীজারী স্থগিত না হওয়ার কথা।
Stay of execution of appealable decree before time for appealing has expired.	যে ডিক্রীর উপর আপীল হইতে পারে, আপীল করিবার সময় গত হওয়ার পূর্ব্বে সেই ডিক্রী জারী স্থগিত রাখিবার কথা।
Security required before making order to stay execution.	ডিক্রী জারী স্থগিত হইবার আজ্ঞা করণের পূর্ব্বে জামিন লইতে হইবার কথা।
546. Security in case of order for execution of decree appealed against.	৫৪৬। যে ডিক্রীর উপর আপীল হয় তাহা জারী করিবার আজ্ঞা হইলে জামিনের কথা।
547. No such security to be required from Government or public officers.	৫৪৭। গবর্ণমেন্টের কি রাজকীয় কার্য্যকারকদের স্থানে জামিন লইতে না হইবার কথা।

Of Procedure in Appeal from Decrees. / ডিক্রীর উপর আপীল হইলে কার্য্যপ্রণালীর কথা।

548. Registry of memorandum of appeal.	৫৪৮। আপীলের মর্ম্মাত্মকপত্র রেজিষ্টরী করিবার কথা।
549. Appellate Court may require appellant to give security for costs.	৫৪৯। আপেলান্টকে খরচার জামিন দিতে আপীল আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।
When appellant resides out of British India.	আপেলান্ট ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে তদ্বিষয়ের কথা।

SECTIONS.	ধারা।
583. Execution of decree of Appellate Court.	৫৮৩। আপীল আদালতের ডিক্রী জারী করিবার কথা।

CHAPTER XLII.	৪২ দ্বাচত্বারিংশ অধ্যায়।
OF APPEALS FROM APPELLATE DECREES.	আপীলী ডিক্রীর উপর আপীল বিষয়ক বিধি।
584. Second appeals to High Court.	৫৮৪। হাই কোর্টে দ্বিতীয় আপীলের কথা।
Grounds of second appeal.	দ্বিতীয় আপীলের হেতুর কথা।
585. Second appeal only on grounds mentioned in section 584.	৫৮৫। কেবল ৫৮৪ ধারার লিখিত হেতুতে দ্বিতীয় আপীল হইতে পারিবার কথা।
586. No second appeal in certain suits.	৫৮৬। কোন২ মোকদ্দমায় দ্বিতীয় আপীল হইতে না পারিবার কথা।
587. Provisions as to second appeals.	৫৮৭। দ্বিতীয় আপীল বিষয়ক বিধান।

CHAPTER XLIII.	৪৩ ত্রয়শ্চত্বারিংশ অধ্যায়।
OF APPEALS FROM ORDERS.	আজ্ঞার উপর আপীল বিষয়ক বিধি।
588. Orders appealable.	৫৮৮। যেং আজ্ঞার উপর আপীল হইতে পারে তাহার কথা।
589. Court which shall hear appeals.	৫৮৯। যেং আদালত আপীল শুনিবেন তাহার কথা।
590. Procedure in appeals from orders.	৫৯০। আজ্ঞার উপর আপীল শুনিবার কার্য্যপ্রণালীর কথা।
591. No appeal, before decree, from order passed in course of suit; but if decree appealed against, error or defect therein may be set forth.	৫৯১। মোকদ্দমা চলনের সময়ে যে আজ্ঞা করা যায় ডিক্রীর পূর্ব্বে তাহার উপর আপীল হইতে না পারিবার কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে তদন্তর্গত ভুল কি দোষ প্রকাশ করা যাইতে পারিবার কথা।

CHAPTER XLIV.	৪৪ চতুশ্চত্বারিংশ অধ্যায়।
OF PAUPER APPEALS.	পাপরদের আপীল বিষয়ক বিধি।
592. Who may appeal as pauper.	৫৯২। পাপরস্বরূপ যাঁহারা আপীল করিতে পারিবেন তাহাদের কথা।
Procedure on application for admission of appeal.	আপীল গ্রাহ্য করিবার প্রার্থনা হইলে কার্য্যপ্রণালীর কথা।
593. Enquiry into pauperism. Proviso.	৫৯৩। দীনতার অনুসন্ধান লওন বিষয়ক কথা। উপবিধি।

CHAPTER XLV.	৪৫ পঞ্চচত্বারিংশ অধ্যায়।
OF APPEALS TO THE QUEEN IN COUNCIL.	মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষয়ক বিধি।
SECTIONS.	ধারা।
594. 'Decree' defined.	৫৯৪। "ডিক্রী" শব্দের অর্থ নির্ণয়ের কথা।
595. When appeals lie to Queen in Council.	৫৯৫। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যেং স্থলে আপীল হইতে পারিবে তাহার কথা।
596. Value of subject-matter.	৫৯৬। বিবাদীয় বিষয়ের মূল্যের কথা।
597. Bar of certain appeals.	৫৯৭। কোনং আপীল হওয়ার বাধার কথা।
598. Application to Court whose decree is complained of.	৫৯৮। যে আদালতের ডিক্রীর বিরুদ্ধে নালিশ হয় তাহার নিকট প্রার্থনার কথা।
599. Time within which application must be made.	৫৯৯। যে সময়ের মধ্যে প্রার্থনা করিতে হইবে তাহার কথা।
600. Certificate as to value or fitness.	৬০০। মূল্যের কি যোগ্যতার সার্টিফিকটের কথা।
601. Effect of refusal of certificate.	৬০১। সার্টিফিকট দিতে অস্বীকার করণের ফলের কথা।
602. Security and deposit required on grant of certificate.	৬০২। সার্টিফিকট দেওয়া গেলে জামিনের ও টাকা আমানতের কথা।
603. Admission of appeal and procedure thereon.	৬০৩। আপীল গ্রাহ্য হওনের ও তৎসম্পর্কীয় কার্য্য-প্রণালীর কথা।
604. Revocation of acceptance of security.	৬০৪। জামিন গ্রাহ্য হওয়া নিরাকরণ করিবার কথা।
605. Power to order further security or payment.	৬০৫। অন্য জামিন কি টাকা দিতে আজ্ঞা করিতে পারিবার কথা।
606. Effect of failure to comply with order.	৬০৬। আজ্ঞামতে কর্ম্ম না করিবার ফলের কথা।
607. Refund of balance of deposit.	৬০৭। আমানতের উদ্বর্ত্ত টাকা ফিরিয়া দিবার কথা।
608. Powers of Court pending appeal.	৬০৮। আপীল উপস্থিত থাকিতে আদালতের ক্ষমতার কথা।
609. Increase of security found inadequate.	৬০৯। জামিন প্রচুর নয় দেখা গেলে তাহা বৃদ্ধি করিবার কথা।
610. Procedure to enforce orders of Queen in Council.	৬১০। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা প্রবল করিবার কার্য্যপ্রণালীর কথা।
611. Appeal against order relating to execution.	৬১১। ডিক্রী জারীকরণসম্পর্কীয় আজ্ঞার উপর আপীলের কথা।
612. Power to make rules.	৬১২। বিধি করিবার ক্ষমতার কথা।
Publication of rules.	বিধি প্রকাশ করিবার কথা।
613. Legalization of existing rules.	৬১৩। এইক্ষণে যে বিধি আছে তাহা আইনসিদ্ধ করিবার কথা।
614. Recorder of Rangoon.	৬১৪। রাঙ্গুনের রিকার্ডর সাহেবের কথা।
615. Construction of Bengal Regulation III of 1828, section 4, clause 5.	৬১৫। বঙ্গদেশীয় ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণের অর্থের কথা।
616. Saving of Her Majesty's pleasure, and of rules for conduct of business before Judicial Comimttee.	৬১৬। শ্রীশ্রীমতীর অভিমত রক্ষার কথা। ও জুডিশ্যাল কমিটীর সম্মুখে কার্য্য চলনের বিধি রক্ষার কথা।

PART VII.	**সপ্তম ভাগ।**
CHAPTER XLVI.	৪৬ ষট্‌চত্বারিংশ অধ্যায়।
OF REFERENCE TO AND REVISION BY THE HIGH COURT.	হাই কোর্টে প্রশ্নকরণ ও পুনরালোচনা করণ বিষয়ক বিধি।
SECTIONS.	ধারা।
617. Reference of question to High Court.	৬১৭। হাই কোর্টে প্রশ্নকরণ বিষয়ক কথা।
618. Court may pass decree contingent upon opinion of High Court.	৬১৮। হাই কোর্টের অভিমতের অপেক্ষায় আদালতের ডিক্রী করিতে পারিবার কথা।
619. Judgment of High Court to be transmitted, and case disposed of accordingly.	৬১৯। হাই কোর্টের বিচারপত্র পাঠাইবার ও তদনুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিবার কথা।
620. Costs of reference to High Court.	৬২০। হাই কোর্টে অর্পণ করিবার খরচের কথা।
621. Power to alter, &c., decrees of Court making reference.	৬২১। যে আদালত প্রশ্ন করেন তাহার ডিক্রী পরিবর্ত্তনাদি করিবার ক্ষমতার কথা।
622. Power to call for record of cases decided by Small Cause Courts, or, on appeal, by subordinate Courts.	৬২২। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের, কিম্বা আপীল হইলে নিম্নতর আদালতের নিষ্পত্তি করা মোকদ্দমার কাগজপত্র আনাইবার ক্ষমতার কথা।

PART VIII.	**অষ্টম ভাগ।**
CHAPTER XLVII.	৪৭ সপ্তচত্বারিংশ অধ্যায়।
OF REVIEW OF JUDGMENT.	বিচারের সমালোচন বিষয়ক বিধি।
623. Application for review of judgment.	৬২৩। বিচারের সমালোচন হইবার প্রার্থনার কথা।
624. To whom applications for review may be made.	৬২৪। যাঁহার নিকট সমালোচন হওয়ার প্রার্থনা হইতে পারিবে তদ্বিষয়ের কথা।
625. Form of applications for review.	৬২৫। সমালোচন হওয়ার প্রার্থনাপত্র লিখিবার পাঠের কথা।
626. Application when rejected.	৬২৬। প্রার্থনাপত্র অগ্রাহ্য করণ বিষয়ক কথা।
Application when granted.	প্রার্থনা গ্রাহ্য করণবিষয়ক কথা।
Proviso.	উপবিধি।
627. Application for review in Court consisting of two or more Judges.	৬২৭। আদালতে দুই কি তদধিক জন জজ থাকিলে সমালোচনের প্রার্থনাপত্রের কথা।
628. Application when rejected.	৬২৮। প্রার্থনা অগ্রাহ্য হওয়ার কথা।
629. Order of Court final.	৬২৯। আদালতের আজ্ঞা চূড়ান্ত হওয়ার কথা।
630. Registry of application granted, and order for re-hearing.	৬৩০। প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে রেজিষ্টরী করিবার ও পুনঃশ্রবণের আজ্ঞার কথা।

PART IX.

CHAPTER XLVIII.

Special rules relating to the Chartered High Courts.

PART X.

CHAPTER XLIX.

Miscellaneous.

নবম ভাগ।

৪৮ অষ্টচত্বারিংশ অধ্যায়।

চার্টরপ্রাপ্ত হাই কোর্ট সম্পর্কীয় বিশেষ বিধি।

দশম ভাগ।

৪৯ ঊনপঞ্চাশৎ অধ্যায়।

বিবিধ বিধি।

An Act to consolidate and amend the Laws relating to the Procedure of the Courts of Civil Judicature.

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the laws relating to the Procedure of the Courts of Civil Judicature; It is hereby enacted as follows:—

PRELIMINARY.

Short title.

Commencement.

1. This Act may be cited as "The Code of Civil Procedure:" and it shall come into force on the 1st day of October 1877.

Local extent.

This section and section 3 extend to the whole of British India. The other sections extend to the whole of British India except the Scheduled Districts as defined in Act No. XIV of 1874.

Interpretation-clause.

2. In this Act, unless there be something repugnant in the subject or context—

"chapter."

"chapter" means a chapter of this Code:

"district."
"District Court."

"district" means the local limits of the jurisdiction of a principal civil Court of original jurisdiction (hereinafter called a 'District Court'), and includes the local limits of the ordinary original civil jurisdiction of a High Court: every Court of a grade inferior to that of a District Court and every Court of Small Causes shall, for the purposes of this Code, be deemed to be subordinate to the High Court and the District Court.

"pleader."

"pleader" means every person entitled to appear and plead for another in Court, and includes an advocate, a vakil and an attorney of a High Court:

"Government Pleader."

"Goverement Pleader" includes also any officer appointed by the Local Government to perform all or any of the functions expressly imposed by this Code on the Government Pleader.

"Collector."

"Collector" means every officer performing the duties of a Collector of land-revenue:

দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালীবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।—

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

যে অবধি প্রচলিত হইবে।

১ ধারা। "দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইন" নামে এই আইনের উল্লেখ হইতে পারিবে। তাহা ১৮৭৭ সালের অকটোবর মাসের প্রথম দিবস অবধি প্রচলিত হইবে।

ব্যাপকতার কথা।

এই ধারা ও ৩ ধারা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে ব্যাপ্ত হইবে। অন্য সকল ধারা, ১৮৭৪ সালের ১৪ আইনের নির্দ্দিষ্ট তফসীলের উল্লিখিত প্রদেশছাড়া, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে প্রচলিত হইবে ইতি।

অর্থ করণের ধারা।

২ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাবার্ত্তা বিপরীত ভাব বোধ না হইলে, এই আইনে,

"অধ্যায়।"

"অধ্যায়" শব্দে এই আইনের অধ্যায় জানিতে হইবে।

"জিলা।"

"জিলার আদালত।"

মোকদ্দমা আদৌ শুনিবার পক্ষে প্রধান দেওয়ানী আদালতের এলাকা যে সীমার মধ্যে ব্যাপ্ত হয় "জিলা" শব্দে সেই সীমান্তর্গত স্থান জানিতে হইবে। এই আইনে ঐ আদালত "জিলার আদালত" নামে খ্যাত হইল। দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার পক্ষে হাই কোর্টের সাধারণ এলাকা যে সীমার মধ্যে ব্যাপ্ত হয় জিলা শব্দের মধ্যে তাহাও গণ্য। জিলার আদালত অপেক্ষা নিম্নশ্রেণীর প্রত্যেক আদালত ও ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালত এই আইনের কার্য্য-পক্ষে হাই কোর্টের ও জিলার আদালতের অধীন বলিয়া জ্ঞান হইবে।

"প্লীডর।"

আদালতে উপস্থিত হইয়া কোন ব্যক্তির পক্ষে সমর্থন করিতে যাঁহার অধিকার থাকে "প্লীডর" শব্দে তাঁহাকে বুঝাইবে, ইহার মধ্যে আডবোকেট ও উকীল এবং হাই কোর্টের আটর্ণিও গণ্য।

"গবর্ণমেণ্টের উকীল।"

এই আইনে গবর্ণমেণ্টের উকীলের প্রতি যে সকল কার্য্য স্পষ্টরূপে অর্পিত হইল, স্থানীয় গবর্ণমেণ্ট সেই সকল কি তন্মধ্য কোন কার্য্য নির্ব্বাহ করণার্থে যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন, "গবর্ণমেণ্টের উকীল" শব্দে তিনিও গণ্য।

"কালেক্টর।"

যে প্রত্যেক কার্য্যকারক ভূমির রাজস্বের কালেক্টরের কর্ম্ম করেন, "কালেক্টর" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"judgment."

"judgment" means the statement given by the Judge as the grounds of the order or decree by which a suit or other judicial proceeding is determined:

"decree."

"decree" means the formal order of the Court in which the result of the decision of the suit or other judicial proceeding is embodied. An order on appeal, remanding a suit for re-trial, is not within this definition:

"Judge."

"Judge" means the presiding officer of a Court:

"judgment-debtor."

"judgment-debtor" means any person against whom a decree or order has been made:

"decree-holder."

"decree-holder" means any person in whose favour a decree or any order capable of execution has been made, and includes any person to whom such decree or order is transferred:

"written."

"written" includes printed and lithographed, and "writing" includes print and lithography:

"signed."

"signed" includes "marked" when the person making the mark is unable to write his name:

"foreign Court."

"foreign Court" means a court situate beyond the limits of British India and not having authority in British India nor established by the Governor-General in Council:

"foreign judgment."

"foreign judgment" means the judgment of a foreign Court:

"public officer."

"public officer" means a person falling under any of the following descriptions (namely):—

Every Judge;

Every covenanted servant of Her Majesty;

Every commissioned officer in the military or naval forces of Her Majesty while serving under Government;

"বিচার।"

মোকদ্দমা কি আদালতের আনুষ্ঠানিক অন্য কার্য্য যে আজ্ঞার কি ডিক্রীর দ্বারা নির্ণীত হয়, বিচারপতি আপনার সেই আজ্ঞার কি ডিক্রীর মূল বলিয়া যে কথা ব্যক্ত করেন "বিচার" শব্দে সেই কথাই বুঝাইবে।

"ডিক্রী।"

আদালতের রীত্যনুযায়ী যে আজ্ঞাপত্রে মোকদ্দমার কি আদালতের আনুষ্ঠানিক অন্য কার্য্যের নিষ্পত্তির ফল সংগৃহীত হয়, "ডিক্রী" শব্দে সেই আজ্ঞাপত্র জানিতে হইবে। আপীল হইয়া পুনর্ব্বিচার হইবার নিমিত্ত মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার যে আজ্ঞা হয় তাহা এই অর্থের মধ্যে ধরিতে হইবে না।

"বিচারপতি।"

"বিচারপতি" শব্দে আদালতের অধিপতিকে জানিতে হইবে।

"ডিক্রীমত খাতক।"

যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী কি আজ্ঞা করা যায় "ডিক্রীমত খাতক" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"ডিক্রীদার।"

ডিক্রী কিম্বা যে আজ্ঞা জারী করা যাইতে পারে এমত কোন আজ্ঞা যে ব্যক্তির সপক্ষে করা যায় "ডিক্রীদার" শব্দে তাঁহাকে জানিতে হইবে। ও সেই ডিক্রী কি আজ্ঞা হস্তান্তর করিয়া কোন ব্যক্তিকে দেওয়া গেলে, তিনিও সেই শব্দে গণ্য।

"লিখিত।"

"লিখিত" শব্দের মধ্যে ছাপা ও লিথগ্রাফ করাও গণ্য, ও "লিখন" শব্দের মধ্যে ছাপা ও লিথগ্রাফ করা বিষয়ও গণ্য।

"স্বাক্ষরিত।"

কোন ব্যক্তি আপনার নাম লিখিতে না জানিয়া ঢেরা সহী করিলে "স্বাক্ষরিত" শব্দের মধ্যে সেই ঢেরা সহীও গণ্য।

"ভিন্নদেশীয় আদালত।"

ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত যে আদালতের ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ক্ষমতা নাই ও যে আদালত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের দ্বারা স্থাপিত না হয়, "ভিন্নদেশীয় আদালত" শব্দে সেই আদালত জানিতে হইবে।

"ভিন্নদেশীয় বিচার।"

"ভিন্নদেশীয় বিচার" শব্দে ভিন্নদেশীয় আদালতের বিচার জানিতে হইবে।

"রাজকীয় কার্য্যকারক।"

নিম্নলিখিত বর্ণনার মধ্যে যে ব্যক্তি আইসেন, "রাজকীয় কার্য্যকারক" শব্দে তাঁহাকে জানিতে হইবে, বিশেষতঃ—

প্রত্যেক জন বিচারপতি।

শ্রীশ্রীমতীর চিহ্নিত প্রত্যেক জন কার্য্যকারক।

শ্রীশ্রীমতীর সৈনিক কি নাবিক দলের মধ্যে সনদপ্রাপ্ত প্রত্যেক জন সেনাপাত্র যত দিন গবর্ণমেণ্টের অধীনে কর্ম্ম করেন তত দিন তাঁহারা।

Every officer of a Court of Justice whose duty it is, as such officer, to investigate or report on any matter of law or fact, or to make, authenticate, or keep any document, or to take charge or dispose of any property, or to execute any judicial process, or to administer any oath, or to interpret, or to preserve order in the Court, and every person specially authorized by a Court of Justice to perform any of such duties;

আদালতের কার্য্যকারকস্বরূপ যে ব্যক্তির আইন কি ব্যাপারঘটিত কোন বিষয়ের তদন্ত লওয়া কি রিপোর্ট করা, কিম্বা কোন দলীল করিয়া দেওয়া কি প্রামাণিক করা কি রক্ষা করা, কিম্বা কোন সম্পত্তি জিম্মা লওয়া কি বিক্রয়াদি করা, কিম্বা আদালতের কোন পরওয়ানা জারী করা, কিম্বা কোন শপথ করাণ, কিম্বা দোভাষির কর্ম্ম করা, কিম্বা আদালতে সুধারা রক্ষা করা কর্ত্তব্য, আদালতের এমত প্রত্যেক কার্য্যকারক, ও আদালতের দ্বারা পূর্ব্বোক্ত কর্ত্তব্য কোন কর্ম্ম নির্ব্বাহ করণার্থে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি।

Every person who holds any office by virtue of which he is empowered to place or keep any person in confinement;

যে পদে থাকার বলে কোন ব্যক্তি অন্যাকে কয়েদ করিতে কি করিয়া রাখিতে ক্ষমতাপন্ন হন, এমত পদ-ধারি প্রত্যেক ব্যক্তি।

আদালত যে ব্যক্তিকে উপযুক্ত বলিয়া জ্ঞান করেন, তাঁহার প্রতি মোকদ্দমা চালাওনের কার্য্য অর্পণ করিতে পারিবেন ইতি।

মোকদ্দমা চালাওনের কথা।

৩৩ ধারা। কোন প্রতিবাদিকে সংযোগ করা গেলে, যদি আবেদনপত্র তৎপূর্ব্বে উপস্থিত করা গিয়া থাকে, তবে আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, ঐ আবেদনপত্র আবশ্যকমতে সংশোধন করা যাইবে, ও নূতন প্রতিবাদিকে ও পূর্ব্ব প্রতিবাদিদিগকে সমনের সংশোধিত নকল দিতে হইবে ইতি।

প্রতিবাদির সংযোগ হইলে বাদির আবেদনপত্র সংশোধন করিতে হইবার কথা।

৩৪ ধারা। সহবাদি কি সহপ্রতিবাদিস্বরূপ যাঁহাদিগকে সংযোগ করা উচিত তাঁহাদিগকে সংযোগ করা যায় নাই, কিম্বা মোকদ্দমায় যাঁহাদের স্বার্থ নাই কিম্বা যাঁহাদিগকে সংযোগ করা উচিত নয় তাঁহাদিগকে সংযোগ করা গেল বলিয়া কোন আপত্তি থাকিলে, মোকদ্দমার প্রথম যোগে সাধ্যমতে ত্বরায় ও সর্ব্বদাই প্রথম শ্রবণের পূর্ব্বে তাহা জানাইতে হইবে। তৎকালে কোন আপত্তি করা না গেলে, প্রতিবাদী সেই আপত্তি উপেক্ষা করিলেন এমত জ্ঞান করিতে হইবে ইতি।

সংযোগ না করণ কিম্বা অনুপযুক্তমতে সংযোগকরণ বিষয়ে আপত্তি করণের সময়ের কথা।

৩৫ ধারা। দুই কি ততধিক জন বাদী থাকিলে, তাঁহাদের কোন এক ব্যক্তি এই আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্যে অন্য এক কি কএক ব্যক্তিকে আপনার নিমিত্ত উপস্থিত হইয়া উত্তর দিবার ও কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন। দুই কি ততধিক জন প্রতিবাদী থাকিলে, তাঁহাদের কোন এক ব্যক্তি তদ্রূপেও অন্য এক কি কএক জনকে আপনার নিমিত্ত উপস্থিত হইয়া উক্ত আনুষ্ঠানিক কার্য্যে উত্তর দিবার কি কার্য্য করিবার ক্ষমতা দিতে পারি বন।

অনেক বাদী কি প্রতিবাদী থাকিলে এক কি কএক জনের অন্যকে কি অন্যদিগকে আপনার পক্ষে উপস্থিত হইয়া কার্য্য করিবার ক্ষমতা দেওয়ার কথা।

ঐ ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবে, ও যে ব্যক্তি দেন তিনিই তাহাতে স্বাক্ষর করিবেন, ও সেই ক্ষমতাপত্র আদালতে গাঁথিয়া রাখা যাইবে ইতি।

সেই ক্ষমতা লিখিয়া দেওয়া ও স্বাক্ষর করা গেলে গাঁথিয়া রাখিবার কথা।

Recognized Agents and Pleaders.

36. Any appearance, application, or act in or to any Court, required or authorized by law to be made or done by a party to a suit or appeal in such Court, may, except when otherwise expressly provided by any law for the time being in force, be made or done by the party in person, or by his recognized agent, or by a pleader duly appointed to act on his behalf:

Appearances, &c., may be in person by recognized agent or by pleader.

Provided that any such appearance shall be made by the party in person if the Court so direct.

37. The recognized agents of parties by whom such appearances, applications, and acts may be made or done are—

Recognized agents.

(*a.*) persons holding general powers-of-attorney from parties not resident within the local limits of the jurisdiction of the Court within which limits the appearance, application, or act is made or done, authorizing them to make and do such appearances, applications, and acts on behalf of such parties.

Persons holding powers-of-attorney from parties out of jurisdiction.

(*b.*) mukhtárs duly certificated under any law for the time being in force, and holding special powers-of-attorney authorizing them to do, on behalf of their principals, such acts as may legally be done by mukhtárs.

Certificated mukhtárs.

(*c.*) persons carrying on trade or business for and in the names of parties not resident within the local limits of the jurisdiction of the Court within which limits the appearance, application, or act is made or done in matters connected with such trade or business only, where no other agent is expressly authorized to make and do such appearances, applications, and acts.

Persons carrying on trade or business for parties out of jurisdiction.

Nothing in the former part of this section applies to the territories now administered respectively by the Lieutenant-Governor of the Panjáb, and the Chief Commissioners of Oudh and the Central Provinces; but in those territories the recognized agents of parties by whom such appearances, applications, and acts may be made and done shall be such persons as the

Recognized agents in Panjáb, Oudh, and Central Provinces.

স্বীকৃত মোক্তার ও উকীল বিষয়ক কথা।

৩৬ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, কোন আদালতে আইনানুসারে মোকদ্দমার কি আপীলের কোন পক্ষের উপস্থিত হওয়ার কি প্রার্থনাপত্র দেওনের কি কার্য্য করণের আদেশ বা ক্ষমতা থাকিলে, ঐ পক্ষ আপনি কিম্বা আপনার স্বীকৃত মোক্তারেরদ্বারা কিম্বা আপনার পক্ষে কর্ম্ম করণার্থে নিয়মমতে নিযুক্ত উকীলদ্বারা উপস্থিত হইতে কি ঐ প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে পারিবেন।

নিজে কিম্বা স্বীকৃত মোক্তারের কি উকীলের দ্বারা উপস্থিত প্রভৃতি হইতে পারিবার কথা।

কিন্তু আদালত আজ্ঞা করিলে সেই ব্যক্তির স্বয়ং উপস্থিত হইতে হইবে ইতি।

৩৭ ধারা। কোন পক্ষীয় ব্যক্তিরা নিম্নলিখিত এই২ স্বীকৃত মোক্তারদের দ্বারা উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে ও কার্য্য করিতে পারিবেন।

স্বীকৃত মোক্তারদের কথা।

(ক) কোন পক্ষীয় ব্যক্তিদের যে আদালতের এলাকার সীমার মধ্যে উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইবে, তাঁহারা সেই সীমার মধ্যে বাস না করিলে তাঁহাদের নিমিত্ত উপস্থিত হইযা প্রার্থনাপত্র দিবার ও কার্য্য করিবার ক্ষমতাসূচক আম মোক্তারনামা প্রাপ্ত ব্যক্তিরা।

আদালতের এলাকার বহির্ভূত স্থান বাসিদের মোক্তারনামা প্রাপ্ত ব্যক্তিরা।

(খ) যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে কোন মোক্তার নিয়মমতে সর্টিফিকট প্রাপ্ত হইলে, ও মোক্তারেরা আইনমতে যে২ কার্য্য করিতে পারেন মওক্কেলদের পক্ষে সেই২ কার্য্য করিবার ক্ষমতাসূচক খাস মোক্তারনামা পাইলে তাঁহারা।

সর্টিফিকটপ্রাপ্ত মোক্তার।

(গ) কোন পক্ষীয় ব্যক্তিদের যে আদালতের এলাকার সীমার মধ্যে উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইবে সেই সীমার মধ্যে বাস না করাতে, তাঁহাদের নিমিত্ত অন্য কোন মোক্তার উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে ও কার্য্য করিতে স্পষ্ট ক্ষমতা না পাইলে, যে ব্যক্তিরা তাঁহাদের নিমিত্ত ও তাঁহাদের নামে বাণিজ্য কি ব্যবসায়াদি করেন তাঁহারা, কেবল সেই বাণিজ্য কি ব্যবসায় সম্পর্কীয় বিষয়ে, ঐ পক্ষের নিমিত্ত উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কিম্বা কার্য্য করিতে পারিবেন।

আদালতের এলাকার বহির্ভূত স্থানবাসিদের নিমিত্ত যাঁহারা ব্যবসায়াদি চালান তাঁহারা।

এইক্ষণে যে২ প্রদেশের কর্ত্তৃত্ব কার্য্য পঞ্জাবের শ্রীযুত লেফ্টেনেন্ট গবরনর সাহেবের এবং অযোধ্যা ও মধ্য প্রদেশের শ্রীযুত প্রধান কমিস্যনর সাহেবের দ্বারা নির্ব্বাহ হইয়া থাকে এই ধারার উপরিভাগের কোন কথা সেই২ প্রদেশে খাটে না। কিন্তু সেই২ প্রদেশে মোকদ্দমার কোন পক্ষের নিমিত্ত উপস্থিত হওনের ও প্রার্থনা করণের ও অন্য কার্য্য করণের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট

পঞ্জাব ও অযোধ্যা ও মধ্য প্রদেশের স্বীকৃত মোক্তারদের কথা।

Local Government may from time to time, by notification in the official Gazette, declare in this behalf.

Service of process on recognized agent.

38. Processes served on the recognized agent of a party to a suit or appeal shall be as effectual as if the same had been served on the party in person, unless the Court otherwise directs.

The provisions of this Code for the service of process on a party to a suit shall apply to the service of process on his recognized agent.

Appointment of pleader.

39. The appointment of a pleader to make or do any appearance, application, or act as aforesaid shall be in writing, and such appointment shall be filed in Court.

When so filed, it shall be considered to be in force until revoked with the leave of the Court, by a writing signed by the client and filed in Court, or until the client or the pleader dies, or all proceedings in the suit are ended so far as regards the client.

No advocate of any High Court established by Royal Charter shall be required to present any document empowering him to act.

Service of process on pleader.

40. Processes served on the pleader of any party or left at the office or ordinary residence of such pleader, relative to a suit or appeal, and whether the same be for the personal appearance of the party or not, shall be presumed to be duly communicated and made known to the party whom the pleader represents; and unless the Court otherwise directs, shall be as effectual for all purposes in relation to the suit or appeal as if the same had been given to or served on the party in person.

Agent to receive process.

41. Besides the recognized agents described in section 37, any person residing within the jurisdiction of the Court may be appointed an agent to accept service of process.

Such appointment to be in writing and to be filed in Court.

Such appointment may be special or general and shall be made by an instrument in writing signed by the principal, and such instrument, or, if the appointment be general, a duly attested copy thereof, shall be filed in Court.

সময়ের রাজকীয় গেজেটে আপনাদের [illegible] যে ব্যক্তিদিগকে নিরূপণ করেন, তাঁহারাও [illegible] এই পক্ষের স্বীকৃত মোক্তার হইবেন ইতি।

স্বীকৃত মোক্তারের নামে পরওয়ানা জারি করিবার কথা।

৩৮ ধারা। মোকদ্দমার কি আপীলের কোন পক্ষের স্বীকৃত মোক্তারের নামে পরওয়ানা দেওয়া গেলে, আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে নিজ সেই পক্ষকে দেওনের ন্যায় ফলবৎ হইবে।

এই আইনে মোকদ্দমার কোন পক্ষের নামে পরওয়ানা জারীকরণ বিষয়ে যেই বিধান আছে, তাঁহার স্বীকৃত মোক্তারের নামে পরওয়ানা জারী করণেও প্রতি সেইং বিধান খাটে ইতি।

উকীল নিযুক্ত করিবার কথা।

৩৯ ধারা। পূর্ব্বোক্তমতে উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিবার কি কার্য্য করিবার নিমিত্ত উকীল নিযুক্ত হইলে, সেই নিয়োগপত্র লিখিয়া দেওয়া ও আদালতে গাঁথিয়া রাখা যাইবে।

তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে পর, যত দিন আদালতের অনুমতিক্রমে সেই মওক্কেলের স্বাক্ষরিত পত্র-দ্বারা রহিত না করা যায়, ও সেই পত্রও আদালতে না গাঁথা যায়, কিম্বা যত দিন মওক্কেল কি উকীল না মরেন, কিম্বা মওক্কেলের পক্ষে মোকদ্দমাঘটিত সমস্ত কার্য্য সমাপ্ত না হয়, তত দিন ঐ নিয়োগপত্র প্রবল আছে বলিয়া জ্ঞান হইবে।

রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত কোন হাই কোর্টের আডবোকেটের ঐ কার্য্য করিবার ক্ষমতাসূচক কোন দলীল উপস্থিত করিবার প্রয়োজন নাই ইতি।

উকীলের নামে পরওয়ানা জারী করিবার কথা।

৪০ ধারা। মোকদ্দমা কি আপীল সম্পর্কীয় পরওয়ানা কোন পক্ষের স্বয়ং উপস্থিত হইবার নিমিত্ত হউক বা নাই হউক, সেই পক্ষের উকীলকে দেওয়া গেলে কিম্বা তাঁহার কার্য্যালয়ে কি নিয়ত বাসস্থানে রাখিয়া আসা গেলে, উকীল যে পক্ষের প্রতিনিধি হন ঐ পরওয়ানা নিয়মমতে সেই পক্ষকেই দেওয়া গেল ও জ্ঞাত করা গেল এমত অনুমান হইবে, ও আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, মোকদ্দমা কি আপীলসংক্রান্ত সকল কার্য্যপক্ষে ঐ পরওয়ানা নিজ সেই পক্ষকে দেওয়া যাওনের কি তাঁহার উপর জারী হওনের ন্যায় ফলবৎ হইবে ইতি।

মোক্তারের পরওয়ানা গ্রাহ্য করিবার কথা।

৪১ ধারা। ৩৭ ধারায় যে স্বীকৃত মোক্তারের কথা আছে তদ্ভিন্ন আদালতের এলাকার অন্তর্গত স্থানবাসি কোন ব্যক্তিকে পরওয়ানা গ্রাহ্য করিবার মোক্তারস্বরূপ নিযুক্ত করা যাইতে পারিবে।

তাঁহার নিয়োগপত্র লিখিত হইয়া আদালতে অর্পণ করিবার কথা।

সেই নিয়োগপত্র বিশেষ কি সাধারণ হইতে পারিবে, ও লিখিত হইয়া, মুখ্য ব্যক্তির দ্বারা স্বাক্ষর করা যাইবে, ও সেই আসল নিয়োগপত্র, কিম্বা নিয়োগপত্র সাধারণ হইলে তাহার [illegible] আদালতে গাঁথিয়া রাখা যাইবে ইতি।

CHAPTER IV.

OF THE FRAME OF THE SUIT.

Suit how to be framed

42. Every suit shall, as far as practicable, be so framed as to afford ground for a final decision upon the subjects in dispute, and so to prevent further litigation concerning them.

Suit to include the whole claim.

43. Every suit shall include the whole of the claim arising out of the cause of action; but a plaintiff may relinquish any portion of his claim in order to bring the suit within the jurisdiction of any Court.

Relinquishment of part of claim.

If a plaintiff omit to sue for, or intentionally relinquish, any portion of his claim, he shall not afterwards sue for the portion so omitted or relinquished.

Omission to sue for one of several remedies

A person entitled to more than one remedy in respect of the same claim may sue for all or any of his remedies; but if he omits (except with the leave of the Court obtained before the first hearing) to sue for any of such remedies, he shall not afterwards sue for the remedy so omitted.

Illustration.

A lets a house to B at a yearly rent of Rs. 1,200. The rent for the whole of the years 1874 and 1875 is due and unpaid. A sues B only for the rent due for 1875. A shall not afterwards sue B for the rent due for 1874.

Only certain claims to be joined with suit for recovery of land.

44. *Rule a.*—No cause of action shall, unless with the leave of the Court, be joined with a suit for the recovery of immoveable property, or to obtain a declaration of title to immoveable property, except—

(*a*) claims in respect of mesne profits or arrears of rent in respect of the property claimed,

(*b*) damages for breach of any contract under which the property or any part thereof is held, and

(*c*) claims by a mortgagee to enforce any of his remedies under the mortgage.

৪ চতুর্থ অধ্যায়।

মোকদ্দমার আকার বিষয়ক বিধি।

মোকদ্দমা যে আকারে করিতে হইবে তাহার কথা।

৪২ ধারা। যত দূর হইতে পারে প্রত্যেক মোকদ্দমার এমত আকার থাকিবে যেন তাহাতে বিবাদীয় সমুদয় বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিবার মূল থাকে, ও তদ্বিষয়ের আর বিবাদ হইতে না পারে ইতি।

মোকদ্দমার মধ্যে সম্পূর্ণ দাওয়া ধরিবার কথা।

৪৩ ধারা। নালিশের হেতুহইতে যে দাওয়া উৎপন্ন হয়, প্রত্যেক মোকদ্দমার মধ্যে সেই সম্পূর্ণ দাওয়া ধরিতে হইবে। কিন্তু বাদী কোন বিশেষ আদালতের এলাকার মধ্যে মোকদ্দমা আনাইবার জন্যে আপনার দাওয়ার কোন অংশ ত্যাগ করিতে পারিবেন।

দাওয়ার একাংশ ত্যাগের কথা।

বাদী আপনার দাওয়ার কোন অংশ পাইবার প্রার্থনা করিতে ত্রুটি করিলে কিম্বা ইচ্ছাপূর্ব্বক ত্যাগ করিলে, পশ্চাৎ সেই ছাড়া কি ত্যক্ত অংশের নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিবেন না।

অনেক প্রতিকারের মধ্যে একটি প্রার্থনা করিতে ত্রুটি হইলে তদ্বিষয়ক কথা।

কোন ব্যক্তি একি দাওয়ার উপলক্ষে দুই কি অধিক প্রকারের প্রতিকার পাইবার স্বত্ববান হইলে, সেই সকল কিম্বা তন্মধ্যে কোনং প্রতিকার প্রার্থনা করিতে পারিবেন। কিন্তু প্রথমবার শ্রবণ হওয়ার পূর্ব্বে আদালতের অনুমতি না লইয়া যদি পূর্ব্বোক্ত প্রতিকারের মধ্যে কোন প্রতিকার প্রার্থনা করিতে ত্রুটি করেন, তবে পশ্চাৎ সেই ত্যক্ত প্রতিকার প্রার্থনা করিবেন না ইতি।

উদাহরণ।

আমজদ বলরামকে বৎসর ১২০০ টাকায় ঘর ভাড়া দেন। ১৮৭৪ ও ১৮৭৫ পুরা দুই সালের ভাড়া বাকী পড়িলেও দেওয়া যায় নাই। আমজদ কেবল ১৮৭৫ সালের ভাড়ার নিমিত্ত বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করেন, তাহা হইলে তিনি পশ্চাৎ বলরামের নামে ১৮৭৪ সালের ভাড়ার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিবেন না।

ভূমি পাইবার মোকদ্দমার সহিত কোনং দাওয়ামাত্র সংযোগ করিবার কথা।

৪৪ ধারা। ক বিধি।—আদালতের অনুমতি না হইলে, স্থাবর সম্পত্তি ফিরিয়া পাইবার কিম্বা স্থাবরসম্পত্তিতে স্বত্বনির্ণায়ক আজ্ঞা পাইবার মোকদ্দমার সহিত নিম্নলিখিত দাওয়াভিন্ন নালিশের কোন হেতু সংযোগ করা যাইবে না।

(ক) ঐ দাওয়া করা সম্পত্তি সংক্রান্ত ওয়াসিলাতের কিম্বা বাকী খাজানার উপলক্ষে দাওয়া, ও

(খ) সেই সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ যে চুক্তিক্রমে ভোগ হইতেছে সেই চুক্তি ভঙ্গ হেতুক ক্ষতিপূরণের দাওয়া, ও

(গ) বন্ধকক্রমে বন্ধকগ্রহীতার প্রতিকারের মধ্যে কোন প্রতিকার গ্রহণ করণের দাওয়া।

Rule b.—No claim by or against an executor, administrator or heir as such shall be joined with claims by or against him personally, unless the last-mentioned claims are alleged to arise with reference to the estate in respect of which the plaintiff or defendant sues or is sued as executor, administrator, or heir.

Claims by or against executor, administrator, or heir.

খ বিধি।—[illegible] কিম্বা [illegible] কিম্বা [illegible] কোন ব্যক্তি যে [illegible] করেন, কিম্বা তাঁহার বিরুদ্ধে যে দাওয়া [illegible] তৎসহিত তাঁহার নিজের দাওয়ার কিম্বা নিজ তাঁহার বিপক্ষ দাওয়ার সংযোগ করা যাইবে না, কিন্তু যে সম্পত্তির উপলক্ষে বাদী কি প্রতিবাদী উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক কিম্বা দ্রব্যাদিরূপণাধিকারি কি উত্তরাধিকারিস্বরূপ মোকদ্দমা উপস্থিত করেন কিম্বা তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা যায় সেই সম্পত্তি সম্পর্কে তাঁহার নিজ দাওয়া কিম্বা নিজ তাঁহার বিপক্ষ দাওয়া উত্থিত হইল বলিয়া কথিত হইলে, সংযোগ হইতে পারিবে ইতি।

[illegible] সম্পাদকের কি দ্রব্যাদিরূপণাধিকারির কি উত্তরাধিকারির কি তদ্বিপক্ষ দাওয়ার কথা।

45. Subject to the rules contained in section 44, the plaintiff may unite in the same suit several causes of action, and any plaintiffs having causes of action against the same defendant or defendants, may unite such causes of action in the same suit.

Plaintiff may join several causes of action.

৪৫ ধারা। ৪৪ ধারার বিধি প্রবল থাকিয়া বাদী একি মোকদ্দমায় নালিশের নানা হেতু সংযোগ করিতে পারিবেন ও একি প্রতিবাদির কি প্রতিবাদিদের বিপক্ষে কোন বাদিদের নালিশের নানা হেতু থাকিলে, তাঁহারা একি মোকদ্দমায় নালিশের সেই২ হেতু সংযোগ করিতে পারিবেন।

নালিশের নানা হেতু বাদির সংযোগ করিতে পারিবার কথা।

But if it appear to the Court that any such causes of action cannot be conveniently tried or disposed of together, the Court may at any time before the first hearing, of its own motion or on the application of the defendant, order separate trials of any such causes of action to be had, or make such other order as may be necessary or expedient for the separate disposal thereof.

Court may order separation.

কিন্তু নালিশের তদ্রূপ কোন২ হেতুর একত্র বিচার কি নিষ্পত্তি সুবিধামতে হইতে পারে না, আদালত ইহা দেখিতে পাইলে, প্রথম শ্রবণের পূর্ব্বে কোন সময়ে, আপনার প্রবৃত্তি কিম্বা প্রতিবাদির প্রার্থনামতে, নালিশের তদ্রূপ কোন হেতুর স্বতন্ত্র বিচার করিবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা তাহার স্বতন্ত্র নিষ্পত্তি করিবার জন্যে যে আজ্ঞা আবশ্যক কি বিহিত বোধ করেন করিতে পারিবেন।

আদালতের পৃথক করিতে আজ্ঞা করিতে পারিবার কথা।

When causes of action are united, the jurisdiction of the Court as regards the suit shall depend on the amount or value of the aggregate subject-matters at the date of instituting the suit, whether or not an order has been made under the second paragraph of this section.

নালিশের নানা হেতু সংযুক্ত হইলে, এই ধারার দ্বিতীয় প্রকরণমতে আজ্ঞা করা গেলে বা নাও গেলে, মোকদ্দমা উপস্থিত করণের তারিখে বিবাদীয় বিষয় সমগ্র যত টাকা কি যত মূল্যের হয় তদনুসারে সেই মোকদ্দমার বিষয়ে আদালতের এলাকা নির্ণয় হইবে ইতি।

46. Any defendant alleging that the plaintiff has united in the same suit several causes of action which cannot be conveniently disposed of in one suit, may at any time before the first hearing, or, where issues are settled before any evidence is recorded, apply to the Court for an order confining the suit to such of the causes of action as may be conveniently disposed of in one suit.

Defendant may apply to confine suit.

৪৬ ধারা। বাদী একি মোকদ্দমায় নালিশের যে নানা হেতু সংযোগ করেন একি মোকদ্দমায় সুবিধামতে তাহার নিষ্পত্তি হইতে পারিবে না, কোন প্রতিবাদী ইহা কহিয়া একি মোকদ্দমায় নালিশের যেই২ হেতুর সুবিধামতে নিষ্পত্তি হইতে পারে কেবল সেই২ হেতুর মোকদ্দমা হওনার্থে, প্রথম শ্রবণের পূর্ব্বে, কিম্বা ইস্যু নিরূপণ হইয়া থাকিলে কোন সাক্ষ্য লিপিবদ্ধ হওয়ার পূর্ব্বে কোন সময়ে, আদালতে প্রার্থনা করিতে পারিবেন ইতি।

মোকদ্দমার সীমা সঙ্কোচার্থে প্রতিবাদির প্রার্থনা করিতে পারিবার কথা।

47. If, on the hearing of such application, it appears to the Court that the causes of action are such as cannot all be conveniently disposed of in one suit, the Court may order any of such causes of action to

Court on hearing application may exclude some causes and order amendment.

৪৭ ধারা। নালিশের সেই২ হেতুর ভাব বিবেচনায় একি মোকদ্দমায় সুবিধামতে সকল হেতুর নিষ্পত্তি হইতে পারে না, আদালত উক্ত প্রার্থনাপত্র শুনিয়া ইহা জানিতে পাইলে, নালিশের

প্রার্থনাপত্র শুনিয়া আদালতের কোন২ হেতু ত্যাগ করিয়া সংশোধন করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

irrespective, and may direct the plaint to be amended accordingly, and may make such order as to costs as may be just.

Every amendment made under this section shall be attested by the signature of the Judge.

CHAPTER V.

OF THE INSTITUTION OF SUITS.

Suits to be commenced by plaint.

48. Every suit shall be instituted by presenting a plaint to the Court or such officer as it appoints in this behalf.

Language of plaint.

49. The plaint must be distinctly written in the language of the Court: provided that if such language is not English, the plaint may (with the permission of the Court) be written in English, but in such case, if the defendant so require, a translation of the plaint into the language of the Court shall be filed in court.

Particulars to be contained in plaint.

50. The plaint must contain the following particulars:—

(a) the name of the Court in which the suit is brought;

(b) the name, description and place of abode of the plaintiff;

(c) the name, description and place of abode of the defendant, so far as they can be ascertained;

(d) a plain and concise statement of the circumstances constituting the cause of action, and where and when it arose;

(e) a demand of the relief which the plaintiff claims; and

(f) if the plaintiff has allowed a set-off or relinquished a portion of his claim, the amount so allowed or relinquished.

In money-suits.

If the plaintiff seek the recovery of money, the plaint must state the precise amount, so far as the case admits.

In a suit for mesne profits: and in a suit for the amount which will be found due to the plaintiff on taking unsettled accounts between him and the defendant, the plaint need only state approximately the amount sued for.

উক্ত কোন হেতু ত্যাগ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও তদনুসারে আবেদনপত্র সংশোধন করিবার আদেশ করিয়া, খরচার বিষয়ে যে আজ্ঞা ন্যায্য বোধ করেন করিতে পারিবেন।

এই ধারামতে যে সংশোধন হয়, তাহা আদালতের বিচারপতি সাক্ষিরূপে স্বাক্ষর করিবেন ইতি।

---

৫ পঞ্চম অধ্যায়।

মোকদ্দমা উপস্থিত করণবিষয়ক বিধি।

আবেদনপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ হওয়ার কথা।

৪৮ ধারা। আদালতে, কিম্বা এতৎ কার্য্যার্থে আদালত যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকে, আবেদনপত্র দিয়া মোকদ্দমা উপস্থিত করা যাইবে ইতি।

আবেদনপত্র যে ভাষায় লিখিতে হইবে তাহার কথা।

৪৯ ধারা। আবেদনপত্র আদালতের চলিত ভাষায় স্পষ্ট করিয়া লিখিতে হইবে। কিন্তু ইঙ্গরেজী ভাষা আদালতের চলিত ভাষা না হইলে আদালতের অনুমতি লইয়া আবেদনপত্র ইঙ্গরেজী ভাষায় লেখা যাইতে পারিবে, কিন্তু তদ্রূপ স্থলে প্রতিবাদির আদেশ থাকিলে, আবেদনপত্র আদালতের চলিত ভাষায় অনুবাদিত হইয়া আদালতে অর্পণ করা যাইবে ইতি।

আবেদনপত্রে যেং বৃত্তান্ত লিখিতে হইবে তাহার কথা।

৫০ ধারা। আবেদনপত্রে এইং বৃত্তান্ত লেখা থাকিবে—

(ক) মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতের নাম।

(খ) বাদির নাম ও বর্ণনা ও বাসস্থান।

(গ) প্রতিবাদির নাম ও বর্ণনা ও বাসস্থান যত দূর জানা যাইতে পারে তাহা।

(ঘ) যেং তাৎপর্য্যিক লইয়া নালিশের হেতু হয় তাহার স্পষ্ট ও সংক্ষেপ বর্ণনা ও যে সময়ে যে স্থানে হেতু ঘটিয়াছিল তাহা।

(ঙ) বাদী যে উপকারের দাওয়া করেন তাহার প্রার্থনা।

(চ) বাদী আপন দাওয়াহইতে প্রতিবাদির কোন দাওয়া বাদ দিবার অনুমতি দিলে, কিম্বা আপন দাওয়ার একাংশ ত্যাগ করিলে, যত টাকা বাদ দিলেন কি ত্যাগ করিলেন তাহা।

টাকার নিমিত্ত মোকদ্দমার কথা।

বাদী টাকা পাইবার প্রার্থনা করিলে ঠিক কত টাকা পাইবেন, নিয়ম নিরূপণার্থ ইহা যত দূর জানাইতে পারা যায়, আবেদনপত্রে তত দূর জানাইতে হইবে।

ওয়াসিলাৎ পাইবার মোকদ্দমায়, এবং বাদির ও প্রতিবাদির মধ্যে হিসাব নিষ্পত্তি না হইয়া থাকিলে সেই হিসাব লইয়া বাদির যত টাকা পাওনা দেখা যায় তাহা পাইবার মোকদ্দমায়, যত টাকার প্রার্থনা হয় আবেদনপত্রে তাহা ন্যূনাধিকরূপে জানাইলেই চলিতে পারিবে।

When the plaintiff sues in a representative character, the plaint should show, not only that he has an actual existing interest in the subject-matter, but that he has taken the steps necessary to enable him to institute a suit concerning it.

When plaintiff sues in a representative [illegible]

Illustrations.

(*a.*) A sues as B's executor. The plaint m st state that A has proved B's will.

(*b.*) A sues as C's administrator. The plaint must state that A has taken out administration to C's estate.

(*c.*) A sues as guardian of D, a Muhammadan minor. A is not D's guardian according to Muhammadan law and usage. The plaint must state that A has been specially appointed D's guardian.

The plaint must show that the defendant is or claims to be interested in the subject-matter, and that he is liable to be called upon to answer the plaintiff's demand.

Defendant's interest and liability to be shown.

Illustration.

A dies leaving B his executor, C his legatee, and D a debtor to A's estate. C sues D to compel him to pay his debt in satisfaction of C's legacy. The plaint must show that B has causelessly refused to sue D, or that B and D have colluded for the purpose of defrauding C, or other such circumstances rendering D liable to C.

If the cause of action arose beyond the period ordinarily allowed by any law for instituting the suit, the plaint must show the ground upon which exemption from such law is claimed.

Grounds of exemption from limitation law.

51. The plaint shall be subscribed by the plaintiff, and his pleader (if any), and shall be verified at the foot by the plaintiff or, with the permission of the Court, by some other person proved to the satisfaction of the Court to be acquainted with the facts of the case.

Plaint to be subscribed and verified.

52. The verification must be to the effect that the same is true to the knowledge of the person making it, except as to matters stated on information and

Contents of verification.

[illegible] করিলে [illegible] বাদী [illegible] যথার্থ [illegible] নপত্রে [illegible] করিতে [illegible] ত্বিষয়ের মোকদ্দমা উপস্থিত করিতে [illegible] তাঁহার যেং কর্ম করা আবশ্যক, তাহা [illegible] দেখাইতে হইবে।

[illegible] মোকদ্দমা উপস্থিত করিলে [illegible]বরের কথা।

উদাহরণ।

(ক) বলরামের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক বলিয়া আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ বলরামের উইলের প্রমাণ যে করিয়াছেন আবেদনপত্রে ইহাও লিখিতে হইবে।

(খ) চন্দ্রের দ্রব্য নিরূপণাধিকারীস্বরূপ আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ চন্দ্রের দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র যে লইয়াছেন, আবেদনপত্রে এই কথাও লিখিতে হইবে।

(গ) দিলওয়ার নামক মুসলমান নাবালগের অছি বলিয়া আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। কিন্তু আনন্দ মুসলমানদের শরা ও আচারমতে তাহার অছি নহেন, অতএব তিনি বিশেষ-মতে দিলওয়ারের অছিস্বরূপ যে নিযুক্ত হইয়াছেন আবেদন পত্রে এই কথা লিখিতে হইবে।

বিবাদীয় বিষয়ে প্রতিবাদির স্বার্থ আছে কিম্বা তিনি স্বার্থের দাওয়া রাখেন, ও বাদির দাওয়ার উত্তর দিবার জন্যে তাঁহার প্রতি আদেশ হইতে পারে, আবেদনপত্রে ইহা দেখাইতে হইবে।

প্রতিবাদির স্বার্থ ও দায় দেখাইতে হইবার কথা।

উদাহরণ।

আনন্দ আপন উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকস্বরূপ বলরামকে নিযুক্ত করিয়া, ও চন্দ্রকে আপনার উইলঅনুসারে ধনের অধিকারী করিয়া, ও দিননাথকে খাতক রাখাইয়া মরিলেন। চন্দ্র উইলক্রমে প্রাপ্য ধন পাইবার নিমিত্তে দিননাথের ঋণ শোধ করাইবার জন্যে তাঁহার নামে নালিশ করেন। বলরাম যে দিনন থের নামে নালিশ করিলেন না ইহার কারণ নাই, কিম্বা প্রতারণা করিয়া চন্দ্রের প্রাপ্য হরণের জন্যে বলরাম ও দিননাথ যোগ করিয়াছেন, আবেদনপত্রে এই কথা, কিম্বা অন্য যে অবস্থাক্রমে প্রযুক্ত চন্দ্রের নিকট দিননাথ দায়ী হইলেন তাহা দেখাইতে হইবে।

কোন আইনদ্বারা সামান্যতঃ মোকদ্দমা আরম্ভ করিবার যে মিয়াদ দেওয়া যায়, যদি নালিশের কারণ উপস্থিত হওয়ার পর সেই মিয়াদ গত হইয়া থাকে, তবে যে কারণে ঐ আইনের বিধানহইতে মুক্তি পাইবার দাওয়া থাকে আবেদনপত্রে তাহা দেখাইতে হইবে ইতি।

মিয়াদের আইনহইতে মুক্ত হওয়ার হেতু দেখাইবার কথা।

৫১ ধারা। বাদী, ও তাঁহার উকীল থাকিলে তিনিও আবেদনপত্রে স্বাক্ষর করিবেন, ও নিম্নভাগে বাদী, কিম্বা মোকদ্দমার বৃত্তান্ত অন্য যে ব্যক্তির সুবিদিত থাকার প্রমাণ আদালতের হৃদবোধমতে করা যায় তিনি, আদালতের অনুমতিক্রমে ঐ সত্যাকরণের কথা লিখিবেন ইতি।

আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার কথা।

৫২ ধারা। সত্যাকরণের কথার মর্ম্ম এই, যে ব্যক্তি তাহা ব্যক্ত করেন তিনি আপন জ্ঞানানুসারে তাহা সত্য বলিয়া জানেন, ও

সত্যাকরণের কথার মর্ম্মের কথা।

belief, and that as to those matters he believes it to be true.

Verification to be signed and attested.

The verification shall be signed by the person making it, and when he makes it out of court he shall sign it in the presence of a witness, who shall also sign it.

The Court shall examine such witness as to the fact of the signature, unless the person making the verification is present.

When the plaint may be rejected, returned for amendment, or amended.

53. The plaint may, at the discretion of the Court, and at or before the first hearing be rejected, returned for amendment within a time to be fixed by the Court, or amended then and there, upon such terms as to the payment of costs occasioned by the amendment as the Court thinks fit,

(a) if it do not state correctly and without prolixity the several particulars hereinbefore required to be specified therein; or

(b) if it contain any particulars other than those so required; or

(c) if it be not subscribed and verified as hereinbefore required; or

(d) if it do not disclose a cause of action; or

(e) if it is not framed in accordance with section 42; or

(f) if it is wrongly framed by reason of non-joinder or misjoinder of parties, or because the plaintiff has joined causes of action which ought not to be joined in the same suit.

Proviso.

Provided that a plaint cannot be altered so as to convert a suit of one character into a suit of another and inconsistent character.

Attestation of amendment.

When a plaint is amended, the amendment shall be attested by the signature of the Judge.

[illegible] বিশ্বাসপূর্ব্বক জ্ঞাত করেন তাহা সত্য বলিয়া বিশ্বাস করেন।

সত্যাকরণের কথায় স্বাক্ষর করণের ও সাক্ষির স্বাক্ষর করণের কথা।

যে ব্যক্তি সত্যাকরণের কথা ব্যক্ত করেন তিনি ঐ কথায় স্বাক্ষর করিবেন, ও আদালতের বাহিরে তাহা করিলে এক জন সাক্ষির সাক্ষাৎ স্বাক্ষর করিবেন, ঐ সাক্ষীও স্বাক্ষর করিবেন।

যিনি সত্যাকরণের কথা ব্যক্ত করিলেন তিনি উপস্থিত না থাকিলে, আদালত ঐ স্বাক্ষর বিষয়ে সাক্ষির সাক্ষ্য লইবেন ইতি।

আবেদনপত্র যে স্থলে অগ্রাহ্য হইতে কিম্বা সংশোধন করিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে কিম্বা সংশোধন করা যাইতে পারে তাহার কথা।

৫৩ ধারা। নিম্নলিখিত কোন স্থলে আদালতের বিবেচনামতে ও মোকদ্দমার প্রথম শ্রবণের সময়ে বা তৎপূর্ব্বে আবেদনপত্র অগ্রাহ্য হইতে পারিবে, কিম্বা আদালতের নিরূপিত কোন সময়ের মধ্যে সংশোধন করিয়া দিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে, কিম্বা সংশোধন করিবার নিমিত্ত যে খরচ লাগিবে আদালত সেই খরচ দিবার যে নিয়ম বিহিত বোধ করেন সেই নিয়মানুসারে তাহা তৎকালে তৎস্থানেই সংশোধন করা যাইতে পারিবে। বিশেষতঃ—

(ক) পূর্ব্বলিখিত বিধানমতে আবেদনপত্রের মধ্যে যে সকল বৃত্তান্ত বিশেষ করিয়া লেখা কর্ত্তব্য, তাহা শুদ্ধরূপে ও অতিরিক্ত কথাবিনা লেখা না গেলে,

(খ) তদ্রূপে যেং বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে তদ্ভিন্ন কোন বৃত্তান্ত লেখা থাকিলে, কিম্বা

(গ) পূর্ব্বলিখিত বিধানমতে তাহাতে স্বাক্ষর করা না গেলে ও সত্যাকরণের কথা লেখা না গেলে, কিম্বা

(ঘ) তন্মধ্যে নালিশের হেতু প্রকাশ না থাকিলে, কিম্বা

(ঙ) ৪২ ধারানুসারে লেখা না গেলে, কিম্বা

(চ) যাঁহারদিগকে পক্ষদের মধ্যে সংযোগ করা উচিত তাঁহারদিগকে সংযোগ না করাতে, বা যাঁহারদিগকে সংযোগ করা উচিত নয় তাঁহাদিগকে সংযোগ করাতে, কিম্বা নালিশের যেং হেতু একি মোকদ্দমায় সংযোগ করা উচিত নয় বাদী এমত নালিশের হেতু সংযোগ করাতে, আবেদনপত্র উপযুক্তমতে লেখা না গেলে।

উপবিধি।

কিন্তু এক প্রকারের মোকদ্দমার পরিবর্ত্তে যাহাতে অন্য প্রকারের ও অসঙ্গত ভাবের অন্য মোকদ্দমা হইয়া উঠে, আবেদনপত্র এমতে পরিবর্ত্তন করা যাইতে পারিবে না।

সংশোধিত কথায় সাক্ষিস্বরূপ স্বাক্ষর করণের কথা।

আবেদনপত্র সংশোধন করা গেলে, বিচারপতি সংশোধিত কথায় সাক্ষিস্বরূপ স্বাক্ষর করিবেন ইতি।

When the plaint shall be rejected.

54. The plaint shall be rejected in the following cases:—

(a.) If the relief sought is undervalued, and the plaintiff, on being required by the Court to correct the valuation within a time to be fixed by the Court, fails to do so:

(b.) If the relief sought is properly valued, but the plaint is written upon paper insufficiently stamped, and the plaintiff, on being required by the Court to supply the requisite stamp-paper within a time to be fixed by the Court, fails to do so:

(c.) If the suit appear from the statement in the plaint to be barred by any positive rule of law.

(d.) if the plaint having been returned for amendment within a time fixed by the Court is not amended within such time.

Procedure on rejecting a plaint.

55. When a plaint is rejected, the Judge shall record with his own hand an order to that effect, with the reason for such order.

When rejection of plaint does not preclude presentation of fresh plaint.

56. The rejection of the plaint on any of the grounds hereinbefore mentioned shall not of its own force preclude the plaintiff from presenting a fresh plaint in respect of the same cause of action.

When the plaint shall be returned to be presented to the proper Court.

57. The plaint shall be returned to be presented to the proper Court in the following cases:—

(a.) If a suit has been instituted in a Court whose grade is lower or higher than that of the Court competent to try it, where such Court exists, or where no option as to the selection of the Court is allowed by law:

(b.) If, in a suit relating to immoveable property, but not coming under the proviso to section 16, it appear that no part of such property is situate within the local limits of the jurisdiction of the Court to which the plaint is presented:

(c.) If, in any other case, it appear that the cause of action did not arise, and that none of the defendants are dwelling or carrying on business, or personally working for gain, within such local limits.

[illegible] আবেদনপত্র যে স্থলে অগ্রাহ্য হইবে তাহার কথা।

[illegible] নিম্নলিখিত স্থলে আবেদনপত্র অগ্রাহ্য হইবে,—

(ক) যে উপকার প্রার্থনা হয় তাহার মূল্য [illegible] করা গেলে, এবং আদালত সময় নিরূপণ করিয়া [illegible] ঐ মূল্য শুদ্ধ করিয়া লিখিতে আদেশ করিলেও, বাদী তাহা না করিলে,

(খ) যে উপকারের প্রার্থনা হয় তাহার উপযুক্ত মূল্য ধরা গেলেও আবেদনপত্র ন্যূনমূল্যের ইষ্টাম্প কাগজে লেখা থাকিলে, এবং আদালত সময় নিরূপণ করিয়া তন্মধ্যে উপযুক্ত ইষ্টাম্প কাগজ দিতে আদেশ করিলেও বাদী তাহা না দিলে।

(গ) আইনের কোন স্পষ্ট বিধানক্রমে মোকদ্দমা করিবার বাধা হইল, আবেদন পত্রলিখিত বর্ণনাদ্বারা ইহা দৃষ্ট হইলে।

(ঘ) আবেদনপত্র আদালতের নিরূপিত সময়ের মধ্যে সংশোধন করিবার জন্যে ফিরিয়া দেওয়া গেলে, সেই সময়ের মধ্যে সংশোধন করা না গেলে ইতি।

আবেদনপত্র অগ্রাহ্য হইলে কার্য্যপ্রণালীর কথা।

৫৫ ধারা। আবেদনপত্র অগ্রাহ্য করা গেলে, বিচারপতি আপন হাতে সেই মর্ম্মের আজ্ঞা ও সেই আজ্ঞা করিবার কারণ লিখিয়া দিবেন ইতি।

যে স্থলে আবেদনপত্র অগ্রাহ্য হইলেও নূতন আবেদনপত্র উপস্থিত করিবার বাধা না থাকে তাহার কথা।

৫৬ ধারা। পূর্ব্বোল্লিখিত কোন কারণে আবেদনপত্র অগ্রাহ্য হইলেও, কেবল তৎপ্রযুক্ত নালিশের সেই হেতু ধরিয়া বাদির নূতন আবেদনপত্র উপস্থিত করিবার বাধা নাই ইতি।

উপযুক্ত আদালতে উপস্থিত করিবার নিমিত্তে আবেদনপত্র যে স্থলে ফিরিয়া দেওয়া যাইবে তাহার কথা।

৫৭ ধারা। নিম্নলিখিত স্থলে আবেদনপত্র উপযুক্ত আদালতে উপস্থিত করিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইবে,—

(ক) মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন আদালত থাকিতেও, কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যাইবে আইন দ্বারা ইহা স্বেচ্ছামতে মনোনীত করিবার অনুমতি না থাকিলে, যে আদালতের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা আছে তদপেক্ষা নিম্ন কি উচ্চ শ্রেণীর আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে।

(খ) স্থাবর সম্পত্তির যে মোকদ্দমা ১৬ ধারার উপবিধির মধ্যে না আইসে, এমত মোকদ্দমার আবেদনপত্র যে আদালতে উপস্থিত করা যায়, সেই আদালতের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ নাই দৃষ্ট হইলে।

(গ) অন্য কোন স্থলে সেই এলাকার সীমার মধ্যে নালিশের হেতু ঘটে নাই, ও প্রতিবাদিদের কোন ব্যক্তি তথায় বাস করেন কি ব্যবসায় চালান না কি লভ্যের নিমিত্ত নিজে কর্ম্ম করেন না দৃষ্ট হইলে।

Procedure on returning plaint.

On returning a plaint, the Judge shall, with his own hand, endorse thereon the date of its presentation and return, the name of the party presenting it, and a brief statement of the reason for returning it.

Procedure on admitting plaint.

58. The plaintiff shall endorse on the plaint, or annex thereto, a memorandum of the documents (if any) which he has filed along with it; and if the plaint be admitted, shall present as many copies on plain paper of the plaint as there are defendants, unless the Court by reason of the length of the plaint or the number of the defendants, or for any other sufficient reason, permit him to present a like number of concise statements of the nature of the claim made, or of the relief or remedy required in the suit, in which case he shall present such statements.

Concise statements.

If the plaintiff sues, or the defendant or any of the defendants is sued, in a representative capacity, such statement shall show in what capacity the plaintiff or defendant sues or is sued.

The plaintiff may, by leave of the Court, amend such statements so as to make them correspond with the plaint.

The chief ministerial officer of the Court shall sign such memorandum and copies or statements if, on examination, he finds them to be correct.

Register of suits.

The Court shall also cause the particulars mentioned in section 50 to be entered in a book to be kept for the purpose and called the Register of civil suits. Such entries shall be numbered in every year according to the order in which the plaint is admitted.

Production of document on which plaintiff sues.

59. If a plaintiff sue upon a document in his possession or power, he shall produce it in Court when the plaint is presented, and shall at the same time deliver the document or a copy thereof to be filed with the plaint.

Delivery of document or copy.

List of other documents.

If he rely on any other documents (whether in his possession or power or not) as evidence in support of his claim, he shall enter

আবেদনপত্র ফিরিয়া দেওন সময়ে কার্য্যপ্রণালীর কথা।

আবেদনপত্র ফিরিয়া দেওন সময়ে, বিচারপতি ঐ পত্রের পৃষ্ঠে তাহা উপস্থিত করিবার ও ফিরিয়া দিবার তারিখ, ও যে ব্যক্তি উপস্থিত করিলেন তাঁহার নাম, ও তাহা ফিরিয়া দিবার কারণের সংক্ষেপ লিপি স্বহস্তে লিখিবেন ইতি।

আবেদনপত্র গ্রাহ্য হইলে কার্য্যপ্রণালীর কথা।

৫৮ ধারা। বাদী আবেদনপত্রের সঙ্গে কোন দলীলও উপস্থিত করিলে ঐ আবেদনপত্রের পৃষ্ঠে সেই দলীলের স্মারকলিপি লেখাইবেন কিম্বা আবেদনপত্রের সঙ্গে তাহা সংযোগ করিয়া দিবেন। ও আবেদনপত্র গ্রাহ্য হইলে, যত জন প্রতিবাদী থাকেন বাদী সাদা কাগজে আবেদনপত্রের তত খানি নকল উপস্থিত করিবেন, কিন্তু আবেদনপত্র লম্বা হওয়াতে কিম্বা অনেক জন প্রতিবাদী থাকাতে কি অন্য উপযুক্ত কারণে, আদালত তাঁহাকে দাওয়ার ভাবাপন্ন, কিম্বা মোকদ্দমায় যে উপকারের কি প্রতিকারের প্রার্থনা হয় তদ্বিষয়ের তত খানি সংক্ষেপ বর্ণনাপত্র উপস্থিত করিবার অনুমতি দিলে, তিনি ঐ২ বর্ণনাপত্র উপস্থিত করিবেন।

সংক্ষেপ বর্ণনাপত্রের কথা।

বাদী অন্যের স্থলাভিষিক্তস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিলে, কিম্বা অন্যের স্থলাভিষিক্তস্বরূপ প্রতিবাদির কিম্বা প্রতিবাদিদের কোন ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, যে পদোপলক্ষে বাদী মোকদ্দমা উপস্থিত করেন কি প্রতিবাদির নামে মোকদ্দমা উপস্থিত করা যায়, ঐ বর্ণনাপত্রে সেই পদ ব্যক্ত থাকিবে।

তদ্রূপ কোন বর্ণনাপত্র যেন আবেদনপত্রের অনুযায়ি হয়, বাদী আদালতের অনুমতি লইয়া তাহা এমতে সংশোধন করিতে পারিবেন।

আদালতের প্রধান আমলা উক্ত স্মারকলিপি ও নকল কি বর্ণনাপত্র পরীক্ষা করিয়া ঠিক জানিলে তাহাতে স্বাক্ষর করিবেন।

মোকদ্দমার রেজিষ্টরের কথা।

আরও দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টর নামে যে বহী রাখিতে হইবে, আদালত সেই বহীর মধ্যে ৫০ ধারার উল্লিখিত বৃত্তান্তও লেখাইবেন। আবেদনপত্র যে ক্রমে গ্রাহ্য হয় প্রতি বৎসর সেই ক্রমানুসারে ক্রমিক নম্বর দিয়া সেই বহীতে ঐ কথা লেখা যাইবে ইতি।

বাদী যে দলীল ধরিয়া নালিশ করেন তাহা দেখাইবার কথা।

৫৯ ধারা। বাদী নিজ অধিকারগত কি ক্ষমতাধীন দলীল ধরিয়া নালিশ করিলে, যে সময়ে আবেদনপত্র উপস্থিত করেন সেই সময়ে ঐ দলীলও দেখাইবেন, ও আবেদনপত্রের সঙ্গে গাঁথিয়া রাখিবার জন্যে ঐ দলীল কিম্বা তাহার নকল দিবেন।

দলীল কি তাহার নকল গচ্ছিত করিবার কথা।

অন্যং দলীলের নির্দ্দেশপত্র দিবার কথা।

আপন দাওয়ার প্রতিপোষণার্থে অন্য কোন দলীলের প্রতি নির্ভর করিলে, সেই দলীল তাঁহার নিজ অধিকারে কি ক্ষমতাধীনে

such documents in a list to be added or annexed to the plaint.

60. In the case of any such document not in his possession or power, he shall, if possible, state in whose possession or power it is.

Statement in case of documents not in his possession or power.

61. In case of any suit founded upon a bill of exchange or other negotiable instrument, if it be proved that the instrument is lost, and if an indemnity be given by the plaintiff, to the satisfaction of the Court, against the claims of any other person upon such instrument, the Court may make such decree as it would have made if the plaintiff had produced the instrument in Court when the plaint was presented, and had at the same time delivered a copy of the instrument to be filed with the plaint.

Suits on lost negotiable instruments.

62. If the document on which the plaintiff sues be an entry in a shop-book or other book in his possession or power, the plaintiff shall produce the book at the time of filing the plaint, together with a copy of the entry on which he relies.

Production of shop-book.

The Court, or such officer as it appoints in this behalf, shall forthwith mark the document for the purpose of identification; and after examining and comparing the copy with the original and attesting the copy if found correct, shall return the book to the plaintiff and cause the copy to be filed.

Original entry to be marked and returned.

63. A document which ought to be produced in Court by the plaintiff when the plaint is presented or to be entered in the list to be added or annexed to the plaint, and which is not produced or entered accordingly, shall not, without the leave of the Court, be received in evidence on his behalf at the hearing of the suit.

Inadmissibility of document not produced when plaint filed.

Nothing in this section applies to documents produced for cross-examination of the defendant's witnesses, or in answer to any case set up by the defendant, or handed to a witness merely to refresh his memory.

[illegible] না দাও থাকিলে, তিনি সেই২ দলীলের নির্দ্দেশক আবেদনপত্রের [illegible] লিখিয়া বা আবেদনপত্রের [illegible] সংযোগ করিয়া দিবেন ইতি।

৬০ ধারা। দলীল তাঁহার অধিকারে কি ক্ষমতাধীনে না থাকিলে, তাঁহার অধিকারে কি ক্ষমতাধীনে আছে এই কথা জানাইতে পারিলে জানাইবেন ইতি।

দলীল তাঁহার অধিকারে কি ক্ষমতাধীনে না থাকিলে বর্ণনার কথা।

৬১ ধারা। বিল অফ এক্সেচেঞ্জ কিম্বা ক্রয়বিক্রয় অন্য নিদর্শনপত্রমূলক মোকদ্দমা হইলে, ও সেই নিদর্শনপত্র হারাণ গেল যদি ইহার প্রমাণ হইয়া থাকে, ও সেই নিদর্শনপত্রের উপর অন্য কোন ব্যক্তির দাওয়া থাকিলে, বাদী তাহার ক্ষতিপূরণ করিবেন, যদি আদালতের হৃদবোধমতে এই মর্ম্মের নিষ্কৃতিপত্র দিয়া থাকেন, তাহা হইলে বাদী আবেদনপত্র উপস্থিত করণসময়ে সেই নিদর্শনপত্রও উপস্থিত করিলে ও আবেদনপত্রের সহিত গাঁথিয়া রাখিবার জন্যে ঐ নিদর্শনপত্রের নকল দিলে আদালত যদ্রূপে ডিক্রী করিতেন, তদ্রূপে ডিক্রী করিতে পারিবেন ইতি।

ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্র হারাণ গেলে তাহা ধরিয়া মোকদ্দমার কথা।

৬২ ধারা। বাদির অধিকারগত কি তাঁহার ক্ষমতাধীন দোকানী কি অন্য খাতার যে কথা লেখা আছে বাদী সেই কথারূপ দলীল ধরিয়া মোকদ্দমা উপস্থিত করিলে, আবেদনপত্র উপস্থিত করণসময়ে ঐ খাতাবহী ও তল্লিখিত যে কথার উপর নির্ভর করেন সেই কথার নকল আদালতে উপস্থিত করিবেন।

দোকানী খাতা দেখাইবার কথা।

ঐ দলীল পুনরায় চেনা যাইতে পারে এই নিমিত্তে আদালত, কিম্বা তৎকার্য্যপক্ষে আদালতের নিযুক্ত কার্য্যকারক, তৎক্ষণাৎ তাহাতে চিহ্ন দিবেন, এবং আসলের সঙ্গে নকল মিলাইয়া দেখিয়া তাহা ঠিক জানিলে পর স্বাক্ষর করিয়া বাদিকে ঐ খাতাবহী ফিরিয়া দিয়া, নকল গাঁথাইয়া রাখিবেন ইতি।

আসল কথায় চিহ্ন দিয়া খাতা ফিরিয়া দিবার কথা।

৬৩ ধারা। আবেদনপত্র উপস্থিত করণ সময়ে বাদির যে দলীলও আদালতে উপস্থিত করা, কিম্বা আবেদনপত্রের সহিত লিখিত বা সংযুক্ত নির্ঘণ্টপত্রে লিখিয়া দেওয়া উচিত, তাহা তদনুসারে উপস্থিত না করা কিম্বা লেখা না গেলে, মোকদ্দমা শুনিবার সময়ে তাহা আদালতের অনুমতি বিনা বাদির সপক্ষ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না।

আবেদনপত্র দেওন সময়ে দলীল না দেওয়া গেলে গ্রাহ্য না হইবার কথা।

প্রতিবাদির সপক্ষ সাক্ষিদের কূট পরীক্ষার জন্যে কিম্বা প্রতিবাদির উত্থাপিত কোন কথার উত্তর দিবার জন্যে যে দলীল উপস্থিত করা যায়, কিম্বা সাক্ষির কেবল স্মরণ করাইবার জন্যে যে দলীল তাঁহার হাতে দেওয়া যায়, সেই২ দলীলের প্রতি এই ধারার কোন কথা খাটে না ইতি।

CHAPTER VI.

OF THE ISSUE AND SERVICE OF SUMMONS.

Issue of Summons.

Summons.

64. When the plaint has been registered, and the copies or concise statements required by section 58 have been filed, a summons may be issued to each defendant to appear and answer the claim on a day to be therein specified, or as soon thereafter as may be practicable,

(a) in person, or

(b) by a pleader duly instructed and able to answer all material questions relating to the suit, or

(c) by a pleader accompanied by some other person able to answer all such questions.

Every such summons shall be signed by the Judge or such officer as he appoints, and shall be sealed with the seal of the Court:

Provided that no such summons shall be issued when the defendant has appeared at the presentation of the plaint and admitted the plaintiff's claim.

Copy or statement annexed to summons.

65. Every such summons shall be accompanied with one of the copies or concise statements mentioned in section 58.

Court may order defendant or plaintiff to appear in person.

66. If the Court see reason to require the personal appearance of the defendant, the summons shall order him to appear in person in Court on the day therein specified.

If the Court see reason to require the personal appearance of the plaintiff on the same day, it may make an order for such appearance.

No party to be ordered to appear in person unless resident within 50 or, where there is a railway, 200 miles.

67. No party shall be ordered to appear in person unless he resides—

(a) within the local limit of the Court's ordinary original jurisdiction, or

(b) without such limits and at a place less than fifty or, where there is railway communication for five-sixths of the distance between the place where he resides and the place where the Court is situate, two hundred miles from the court-house.

৬ ষষ্ঠ অধ্যায়।

সমন বাহির করণ ও জেরন বিষয়ক বিধি।

সমন বাহির করণ বিষয়ক বিধি।

সমনের কথা।

৬৪ ধারা। আবেদনপত্র রেজিষ্টরী করা গেলে ও ৫৮ ধারার আদেশমতে তাহার নকল কি সংক্ষেপ বর্ণনাপত্র অর্পণ করা গেলে পর, প্রতিবাদির প্রতি এই মর্ম্মের সমন বাহির হইবে যে, তিনি ঐ সমনের নির্দ্দিষ্ট তারিখে কিম্বা তৎপরে যত শীঘ্র হইতে পারে,

(ক) স্বয়ং, কিম্বা

(খ) উপযুক্তমতে শিক্ষিত ও মোকদ্দমা সম্পর্কীয় গুরুতর সকল প্রশ্নের উত্তর দিবার সক্ষম উকীল দ্বারা, কিম্বা

(গ) সেই সকল প্রশ্নের উত্তর দিতে পারে এমত কোন ব্যক্তিকে সঙ্গে দিয়া উকীলের দ্বারা উপস্থিত হইয়া দাওয়ার উত্তর দেন।

বিচারপতি কিম্বা তিনি অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই সমনপত্রে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতের মোহরে মোহরাঙ্কিত হইবে।

কিন্তু আবেদনপত্র উপস্থিত করণসময়ে প্রতিবাদী উপস্থিত হইয়া বাদির দাওয়া স্বীকার করিলে উক্ত সমন বাহির করা যাইবে না ইতি।

সমনের সঙ্গে নকল কি বর্ণনাপত্র সংযোগ করিয়া দিবার কথা।

৬৫ ধারা। উক্ত প্রত্যেক সমনের সঙ্গে ৫৮ ধারায় উল্লিখিত বর্ণনাপত্রের একং খানি নকল কি সংক্ষেপ বর্ণনাপত্র দেওয়া যাইবে ইতি।

প্রতিবাদির কি বাদির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

৬৬ ধারা। আদালত প্রতিবাদির স্বয়ং উপস্থিত হওনের আজ্ঞা করিবার কারণ জানিলে, ঐ সমনপত্রে এই আজ্ঞা থাকিবে যে ঐ পত্রের নির্দ্দিষ্ট তারিখে স্বয়ং আদালতে উপস্থিত হন।

আদালত সেই দিবসে বাদিরও স্বয়ং উপস্থিত হইতে আজ্ঞা করিবার কারণ জানিলে, তাঁহারও আদালতে আসিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কোন ব্যক্তি ৫০ মাইলের মধ্যে কিম্বা রেলওয়ে থাকিলে ২০০ মাইলের মধ্যে বাস না করিলে স্বয়ং আসিবার আজ্ঞা হইতে না পারিবার কথা।

৬৭ ধারা। (ক) মোকদ্দমা আদৌ বিচার করণ পক্ষে আদালতের সাধারণ এলাকার যে সীমা থাকে কোন পক্ষ সেই সীমার মধ্যে বাস না করিলে, কিম্বা

(খ) সেই সীমার বাহিরে ও আদালত হইতে ৫০ পঞ্চাশ মাইলের মধ্যে, কিম্বা তাঁহার বাসস্থান ও আদালতের যে স্থানে অধিবেশন হইয়া থাকে এই দুই স্থানের মধ্যে রেলওয়ের দ্বারা ছয় অংশের পাঁচ অংশ পথ যাইতে পারিলে, আদালতগৃহ হইতে ২০০ দুই শত মাইলের মধ্যে বাস না করিলে, তাঁহার প্রতি স্বয়ং আদালতে আসিতে আজ্ঞা হইবে না ইতি।

68. The Court shall determine, at the time of issuing the summons,

Summons to be either to settle issues or for final disposal.

whether it shall be for the settlement of issues only, or for the final disposal of the suit; and the summons shall contain a direction accordingly.

Provided that, in every suit cognizable by Courts of Small Causes, the summons shall be for the final disposal of the suit.

69. The day for the appearance of the defendant shall be fixed by the Court with reference to its current business, the place of residence of the defendant, and the time necessary for the service of the summons; and the day shall be so fixed as to allow the defendant sufficient time to enable him to appear and answer on such day.

Fixing day for appearance of defendant.

What shall be deemed 'sufficient time' must be determined with reference to the circumstances of the case.

70. The summons to appear and answer shall order the defendant to produce any documents in his possession or power, containing evidence relating to the merits of the plaintiff's case, or upon which the defendant intends to rely in support of his case.

Summons to order defendant to produce documents required by plaintiff or relied on by defendant.

71. When the summons is for the final disposal of the suit, it shall direct the defendant to produce, on the day fixed for his appearance, the witnesses upon whose evidence he intends to rely in support of his case.

On issue of summons for final disposal, parties to be directed to produce their witnesses.

Service of Summons.

72. The summons shall be delivered to the proper officer of the Court, to be served by him or one of his subordinates.

Delivery of summons for service.

73. Service of the summons shall be made by delivering or tendering a copy thereof signed by the Judge or such officer as he appoints in this behalf, and sealed with the seal of the Court.

Mode of service.

[illegible] ... চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত হইবে [illegible] আদালত সমন [illegible] করিবার কথা। ... ইহা স্থির করিয়া [illegible] সমনে তদনুযায়ি আদেশ থাকিবে।

কিন্তু ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য সমুদায় মোকদ্দমায়, চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া যাইবে ইতি।

৬৯ ধারা। আদালতে যে চলিত কর্ম্ম উপস্থিত আছে, ও প্রতিবাদী যে স্থানে বাস করেন, ও সমন জারী করিতে যত সময় লাগে, আদালত ইহা বিবেচনা করিয়া প্রতিবাদির উপস্থিত হওয়ার দিন নিরূপণ করিবেন। ও প্রতিবাদী সেই দিনে উপস্থিত হইয়া উত্তর দিতে যেন উপযুক্ত অবকাশ পান ইহা বিবেচনা করিয়া ঐ দিন নিরূপণ করা যাইবে।

প্রতিবাদির উপস্থিত হইবার দিন নিরূপণের কথা।

"উপযুক্ত অবকাশ" কাহাকে বলে মোকদ্দমার আকার প্রকার লক্ষ করিয়া ইহা স্থির করিতে হইবে ইতি।

৭০ ধারা। যে দলীলে বাদির পক্ষ মোকদ্দমার দোষ গুণের প্রমাণ থাকে, কিম্বা প্রতিবাদী স্বপক্ষ মোকদ্দমার প্রতিপোষণার্থে যেই দলীলের উপর নির্ভর করেন, প্রতিবাদির অধিকারে কি তাঁহার ক্ষমতাধীনে এমত যে কোন দলীল থাকে, তাঁহার উপস্থিত হইয়া উত্তর দিবার সমনপত্রে সেই দলীল আনিয়া দেখাইবার আজ্ঞা থাকিবে ইতি।

যেই দলীলে বাদির প্রয়োজন থাকে কিম্বা প্রতিবাদী যাহার উপর নির্ভর করেন সমনপত্রে প্রতিবাদির সেইহ দলীলও দেখাইবার আজ্ঞা হওয়ার কথা।

৭১ ধারা। মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া গেলে সেই সমনপত্রে প্রতিবাদির প্রতি এই আজ্ঞা থাকিবে যে তিনি স্বপক্ষ মোকদ্দমার পোষকতার জন্যে যে সাক্ষিদের প্রমাণের উপর নির্ভর করিতে চাহেন, আপনার উপস্থিত হওয়ার নিরূপিত দিনে সেই সাক্ষিদিগকেও উপস্থিত করান ইতি।

চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া গেলে, উভয় পক্ষের সাক্ষিদিগকেও আনিবার আজ্ঞা হওয়ার কথা।

সমন জারীকরণবিষয়ক বিধি।

৭২ ধারা। আদালতের উপযুক্ত কর্ম্মকারকের কিম্বা তাহার অধীন কোন আমলার দ্বারা জারী করিবার জন্যে ঐ সমনপত্র সেই কর্ম্মকারককে দেওয়া যাইবে ইতি।

সমন জারী করিবার জন্যে দিবার কথা।

৭৩ ধারা। বিচারপতির কিম্বা এতৎকার্য্যের জন্যে তাঁহার নিযুক্ত কার্য্যকারকের স্বাক্ষরিত, ও আদালতের মোহরে মোহরাঙ্কিত সমনপত্রের এক কেতা নকল কোন ব্যক্তিকে দিয়া কিম্বা দিতে বলিয়া দেখাইয়া, ঐ সমন জারী করা যাইবে ইতি।

যেরূপে জারী করিতে হইবে তাহার কথা।

74. When there are more defendants than one, service of the summons shall be made on each defendant:

Service on several defendants.

Provided that, if the defendants are partners, and the suit relates to a partnership-transaction, or to an actionable wrong in respect of which relief is claimable from the firm the service may be made, unless the Court directs otherwise, either (*a*) on one defendant for himself and for the other defendants, or (*b*) on any person having the management of the business of the partnership at the principal place, within the local limits of the Court's ordinary original civil jurisdiction, of such business.

যে দিনে বা যে দিনের পূর্ব্বে ঐ টাকা দিতে হইবে ডিক্রীর মধ্যে এমত দিন নির্দ্ধারিত হইবে, ও তন্মধ্যে এই আজ্ঞা থাকিবে যে বাদির বিপক্ষে খরচারও ডিক্রী হইলে সেই খরচা সুদ্ধ ঐ ক্রয়ের টাকা দেওয়া গেলে বাদী ঐ সম্পত্তির অধিকার পাইবেন, কিন্তু সেই টাকা ও খরচা না দেওয়া গেলে, মোকদ্দমা খরচা সমেত ডিসমিস হইবে ইতি।

অংশিত্ব লোপ করণার্থ মোকদ্দমার কথা।

২১৫ ধারা। অংশিত্ব লোপ করণার্থ মোকদ্দমা হইলে, যে দিন অবধি ঐ অংশিত্ব লোপ হইল বলিয়া জ্ঞান হইবে, আদালত ডিক্রী করিবার পূর্ব্বে এমত দিন নিরূপণের আজ্ঞা করিয়া, হিসাব লওয়ার ও অন্য যে কার্য্য করা উচিত বোধ করেন সেই কার্য্য করিবার আদেশ করিতে পারিবেন ইতি।

বিপরীত দাওয়ার অনুমতি হইলে তাহার কথা।

২১৬ ধারা। প্রতিবাদী বাদির দাওয়ার বিপক্ষে কোন ঋণের দাওয়া করিলে, ও সেই দাওয়া গ্রাহ্য হইলে, বাদির কত টাকা পাওনা ও প্রতিবাদির কিছু পাওনা থাকিলে তাঁহারই বা কত পাওনা আছে, ডিক্রীর মধ্যে এই কথা লেখা যাইবে, ও কোন এক পক্ষের যত টাকা পাওনা বলিয়া দৃষ্ট হয় তত টাকা আদায়ের নিমিত্ত ডিক্রী হইবে।

ডিক্রীর ফলের কথা।

প্রতিবাদী বাদির নামে স্বতন্ত্র মোকদ্দমা করিয়া সেই টাকার দাওয়া করিলে ঐ ডিক্রীর যে ফল হইত ও আপীলপ্রভৃতি বিষয়ক যে বিধি বর্ত্তিত, আদালত উক্ত স্থলে প্রতিবাদির কোন টাকা পাইবার যে ডিক্রী করেন তাহারও সেই ফল হইবে, ও আপীলপ্রভৃতি বিষয়ক সেই বিধি বর্ত্তিবে ইতি।

ডিক্রীর ও বিচারের সর্টিফিকটযুক্ত নকল দিতে হইবার কথা।

২১৭ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আদালতের নিকটে বিচারপত্র ও ডিক্রী প্রার্থনা করিলে, তাঁহার খরচে ঐ২ পত্রের সর্টিফিকটযুক্ত নকল তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

---

১৮ অষ্টাদশ অধ্যায়।

খরচাবিষয়ক বিধি।

প্রার্থনাপত্রের খরচের কথা।

২১৮ ধারা আদালত এই আইনমত কোন প্রার্থনাপত্রের নিষ্পত্তি করণসময়ে কোন এক পক্ষকে ঐ প্রার্থনাপত্রের খরচ দেওয়াইতে পারিবেন, কিম্বা তৎপরে অন্য যে কার্য্যানুষ্ঠান হয় তাহা করণসময়ে ঐ খরচার কথা বিবেচনা করিতে পারিবেন ইতি।

খরচ কোন্ পক্ষের দিতে হইবে বিচারপত্রে তাহার আজ্ঞা হওয়ার কথা।

২১৯ ধারা। এক২ পক্ষের খরচা কাহার দিতে হইবে, অর্থাৎ আপনি কি মোকদ্দমার অন্য কোন পক্ষ দিবেন, এবং সমুদয় কিম্বা অংশমাত্র, কি যে অনুপাতে যাঁহার দিতে হইবে, বিচারপত্রে এই২ বিষয়ের আজ্ঞা থাকিবে ইতি।

220. The Court shall have full power to give and apportion costs of every application and suit in any manner it thinks fit, and the fact that the Court has no jurisdiction to try the case is no bar to the exercise of such power:

Power of Court as to costs.

Provided if the Court directs that the costs of any application or suit shall not follow the event, the Court shall state its reasons in writing.

২২০ ধারা। আদালত যে কোন প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে প্রত্যেক প্রার্থনাপত্রের ও মোকদ্দমার খরচা দেওয়াইতে ও অংশাংশমতে নিরূপণ করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হন। এবং আদালত মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন না হইলেও তাঁহার উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিবার বাধা নাই।

খরচার বিষয়ে আদালতের ক্ষমতার কথা।

কিন্তু কোন প্রার্থনাপত্রের কি মোকদ্দমার যে খরচা লাগে তাহা ঐ প্রার্থনাপত্রের কি মোকদ্দমার ফলের অনুগত হইবে না, আদালত এমত আজ্ঞা করিলে, তাহার কারণ লিখিয়া জানাইবেন ইতি।

221. The Court may direct that the costs payable to one party by another shall be set off against a sum which is admitted or is found in the suit to be due from the former to the latter,

Costs may be set off against sum admitted or found to be due.

but such direction shall not affect the lien upon the amount decreed of any pleader in respect of the costs, payable to him under the decree.

Saving of pleader's lien.

২২১ ধারা। এক পক্ষের খরচ অন্য পক্ষের দিতে হইলে, যদি ঐ এক পক্ষ ঐ অন্য পক্ষের টাকা পাওনা বলিয়া স্বীকার করেন, কিম্বা মোকদ্দমায় তাহা পাওনা বলিয়া জানা যায়, তবে আদালত সেই টাকাহইতে শেষোক্ত পক্ষের খরচা বাদ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

টাকা পাওনা বলিয়া স্বীকার হইলে কি জানিতে পাওয়া গেলে তাহাহইতে খরচ বাদ দিতে পারিবার কথা।

কিন্তু ডিক্রীমতে উকীলের যে খরচা প্রাপ্য হয়, তজ্জেতুক ডিক্রীর টাকার উপর তাঁহার যে স্বত্ব থাকে, উক্ত আজ্ঞাক্রমে তাহার ব্যাঘাত হইবে না ইতি।

উকীলের দাওয়ার ব্যাঘাত না হইবার কথা।

222 The Court may give interest on costs at any rate not exceeding six per cent. per annum, and may direct that costs, with or without interest, be paid out of or charged upon the subject-matter of the suit.

Interest on costs.
Payment of costs out of subject-matter.

২২২ ধারা। আদালত খরচার উপর বৎসর শতকরা ছয় টাকার অনধিক হারে সুদ দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং সুদসহিত বা সুদ বিনা ঐ খরচা মোকদ্দমার বিবাদীয় বিষয়হইতে দেওয়া কি লওয়া যায় এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

খরচার উপর সুদের কথা।
বিবাদের বিষয়হইতে খরচা দিবার কথা।

CHAPTER XIX.

OF THE EXECUTION OF DECREES.

A.—Of the Court by which Decrees may be executed.

১৯ ঊনবিংশ অধ্যায়।

ডিক্রী জারীকরণ বিষয়ক বিধি।

ক।—যে আদালতের দ্বারা ডিক্রীজারী করা যাইতে পারিবে তদ্বিষয়ক বিধি।

223. A decree may be executed either by the Court which passed it or by the Court to which it is sent for execution under the provisions hereinafter contained.

Court by which decree may be executed

The Court which passed a decree may, on the application of the decree-holder, send it for execution to another Court,

(a) if the person against whom the decree is passed actually and voluntarily resides or carries on business, or personally works for gain, within the local limits of the jurisdiction of such other Court, or

২২৩ ধারা। যে আদালত ডিক্রী করিলেন তাঁহারই দ্বারা, কিম্বা জারী করাইবার জন্যে অন্য যে আদালতে পাঠান যায় তাঁহার দ্বারা, নিম্নলিখিত বিধানমতে ডিক্রী জারী করা যাইতে পারিবে।

যে আদালতের দ্বারা ডিক্রী জারী করা যাইতে পারে তদ্বিষয়ক কথা।

যে আদালত ডিক্রী করিলেন, সেই আদালত নিম্নলিখিত স্থলে ডিক্রীদারের প্রার্থনামতে সেই ডিক্রী জারী করাইবার জন্যে অন্য আদালতে পাঠাইতে পারিবেন,

(ক) যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হয় তিনি যথার্থই ও স্বেচ্ছামতে ঐ অন্য আদালতের এলাকার সীমার মধ্যে বাস করিলে কি ব্যবসায় করিলে কিম্বা লাভের আশায় নিজে কর্ম্ম করিলে। কিম্বা

(*b*) if such person has not property within the local limits of the jurisdiction of the Court which passed the decree sufficient to satisfy such decree and has property within the local limits of the jurisdiction of such other Court, or

(*c*) if the decree direct the sale of immoveable property situate outside the district within which the Court which passed it is situate, or

(*d*) if the Court which passed the decree considers for any other reason, which it shall record in writing, that the decree should be executed by such other Court.

The Court which passed a decree may of its own motion send it for execution to any Court subordinate thereto.

The Court to which a decree is sent under this section for execution shall certify to the Court which passed it, the fact of such execution, or where the former Court fails to execute the same, the circumstances attending such failure.

If the decree has been passed in a case cognizable by a Court of Small Causes, and the Court which passed it wishes it to be executed in Calcutta, Madras, Bombay or Rangoon, such Court may send to the local Court of Small Causes the copies and certificate respectively mentioned in clauses (*a*), (*b*), and (*c*) of section 224; and such Court of Small Causes shall thereupon execute the decree as if it had been passed by itself.

If the Court to which a decree is to be sent for execution is situate within the same district as the Court which passed such decree, such Court shall send the same directly to the former Court. But if the Court to which the decree is to be sent for execution is situate in a different district, the Court which passed it shall send it to the District Court of the district in which the decree is to be executed.

Procedure when Court desires that its own decree shall be executed by another Court

224. The Court sending a decree for execution under section 223 shall send therewith

(*a*) a copy of the decree;

(*b*) a certificate setting forth that satisfaction of the decree has not been obtained by execution within the jurisdiction of the Court by which it was passed, or, where the decree has been executed in part, the extent to which satisfaction has been obtained, and what part of the decree remains unexecuted; and

(*c*) a copy of any order for the execution of the decree, and if no such order has been made, a certificate to that effect.

(খ) যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতের এলাকার সীমার মধ্যে ঐ ডিক্রীমত কার্য্য সাধন করণার্থ ঐ ব্যক্তির প্রচুর সম্পত্তি না থাকিলে ও ঐ অন্য আদালতের এলাকার সীমার মধ্যে সম্পত্তি থাকিলে, কিম্বা

(গ) যে আদালত ডিক্রী করিলেন তাহা যে জিলার অন্তর্গত থাকে, ডিক্রীর মধ্যে সেই জিলার বহির্ভূত স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা থাকিলে, কিম্বা

(ঘ) যে আদালত ডিক্রী করিলেন সেই আদালত অন্য কোন কারণে ঐ অন্য আদালতের দ্বারা ডিক্রী জারী হওয়া উচিত বোধ করিলে। এই স্থলে তাঁহার সেই কারণ লিপিবদ্ধ করিতে হইবে।

যে আদালত ডিক্রী করিলেন, তিনি আপন প্রবৃত্তি-মতে আপনার অধীন কোন আদালতে তাহা জারী করিবার নিমিত্ত পাঠাইতে পারিবেন।

এই ধারামতে ডিক্রী জারী করাইবার জন্যে যে আদালতে পাঠান যায় সেই আদালত, অন্য যে আদালত ডিক্রী করিলেন তাঁহার নামে সর্টিফিকট লিখিয়া, ঐ ডিক্রী জারী করাইবার কথা, কিম্বা জারী করিতে না পারিলে, না পারিবার সকল ভাবগতিক জানাইবেন।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমায় ডিক্রী হইলে, ও যে আদালত ডিক্রী করিলেন তিনি কলিকাতায় কি মান্দ্রাজে কি বোম্বাইয়ে কি রাঙ্গুনে ঐ ডিক্রী জারী করাইতে চাহিলে, ঐ২ স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ২২৪ ধারার (ক) (খ) ও (গ) প্রকরণের উল্লিখিত নকল ও সর্টিফিকট পাঠাইবেন। তাহা হইলে ঐ ক্ষুদ্র মোকদ্দমার আদালত আপনার কৃত ডিক্রীর ন্যায় ঐ ডিক্রী জারী করাইবেন।

যে আদালত ডিক্রী করিলেন ও ডিক্রী জারী করিবার নিমিত্ত যে আদালতে পাঠান যায় উভয়ই একি জিলার মধ্যে থাকিলে, পূর্ব্বোক্ত আদালত শেষোক্ত আদালতে তাহা একেবারে পাঠাইবেন। কিন্তু ডিক্রী জারী করিবার নিমিত্ত যে আদালতে পাঠান যায় তাহা ভিন্ন জিলায় থাকিলে, যে আদালত ডিক্রী করিলেন তিনি যে জিলার মধ্যে তাহা জারী করাইবেন তথাকার জিলার আদালতে ডিক্রী পাঠাইবেন ইতি।

কোন আদালত আপনার ডিক্রী অন্য আদালতের দ্বারা জারী করাইতে ইচ্ছা করিলে কার্য্যপ্রণালীর কথা।

২২৪ ধারা। কোন আদালত ২২৩ ধারামতে ডিক্রী জারী করিবার নিমিত্ত প্রেরণ করিলে, তাহার সঙ্গে এই২ পত্রাদি পাঠাইবেন,—

(ক) ডিক্রীর নকল।

(খ) যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতের এলাকার মধ্যে ডিক্রীজারী করণ দ্বারা ডিক্রীমত কার্য্য সাধন হয় নাই এই মর্ম্মের সর্টিফিকট, কিম্বা ডিক্রীর অংশমাত্র সাধন হইলে, যত দূর সাধন হইয়াছে ও ডিক্রীর যে অংশটি সাধন না হইয়া রহিয়াছে তদ্বিষয়ের সর্টিফিকট। এবং

(গ) ডিক্রীজারী করিবার কোন আজ্ঞা হইয়া থাকিলে সেই আজ্ঞার নকল, ও তদ্রূপ আজ্ঞা না হইয়া থাকিলে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

225. The Court to which a decree is so sent shall cause such copies and certificate to be filed, without any further proof of the decree or order for execution, or of the copies thereof, or of the jurisdiction of the Court which passed it, unless the former Court, for any special reasons, to be recorded under the hand of the Judge, requires such proof.

Court receiving copies of decree, &c., to file same without proof.

226. When such copies are so filed, the decree or order may, if the Court to which it is sent be the District Court, be executed by such Court or by any subordinate Court which it directs to execute the same.

Execution of decree or order by Court to which it is sent.

227. If the Court to which the decree is sent for execution be a High Court, the decree shall be executed by such Court in the same manner as if it had been made by such Court in the exercise of its ordinary original civil jurisdiction.

Execution by High Court, of decree transmitted by other Court.

228. The Court executing a decree sent to it under this chapter shall have the same powers in executing such decree as if it had been passed by itself. All persons disobeying or obstructing the execution of the decree shall be punishable by such Court in the same manner as if it had passed the decree. And its orders in executing such decree shall be subject to the same rules in respect of appeal as if the decree had been passed by itself.

Appeal from orders for execution of decrees of other Courts.

229. A decree of any Court established by the authority of the Governor General in Council in the territories of any Native Prince or State in India, which cannot be executed within the jurisdiction of the Court by which it was made, may be executed in manner herein provided within the jurisdiction of any Court in British India.

Decrees of Courts established by Government of India in Native States.

B.—Of Application for execution.

230. When the holder of a decree desires to enforce it, he shall apply to the Court which passed the decree or to the officer, if any, appointed in this behalf, or if the decree has

Application for execution.

২২৫ ধারা। যে আদালতে তদ্রূপে ডিক্রী পাঠান যায়, সেই আদালত বিশেষ কোন কারণে ঐ ডিক্রীর, কিম্বা জারী করণের আজ্ঞার, কিম্বা তাহার নকলের, কিম্বা যে আদালত ডিক্রী করিলেন তাঁহার বিচারাধিপত্যের প্রমাণ চাহিলে, বিচারপতি ঐ কারণ লিপিবদ্ধ করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। নতুবা কোন প্রমাণ না লইয়া, ঐ২ নকল ও সর্টিফিকট গাঁথাইয়া রাখিবেন ইতি।

আদালত ডিক্রীর নকল-প্রভৃতি পাইলে প্রমাণ না লইয়া তাহা গাঁথিয়া রাখিবার কথা।

২২৬ ধারা। ঐ ডিক্রী কি আজ্ঞা যে আদালতে পাঠান যায় তাহা জিলার আদালত হইলে, পূর্ব্বোক্ত নকল তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে পর, ঐ আদালত আপনি তাহা জারী করিতে পারিবেন, কিম্বা অধীন যে আদালতের প্রতি আজ্ঞা করেন সেই আদালত জারী করিতে পারিবেন ইতি।

ডিক্রী কি আজ্ঞা যে আদালতে পাঠান যায় তৎকর্ত্তৃক জারী হওয়ার কথা।

২২৭ ধারা। ডিক্রী জারী করিবার জন্যে হাই কোর্টে পাঠান গেলে, ঐ কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে সাধারণ ক্ষমতামতে কার্য্য করিয়া আপনি ডিক্রী করিলে যে প্রকারে জারী করিতেন, সেই প্রকারে ঐ ডিক্রী জারী করাইবেন ইতি।

অন্য আদালতের প্রেরিত ডিক্রী হাই কোর্টের দ্বারা জারী করিবার কথা।

২২৮ ধারা। এই অধ্যায়মতে ডিক্রী জারী করিবার জন্যে যে আদালতে পাঠান যায়, তিনি আপনার ডিক্রী জারী করণার্থে যে ক্ষমতা প্রাপ্ত হন ঐ ডিক্রী জারী করণার্থেও সেই ক্ষমতাপন্ন হইবেন। কোন ব্যক্তি সেই ডিক্রী জারীসম্পর্কীয় আজ্ঞা না মানিলে, কিম্বা জারী করণের বাধা জন্মাইলে, ঐ আদালত আপনি ঐ ডিক্রী করিলে যেরূপে ঐ ব্যক্তির দণ্ড করিতে পারিতেন সেইরূপে করিতে পারিবেন। এবং ঐ ডিক্রী জারী করণ সম্পর্কে ঐ আদালত যেং আজ্ঞা করেন, আপনি ঐ ডিক্রী করিলে ঐ২ আজ্ঞার উপর আপীল বিষয়ক যে বিধি বর্ত্তিত সেই বিধি বর্ত্তিবে ইতি।

অন্য আদালতের ডিক্রী জারী করিবার আজ্ঞার উপর আপীলের কথা।

২২৯ ধারা। ভারতবর্ষের অন্তর্গত এতদ্দেশীয় কোন রাজার দেশে কি রাজ্যাধিকারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে যে আদালত স্থাপিত হয়, সেই আদালতের ডিক্রী ঐ আদালতের এলাকার মধ্যে জারী করা যাইতে না পারিলে, এই আইনের বিধানমতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালতের এলাকার মধ্যে জারী করা যাইতে পারিবে ইতি।

এতদ্দেশীয় রাজ্যাধিকারে ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থাপিত আদালতের ডিক্রীর কথা।

(খ)—ডিক্রী জারী করিবার প্রার্থনার কথা।

২৩০ ধারা। ডিক্রীদার ডিক্রী প্রবল করিতে চাহিলে, যে আদালত ডিক্রী করিলেন তিনি সেই আদালতে, কিম্বা এই কার্য্যপক্ষে কোন কার্য্যকারক নিযুক্ত হইয়া থাকিলে তাঁহার নিকটে,

ডিক্রী জারী করিবার প্রার্থনার কথা।

been sent under the provisions hereinbefore contained to another Court, then to such Court or to the proper officer thereof.

কিম্বা পুর্ব্বোক্ত বিধানমতে অন্য আদালতে প্রেরণ করা গেলে সেই আদালতে, কিম্বা ঐ আদালতের উপযুক্ত কার্য্যকারকের নিকটে প্রার্থনা করিবেন।

The Court may in its discretion refuse execution at the same time against the person and property of the judgment-debtor.

আদালত স্বীয় বিবেচনামতে ডিক্রীমত খাতকের ও তাঁহার সম্পত্তির উপর একিসময়ে ডিক্রী জারী করিতে অসম্মত হইতে পারিবেন।

Where an application to execute a decree for the payment of money or delivery of other property has been made under this section and granted, no subsequent application to execute the same decree shall be granted unless the Court is satisfied that on the last preceding application due diligence was used to procure complete satisfaction of the decree; and the order of the Court granting any such subsequent application shall be conclusive evidence that due diligence was used to procure such satisfaction.

এই ধারাক্রমে টাকা দেওনের কিম্বা অন্য সম্পত্তি সমর্পণ করণের ডিক্রী জারী করিবার প্রার্থনা করা গেলে, ও সেই প্রার্থনা গ্রাহ্য হইলে, সেই প্রার্থনানুসারে উপযুক্ত যত্নক্রমে সেই ডিক্রীমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন করিবার উদ্যোগ হইয়াছে আদালত ইহা হৃদ্বোধমতে না জানিলে, তৎপশ্চাৎ সেই ডিক্রী জারী করিবার অন্য প্রার্থনা গ্রাহ্য হইবে না। ও আদালত পশ্চাৎ অন্য প্রার্থনা গ্রাহ্য হওয়ার আজ্ঞা করিলে সেই ডিক্রী মতে কার্য্যসাধন করিবার উপযুক্ত যত্ন যে হইয়াছিল ঐ আজ্ঞাই ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

And no such subsequent application shall be granted after the expiration of twelve years from any of the following dates (namely)—

ঐ প্রকারের প্রার্থনা পশ্চাৎ করা গেলেও নিম্নলিখিত কোন তারিখ অবধি দ্বাদশ বৎসর গত হইলে পর গ্রাহ্য হইবে না,—

(*a*) the date of the decree sought to be enforced, or of the decree (if any) on appeal affirming the same, or

(ক) যে ডিক্রী প্রবল করিবার চেষ্টা হয় তাহার, কিম্বা আপীল হইয়া সেই ডিক্রী প্রবল রাখিবার ডিক্রী হইলে তাহার তারিখ অবধি, কিম্বা

(*b*) where the decree or any subsequent order directs the payment of money or the delivery of property by instalments,—the date of the default in paying or delivering the instalment in respect of which the applicant seeks to enforce the decree.

(খ) ডিক্রীদ্বারা কিম্বা পশ্চাৎ অন্য আজ্ঞা দ্বারা কিস্তীবন্দি করিয়া টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা হইলে, প্রার্থক যে কিস্তী লক্ষ করিয়া ডিক্রী প্রবল করাইতে চেষ্টা করেন, সেই কিস্তির টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার ত্রুটি যে তারিখে হয় সেই তারিখ অবধি।

Nothing in this section shall prevent the Court from granting an application for execution of a decree after the expiration of the said term of twelve years, where the judgment-debtor has by fraud or force prevented the execution of the decree at some time within twelve years immediately before the date of the application.

ঐ প্রার্থনাপত্রের তারিখের অব্যবহিত পুর্ব্ব দ্বাদশ বৎসরের মধ্য কোন সময়ে ডিক্রীগত খাতক প্রতারণাদ্বারা কিম্বা বলক্রমে ঐ ডিক্রী জারী হইবার বাধা দিয়া থাকিলে, বারো বৎসরের ঐ মিয়াদ গত হইলেও, এই ধারার কোন কথাক্রমে আদালতের ঐ ডিক্রী জারী করিবার প্রার্থনা গ্রাহ্য করিতে বাধা নাই।

Notwithstanding anything herein contained, proceedings may be taken to enforce any decree within three years after the passing of this Code, unless when the period prescribed for taking such proceedings by the law in force immediately before the passing of this Code shall have expired before the completion of the said three years.

এই আইন প্রচলিত হওয়ার অব্যবহিত পুর্ব্বে যে আইন প্রবল ছিল তদনুসারে কার্য্যানুষ্ঠান করিবার যে মিয়াদ নির্দ্ধারিত ছিল, এই আইন প্রচলিত হওয়ার পর তিন বৎসর অবসান হওনের পুর্ব্বে ঐ মিয়াদ গত না হইলে, এই ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, উক্ত তিন বৎসরের মধ্যে কোন ডিক্রী প্রবল করিবার কার্য্যানুষ্ঠান হইতে পারিবে ইতি।

Application by joint decree-holder.

231. If a decree has been passed jointly in favour of more persons than one, any one or more of such persons, or his or their representatives, may apply for the execution of the whole decree for the benefit of them all, or, where any of them has died, for the benefit of the survivors and the representative in interest of the deceased.

অনেক ডিক্রীদার থাকিলে কোন এক জনের ঐ প্রার্থনা করিবার ক্ষমতার কথা।

২৩১ ধারা। দুই কি তদধিক ব্যক্তির সপক্ষে সাধারণ ডিক্রী হইলে, তাঁহাদের কোন এক কি অধিক ব্যক্তি কিম্বা তাঁহার কি তাঁহাদের স্থলাভিষিক্ত ব্যক্তি, সকলের হিতার্থে, কিম্বা তাঁহাদের মধ্য কোন ব্যক্তি মরিলে উত্তরজীবি অন্য ব্যক্তিদের ও মৃত ব্যক্তির স্বার্থসম্বন্ধীয় স্থলাভিষিক্তের হিতার্থে, সম্পূর্ণ ডিক্রী জারী করিবার প্রার্থনা করিতে পারিবেন।

If the Court sees sufficient cause for allowing the decree to be executed on an application so made, it shall pass such order as it deems necessary for protecting the interests of the persons who have not joined in the application.

তদ্রূপে যে প্রার্থনা করা যায় আদালত সেই প্রার্থনানুসারে ডিক্রী জারী করিবার অনুমতি দেওয়ার উপযুক্ত কারণ দেখিতে পাইলে, অন্য যে ব্যক্তিরা সেই প্রার্থনায় সংযুক্ত না ছিলেন তাঁহাদের স্বার্থরক্ষার জন্যে যে আজ্ঞা আবশ্যক জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

Application by transferree of decree.

232 If a decree be transferred by assignment in writing or by operation of law from the decree-holder to any other person, the transferree may apply for its execution to the Court which passed it; and if that Court thinks fit, the decree may be executed in the same manner and subject to the same conditions as if the application were made by such decree-holder:

ডিক্রী হস্তান্তর করিয়া যাঁহাকে দেওয়া যায় তাঁহার প্রার্থনার কথা।

২৩২ ধারা। লিখিত নিরূপণপত্রক্রমে কিম্বা আইনের কার্য্যবলে সেই ডিক্রী ডিক্রীদারের হস্তহইতে অন্য কোন ব্যক্তির হস্তগত করা গেলে, যে আদালত ডিক্রী করিলেন ঐ ডিক্রীপ্রাপ্ত ব্যক্তি সেই আদালতে ঐ ডিক্রী জারীর প্রার্থনা করিতে পারিবেন। এবং ডিক্রীদার আপনি ঐ প্রার্থনা করিলে যে প্রকারে ও যে নিয়মাধীনে তাহা জারী করা যাইত, আদালত বিহিত বোধ করিলে, ঐ ডিক্রী সেই প্রকারে ও সেই নিয়মাধীনে জারী করা যইতে পারিবে।

Provided that where the decree has been transferred by assignment, notice in writing of such application shall be given to the transferor and the judgment-debtor, and the decree shall not be executed until the Court has heard their objections (if any) to such execution:

কিন্তু নিরূপণপত্রদ্বারা সেই ডিক্রী অন্যের হস্তগত করা গেলে, উক্ত প্রার্থনার নোটিস লিখিয়া হস্তান্তরকারিকে ও ডিক্রীমত খাতককে দেওয়া যাইবে. ও তাঁহারা ঐ ডিক্রী জারী করণ বিষয়ে আপত্তি করিলে, আদালত তাঁহাদের ঐ আপত্তি না শুনিলে ঐ ডিক্রী জারী করা যাইবে না।

Provided also that where a decree against several persons has been transferred to one of them, it shall not be executed against the others.

আরো অনেক ব্যক্তির বিপক্ষে ডিক্রী হইয়া তাঁহারদের কোন এক ব্যক্তির হস্তগত করা গেলে, অন্যদের বিপক্ষে তাহা জারী করা যাইতে পারিবে না ইতি।

Transferree to hold subject to equities enforceable against original holder

233. Every transferree of a decree shall hold the same subject to the equities (if any) which the judgment-debtor might have enforced against the original decree-holder.

ঐ ডিক্রী যাঁহার হস্তগত করা যায় আসল ডিক্রীদারের বিপক্ষে যে ন্যায্য দাওয়া প্রবল হইতে পারে তাহা মানিয়া তাঁহার ঐ ডিক্রী রাখিবার কথা।

২৩৩ ধারা। আসল ডিক্রীদারের বিপক্ষে ডিক্রীমত খাতকের ন্যায্য দাওয়া থাকিলে, ও খাতক ঐ দাওয়া প্রবল করিতে পারিলে, ডিক্রী হস্তান্তর করিয়া যাঁহাকে দেওয়া যায় তিনিও সেই দাওয়া বলবৎ মানিয়া ঐ ডিক্রী রাখিবেন ইতি।

If judgment-debtor die before execution, application may be made against his representative.

234. If a judgment-debtor dies before the decree has been fully executed, the holder of the decree may apply to the Court which passed it to execute the same against the legal representative of the deceased.

ডিক্রীমত খাতক ঐ ডিক্রী জারী হওনের পূর্ব্বে মরিলে, তাঁহার স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রীজারী হইবার প্রার্থনার কথা।

২৩৪ ধারা। ডিক্রী সম্পূর্ণরূপে জারী হওনের পূর্ব্বে ডিক্রীমত খাতক মরিলে, যে আদালত ডিক্রী করিলেন ডিক্রীদার তাঁহার নিকট মৃত খাতকের আইনমত স্থলাভিষিক্তের বিপক্ষে ঐ ডিক্রী জারী করাইতে প্রার্থনা করিতে পারিবেন।

Such representative shall be liable only to the extent of the property of the deceased which has come to his hands and has not been duly disposed of; and for the purpose of ascertaining such liability, the Court executing the decree may of its own motion, or on the application of the decree-holder, compel the said representative to produce such accounts as it thinks fit.

মৃত ব্যক্তির যত সম্পত্তি ঐ স্থলাভিষিক্তের হস্তগত হইয়া নিয়মমতে হস্তান্তর করা যায় নাই, ঐ স্থলাভিষিক্ত কেবল তত সম্পত্তি সম্বন্ধে দায়ী হইবেন। ও যে আদালত ডিক্রী জারী করাইবেন তিনি ঐ দায় নিশ্চয়রূপে স্থির করিবার নিমিত্তে যেং হিসাব দেখা উচিত বোধ করেন, স্বীয় প্রবৃত্তিমতে কিম্বা ডিক্রীদারের প্রার্থনামতে ঐ স্থলাভিষিক্তের দ্বারা বলপূর্ব্বক সেইং হিসাব উপস্থিত করাইতে পারিবেন ইতি।

Contents of application for execution of decree.

235. The application for the execution of a decree shall be in writing, verified in manner hereinbefore provided for the verifi-

ডিক্রীজারী করিবার প্রার্থনাপত্রের মর্ম্মের কথা।

২৩৫ ধারা। ডিক্রী জারী করিবার প্রার্থনাপত্র লিখিয়া দেওয়া যাইবে, ও আবেদনপত্রে সত্যাকরণের কথা লিখিবার পূর্ব্বলিখিত

cation of plaints, and shall contain in a tabular form the following particulars (namely)—

(*a*) the number of the suit;

(*b*) the names of the parties;

(*c*) the date of the decree;

(*d*) whether any appeal has been preferred from the decree;

(*e*) whether any and what adjustment of the matter in dispute has been made between the parties subsequently to the decree;

(*f*) whether any and what previous applications have been made for execution of the decree and with what result;

(*g*) the amount of the debt or compensation, with the interest, if any, due upon the decree, or other relief granted thereby;

(*h*) the amount of costs, if any, awarded;

(*i*) the name of the person against whom the enforcement of the decree is sought; and

(*j*) the mode in which the assistance of the Court is required, whether by the delivery of property specifically decreed, by the arrest and imprisonment of the person named in the application, or by the attachment of his property, or otherwise, as the nature of the relief sought may require.

Application for attachment of moveable property to be accompanied with inventory.

236. If the application be for the attachment of any moveable property belonging to the judgment-debtor but not in his possession, the decree-holder shall annex to the application an inventory of the property to be attached, containing a reasonably accurate description of the same.

Further particulars when application is for attachment of immoveable property.

237. If the application be for the attachment of any immoveable property belonging to the judgment-debtor, it shall contain at the foot a description of the property sufficient to identify it, and also a specification of the judgment-debtor's share or interest therein to the best of the belief of the applicant and so far as he has been able to ascertain the same.

Every such description and specification shall be verified in manner hereinbefore provided for the verification of plaints.

বিধানানুসারে ঐ প্রার্থনাপত্রেও সত্যাকরণের কথা লিখিতে হইবে, তন্মধ্যে নিম্নলিখিত বৃত্তান্ত টেবিলের পাঠে লেখা থাকিবে,—

(ক) মোকদ্দমার নম্বর।

(খ) উভয় পক্ষের নাম।

(গ) ডিক্রীর তারিখ।

(ঘ) ডিক্রীর উপর আপীল উপস্থিত করা গেল কি না।

(ঙ) ডিক্রী হওয়ার পর উভয় পক্ষের মধ্যে বিবাদীয় বিষয়ের কোনরূপ নিষ্পত্তি হইয়াছে কি না ও যেরূপ নিষ্পত্তি হইল সেই কথা।

(চ) ইহার পূর্ব্বে ঐ ডিক্রী জারী করিবার প্রার্থনা হইয়াছে কি না ও কি২ প্রার্থনা হইয়াছে ও তাহার কি ফল।

(ছ) ডিক্রীমতে ঋণের কি হানিপূরণের যত টাকা ও সুদের আজ্ঞা হইলে যত টাকা সুদ কি তদ্দ্বারা অন্য যে উপকারের আজ্ঞা হইল তাহা।

(জ) খরচার আজ্ঞা হইলে যত টাকা খরচা।

(ঝ) যে ব্যক্তির উপর ডিক্রী প্রবল করিবার চেষ্টা হয় তাঁহার নাম। ও

(ঞ) আদালতের নিকট যদ্রূপ সাহায্যের প্রার্থনা হয়, অর্থাৎ যে সম্পত্তির স্পষ্ট ডিক্রী হইল সেই সম্পত্তি দেওয়ান, কিম্বা প্রার্থনাপত্রের উল্লিখিত ব্যক্তিকে ধরিয়া কারাবদ্ধকরণ, কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করণ, কিম্বা প্রার্থিত উপকারের ভাব বিবেচনায় অন্য যে কার্য্যের প্রার্থনা হয় তাহা ইতি।

অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনাপত্রের সহিত নির্ঘণ্টপত্র দিতে হইবার কথা।

২৩৬ ধারা। ডিক্রীমত খাতকের যে অস্থাবর সম্পত্তি তাঁহার অধিকারে নাই, এমত সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হইলে, ডিক্রীদার ঐ প্রার্থনাপত্রের সহিত ঐ সম্পত্তির সঙ্গতরূপে যথার্থ বর্ণনাযুক্ত এক নির্ঘণ্টপত্র সংযোগ করিয়া দিবেন ইতি।

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হইলে আর২ যে বৃত্তান্ত লিখিতে হইবে তাহার কথা।

২৩৭ ধারা। ডিক্রীমত খাতকের কোন স্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হইলে, সেই সম্পত্তি যাহাতে চিনিয়া লওয়া যাইতে পারে প্রার্থনাপত্রের নিম্নভাগে তাহার এমত বর্ণনা লিখিতে হইবে, এবং প্রার্থকের বিশ্বাসমতে কিম্বা তিনি যত দূর নিশ্চয়রূপে জানিয়া লইতে পারিলেন ততদূর সেই সম্পত্তিতে ডিক্রীমত খাতকের যে অংশ কি স্বার্থ থাকে তাহাও নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে।

আবেদনপত্রে সত্যাকরণের কথা লিখিবার পূর্ব্ব লিখিত বিধানানুসারে, উক্ত বর্ণনাপত্রে ও নির্দ্দেশ বাক্যেও সত্যাকরণের সেই কথা লিখিতে হইবে ইতি।

238. If the property be land registered in the Collector's office, the application for attachment shall be accompanied by an authenticated extract from the register of such office, specifying the persons registered as proprietors of, or as possessing any transferable interest in, the land or its revenue, or as liable to pay revenue for such land, and the shares of the registered proprietors.

When application must be accompanied by extract from Collector's register

২৩৮ ধারা। সেই সম্পত্তি যদি কালেক্টরী কাছারীতে রেজিষ্টরী করা ভূসম্পত্তি হয়, তবে ঐ ভূমির অধিকারী বলিয়া, কিম্বা যে স্বার্থ হস্তান্তর করা যাইতে পারে ঐ ভূমিতে কি তদুৎপন্ন রাজস্বে এমত স্বার্থ প্রাপ্ত কিম্বা ঐ ভূমির রাজস্বের দায়ী বলিয়া যে ব্যক্তিদিগকে রেজিষ্টরী করা গেল, তাঁহাদের নাম ও রেজিষ্টরী ভূম্যধিকারিদের নানা অংশ যাহাতে বিশেষ করিয়া লেখা থাকে ঐ কাছারীর রেজিষ্টর-হইতে উদ্ধৃত ও স্বাক্ষরক্রমে প্রমাণিত এমত পত্র ঐ ভূমি ক্রোক করিবার প্রার্থনাপত্রের সঙ্গে দিতে হইবে ইতি।

প্রার্থনাপত্রের সঙ্গে যে স্থলে কালেক্টর সাহেবের রেজিষ্টরহইতে উদ্ধৃত কথা দিতে হইবে তাহার কথা।

C.—Of staying Execution.

(গ)—ডিক্রী জারী স্থগিত রাখিবার বিধি।

239. The Court to which a decree has been sent for execution under this Chapter, shall, upon sufficient cause being shown, stay the execution of such decree for a reasonable time, to enable the judgment-debtor to apply to the Court by which the decree was made, or to any Court having appellate jurisdiction in respect of the decree or the execution thereof, for an order to stay the execution, or for any other order relating to the decree or execution which might have been made by such Court of first instance or appellate Court if execution had been issued thereby, or if application for execution had been made thereto,

When Court may stay execution

and in case the property or person of the judgment-debtor has been seized under an execution, the Court which issued the execution may order the restitution or discharge of such property or person pending the result of the application for such order.

২৩৯ ধারা। যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতে, কিম্বা ঐ ডিক্রী কি তাহার জারীকরণবিষয়ক আপীল যে আদালতের বিচার করিবার ক্ষমতা থাকে সেই আদালতে ডিক্রীজারী স্থগিত রাখিবার আজ্ঞা হওযাব নিমিত্ত, কিম্বা ঐ প্রথম স্থলীয় আদালত কি আপীল আদালত ডিক্রী জারীর আজ্ঞা দিয়া থাকিলে কিম্বা তাঁহাব নিকট ডিক্রী জারী করিবার প্রার্থনা হইয়া থাকিলে ঐ ডিক্রীর কিম্বা তাহা জারী করণের বিষযে অন্য যে আজ্ঞা করিতে পারিতেন এমত কোন আজ্ঞা হওযার নিমিত্ত, ডিক্রীমত খাতক যেন প্রার্থনা করিতে অবকাশ পান এই অভিপ্রাযে, এই অধ্যাযমতে জারী করিবার জন্যে ডিক্রী যে আদালতে প্রেরণ করা যায, উপযুক্ত কারণ দেখান গেলে, সেই আদালত সঙ্গত কালের নিমিত্ত ঐ ডিক্রী জারী স্থগিত রাখিবেন।

যে স্থলে আদালত ডিক্রী জারী স্থগিত রাখিতে পারেন তাহার কথা।

ও ডিক্রী জারীক্রমে ডিক্রীমত খাতকের সম্পত্তি কিম্বা তাঁহাকেই ধৃত করা গিযা থাকিলে, যে আদালত ঐ ডিক্রী জারীর আজ্ঞা করিলেন সেই আদালত, উক্ত আজ্ঞার নিমিত্ত প্রার্থনাব ফলের অপেক্ষায, ঐ সম্পত্তি ফিরিযা দিবার কিম্বা ঐ ব্যক্তিকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

240. Before passing an order under section 239, to stay execution, or for the restitution of property or the discharge of the judgment-debtor, the Court may require such security from, or impose such conditions upon, the judgment-debtor as it thinks fit.

Power to require security from, or impose conditions upon, judgment-debtor

২৪০ ধারা। ২৩৯ ধারামতে ডিক্রীজারী স্থগিত রাখিবার কিম্বা সম্পত্তি ফিরিয়া দিবার কি ডিক্রীমত খাতককে মুক্ত করিবার আজ্ঞা করণের পূর্ব্বে, আদালত ডিক্রীমত খাতকের স্থানে যে জামিন লওযা উচিত বোধ করেন লইতে পারিবেন, কিম্বা তৎপক্ষে যে নিযম ধার্য্য করা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

ডিক্রীমত খাতকের স্থানে জামিন লইতে কিম্বা তাঁহাকে নিযমবদ্ধ করিতে পারিবার কথা।

241. No discharge under section 239 of the property or person of a judgment-debtor shall prevent it or him from being retaken in execution of the decree sent for execution.

Liability of judgment-debtor discharged to be retaken

২৪১ ধারা। ডিক্রীমত খাতককে কিম্বা তাঁহার সম্পত্তি ২৩৯ ধারামতে মুক্ত করা গেলেও, জারী করিবার নিমিত্ত যে ডিক্রী পাঠান যায তাহা জারী করণ ক্রমে তাঁহার কিম্বা তাঁহার সম্পত্তির পুনরায় ধৃত হইবার বাধা নাই ইতি।

ডিক্রীমত খাতককে মুক্ত করা গেলে পুনরায় ধরা যাইতে পারিবার কথা।

242. Any order of the Court by which the decree was passed, or of such Court of appeal as aforesaid, in relation to the execution of such decree shall be binding upon the Court to which the decree was sent for execution.

Order of Court passing decree or of Appellate Court to be binding upon Court applied to.

243. If a suit be pending in any Court against the holder of a decree of such Court, on the part of the person against whom the decree was passed, the Court may (if it think fit) stay execution on the decree, either absolutely or on such terms as it thinks fit, until the pending suit has been decided.

Stay of execution pending suit between decree-holder and judgment-debtor.

D.—Questions for Court executing decree.

244. The following questions shall be determined by order of the Court executing a decree and not by separate suit (namely)—

Question to be decided by Court executing decree.

(*a*) questions regarding the amount of any mesne profits as to which the decree has directed enquiry;

(*b*) questions regarding the amount of any mesne profits or interest which the decree has made payable in respect of the subject-matter of a suit between the date of its institution and the execution of the decree, or the expiration of three years from the date of the decree;

(*c*) any other questions arising between the parties to the suit in which the decree was passed, or their representatives, and relating to the execution of the decree.

Nothing in this section shall be deemed to bar a separate suit for mesne profits accruing between the institution of the first suit and the execution of the decree therein, where such profits are not dealt with by such decree.

E.—Of the mode of executing Decrees.

245. The Court, on receiving an application for the execution of a decree, shall ascertain whether it contains the particulars mentioned in section 235, or such of them as may be applicable to the case, and whether it is ac-

Procedure on receiving application for execution of decree.

২৪২ ধারা। যে আদালতে ডিক্রী করা যায় সেই আদালত, কিম্বা পূর্ব্বোক্ত আপীল আদালত ঐ ডিক্রী জারী করণসম্পর্কীয় যে আজ্ঞা করেন, ডিক্রী জারী করিবার নিমিত্তে যে আদালতে পাঠান যায় সেই আদালতের ঐ আজ্ঞা মানিতেই হইবে ইতি।

যে আদালতে প্রার্থনা করা যায় ডিক্রীকারি কিম্বা আপীল আদালতের আজ্ঞা তাঁহার মানিতে হইবার কথা।

২৪৩ ধারা। কোন আদালতের ডিক্রী যে ব্যক্তির বিপক্ষে হইয়াছে, ডিক্রীদারের নামে সেই আদালতে সেই ব্যক্তির মোকদ্দমা উপস্থিত থাকিলে, আদালত উচিত জ্ঞান করিলে, ঐ উপস্থিত মোকদ্দমা যত দিন নিষ্পত্তি না হয় তত দিন নিয়ম ব্যতিরেকে, কিম্বা যে নিয়ম উচিত জ্ঞান করেন এমত নিয়মানুসারে, ঐ ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবেন ইতি।

ডিক্রীদারের ও ডিক্রীমত খাতকের মধ্যে মোকদ্দমা উপস্থিত থাকিতে ডিক্রীজারী স্থগিত থাকার কথা।

ঘ।—যে আদালত ডিক্রী জারী করিবেন তাঁহার বিবেচনীয় বিষয়ের কথা।

২৪৪ ধারা। যে আদালত ডিক্রীজারী করেন স্বতন্ত্র মোকদ্দমা না হইয়া সেই আদালতের আজ্ঞাক্রমে নিম্নলিখিত প্রশ্ন সকল নির্ণয় করা যাইবে।

যে আদালত ডিক্রী জারী করেন তাঁহার যে২ বিষয় নির্ণয় করিতে হইবে তাহার কথা।

(ক) ডিক্রীতে যে ওয়াসিলাতের বিষয়ে অনুসন্ধান লওয়ার আজ্ঞা থাকে তাহার যত টাকা ধরিতে হইবে এই বিষয়ের প্রশ্ন।

(খ) ডিক্রী অনুসারে মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি ডিক্রী জারী করণের তারিখপর্য্যন্ত, কিম্বা ডিক্রীর তারিখ অবধি তিন বৎসর অবসান না হওন পর্য্যন্ত বিবাদীয় বিষয়ের উপর ওয়াসিলাৎ কি সুদ দেওনের আজ্ঞা থাকিলে, যত টাকা ওয়াসিলাৎ কি সুদ ধরিতে হইবে এই বিষয়ের প্রশ্ন।

(গ) যে মোকদ্দমায় ডিক্রী করা যায় সেই মোকদ্দমার উভয় পক্ষের কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তদের মধ্যে ডিক্রী জারী করণসম্পর্কীয় অন্যান্য যে প্রশ্ন উত্থিত হয় তাহা।

প্রথম মোকদ্দমা উপস্থিত করণ ও ঐ মোকদ্দমার ডিক্রী জারী করণসময়ের মধ্যে যে ওয়াসিলাৎ বর্ত্তে, ঐ ডিক্রীতে তৎসম্পর্কীয় কোন কার্য্য করা না গেলে, এই ধারার কোন কথায় সেই ওয়াসিলাতের নিমিত্ত স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

ঙ।—ডিক্রী যে প্রকারে জারী করা যাইবে তদ্বিষয়ক বিধি।

২৪৫ ধারা। আদালত ডিক্রী জারী করিবার প্রার্থনাপত্র পাইলে, ২৩৫ ধারার উল্লিখিত বৃত্তান্ত কিম্বা তন্মধ্যে যে২ বৃত্তান্ত মোকদ্দমার বর্ত্তে তাহা ঐ প্রার্থনাপত্রে লেখা হইয়াছে কি না, ও তাহার সঙ্গে ২৩৬

ডিক্রীজারী করিবার প্রার্থনাপত্র পাইলে কার্য্যপ্রণালীর কথা।

companied by the inventory mentioned in section 236; and if such particulars or inventory are or is wanting, it shall reject the application or return it for amendment or for the addition of the inventory, as the case may be, or amend it then and there. Every amendment made under this section shall be attested by the signature of the Judge.

ধারার উল্লিখিত নির্ঘণ্টপত্র দেওয়া গিয়াছে কি না ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন। ও সেই বৃত্তান্ত কি নির্ঘণ্টপত্র না থাকিলে ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবেন, কিম্বা সংশোধন করিবার নিমিত্ত কি বিষয়বিশেষে নির্ঘণ্টপত্র সংযোগ করিবার নিমিত্ত তাহা ফিরিয়া দিবেন, কিম্বা তৎকালে তৎস্থানেই সংশোধন করিতে পারিবেন। এই ধারামতে যেং কথা সংশোধন করা যায় তাহাতে বিচারপতির স্বাক্ষর করিতে হইবে।

Procedure on admitting application.

When the application is admitted, the Court shall enter in the register of the suit a note of the application and the date on which it was made, and shall order execution of the decree according to the nature of the application:

প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে কার্য্যপ্রণালীর কথা।

প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে, আদালত মোকদ্দমার রেজিষ্টরী বহীতে ঐ প্রার্থনা হওয়ার কথা, ও যে তারিখে করা যায় তাহা লিখিয়া, ঐ প্রার্থনাপত্রের ভাবানুসারে ডিক্রী জারী করিবার আজ্ঞা করিবেন।

Provided that, in the case of a decree for money, the value of the property attached shall as nearly as may be correspond with the amount for which the decree has been made.

কিন্তু টাকার নিমিত্ত ডিক্রী হইলে, যত টাকার ডিক্রী হয়, সাধ্যমতে তাহার অধিক কি ন্যূন মূল্যের সম্পত্তি ক্রোক করিতে হইবে না ইতি।

Cross-decrees.

246. If cross-decrees between the same parties for the payment of money be produced to the Court, execution shall be taken out only by the party who holds a decree for the larger sum, and for so much only as remains after deducting the smaller sum, and satisfaction for the smaller sum shall be entered on the decree for the larger sum as well as satisfaction on the decree for the smaller sum.

পরস্পরের বিপক্ষ ডিক্রীর কথা।

২৪৬ ধারা। আদালতে টাকার নিমিত্ত দুই পক্ষের পরস্পর বিপক্ষ ডিক্রী উপস্থিত করা গেলে, যিনি অধিক টাকার ডিক্রীদার তিনিই অন্য ডিক্রীর অল্পতর টাকা বাদে কেবল অবশিষ্ট টাকার নিমিত্ত ডিক্রী জারীর আজ্ঞা পাইতে পারিবেন, এবং অধিক টাকার ডিক্রীর উপর ঐ অল্প টাকা শোধ হওযার, ও অল্প টাকার ডিক্রীর উপর টাকা শোধ পাইবার কথা লেখা যাইবে।

If the two sums be equal, satisfaction shall be entered upon both decrees.

সমান টাকার দুই ডিক্রী হইলে, উভয় ডিক্রীর উপর টাকা শোধ হওয়ার কথা লেখা যাইবে।

Explanation I.—The decrees contemplated by this section are (*a*) decrees made by the same Court, (*b*) decrees sent to the same Court for execution, and (*c*) decrees of which one is made by the Court and the other is sent to the same Court for execution; but not (*d*) decrees of which one is made by one Court and the other is made by another Court, and not sent for execution to the former Court.

প্রথম ব্যাখ্যা।—এই ধারায় এইং প্রকারের ডিক্রী লক্ষ্য। (ক) একি আদালতের ডিক্রী। (খ) জারী করিবার নিমিত্ত একি আদালতে প্রেরিত ডিক্রী। (গ) দুই ডিক্রীর মধ্যে একখানি আদালতেরই হইলে, অন্য খানি জারী করিবার নিমিত্ত সেই আদালতে পাঠান গেলে সেই ডিক্রী। কিন্তু (ঘ) দুই ডিক্রীর মধ্যে এক খানি এক আদালতের অন্য খানি অন্য আদালতের হইয়া জারী করিবার নিমিত্ত প্রথমোক্ত আদালতে পাঠান না গেলে তাহা এই ধারার লক্ষিত নয়।

Explanation II.—This section applies where either party is an assignee of one of the decrees and as well in respect of judgment-debts due by the original assignor as by the assignee himself.

দ্বিতীয় ব্যাখ্যা।—কোন এক পক্ষ নিরূপণক্রমে উক্ত কোন এক ডিক্রী প্রাপ্ত হইলেও এই ধারা খাটে, এবং নিরূপণক্রমে প্রাপ্ত ব্যক্তির ও আসল নিরূপণকারির ডিক্রীমত ঋণের প্রতি সমানরূপে খাটে।

Explanation III.—This section does not apply unless

তৃতীয় ব্যাখ্যা।—এই ধারা নিম্নলিখিত স্থলে খাটে না,

(*e*) both decrees are capable of execution at the same time;

(ঙ) যদি উভয় ডিক্রী একি সময়ে জারী হইতে না পারে।

(*f*) the decree-holder in one of the suits in which the decrees have been made is the judgment-debtor in the other and each party fills the same character in both suits; and

(চ) যেং মোকদ্দমায় ঐং ডিক্রী করা গেল তন্মধ্য কোন এক মোকদ্দমার ডিক্রীদার যদি অন্য মোকদ্দমার ডিক্রীমত খাতক না হন, ও উভয় মোকদ্দমায় প্রত্যেক জনের একিরূপ সম্বন্ধ না থাকে, এবং

(*g*) the sums due under the decrees are definite.

Illustrations.

(*a*) A holds a decree against B for Rs. 1,000. B holds a decree against A for the payment of Rs. 1,000. In case A fails to deliver certain goods at a future day, B cannot treat his decree as a cross-decree under this section.

(*b*) A and B, co-plaintiffs, obtain a decree for Rs. 1,000 against C, and C obtains a decree for Rs. 1,000 against B. C cannot treat his decree as a cross-decree under this section.

(*c*) A obtains a decree against B for Rs. 1,000. C, who is a trustee for B, obtains a decree on behalf of B against A for Rs. 1,000. B cannot treat C's decree as a cross-decree under this section.

Cross-claims under same decree.

247. When two parties are entitled under the same decree to recover from each other sums of different amounts, the party entitled to the smaller sum shall not take out execution against the other party, but satisfaction for the smaller sum shall be entered on the decree.

When the amounts are equal, neither party shall take out execution, but satisfaction for each sum shall be entered on the decree.

Notice to show cause why decree should not be executed.

248. The Court shall issue a notice to the party against whom execution is applied for, requiring him to show cause, within a period to be fixed by the Court, why the decree should not be executed against him,

(*a*) if more than one year has elapsed between the date of the decree and the application for its execution, or

(*b*) if the enforcement of the decree be applied for against the legal representative of a party to the suit in which the decree was made:

Proviso.

Provided that no such notice shall be necessary in consequence of more than one year having elapsed between the date of the decree and the application for execution, if the application be made within one year from the date of any decree passed on appeal from the decree sought to be executed or of the last order against the party

(ছ) দুই ডিক্রীমতে এব টাকা পাওয়া হয় তাহা যদি নিশ্চিত না থাকে ইতি ।

উদাহরণ ।

(ক) বলরামের বিপক্ষে আনন্দের ১০০০৲ টাকার ডিক্রী আছে । ও আনন্দ ভাবি কোন দিনে বলরামকে অমুকং দ্রব্য না দিলে ঐ আনন্দের বিপক্ষে বলরামেরও ১০০০৲ টাকা পাইবার ডিক্রী হইয়াছে । বলরাম এই ধারামতে আপনার ডিক্রী বিপক্ষ ডিক্রী বলিয়া মানিতে পারিবেন না ।

(খ) আনন্দ ও বলরাম একি মোকদ্দমায় সহবাদী হইয়া চন্দ্রের বিপক্ষে ১০০০৲ টাকার ডিক্রী পান, চন্দ্রও কেবল বলরামের বিপক্ষে ১০০০৲ টাকার অন্য ডিক্রী পান । চন্দ্র এই ধারামতে আপনার ডিক্রী অন্য ডিক্রীর বিপক্ষ বলিয়া মানিতে পারিবেন না ।

(গ) আনন্দ বলরামের বিপক্ষে ১০০০৲ টাকার ডিক্রী পান । চন্দ্র বলরামের সপক্ষ ন্যাসধারী হইয়া বলরামের সপক্ষে আনন্দের বিপক্ষে ১০০০৲ টাকার ডিক্রী পান । বলরাম এই ধারামতে চন্দ্রের ডিক্রী বিপক্ষ ডিক্রী বলিয়া মানিতে পারিবেন না ।

একি ডিক্রীমতে পরস্পর বিপক্ষ দাওয়ার কথা ।

২৪৭ ধারা । দুই পক্ষ একি ডিক্রীমতে পরস্পরের স্থানে ন্যূনাধিক টাকা পাইবার স্বত্ববান হইলে, যে ব্যক্তি অন্য অপেক্ষা অল্প টাকার স্বত্ববান তিনি ঐ অন্যের বিপক্ষে ডিক্রী জারীর আজ্ঞা পাইতে পারিবেন না কিন্তু ডিক্রীর উপর অল্প টাকা শোধ পাওয়ার কথা লেখা যাইবে ।

উভর ডিক্রী সমান টাকার হইলে, কোন পক্ষ ডিক্রী জারীর আজ্ঞা পাইতে পারিবেন ন', একং ডিক্রীর টাকা শোধ হওয়ার কথা সেইং ডিক্রীর উপর লেখা যাইবে ইতি ।

ডিক্রী জারী কবিতে না হওয়াব কারণ দেখাইবার নোটিস দিবার কথা ।

২৪৮ ধার' । (ক) ডিক্রীর তারিখের ও তাহা জারী করিবার প্রার্থনাপত্রের তারিখের মধ্যে এক বৎসরের অধিক গত হইলে, কিম্বা

(খ) যে মোকদ্দমার ডিক্রী করা গেল, সেই মোকদ্দমার এক পক্ষের আইনমত স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রী প্রবল করিবার প্রার্থনা হইলে,

যাঁহার বিপক্ষে ডিক্রী জারী করিতে প্রার্থনা করা যায়, আদালত মিয়াদ নিরূপণ করিয়া তাঁহার নামে নোটিস দিয়া যেং হেতুতে তাঁহার বিপক্ষে ডিক্রী জারী করা উচিত না হয় সেই মিয়াদের মধ্যে এমত হেতু দেখাইয়া দিতে আজ্ঞা করিবেন ।

উপবিধি ।

কিন্তু এইং স্থলে তদ্রূপ নোটিস দেওনের প্রয়োজন নাই,

ডিক্রীর তারিখ ও ডিক্রী জারী করিবার প্রার্থনাপত্রের তারিখের মধ্যে এক বৎসরের অধিক গত হইলেও, যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয়, তাহার উপর আপীল হইয়া যে ডিক্রী করা যায় যদি সেই ডিক্রীর তারিখ অবধি, কিম্বা যাঁহার বিপক্ষে ডিক্রীজারী করিতে প্রার্থনা করা যায় তৎপূর্ব্বে ডিক্রী জারী করিবার প্রার্থনা হইয়া

against whom execution is applied for passed on any previous application for execution, or

তাঁহার বিপক্ষে শেষ যে আজ্ঞা করা যায়, যদি ঐ আজ্ঞার তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ প্রার্থনা হইয়া থাকে, কিম্বা

in consequence of the application being against the legal representative of the judgment-debtor, if upon a previous application for execution against the same person, the Court has ordered execution to issue against him.

ডিক্রীমত খাতকের আইনমত স্থলাভিষিক্তের বিপক্ষে প্রার্থনা হইলেও, যদি তৎপূর্ব্বে সেই ব্যক্তির বিপক্ষে ডিক্রী জারী করিবার প্রার্থনা হইয়া আদালত তাঁহার বিপক্ষ ডিক্রী জারীর আজ্ঞা করিয়া থাকেন।

Explanation.—In this section the phrase "the Court" means the Court by which the decree was passed, unless the decree has been sent to another Court for execution, in which case it means such other Court.

ব্যাখ্যা।—এই ধারার "আদালত" শব্দে যে আদালত ডিক্রী করিলেন তাঁহাকে জানিতে হইবে। কিন্তু ডিক্রী জারী করিবার নিমিত্ত অন্য আদালতে পাঠান গিয়া থাকিলে ঐ শব্দে সেই অন্য আদালতকে জানিতে হইবে ইতি।

249. If the person to whom notice is issued under the last preceding section does not appear, or does not show cause to the satisfaction of the Court why the decree should not be executed, the Court shall order the decree to be executed.

Procedure after issue of notice.

২৪৯ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে কোন ব্যক্তির নামে নোটিস দেওয়া গেলেও তিনি উপস্থিত না হইলে, কিম্বা যে হেতুতে ডিক্রী জারী করা উচিত নয় আদালতের হৃদ্বোধমতে এমত হেতু না দেখাইলে, আদালত সেই ডিক্রী জারী করিতে আজ্ঞা করিবেন।

নোটিস জারী হইবার পর কার্য্যপ্রণালীর কথা।

If he offers any objection to the enforcement of the decree, the Court shall consider such objection and pass such order as it thinks fit.

তিনি ঐ ডিক্রী প্রবল করিবার কোন আপত্তি জানাইলে, আদালত সেই আপত্তি বিবেচনা করিয়া যে আজ্ঞা বিহিত জ্ঞান করেন করিবেন ইতি।

250. When the preliminary measures (if any) required by the foregoing provisions have been taken, the Court, unless it sees cause to the contrary, shall issue its warrant for the execution of the decree.

Warrant when to issue.

২৫০ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে প্রথমস্থলীয় যে কার্য্যের প্রয়োজন হয় তাহা করা গেলে পর আদালত অন্যরূপ কার্য্য করিবার কারণ না জানিলে, ডিক্রী জারী করিবার পরওয়ানা দিবেন ইতি।

পরওয়ানা যে সময়ে বাহির হইতে পারিবে তাহার কথা।

251. Such warrant shall be dated the day on which it is issued, signed by the Judge or such officer as the Court appoints in this behalf, sealed with the seal of the Court, and delivered to the proper officer to be executed.

Date, signature, seal and delivery.

২৫১ ধারা। ঐ পরওয়ানা যে দিনে বাহির হয় সেই দিনের তারিখ তাহাতে দেওয়া যাইবে, ও বিচারপতি কিম্বা এতৎকার্য্যপক্ষে আদালতের নিযুক্ত কার্য্যকারক তাহাতে স্বাক্ষর করিবেন। তাহাতে আদালতের মোহরও মুদ্রিত হইবে ও জারী করিবার নিমিত্ত উপযুক্ত কর্ম্মকারকের হস্তে দেওয়া যাইবে।

তাহাতে তারিখ দিয়া ও স্বাক্ষর ও মোহর করিয়া দিবার কথা।

And a day shall be specified in such warrant on or before which it must be executed, and the proper officer shall endorse thereon the day and manner in which it was executed, or if it was not executed, the reason why it was not executed, and shall return it with such endorsement to the Court from which it issued.

ও যে দিনে বা যে দিনের পূর্ব্বে ঐ পরওয়ানা জারী করিতে হইবে এমত দিন নির্দ্ধারিত থাকিবে, ও যে দিনে যে প্রকারে জারী করা গেল উপযুক্ত কর্ম্মকারক পরওয়ানার পৃষ্ঠে তাহা লিখিয়া, কিম্বা জারী করা না গেলে জারী না হওয়ার কারণ লিখিয়া, যে আদালত-হইতে বাহির হইল তথায় সেই পৃষ্ঠলিপি সহিত ঐ পরওয়ানা ফিরিয়া পাঠাইবেন ইতি।

252. If the decree be against a party as the legal representative of a deceased person, and the decree be for money to be paid out of the property of the deceased, it may be executed by the attachment and sale of any such property.

Decree against representative of deceased for money to be paid out of deceased's property.

২৫২ ধারা। মৃত ব্যক্তির আইনমত স্থলাভিষিক্ত-স্বরূপ কোন পক্ষের বিপক্ষে ডিক্রী জারী হইলে, এবং মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা দিবার ঐ ডিক্রী হইলে, উক্ত কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ ডিক্রী জারী হইতে পারিবে।

মৃত ব্যক্তির সম্পত্তিহইতে তাঁহার স্থলাভিষিক্তের টাকা দিবার ডিক্রীর কথা।

If no such property can be found, and the judgment-debtor fails to satisfy the Court that he has duly applied such property of the deceased as is proved to have come into his possession, the decree may be executed against the judgment-debtor to the extent of the property not duly applied by him, in the same manner as if the decree had been against him personally.

তদ্রূপ কোন সম্পত্তি পাওয়া যাইতে না পারিলে, ও মৃত ব্যক্তির যে সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারগত হইল বলিয়া প্রমাণ করা যায় তিনি ঐ সম্পত্তি নিয়মমতে যে প্রয়োগ করিয়াছেন এই কথা আদালতের হৃদ্বোধমতে জানাইতে না পারিলে, সম্পত্তির যে অংশ তাঁহারদ্বারা নিয়মমতে প্রয়োগ হয় নাই সেই অংশপর্য্যন্ত নিজ তাঁহারই বিপক্ষে ডিক্রী হওয়ার ন্যায়, ডিক্রীমত খাতকের বিপক্ষে ঐ ডিক্রী জারী হইতে পারিবে ইতি।

Decree against surety.

253. Whenever a person has, before the passing of a decree in an original suit, become liable as surety for the performance of the same or of any part thereof, the decree may be executed against him to the extent to which he has rendered himself liable, in the same manner as a decree may be executed against a defendant:

Provided that such notice in writing as the Court in each case thinks sufficient has been given to the surety.

জামিনের বিপক্ষে ডিক্রীর কথা।

২৫৩ ধারা। প্রথমতঃ উপস্থিত মোকদ্দমার ডিক্রী হওয়ার পূর্ব্বে কোন ব্যক্তি ঐ ডিক্রীমতে কিম্বা তাহার একাংশমতে কার্য্য হইবার প্রতিভূস্বরূপ দায়ী হইলে, প্রতিবাদির বিপক্ষে যেরূপে ডিক্রী জারী হইতে পারে, ঐ ব্যক্তি আপনাকে যত দূর দায়ী করিলেন তত দূর তাঁহার বিপক্ষে সেই ডিক্রী জারী হইতে পারিবে।

কিন্তু আদালত প্রত্যেক স্থলে যে প্রকারের নোটিস প্রচুর জ্ঞান করেন, প্রতিভূকে এমত নোটিস লিখিয়া দিতে হইবে ইতি।

Decree for money

254. Every decree or order directing a party to pay money, as compensation, or costs, or as the alternative to some other relief granted by the decree or order, or otherwise, may be enforced by the imprisonment of the judgment-debtor, or by the attachment and sale of his property in manner hereinafter provided, or by both.

টাকার নিমিত্ত ডিক্রীর কথা।

২৫৪ ধারা। যে ডিক্রী কি আজ্ঞাদ্বারা কোন পক্ষের প্রতি হানিপূরণ কি খরচাস্বরূপ, কিম্বা ডিক্রী কি আজ্ঞানুযায়ি অন্য কোন উপকারের পরিবর্ত্তে, কি অন্য প্রকারে, টাকা দেওয়ার আদেশ থাকে, ডিক্রীমত খাতককে কারাবদ্ধ করণ কিম্বা নিম্নলিখিত বিধানমতে তাঁহার সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা কিম্বা ঐ উভয় প্রকারে ঐ ডিক্রী কি আজ্ঞা প্রবল করা যাইতে পারিবে ইতি।

Decree for mesne profits or other matter amount of which to be subsequently ascertained.

255. If the decree be for mesne profits or any other matter, the amount of which, in money, is to be subsequently determined, the property of the judgment-debtor may, before the amount due from him under the decree has been ascertained, be attached as in the case of an ordinary decree for money.

ওয়াসিলাতের কিম্বা অন্য যে বিষয়ের মূল্য পশ্চাৎ নির্ণয় করিতে হইবে তদ্বিষয়ক ডিক্রীর কথা।

২৫৫ ধারা। ওয়াসিলাতের কিম্বা অন্য যে বিষয়ের মূল্য পশ্চাৎ টাকাতে নির্ণয় করিতে হইবে তদ্বিষয়ের ডিক্রী হইলে, ডিক্রীমত খাতকের স্থানে ডিক্রীক্রমে যত টাকা পাওনা হয় তাহা নিরূপণ করিবার পূর্ব্বে, টাকার সাধারণ ডিক্রী হওয়ার ন্যায় তাঁহার সম্পত্তি ক্রোক করা যাইতে পারিবে ইতি।

Power to direct immediate execution of decree for money not exceeding Rs. 1,000.

256. When a decree is passed for a sum of money only, and the amount decreed does not exceed the sum of one thousand rupees, the Court may, when passing the decree, on the oral application of the decree-holder, order immediate execution thereof by the issue of a warrant directed either against the person of the judgment-debtor if he is within the local limits of the jurisdiction of the Court, or against his moveable property within the same limits.

১০০০৲ টাকার অধিকের ডিক্রী না হইলে অগোণেই তাহা জারী করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

২৫৬ ধারা। কেবল টাকার ডিক্রী হইলে, ও এক সহস্র টাকার অধিকের ডিক্রী না হইলে, ও ডিক্রীমত খাতক আদালতের এলাকার সীমার মধ্যে থাকিলে, আদালত ঐ ডিক্রী করণসময়ে ডিক্রীদারের বাচনিক প্রার্থনামতে খাতককেই ধরিবার কিম্বা সেই সীমার অন্তর্গত তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার পরওয়ানা দিয়া, অগোণেই ডিক্রী জারী করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Modes of paying money under decree.

257. All money payable under a decree shall be paid as follows (namely)—

(*a*) into the Court whose duty it is to execute the decree; or

ডিক্রীমত টাকা যে২ রূপে দেওয়া যাইবে তাহার কথা।

২৫৭ ধারা। ডিক্রীমতে যে সকল টাকা দেয় হয় তাহা এই২ প্রকারে দেওয়া যাইবে,

(ক) সেই ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য সেই আদালতে, কিম্বা

ment by the party ordered to execute or endorse the same.

করিতে আজ্ঞা হয় তিনিই তাহা করিলে যে ফল হইত, আদালতকর্ত্তৃক সেই হস্তান্তরকরণপত্রে স্বাক্ষর করিবার কিম্বা সেই নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিবার সেই ফল হইবে ইতি।

Decree for immoveable property.

263. If the decree be for the delivery of any immoveable property, possession thereof shall be delivered over to the party to whom it has been adjudged, or to such person as he appoints to receive delivery on his behalf, and, if need be, by removing any person bound by the decree who refuses to vacate the property.

স্থাবর সম্পত্তির নিমিত্ত ডিক্রীর কথা।

২৬৩ ধারা। কোন স্থাবর সম্পত্তি সমর্পণ করিবার ডিক্রী হইলে, যাঁহার সপক্ষ ডিক্রী হইল তাঁহার কিম্বা তিনি আপনার পক্ষে তাহা গ্রহণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার অধিকারে দেওয়া যাইবে। এবং ডিক্রীক্রমে আবদ্ধ কোন ব্যক্তি ঐ সম্পত্তি ত্যাগ করিতে অসম্মত হইলে, প্রয়োজনমতে তাঁহাকে উঠাইয়া দিয়া ঐ সম্পত্তির অধিকার দেওয়া যাইবে ইতি।

Delivery of immoveable property when in occupancy of tenant.

264. If the decree be for the delivery of any immoveable property in the occupancy of a tenant, or other person entitled to occupy the same, the Court shall order delivery to be made by affixing a copy of the warrant in some conspicuous place on the property, and proclaiming to the occupant by beat of drum, or in such other mode as is customary, at some convenient place, the substance of the decree in regard to the property:

Provided that if the occupant can be found, a notice in writing containing such substance shall be served upon him, and in such case no proclamation need be made.

স্থাবর সম্পত্তি প্রজার অধিকারে থাকিলে তাহা দেওয়াইবার কথা।

২৬৪ ধারা। প্রজার কিম্বা অন্য যে ব্যক্তির অধিকার করিবার স্বত্ব আছে তাঁহার অধিকারগত স্থাবর সম্পত্তি সমর্পণ করিবার ডিক্রী হইলে, আদালত ঐ সম্পত্তির কোন প্রকাশ স্থানে পরওয়ানার এক কেতা নকল লাগাইয়া দিয়া, এবং উপযুক্ত কোন স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা রীতিমতে অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে দখীলকারের নিকট ঐ সম্পত্তি বিষয়ক ডিক্রীর মর্ম্ম ঘোষণা করাইয়া ঐ সম্পত্তি সমর্পণ করাইতে আজ্ঞা করিবেন।

কিন্তু দখীলকারের সন্ধান পাওয়া যাইতে পারিলে তাঁহারই নামে সেই মর্ম্মের নোটিস জারী করিয়া দেওয়া যাইবে। তাহা হইলে ঘোষণা করিবার প্রয়োজন নাই ইতি।

Partition of estate or separation of share

265. If the decree be for the partition or for the separate possession of a share of an undivided estate, paying revenue to Government, the partition of the estate or the separation of the share shall be made by the Collector.

মহাল বিভাগ কি অংশ পৃথক করিবার কথা।

২৬৫ ধারা। গবর্ণমেণ্টের রাজস্বদায়ী কোন মহাল বণ্টন করিবার, কিম্বা অবিভক্ত মহালের একাংশের স্বতন্ত্র অধিকার পাইবার নিমিত্ত ডিক্রী হইলে, কালেক্টর সাহেবের দ্বারা মহাল বণ্টন কিম্বা অংশ পৃথক করা যাইবে ইতি।

F.—Of Attachment of Property.

চ—সম্পত্তি ক্রোককরণ বিষয়ক বধি।

Property liable to attachment and sale in execution of decree

266. The following property is liable to attachment and sale in execution of a decree (namely), lands, houses or other buildings, goods, money, bank-notes, cheques, bills of exchange, hundis, promissory notes, Government securities, bonds or other securities for money, debts, share in the capital or joint stock of any railway, banking or other public Company or Corporation, and, except as hereinafter mentioned, all other saleable property, moveable or immoveable, belonging to the judgment-debtor, or over which, or the profits of which, he has a disposing power which he may exercise for his own benefit, and whether the same be held in the name of the judgment-debtor or by another person in trust for him or on his behalf:

ডিক্রী জারীক্রমে যে২ প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারে তাহার কথা।

২৬৬ ধারা। ডিক্রী জারীক্রমে নিম্নলিখিত প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারিবে, অর্থাৎ ভূমি, কোটা কি অন্য ঘর, মাল, মুদ্রা, ব্যাঙ্ক নোট, চ্যাক, বিল অফ একস্‌চেঞ্জ, হুণ্ডী, প্রমিসরি নোট, গবর্ণমেণ্ট সিকুারিটী, খৎ কিম্বা টাকার অন্য প্রতিভূপত্র, ঋণ, কোন রেলওয়ের কি ব্যাঙ্কের কিম্বা প্রকাশ্য অন্য কোম্পানির কি সমাবায়িত সমাজের মূলধনের কি সংযুক্ত ধনের শ্যার, এবং নিম্নলিখিত দ্রব্যাদিভিন্ন ডিক্রীমত খাতকের স্থাবর কি অস্থাবর অন্য যে সম্পত্তি বিক্রয় হইতে পারে, কিম্বা যে সম্পত্তির উপর কিম্বা যাহার উপস্বত্বের উপর খাতকের নিজ হিতার্থে বিক্রয়াদি করিবার ক্ষমতা থাকে, তাহা নিজ তাঁহারই নামে ভোগ হইলে কিম্বা তাঁহার নিমিত্ত কি তাঁহার পক্ষে অন্যের দ্বারা ন্যস্তস্বরূপে ভোগ হইলেও, সেই দ্রব্য।

Provided that the following particulars shall not be liable to such attachment or sale (namely)—

(*a*) the necessary wearing apparel of the judgment-debtor, his wife and children:

(*b*) tools of artizans, implements of husbandry and such cattle as may in the opinion of the Court be necessary to enable the judgment-debtor to earn his livelihood as an agriculturist:

(*c*) the materials of houses and other buildings belonging to and occupied by agriculturists:

(*d*) books of account:

(*e*) mere rights to sue for damages:

(*f*) any right of personal service:

(*g*) stipends allowed to military and civil pensioners of Government, and political pensions:

(*h*) one moiety of the salary of a public officer or of the servant of a Railway Company:

(*i*) the pay and allowances of persons to whom the Native Articles of War apply:

(*j*) the wages of labourers and domestic servants:

(*k*) an expectancy of succession by survivorship or other merely contingent or possible right or interest:

(*l*) a right to future maintenance.

Explanation.—The particulars mentioned in clauses (*g*), (*h*), (*i*), and (*j*) are exempt from attachment or sale whether before or after they are actually payable:

Provided also that nothing in this section shall be deemed:

(*a*) to exempt the materials of houses and other buildings from attachment or sale in execution of decrees for rent, or

(*b*) to affect the statute for the time being in force for punishing mutiny and desertion and for the better payment of the Army and their quarters.

Power to summon and examine persons as to property liable to be seized.

267. The Court may of its own motion or on the application of the decree-holder, summon any person whom it thinks necessary, and examine him in respect to any property liable to be seized in satisfaction of the decree, and may require the person summoned to produce any document in his possession

কিন্তু নিম্নলিখিত দ্রব্য তদ্রূপে ক্রোক কি নীলাম হইতে পারিবে না, বিশেষতঃ

(ক) ডিক্রীমত খাতকের ও তাঁহার স্ত্রীপুত্রাদির পরিধেয় বস্ত্রাদি।

(খ) কারিগরদের হাতিয়ার ও কৃষিকার্য্যসংক্রান্ত যন্ত্র ও ডিক্রীমত খাতকের কৃষাণস্বরূপে জীবিকা চালাইবার নিমিত্ত আদালতের বিবেচনায় তাঁহার যে গবাদির আবশ্যক তাহা।

(গ) কৃষিকারিদের অধিকারে তাঁহাদের যে গৃহাদি থাকে সেই গৃহাদির সরঞ্জাম।

(ঘ) খাতাবহী।

(ঙ) হানিপূরণ পাইবার জন্যে নালিশ করিবার স্বত্বমাত্র।

(চ) নিজে সেবা করিবার কোন স্বত্ব।

(ছ) সৈনিক ও সিবিল সরবিসের যে ব্যক্তিরা গবর্ণমেন্টহইতে পেনশ্যন পান তাঁহাদের ঐ বৃত্তি, ও রাজনীতি সংক্রান্ত পেনশ্যন।

(জ) রাজকীয় কার্য্যকারকের কিম্বা কোন রেলওয়ে কেম্পানির কর্ম্মকারকের অর্দ্ধ বেতন।

(ঝ) সিপাহীদের যুদ্ধসংক্রান্ত আইন যে ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাঁহাদের বেতন ও উপরি টাকা।

(ঞ) মজুরদের ও ঘরের চাকরদের বেতন।

(ট) অন্যের মরণান্তে জীবিত থাকিলে উত্তরাধিকারিত্বের অপেক্ষা, কিম্বা কেবল কোন ঘটনাধীন কি সম্ভাবিত অন্য স্বত্ব কি স্বার্থ।

(ঠ) উত্তরকালীন ভরণপোষণের অধিকার।

ব্যাখ্যা।—(ছ) (জ) (ঝ) (ঞ) এই কএকটি প্রকরণে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে তাহা প্রাপ্য হওয়ার পূর্ব্বে বা পরেও ক্রোক ও বিক্রয়হইতে মুক্ত।

পরন্তু (ক) খাজানার নিমিত্ত ডিক্রী হইলে সেই ডিক্রী জারীক্রমে, কোটার ও অন্য গৃহাদির সরঞ্জাম ক্রোক কি বিক্রয়হইতে যে মুক্ত হইল, কিম্বা

(খ) সৈন্যদলের রাজবিদ্রোহ ও পলায়ন অপরাধের দণ্ড করণার্থে ও পল্টনের ও সৈন্যদলের বেতন দানার্থে যে ব্যবস্থা যৎকালে প্রচলিত থাকে তাহার যে ব্যতিক্রম হইল,

এই ধারার কোন কথাক্রমে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

ব্যক্তিদিগকে ডাকাইয়া যে সম্পত্তি ধৃত হইতে পারিবে তদ্বিষয়ে তাহাদিগকে জিজ্ঞাসাবাদ করিবার কথা।

২৬৭ ধারা। আদালত আপনার প্রবৃত্তিমতে কিম্বা ডিক্রীদারের প্রার্থনামতে যাঁহাকে আবশ্যক বোধ করেন তাঁহাকে সমন করিয়া, ডিক্রীমত কার্য্য সাধন করিবার জন্যে যে সম্পত্তি ধৃত হইতে পারে, তদ্বিষয়ে তাঁহাকে জিজ্ঞাসা করিতে পারিবেন, ও সেই সম্পত্তি বিষয়ক যে দলীল তাঁহার নিকটে

(*b*) out of Court to the decree-holder, or

(*c*) otherwise as the Court which made the decree directs.

(খ) আদালতের বাহিরে ডিক্রীদারকে, কিম্বা

(গ) যে আদালত ডিক্রী করিলেন তিনি অন্য যদ্রূপে আজ্ঞা করেন, তদ্রূপে ইতি।

Payment of money out of Court to decree-holder.

258. If the money is paid out of Court or the decree is otherwise adjusted to the satisfaction of the decree-holder, he shall certify the payment or adjustment to the Court whose duty it is to execute the decree; and no satisfaction of a decree in part or in whole by such payment or adjustment shall be recognized by such Court unless the payment or adjustment be certified as aforesaid. Where the decree-holder fails to certify as aforesaid, the judgment-debtor may apply to such Court for an order directing the decree-holder to certify as aforesaid, and the Court, after hearing the decree-holder, may make such order, and if the decree-holder disobeys the same, may refuse further to execute the decree.

আদালতের বাহিরে ডিক্রীদারকে টাকা দিবার কথা।

২৫৮ ধারা। আদালতের বাহিরে টাকা দেওয়া গিয়া থাকিলে, কিম্বা ডিক্রীদারের স্ববোধমতে ডিক্রী অন্য প্রকারে মিটাইয়া দেওয়া গেলে, ঐ ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য ডিক্রীদার সেই আদালতে ঐ টাকা দেওয়ার কি মিটাইয়া দেওয়ার সর্টিফিকট দিবেন। ও সেই টাকা দেওয়ার কিম্বা ডিক্রী মিটাইয়া দেওয়ার পূর্ব্বোক্ত সর্টিফিকট না দেওয়া গেলে, ঐ আদালত ঐ টাকা দেওন কি ডিক্রী মিটাইয়া লওন দ্বারা ডিক্রীর একাংশ কি সম্পূর্ণ শোধ স্বীকার করিবেন না। ডিক্রীদার পূর্ব্বোক্ত প্রকারের সর্টিফিকট না দিলে, ডিক্রীমত খাতক আদালতে এই প্রার্থনা করিতে পারিবেন যে, ডিক্রীদারের প্রতি পূর্ব্বোক্ত সর্টিফিকট দিবার আজ্ঞা হয়, ও আদালত ডিক্রীদারের কথা শুনিলে পর সেই আজ্ঞা করিতে পারিবেন, ও ডিক্রীদার সেই আজ্ঞা না মানিলে, ঐ ডিক্রী আর জারী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

Decrees for specific moveables, or recovery of wives.

259. If the decree be for any specific moveable, or for any share in a specific moveable, or for the recovery of a wife, it may be enforced by the seizure, if practicable, of the moveable or share, and by the delivery thereof to the party to whom it has been adjudged, or to such person as he appoints to receive delivery on his behalf, or by the imprisonment of the judgment-debtor, or by attaching his property and keeping the same under attachment until the further order of the Court, or by both imprisonment and attachment, if necessary.

No attachment under this section shall remain in force for more than six months, at the end of which time, if the judgment-debtor has not obeyed the decree, the property attached may be sold, and out of the proceeds the Court may award to the decree-holder such compensation as it thinks fit, and pay the balance, if any, to the judgment-debtor on his application.

বিশেষ অস্থাবর দ্রব্যের কিম্বা স্ত্রী পুনঃপ্রাপণের নিমিত্ত ডিক্রীর কথা।

২৫৯ ধারা। যদি বিশেষ কোন অস্থাবর দ্রব্য কিম্বা অস্থাবর দ্রব্যের কোন অংশ প্রাপণের কিম্বা স্ত্রী পুনঃপ্রাপণের নিমিত্ত ডিক্রী হয়, তবে ঐ দ্রব্য কি অংশ ধৃত করিয়া লইতে পারিলে তাহা ধৃত করিয়া যাঁহার পক্ষে ডিক্রী হইল তাঁহার প্রতি, কিম্বা তিনি আপনার পক্ষ হইয়া ঐ দ্রব্য গ্রহণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার প্রতি সমপর্ণ করিয়া, কিম্বা ডিক্রীমত খাতককে কারাবদ্ধ করিয়া, কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া আদালতের অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আটক রাখিয়া, কিম্বা আবশ্যক হইলে তাঁহাকে কারাবদ্ধ ও তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া, ঐ ডিক্রী প্রবল করা যাইতে পারিবে।

এই ধারামতে যে ক্রোক করা যায় তাহা ছয় মাসের অধিক প্রবল থাকিবে না। তৎকালের শেষে যদি ডিক্রীমত খাতক ঐ ডিক্রীমত আজ্ঞা পালন না করিয়া থাকেন, তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে, ও তদুৎপন্ন টাকাহইতে আদালত ডিক্রীদারের হানিপূরণস্বরূপ যত পাওয়া উচিত বোধ করেন তত টাকা দিয়া, উদ্বৃত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দিতে পারিবেন ইতি।

Decree for specific performance or restitution of conjugal rights.

260. When the party against whom a decree for the specific performance of a contract, or for restitution of conjugal rights, or for the performance of any other particular act, has been made, has had an opportunity of obeying the decree or injunction and has wilfully failed to obey it, the decree may be enforced by his imprisonment or by the attachment of his property, or by both.

বিশেষ কার্য্যসম্পাদন করণার্থ কিম্বা দাম্পত্যস্বত্ব পুনঃপ্রাপণার্থ ডিক্রী হইলে তদ্বিষয়ক কথা।

২৬০ ধারা। কোন ব্যক্তির বিপক্ষে চুক্তিমতে কোন বিশেষ কার্য্য সম্পাদন করিবার, কিম্বা দাম্পত্যস্বত্ব পুনঃ প্রদান করিবার, কিম্বা অন্য কোন বিশেষ ক্রিয়া করিবার ডিক্রী হইলে, তাঁহার সেই ডিক্রী কি আজ্ঞামতে কার্য্য করিবার সুযোগ থাকিলেও যদি তিনি ইচ্ছাপূর্ব্বক ঐ ডিক্রী মানিতে ত্রুটি করিয়া থাকেন, তবে তাঁহাকে কারাবদ্ধ করণ কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করণদ্বারা কিম্বা ঐ উভয় কার্য্যদ্বারা ঐ ডিক্রী প্রবল করা যাইতে পারিবে।

No attachment under this section shall remain in force for more than one year, at the end of which time, if the judgment-debtor has not obeyed the decree, the property attached may be sold and out of the proceeds the Court may award to the decree-holder such compensation as it thinks fit and may pay the balance, if any, to the judgment-debtor on his application.

এই ধারামতে যে ক্রোক করা যায় তাহা এক বৎসরের অধিক কাল প্রবল থাকিবে না। তৎকালের শেষে যদি ডিক্রীমত খাতক ঐ ডিক্রীমত আজ্ঞা পালন না করিয়া থাকেন তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে ও তদুৎপন্ন টাকাহইতে আদালত ডিক্রীদারের ক্ষতিপূরণস্বরূপ যত পাওয়া উচিত বোধ করেন তত টাকা দিয়া, উদ্বর্ত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দিতে পারিবেন ইতি।

Decree for execution of conveyances, or endorsement of negotiable instruments.

261. If the decree be for the execution of a conveyance, or for the endorsement of a negotiable instrument, and the judgment-debtor neglects or refuses to comply with the decree, the decree-holder may prepare the draft of a conveyance or endorsement in accordance with the terms of the decree, and deliver the same to the Court.

হস্তান্তরকরণপত্র সম্পাদন করিবার কিম্বা ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে লিখিবার ডিক্রীর কথা।

২৬১ ধারা। হস্তান্তর করণপত্রে স্বাক্ষর করিবার কিম্বা ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিবার নিমিত্ত ডিক্রী হইলে, ও ডিক্রীমত খাতক সেই ডিক্রীমতে কার্য্য করিতে তাচ্ছল্য কি অস্বীকার করিলে, ডিক্রীদার ডিক্রীর নিয়মানুসারে হস্তান্তরকরণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া আদালতে দিতে পারিবেন।

The Court shall thereupon cause the draft to be served on the judgment-debtor in manner hereinbefore provided for serving a summons, together with a notice in writing stating that his objections, if any, thereto shall be made within such time (mentioning it) as the Court fixes in this behalf.

তাহা হইলে আদালত, সমন জারী করিবার পূর্ব্বলিখিত বিধানমতে, ডিক্রীমত খাতকের নামে সেই পাণ্ডুলিপি ও তৎসহিত এই মর্ম্মের নোটিস লিখিয়া জারী করাইবেন যে, তদ্বিষয়ে তাঁহার আপত্তি থাকিলে তিনি এতৎপক্ষে আদালতের নিরূপিত অমুক সময়ের মধ্যে জানান।

The decree-holder may also tender a duplicate of the draft to the Court for execution upon the proper stamp-paper, if a stamp is required by law.

আইনমতে সেই পাণ্ডুলিপিতে ইষ্টাম্প লাগিলে ডিক্রীদার উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখাইবার নিমিত্ত ঐ পাণ্ডুলিপির অন্য এক প্রতিলিপি দিতে পারিবেন।

On proof of such service, the Court, or such officer as it appoints in this behalf, shall execute the duplicate so tendered, or may, if necessary, alter the same, so as to bring it into accordance with the terms of the decree, and execute the duplicate so altered.

ডিক্রীমত খাতককে ঐ পাণ্ডুলিপি দেওয়ার প্রমাণ হইলে, আদালত কিম্বা এতৎপক্ষে তাঁহার নিযুক্ত কার্য্যকারক তদ্রূপে দেওয়া দ্বিতীয় প্রতিলিপিতে, কিম্বা আবশ্যক হইলে ঐ প্রতিলিপি যাহাতে ডিক্রীর নিয়মানুযায়ি হয় এমতে পরিবর্ত্তন করিয়া সেই পরিবর্ত্তিত প্রতিলিপিতে স্বাক্ষর করিবেন।

Provided that if any party object to the draft so served as aforesaid, his objections shall, within the time so fixed, be stated in writing and argued before the Court, and the Court shall thereupon pass such order as it thinks fit, and execute, or alter and execute, the duplicate in accordance therewith.

কিন্তু পূর্ব্বোক্তমতে যে পাণ্ডুলিপি জারী করা যায় কোন পক্ষ তদ্বিষয়ের আপত্তি করিলে, পূর্ব্বোক্তমতে নিরূপিত সময়ের মধ্যে ঐ আপত্তি লিখিয়া দেওয়া ও আদালতের সম্মুখে তদ্বিষয়ের তর্কবিতর্ক করা যাইবে, তাহা হইলে আদালত যে আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিয়া, তদনুসারে ঐ পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন কিম্বা পরিবর্ত্তন করিয়া স্বাক্ষর করিবেন ইতি।

Form and effect of execution of conveyance by Court.

262. The execution of a conveyance or the endorsement of a negotiable instrument by the Court under the last preceding section may be in the following form : "*C. D.*, Judge of the Court of (*or as the case may be*), for *A. B.*, in a suit by *E. F.*, against *A. B.*," or in such other form as the High Court may from time to time prescribe, and shall have the same effect as the execution of the conveyance or endorsement of the instru-

হস্তান্তরকরণপত্রে আদালতের যেরূপে স্বাক্ষর করিতে হইবে ও তাহার যে ফল হইবে তাহার কথা।

২৬২ ধারা। ইহার পূর্ব্বধারামতে হস্তান্তরকরণপত্রে আদালতের যে স্বাক্ষর করিতে, কিম্বা ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের যে পৃষ্ঠলিপি লিখিতে হইবে, তাহা এই পাঠানুসারে লেখা যাইবে। "আনন্দের নামে ঈশানের মোকদ্দমায় আনন্দের পক্ষে অমুক আদালতের জজ (কিম্বা বিবরবিশেষে) শ্রীঅমুক।" কিম্বা হাই কোর্ট সময়ে২ অন্য কোন পাঠে লিখিতে আজ্ঞা করিলে সেই পাঠে লেখা যাইবে। ও যে ব্যক্তির প্রতি ঐ পত্রে স্বাক্ষর করিতে কিম্বা ঐ পৃষ্ঠলিপি

or power relating to such property, and before issuing the summons of its own motion, shall declare the person on whose behalf the summons is so issued.

Attachment of debt, share and other property not in possession of judgment-debtor.

268. In the case of (*a*) a debt not secured by a negotiable instrument, (*b*) a share in the capital of any public company or corporation, (*c*) other moveable property not in the possession of the judgment-debtor, except property deposited in, or in the custody of, any Court, the attachment shall be made by a written order prohibiting,

(*a*) in the case of the debt, the creditor from recovering the debt and the debtor from making payment thereof until the further order of the Court:

(*b*) in the case of the share, the person in whose name the share may be standing, from transferring the same or receiving any dividend thereon:

(*c*) in the case of the other moveable property except as aforesaid, the person in possession of the same from giving it over to the judgment-debtor.

A copy of such order shall be fixed up in some conspicuous part of the Court-house, and another copy of the same shall be sent in the case of the debt to the debtor, in the case of the share to the proper officer of the company or corporation, and in the case of the other moveable property (except as aforesaid) to the person in possession of the same.

A debtor prohibited under clause (*a*) of this section may pay the amount of his debt into Court, and such payment shall discharge him as effectually as payment to the party entitled to receive the same.

No attachment under this section shall remain in force for more than six months; at the end of which time, if the judgment-debtor has not obeyed the decree, the property attached may be sold, and out of the proceeds the Court may award to the decree-holder such compensation as it thinks fit, and pay the balance, if any, to the judgment-debtor on his application.

Attachment of moveable property in possession of defendant.

269. If the property be moveable property in the possession of the judgment-debtor, other than the property mentioned in the first proviso to section 266, the attachment shall be made by actual seizure, and the attaching

কি অধিকারে থাকে তাহা দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন। ঐ আপনার প্রবৃত্তিমতে সমন জারী করিবার পূর্ব্বে, যাঁহার পক্ষে সমন বাহির করান তাঁহার নাম প্রচার করিবেন ইতি।

ঋণ ও শ্যার ও অন্য যে সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে নাই তাহা ক্রোক করিবার কথা।

২৬৮ ধারা। ঐ সম্পত্তি (ক) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের দ্বারা অরক্ষিত ঋণ, কিম্বা (খ) কোন প্রকাশ্য কোম্পানির কি সমাবারিত সমাজের মূলধনে কোন শ্যার কিম্বা (গ) কোন আদালতে গচ্ছিত কি রক্ষিত সম্পত্তিভিন্ন অন্য যে অস্থাবর সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে না থাকে তাহা লইয়া সম্পত্তি হইলে, নিম্নলিখিত প্রকারের নিষেধ সূচক লিখিত আজ্ঞাদ্বারা ঐ সম্পত্তি ক্রোক করা যাইবে, বিশেষতঃ

(ক) ঋণ হইলে, আদালতহইতে প্রকারান্তরের আজ্ঞা না পাওনপর্য্যন্ত মহাজন ঐ ঋণ আদায় না করেন ও খাতক কাহাকেও সেই ঋণের টাকা না দেন,

(খ) শ্যার হইলে, ঐ শ্যার যাঁহার নামে থাকে তিনি অন্যের নিকট তাহা হস্তান্তর করিয়া না দেন, কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড না লন,

(গ) পূর্ব্বোক্ত সম্পত্তিভিন্ন অন্য প্রকারের অস্থাবর সম্পত্তি হইলে, তাহা যে ব্যক্তির অধিকারে আছে তিনি ডিক্রীমত খাতককে তাহা না দেন।

সেই নিষেধসূচক আজ্ঞার এক কেতা আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া দেওয়া যাইবে। ও ঋণ হইলে, ঐ আজ্ঞাপত্রের অন্য এক কেতা খাতকের নিকট, কিম্বা শ্যার হইলে, কোম্পানির কিম্বা সমাবারিত সমাজের উপযুক্ত কর্ম্মকারকের নিকট, কিম্বা পূর্ব্বোক্ত সম্পত্তিভিন্ন অন্য অস্থাবর হইলে, তাহা যাঁহার অধিকারে থাকে তাঁহার নিকট পাঠান যাইবে।

এই ধারার (ক) প্রকরণমতে খাতকের প্রতি নিষেধ হইলে, তিনি আদালতে ঐ ঋণের টাকা দিতে পারিবেন। তাহা দিলে, যে পক্ষের ঐ টাকা পাইবার স্বত্ব আছে তাঁহাকেই দেওয়ার ন্যায় খাতকের সম্পূর্ণ নিষ্কৃতি হইবে।

এই ধারামতে যে ক্রোক করা যায় তাহা ছয় মাসের অধিক কাল প্রবল থাকিবে না। তৎকালের শেষে যদি ডিক্রীমত খাতক ঐ ডিক্রীমত আজ্ঞা পালন না করিয়া থাকেন, তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে, ও তদুৎপন্ন টাকাহইতে আদালত ডিক্রীদারের হানিপূরণস্বরূপ যত পাওয়া উচিত বোধ করেন তত টাকা দিয়া, উদ্বর্ত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দিতে পারিবেন ইতি।

প্রতিবাদির অধিকারে যে অস্থাবর সম্পত্তি থাকে তাহা ক্রোক করিবার কথা।

২৬৯ ধারা। ২৬৬ ধারার প্রথম উপবিধির উল্লিখিত সম্পত্তিভিন্ন ডিক্রীমত খাতকের অধিকারস্থ অন্য অস্থাবর সম্পত্তি হইলে, ঐ দ্রব্যই ধৃত করিয়া ক্রোক করা যাইবে। ক্রোককারি কার্য্যকারক আপনার

officer shall keep the property in his own custody or in the custody of one of his subordinates, and shall be responsible for the due custody thereof:

Provided that when the property seized is subject to speedy and natural decay, or when the expense of keeping it in custody will exceed its value, the proper officer may sell it at once.

Power to make rules for maintenance of attached livestock.

The Local Government may from time to time make rules for the maintenance and custody, while under attachment, of livestock and other moveable property, and the officer attaching property under this section shall, notwithstanding the provisions of the former part of this section, act in accordance with such rules.

Attachment of negotiable instruments.

270. If the property be a negotiable instrument not in deposit in a Court, the attachment shall be made by actual seizure, and the instrument shall be brought into Court and held subject to the further orders of the Court.

Seizure of property in house.

271. If the person executing any process under this Code directing or authorizing seizure of moveable property, has gained access to a house or other building, he may unfasten and open the door of any room in which he has reason to believe any such property to be:

Seizure of property in zanánás.

Provided that if the room be in the actual occupancy of a woman, who according to the customs of the country does not appear in public, the person executing the process shall give notice to her that she is at liberty to withdraw; and after allowing a reasonable time for such woman to withdraw, and giving her every reasonable facility for withdrawing, he may enter such room for the purpose of seizing the property, using at the same time every precaution, consistent with these provisions, to prevent its clandestine removal.

Attachment of property deposited in Court or with Government officer.

272. If the property be deposited in, or be in the custody of, any Court or public officer, the attachment shall be made by a notice to such Court or officer, requesting that such property, and any interest or dividend becoming payable thereon, may be

কিম্বা আপন অধীন কোন এক জন কর্ম্মকারকের জিম্মায় ঐ সম্পত্তি রাখিবেন, ও তাহা উপযুক্তমতে রক্ষা করণ বিষয়ে তিনিই দায়ী হইবেন।

কিন্তু ক্রোক করা সম্পত্তি স্বভাবতঃ অতিশীঘ্র ক্ষয় পায় এমত দ্রব্য হইলে, কিম্বা সেই দ্রব্য রক্ষা করিবার খরচ দ্রব্যের মূল্যহইতেও অধিক হইলে, উপযুক্ত কর্ম্মকারক তৎকালেই তাহা বিক্রয় করিতে পারিবেন।

পশ্বাদি ক্রোক করা গেলে তাহার আহারাদির বিধি করিবার ক্ষমতার কথা।

পশুপক্ষ্যাদি ও অন্য অস্থাবর সম্পত্তি যত দিন ক্রোকী অবস্থায় থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ তাহার তত দিন আহারাদি পাইবার ও রক্ষণাবেক্ষণের বিধি করিতে পারিবেন, এবং যে কার্য্যকারক এই ধারামতে সম্পত্তি ক্রোক করেন, এই ধারার পূর্ব্ব ভাগে ভাবান্তরের বিধান থাকিলেও, তিনি ঐ বিধিমতে কার্য্য করিবেন ইতি।

ক্রেয় বিক্রেয় নিদর্শনপত্র ক্রোক করিবার কথা।

২৭০ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র লইয়া ঐ সম্পত্তি হইলে, ও তাহা আদালতে গচ্ছিত না থাকিলে, সেই নিদর্শনপত্র ধৃত করিয়া ক্রোক করা যাইবে, ও সেই পত্র আদালতে আনা যাইবে, ও আদালতের অন্যরূপ আজ্ঞা না হওনপর্য্যন্ত আটক রাখা যাইবে ইতি।

ঘরের মধ্যে দ্রব্য ধৃত করণ বিষয়ক কথা।

২৭১ ধারা। এই আইনমত কোন পরওয়ানায় অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা কি অনুমতি থাকিলে, যে ব্যক্তি সেই পরওয়ানা জারী করেন তিনি বাটীতে কি অন্য ঘরে প্রবেশ করিতে পারিলে, ও ঐ বাটীর কোন ঘরের মধ্যে তদ্রূপ কোন সম্পত্তি আছে তাঁহার এমত জানিবার কারণ থাকিলে, তিনি ঐ ঘরের দ্বারের বন্ধন মুক্ত করিয়া দ্বার খুলিতে পারিবেন।

অন্তঃপুরে দ্রব্য ধৃতকরণ বিষয়ক কথা।

কিন্তু তৎকালে ঐ ঘরে কোন স্ত্রীলোক থাকিলে, ও দেশাচারমতে প্রকাশস্থানে যাইতে না পারিলে, যে ব্যক্তি পরওয়ানা জারী করেন তিনি ঐ স্ত্রীলোককে চলিয়া যাইবার অনুমতির নোটিস দিবেন, ও ঐ স্ত্রীলোকের চলিয়া যাইবার উপযুক্ত সময় দিয়া ও তাঁহার চলিয়া যাইবার সঙ্গত সুবিধা করাইলে পর, তিনি ঐ দ্রব্য ধৃত করিবার জন্যে ঐ ঘরে প্রবেশ করিতে পারিবেন, ইতিমধ্যে ঐ দ্রব্য যেন গোপনে স্থানান্তর করা না যায় এই নিমিত্ত এই বিধানের সঙ্গত সদুপায় করিবেন ইতি।

সম্পত্তি আদালতে কি গবর্ণমেণ্টের কার্য্যকারকের নিকট গচ্ছিত থাকিলে নোটিস দিয়া তাহা ক্রোক করিবার কথা।

২৭২ ধারা। কোন আদালতে কিম্বা রাজকীয় কার্য্যকারকের হস্তে ঐ সম্পত্তি আমানৎ কি গচ্ছিত থাকিলে, তাহা ক্রোক করিবার নিয়ম এই, ঐ আদালতের কি কার্য্যকারকের নামে এই মর্ম্মের

held subject to the further orders of the Court from which the notice issues:

Provided that, if such property is deposited in, or is in the custody of, a Court, any question of title or priority arising between the decree-holder and any other person, not being the judgment-debtor, claiming to be interested in such property by virtue of any assignment, attachment or otherwise, shall be determined by such Court.

Proviso.

273. If the property be a decree for money passed by the Court which passed the decree sought to be executed, the attachment shall be made by an order of the Court directing the proceeds of the former decree to be applied in satisfaction of the latter decree.

Attachment of decree for money.

If the property be a decree for money passed by any other Court, the attachment shall be made by a notice in writing to such Court under the hand of the Judge of the Court which passed the decree sought to be executed, requesting the former Court to stay the execution of its decree until such notice is cancelled by the Court from which it was sent. The Court receiving such notice shall stay execution accordingly, unless and until

(*a*) the Court which passed the decree sought to be executed cancels the notice, or

(*b*) the holder of the decree sought to be executed applies to the Court receiving such notice to execute its own decree.

On receiving such application, the Court shall proceed to execute the decree and apply the proceeds in satisfaction of the decree sought to be executed.

In the case of all other decrees the attachment shall be made by a notice in writing, under the hand of the Judge of the Court which passed the decree sought to be executed to the holder of the decree sought to be attached, prohibiting him from transferring or charging the same in any way; and, when such decree has been passed by any other Court, also by sending to such Court a like notice in writing to abstain from executing the decree sought to be attached until such notice is cancelled by the Court from which it was sent. Every Court receiving such notice shall give effect to the same until it is so cancelled.

Attachment of other decrees.

নোটিস দেওয়া যাইবে যে উক্ত নোটিস যে আদালত-হইতে বাহির হয় সেই আদালতের অন্য আজ্ঞা না পাওন পর্য্যন্ত উক্ত আদালত কি কার্য্যকারক ঐ দ্রব্য ও তাহার উপর সুদ কি ডিবিডেণ্ড পাওনা থাকিলে তাহা, আপন হস্তে রাখেন।

পরন্তু সেই দ্রব্য কোন আদালতে আমানৎ কি গচ্ছিত থাকিলে, ও কোন নিরূপণ-পত্রক্রমে কিম্বা ক্রোক করণের কি অন্য কার্য্যের বলে, ডিক্রীমত খাতকভিন্ন, ঐ সম্পত্তিগত স্বার্থের অন্য দাওয়াদারের ও ডিক্রীদারের মধ্যে স্বত্ব কি অগ্রগণ্যতাবিষয়ক কোন বিবাদ হইলে, সেই আদালত ঐ বিবাদ নির্ণয় করিবেন ইতি।

উপবিধি।

২৭৩ ধারা। যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয় সেই ডিক্রীকারি আদালতের টাকার অন্য ডিক্রী লইয়া ঐ সম্পত্তি হইলে, শেষ ডিক্রীর টাকা শোধ করিবার জন্যে যেন পূর্ব্ব ডিক্রীর উৎপন্ন টাকা প্রয়োগ হয়, আদালতের এই মর্ম্মের আজ্ঞা দ্বারা ঐ ডিক্রী ক্রোক করা যাইবে।

টাকার ডিক্রী ক্রোক করিবার কথা।

যদি অন্য আদালতের টাকার ডিক্রী লইয়া সম্পত্তি হয়, তবে যে ডিক্রী জারী করিতে চেষ্টা থাকে সেই ডিক্রীকারি আদালতের বিচারপতি আপন স্বাক্ষর ক্রমে ঐ অন্য আদালতের নামে নোটিস লিখিয়া দিয়া, যে আদালতহইতে নোটিস পাঠান গেল তাঁহার দ্বারা ঐ নোটিস রহিত না হওনপর্য্যন্ত, আপন ডিক্রী জারীর কার্য্য স্থগিত করিতে আদেশ করিবেন। তাহা হইলে,

(ক) যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয়, সেই ডিক্রী-কারী আদালত যত দিন ঐ নোটিস রহিত না করেন, কিম্বা

(খ) যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয় সেই ডিক্রী-দার ঐ নোটিসপ্রাপ্ত আদালতে আপন ডিক্রী জারী করিতে যত দিন প্রার্থনা না করেন, ঐ নোটিসপ্রাপ্ত আদালত তত দিন ঐ ডিক্রীজারী স্থগিত রাখিবেন।

আদালত উক্ত প্রকারের প্রার্থনাপত্র পাইলে, ঐ ডিক্রীজারী করিতে প্রবর্ত্ত হইয়া, যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয় তাহার পরিশোধে উক্ত ডিক্রীর উৎপন্ন টাকা প্রয়োগ করিবেন।

অন্য কোন প্রকারের ডিক্রী হইলে, ক্রোক করিবার নিয়ম এই। যে ডিক্রী জারী করিতে চেষ্টা হয় সেই ডিক্রী-কারি আদালতের বিচার-পতি, যে ডিক্রী ক্রোক করিতে চেষ্টা হয় সেই ডিক্রীদারের নামে স্বীয় স্বাক্ষরিত নোটিস লিখিয়া, তাঁহাকে কোন প্রকারেই সেই ডিক্রী হস্তান্তর করিতে কি তাহার উপর কোন দায় বর্ত্তাইতে নিষেধ করিবেন। এবং অন্য আদা-লতের ঐ ডিক্রী হইলে, সেই আদালতের নামেও সেই প্রকারের নোটিস লিখিয়া পাঠাইয়া, যে আদালতহইতে পাঠান যায় সেই আদালত ঐ নোটিস রহিত না করিলে, যে ডিক্রী ক্রোক করিতে চেষ্টা হয় সেই ডিক্রী জারী না করিতে আদেশ করিবেন। কোন আদালত সেই প্রকা-রের নোটিস পাইলে, যত দিন ঐ নোটিস রহিত না করা যায় তত দিন তাহা প্রবল করাইবেন।

অন্য ডিক্রী ক্রোক করিবার কথা।

Decree-holders to give information.

The holder of any decree attached under this section shall be bound to give the Court executing the same such information and aid as may reasonably be required.

ডিক্রীদারের সন্ধান জানাইতে হইবার কথা।

এই ধারামতে কোন ডিক্রী ক্রোক করা গেলে সেই ডিক্রীদার ঐ ডিক্রী জারী করণিয়া আদালতের প্রতি সম্ভবমত আদেশানুসারে সন্ধান জানাইতে ও তাঁহার সাহায্য করিতে আবদ্ধ হইবেন ইতি।

Attachment of immoveable property.

274. If the property be immoveable, the attachment shall be made by an order prohibiting the judgment-debtor from transferring or charging the property in any way, and all persons from receiving the same from him by purchase, gift or otherwise.

The order shall be proclaimed at some place on adjacent to such property by beat of drum or other customary mode, and a copy of the order shall be fixed up in a conspicuous part of the property and of the Court-house.

When the property is land paying revenue to Government, a copy of the order shall also be fixed up in the office of the Collector of the district in which the land is situate.

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার কথা।

২৭৪ ধারা। সম্পত্তি স্থাবর হইলে, ডিক্রীমত খাতক কোন প্রকারে তাহা যেন হস্তান্তর না করেন বা তাহার উপর কোন দায় না কর্‌ান, এবং কোন ব্যক্তি যেন তাঁহার স্থানে ক্রয় কি দানক্রমে কি অন্য প্রকারে তাহা গ্রহণ না করেন, এই মর্ম্মের নিষেধ-সূচক আজ্ঞা দ্বারা ঐ সম্পত্তি ক্রোক করা যাইবে।

ঐ সম্পত্তি যে স্থানে থাকে সেই স্থানে কি তাহার নিকটে ঢেঁড়রা দিয়া কি সচরাচর অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঐ আজ্ঞা ঘোষণা করা যাইবে, ও ঐ সম্পত্তির এবং আদালত ঘরের কোন প্রকাশ স্থানে ঐ আজ্ঞাপত্রের নকল লাগাইয়া দেওয়া যাইবে।

গবর্ণমেণ্টের রাজস্বদায়ী ভূমি লইয়া ঐ সম্পত্তি হইলে, ভূমি যে জিলায় থাকে সেই জিল্লার কালেক্টর সাহেবের কাছারীতেও ঐ আজ্ঞাপত্রের নকল লাগাইয়া দিতে হইবে ইতি।

Order for withdrawal of attachment after satisfaction of decree.

275. If the amount decreed with costs and all charges and expenses resulting from the attachment of any property be paid into Court, or if satisfaction of the decree be otherwise made through the Court, or if the decree is set aside or reversed, an order shall be issued, on the application of any person interested in the property, for the withdrawal of the attachment.

ডিক্রীমতে কার্য্যসাধন হইলে পর ক্রোক উঠাইয়া লইবার আজ্ঞার কথা।

২৭৫ ধারা। যত টাকার ডিক্রী হইল, খরচাসুদ্ধ এবং কোন সম্পত্তি ক্রোক করণ প্রযুক্ত সকল খরচ খরচাসুদ্ধ সেই সমুদয় টাকা আদালতে দেওয়া গেলে, কিম্বা আদালতের দ্বারা ডিক্রীমত কার্য্য অন্য কোন প্রকারে সাধন করা গেলে, কিম্বা ডিক্রী অসিদ্ধ কি ব্যর্থ করা গেলে, ঐ সম্পত্তিতে স্বার্থ বিশিষ্ট কোন ব্যক্তির প্রার্থনামতে ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা প্রচার করা যাইবে ইতি।

Private alienation of property after attachment to be void.

276. When an attachment has been made by actual seizure or by written order duly intimated and made known in manner aforesaid, any private alienation of the property attached, whether by sale, gift, mortgage, or otherwise, and any payment of the debt or dividend or a delivery of the share to the judgment-debtor during the continuance of the attachment, shall be void as against all claims enforceable under the attachment.

ক্রোক হইবার পর সম্পত্তি গোপনে হস্তান্তর করা গেলে তাহা ব্যর্থ হওয়ার কথা।

২৭৬ ধারা। সম্পত্তি ধৃত করণদ্বারা কিম্বা পূর্ব্বোক্তমতে লিখিত আজ্ঞা নিয়মিতরূপে জ্ঞাত ও প্রচার করণ দ্বারা ক্রোক করা গেলে পর, যদি ঐ ক্রোক করা সম্পত্তি গোপনে বিক্রয় কি দান কি বন্ধকক্রমে কিম্বা অন্য কোন প্রকারে হস্তান্তর করা যায়, ও ক্রোক হইয়া থাকন সময়ে যদি ডিক্রীমত খাতককে ঋণের কি ডিবিডেণ্ডের টাকা কি শ্যার দেওয়া যায়, তবে ক্রোকের বলে যে সকল দাওয়া প্রবল করা যাইতে পারে তৎপক্ষে ঐ হস্তান্তরকরণ কি ঐ টাকাপ্রভৃতি দেওন ব্যর্থ হইবে ইতি।

Court may direct coin or currency notes attached to be paid to party entitled.

277. If the property attached is coin or currency notes, the Court may at any time during the continuance of the attachment, direct that such coin or notes, or a part thereof sufficient to satisfy the decree, be paid over to the party entitled under the decree to receive the same.

মুদ্রা কি নোট ক্রোক করা গেলে তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিকে দিতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

২৭৭ ধারা। যে সম্পত্তি ক্রোক করা যায় তাহা মুদ্রা কি নোট হইলে, ডিক্রীমতে যে পক্ষের, তাহা পাইবার স্বত্ব থাকে, আদালত ঐ ক্রোক প্রবল থাকনের কোন সময়ে ঐ পক্ষকেই সেই মুদ্রা কি নোট, কিম্বা তাহার উপযুক্ত যে অংশদ্বারা ডিক্রীমত কার্য্য সাধন হইতে পারে সেই অংশ, দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

278. If any claim be preferred to, or any objection be made to the attachment of, any property attached, in execution of a decree, on the ground that such property is not liable to such attachment, the Court shall proceed to investigate the claim or objection with the like power as regards the examination of the claimant or objector, and in all other respects, as if he was a party to the suit.

Investigation of claims to, and objections to attachment of, attached property.

Provided that no such investigation shall be made where the Court considers that the claim or objection was designedly or unnecessarily delayed.

If the property to which the claim or objection applies has been advertised for sale, the Court ordering the sale may postpone it pending the investigation of the claim or objection.

Postponement of sale

২৭৮ ধারা। ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি ক্রোক করা গেলে, তাহা ক্রোক হওয়ার যোগ্য নয় বলিয়া সেই সম্পত্তির উপর কোন দাওয়া, কিম্বা তাহার ক্রোক হওয়ার কোন আপত্তি উপস্থিত করা গেলে, আদালত সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। সেই দাওয়াদার কি আপত্তিকারক মোকদ্দমার এক পক্ষ হইলে আদালতের যে ক্ষমতা থাকিত, তাঁহার সাক্ষ্য লওনবিষয়ে ও অন্য সকল বিষয়ে সেই ক্ষমতা থাকিবে।

ক্রোক করা সম্পত্তির উপর দাওয়ার ও ক্রোক করিবার আপত্তির অনুসন্ধান লওয়ার কথা।

কিন্তু ইচ্ছাপূর্ব্বক কিম্বা অনাবশ্যকমতে সেই দাওয়া কি আপত্তি করিতে বিলম্ব হইয়াছে, আদালতের এমত বোধ হইলে তদ্রূপ অনুসন্ধান লওয়া যাইবে না।

যে সম্পত্তির উপর ঐ দাওয়া কি আপত্তি করা যায় তাহার নীলাম হইবার ইশতিহার হইয়া থাকিলে, নীলামের আজ্ঞাকারক আদালত ঐ দাওয়ার কি আপত্তির অনুসন্ধান হওনের অপেক্ষায় ঐ নীলাম স্থগিত রাখিতে পারিবেন ইতি।

নীলাম স্থগিত রাখনের কথা।

279. The claimant or objector must adduce evidence to show that at the date of the attachment he had some interest in, or was possessed of, the property attached.

Evidence to be adduced by claimant

২৭৯ ধারা। সম্পত্তি যে তারিখে ক্রোক করা যায় সেই তারিখে সেই ক্রোকী সম্পত্তিতে দাওয়াদারের কি আপত্তিকারকের কোন স্বার্থ ছিল, কিম্বা সেই সম্পত্তি তাঁহার অধিকারে ছিল, তাঁহার ইহা দেখাইবার প্রমাণ উপস্থিত করিতে হইবে ইতি।

দাওয়াদারের যে সাক্ষ্য উপস্থিত করিতে হইবে তদ্বিষয়ক কথা।

280. If upon the said investigation the Court is satisfied that, for the reason stated in the claim or objection, such property was not, when attached, in the possession of the judgment-debtor or of some person in trust for him, or in the occupancy of a tenant or other person paying rent to him, or that, being in the possession of the judgment-debtor at such time, it was so in his possession, not on his own account or as his own property, but on account of or in trust for some other person, or partly on his own account and partly on account of some other person, the Court shall pass an order for releasing the property wholly or to such extent as it thinks fit, from attachment.

Release of property from attachment

২৮০ ধারা। ঐ দাওয়া কি আপত্তিপত্রের উল্লিখিত কারণে সেই সম্পত্তি ক্রোক করণ সময়ে ডিক্রীমত খাতকের অধিকারে, কিম্বা তাঁহার পক্ষে ন্যস্তস্বরূপ অন্য ব্যক্তির অধিকারে, কিম্বা তাঁহাকে যে প্রজা কি অন্য ব্যক্তি খাজানা দিয়া থাকেন তাঁহার অধিকারে ছিল না, কিম্বা সেই সময়ে ডিক্রীমত খাতকের অধিকারে থাকিলেও তাঁহার নিজের নিমিত্ত কিম্বা নিজ সম্পত্তি বলিয়া নয় অন্যের নিমিত্ত কিম্বা অন্যের পক্ষে ন্যস্তস্বরূপ, কিম্বা অংশতঃ নিজের ও অংশতঃ অন্যের পক্ষে তাঁহার অধিকারে ছিল, আদালত পূর্ব্বোক্ত অনুসন্ধান লইয়া ইহা হৃদ্বোধমতে জানিলে, ক্রোকহইতে সম্পূর্ণরূপে কিম্বা যত দূর উচিত বোধ করেন তত দূর ঐ সম্পত্তি মুক্ত করিবার আজ্ঞা দিবেন ইতি।

ক্রোকহইতে সম্পত্তি মুক্ত করিবার কথা।

281. If the Court is satisfied that the property was, at the time it was attached, in possession of the judgment-debtor as his own property and not on account of any other person, or was in the possession of some other person in trust for him, or in the occupancy of a tenant or other person paying rent to him, the Court shall disallow the claim.

Disallowance of claim to release of property attached

২৮১ ধারা। ঐ সম্পত্তি ক্রোক করণ সময়ে অন্য কাহারো নিমিত্ত না হইয়া ডিক্রীমত খাতকের নিজ সম্পত্তি বলিয়া তাঁহার অধিকারে, কিম্বা তাঁহার পক্ষে ন্যস্তস্বরূপ অন্য ব্যক্তির অধিকারে ছিল, কিম্বা তাঁহাকে যে প্রজা কি অন্য ব্যক্তি খাজানা দিয়া থাকেন তাঁহার অধিকারে ছিল, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ দাওয়া অগ্রাহ্য করিবেন ইতি।

ক্রোক করা সম্পত্তির মুক্ত হওয়ার দাওয়া অগ্রাহ্য করিবার কথা।

282. If the Court is satisfied that the property is subject to a mortgage or lien in favour of some person not in possession, and thinks fit to continue the attachment, it may do so, subject to such mortgage or lien.

Continuance of attachment subject to claim of incumbrancer.

283. The party against whom an order under section 280, 281, or 282 is passed may institute a suit to establish the right which he claims to the property in dispute, but subject to the result of such suit, if any, the order shall be conclusive.

Saving of suits to establish right to attached property.

284. Any Court may order that any property which has been attached, or such portion thereof as may seem necessary to satisfy the decree, shall be sold, and that the proceeds of such sale, or a sufficient portion thereof, shall be paid to the party entitled under the decree to receive the same.

Power to order property attached to be sold, and proceeds be paid to person entitled.

285. Where property not in the custody of any Court has been attached in execution of decrees of more Courts than one, the Court which shall receive or realize such property and shall determine any claim thereto and any objection to the attachment thereof shall be the Court of highest grade, or where there is no difference in grade between such Courts, the Court under whose decree the property was first attached.

Property attached in execution of decrees of several Courts.

G.—Of Sale and Delivery of Property.

(a)—General Rules.

286. Sales in execution of decrees shall be conducted by an officer of the Court or by any other person whom the Court may appoint, and, except as provided in section 296, shall be made by public auction in manner hereinafter mentioned.

Sales by whom conducted and how made.

287. When any property is ordered to be sold by public auction in execution of a decree, the Court shall cause a proclamation of the intended sale to be made in the language of such Court. Such proclamation shall state the time and place of sale; and shall specify as fairly and accurately as possible—

Proclamation of sales by public auction.

(*a*) the property to be sold;

২৮২ ধারা। ঐ সম্পত্তি বন্ধকক্রমে, কিম্বা যাঁহার অধিকারে নাই এমত কোন ব্যক্তির কোন স্বত্বাধীনে অন্যের অধিকারে আছে, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, ও ক্রোক প্রবল রাখা উচিত বোধ করিলে, ঐ বন্ধক কি ঐ অন্য ব্যক্তির স্বত্বপ্রবল রাখিয়া ঐ সম্পত্তি ক্রোকী অবস্থায় রাখিবেন ইতি।

অন্য ব্যক্তির দাওয়ার অধীনে সম্পত্তি ক্রোক করিবার কথা।

২৮৩ ধারা। ২৮০ কি ২৮১ কি ২৮২ ধারামত কোন আজ্ঞা যাঁহার বিপক্ষে করা যায়, তিনি বিবাদীয় সম্পত্তির উপর যে স্বত্বের দাওয়া রাখেন, তাহা স্থাপনার্থে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, কিন্তু ঐ মোকদ্দমার যে ফল হয় তাহা প্রবল মানিয়া উক্ত আজ্ঞা সিদ্ধান্ত হইবে ইতি।

ক্রোকী সম্পত্তির উপর স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা হইতে পারিবার কথা।

২৮৪ ধারা। যে সম্পত্তি ক্রোক করা গিয়াছে কোন আদালত ঐ সম্পত্তি, কিম্বা ডিক্রীমত কার্য্য সাধন করিবার জন্যে তাহার যে অংশ বিক্রয় করা আবশ্যক সেই অংশ বিক্রয় করিবার, ও তদুৎপন্ন টাকা কিম্বা তাহার উপযুক্ত অংশ ডিক্রীমতে পাইবার স্বত্ববান ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ক্রোক করা সম্পত্তি বিক্রয় করিয়া স্বত্ববান ব্যক্তিদিগকে টাকা দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

২৮৫ ধারা। একের অধিক আদালতের ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি ক্রোক করা গেলে ও সেই সম্পত্তি কোন আদালতে আটক না থাকিলে, ঐ২ আদালতের মধ্যে যেটি উচ্চতম শ্রেণীর, সেই আদালত, কিম্বা ঐ২ আদালতের শ্রেণীর ইতরবিশেষ না থাকিলে, যে আদালতের ডিক্রীমতে সম্পত্তি প্রথম ক্রোক করা যায় সেই আদালত ঐ সম্পত্তি গ্রহণ বা আদায় করিবেন, ও তৎপক্ষে কোন দাওয়া ও ক্রোক করণবিষয়ক কোন আপত্তি নির্ণয় করিবেন ইতি।

নানা আদালতের ডিক্রীজারীক্রমে সম্পত্তি ক্রোক হইলে তদ্বিষয়ক কথা।

ছ।—সম্পত্তি বিক্রয় ও সমর্পণ করণ বিষয়ক বিধি।

(ক)—সাধারণ বিধি।

২৮৬ ধারা। আদালতের কোন এক জন কার্য্যকারকের দ্বারা, কিম্বা আদালত অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার দ্বারা ডিক্রীজারীক্রমে বিক্রয় হইবে, এবং ২৯৬ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন নিম্নলিখিতমতে প্রকাশ্য নীলাম করিয়া বিক্রয় করা যাইবে ইতি।

যাঁহার দ্বারা যে রূপে নীলাম হইবে তাহার কথা।

২৮৭ ধারা। ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি প্রকাশরূপে নীলাম করিবার আজ্ঞা হইলে, আদালত নিজ আদালতের চলিত ভাষায় ঐ প্রস্তাবিত নীলামের কথা ঘোষণা করাইবেন। যে সময়ে ও যে স্থানে নীলাম হইবে ঘোষণাপত্রের মধ্যে তাহা ব্যক্ত থাকিবে ও নিম্নলিখিত কথা সাধ্যানুসারে স্পষ্ট ও শুদ্ধরূপে নির্দ্দিষ্ট করা যাইবে।

নীলাম দ্বারা বিক্রয়ের ঘোষণার কথা।

(ক) যে সম্পত্তি নীলাম হইবে তাহা।

(*b*) the revenue assessed upon the estate or part of the estate, when the property to be sold is an interest in an estate or a part of an estate paying revenue to Government;

(*c*) any incumbrance to which the property is liable;

(*d*) the amount for the recovery of which the sale is ordered; and

(*e*) every other thing which the Court considers material for the purchaser to know in order to judge of the nature and value of the property.

For the purpose of ascertaining the matters so to be specified, the Court may summon any person whom it thinks necessary, and examine him in respect to any such matters, and require him to produce any document in his possession or power relating thereto.

Rules to be made by High Court.

The High Court shall, as soon as may be after this Code comes into force, make rules for the guidance of the Courts in exercise of their duties under this section. The High Court may from time to time alter any rules so made. All such rules shall be published in the local official Gazette and shall thereupon hvae the force of law. As regards his own Court and the Court of Small Causes at Rangoon the Recorder of Rangoon shall be deemed to be a 'High Court' within the meaning of this paragraph.

Nothing in this section shall apply to cases in which the execution of the decree has been transferred to the Collector.

Indemnity of judges, &c.

288. No judge or other public officer shall be answerable for any error, misstatement or omission in any proclamation under section 287 unless the same has been committed or made dishonestly.

Mode of making proclamation.

289. The proclamation shall be made in manner prescribed by section 274, on the spot where the property is attached.

If the Court so direct, such proclamation shall also be published in the local official Gazette and in some local newspaper, and the costs of such publication shall be deemed to be costs of the sale.

Time of sale.

290. Except in the case of property mentioned in the proviso to section 269, no sale under this chapter shall, without the consent in writing of the judgment-debtor, take place until after the expiration

(খ) যে সম্পত্তি নীলাম করা যাইবে তাহা গবর্ণমেণ্টের রাজস্বদায়ি মহালগত কিম্বা মহালের একাংশগত স্বার্থ হইলে, ঐ মহালের কিম্বা সেই অংশের যত রাজস্ব ধার্য্য আছে তাহা।

(গ) ঐ সম্পত্তির উপর কোন দায় থাকিলে তাহা।

(ঘ) যত টাকা আদায়ের জন্যে নীলামের আজ্ঞা হয় তাহা। ও

(ঙ) সম্পত্তির ভাব ও মূল্য বুঝিয়া লইবার জন্যে আদালতের বিবেচনায় ক্রেতার আর যে২ কথা জানা প্রয়োজন তাহা।

উক্ত যে২ বিষয় বিশেষ করিয়া লিখিতে হইবে তাহা নিশ্চয়মতে জানিয়া লইবার জন্যে, আদালত যাঁহাকে আবশ্যক বোধ করেন তাঁহার নামে সমন দিয়া উক্ত কোন বিষয়ে তাঁহাকে জিজ্ঞাসাবাদ করিতে, ও সেই বিষয়সম্পর্কীয় যে কোন দলীল তাঁহার নিকটে কিম্বা অধিকারে থাকে তাহা উপস্থিত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

হাই কোর্টের বিধি করিবার কথা।

এই আইন প্রচলিত হওনের পর হাই কোর্ট সাধ্যমতে ত্বরায় এই ধারামতে নানা আদালতের কর্ত্তব্য কার্য্যের পদ্ধতি দর্শাইবার বিধি করিবেন। ও তদ্রূপে যে২ বিধি করা যায় হাই কোর্ট সময়ে২ তাহা পরিবর্ত্তনও করিতে পারিবেন। উক্ত সকল বিধি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলে তাহা আইনের তুল্য বলবৎ হইবে। এই প্রকরণের তাৎপর্য্যাক্রমে রাঙ্গুনের রিকার্ডর সাহেবকে আপনার আদালতের ও রাঙ্গুনের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের পক্ষে "হাই কোর্ট" বলিয়া জ্ঞান করিতে হইবে।

কোন মোকদ্দমার ডিক্রী জারী করিবার কার্য্য কালেক্টর সাহেবের হস্তগত করা গেলে, এই ধারার কোন কথা বর্ত্তিবে না ইতি।

বিচারপতি প্রভৃতির নিষ্কৃতি পাইবার কথা।

২৮৮ ধারা। ২৮৭ ধারামত ঘোষণাপত্রের মধ্যে কোন ভ্রম কি অযথা বর্ণনা কি চুক থাকিলেও, তাহা কুটিলভাবে করা না গেলে, তজ্জন্যে কোন বিচারপতি কি রাজকীয় অন্য কার্য্যকারক দায়া হইবেন না ইতি।

ঘোষণা যেরূপে করা যাইবে তাহার কথা।

২৮৯ ধারা। সম্পত্তি যে স্থানে ক্রোক করা যায় সেই স্থানে ২৭৪ ধারার বিধানমতে ঘোষণা করা যাইবে।

আদালত আজ্ঞা করিলে, স্থানবিশেষের রাজকীয় গেজেটে এবং স্থানীয় কোন সম্বাদপত্রেও সেই ঘোষণাপত্র প্রকাশ করা যাইবে, ও তাহা প্রকাশ করিবার খরচ নীলামের খরচ বলিয়া জ্ঞান হইবে ইতি।

নীলাম হইবার সময়ের কথা।

২৯০ ধারা। ২৬৯ ধারার উপবিধিতে যে সম্পত্তির উল্লেখ হইয়াছে তদ্ভিন্ন অন্য প্রকারের দ্রব্য, অর্থাৎ স্থাবর সম্পত্তি হইলে, যে বিচারপতি নীলাম করিতে আজ্ঞা করেন তাঁহার আদা-

of at least thirty days in the case of immoveable property, and of at least fifteen days in the case of moveable property, calculated from the date on which the notification has been affixed in the Court-house of the Judge ordering the sale.

291. The officer conducting any sale under this chapter may in his discretion adjourn the sale, recording his reasons for such adjournment: Provided that when the sale is made in or within the precincts of the Court-house no such adjournment shall be made without the leave of the Court. Every such sale shall be stopped if, before the lot is knocked down, the debt and costs (including the costs of the sale) are tendered to such officer, or proof is given to his satisfaction that the amount of such debt and costs has been paid into the Court that ordered the sale.

Power to adjourn sale.

Stoppage of sale on tender of debt and costs, or on proof of payment.

292. No officer having any duty to perform in connection with any sale under this chapter shall either directly or indirectly bid for, acquire, or attempt to acquire, any interest in any property sold at such sale.

Officers concerned in execution sales not to bid for or buy property sold.

293. The deficiency of price (if any) which may happen on a re-sale under this Code by reason of the purchaser's default, and all expenses attending such re-sale, shall be certified to the Court by the officer holding the sale,

Defaulting purchaser answerable for loss by re-sale.

and shall, at the instance of either the judgment-creditor or the judgment-debtor, be recoverable from the defaulter under the rules contained in this chapter for the execution of a decree for money.

294. No holder of a decree in execution of which property is sold, shall, without the express permission of the Court, bid for or purchase the property.

Decree-holder not to bid for or buy property without permission.

When a decree-holder purchases with such permission, the purchase-money and the amount due on the decree may, if he so desires, be set off against one another, and the Court executing the

If decree-holder purchase, amount of decree may be taken as payment

লত ঘরে ঐ জ্ঞাপনপত্র লাগাইয়া দিবার তারিখ অবধি অন্যূন ত্রিশ দিন গত না হইলে, ও অস্থাবর সম্পত্তি হইলে অন্যূন পঞ্চদশ দিন গত না হইলে, ডিক্রীমত খাতকের লিখিত অনুমতি বিনা এই অধ্যায়মতে নীলাম করা যাইবে না ইতি।

২৯১ ধারা। যে কার্য্যকারক এই অধ্যায়মত নীলামের কার্য্য চালান, তিনি আপনার বিবেচনামতে অন্য দিনপর্য্যন্ত নীলাম স্থগিত রাখিতে পারিবেন ও তাহার হেতু লিপিবদ্ধ করিবেন। কিন্তু আদালতঘরের কি বাড়ীর সীমার মধ্যে নীলাম হইলে, আদালতের অনুমতি বিনা অন্য দিন পর্য্যন্ত নীলাম স্থগিত করা যাইবে না। ও লাট বিক্রয় হওন সূচক ঘা মারিবার পূর্ব্বে ঐ কার্য্যকারকের নিকট ঋণ ও (নীলামের খরচা সুদ্ধ) খরচা দিবার প্রস্তাব হইলে, কিম্বা যে আদালত নীলামের আজ্ঞা করিলেন সেই আদালতে ঐ ঋণের ও খরচার টাকা দেওয়া গিয়াছে তিনি ইহার হৃদ্বোধজনক প্রমাণ পাইলে, উক্ত নীলাম স্থগিত হইবে ইতি।

নীলামের দিনান্তর নিরূপণ করিবার কথা।

ঋণ ও খরচা দিবার প্রস্তাব হইলে ও দেওয়ার প্রমাণ হইলে নীলাম স্থগিত করণের কথা।

২৯২ ধারা। এই অধ্যায়মত কোন নীলাম সম্পর্কে যে কার্য্যকারকের কোন কর্ম্ম করিতে হয় তিনি ঐ নীলামে বিক্রীত কোন সম্পত্তিগত কোন স্বার্থের নিমিত্ত স্পষ্টরূপে কি চক্রান্তে ডাকিবেন না, ও কোন স্বার্থপ্রাপ্ত হইবেন না, ও প্রাপ্ত হইতে চেষ্টা করিবেন না ইতি।

ডিক্রীজারীক্রমে নীলামে যে কার্য্যকারকদের সম্পর্ক থাকে বিক্রীত সম্পত্তির নিমিত্ত তাঁহাদের না ডাকিবার ও তাহা ক্রয় না করিবার কথা।

২৯৩ ধারা। ক্রয়ের টাকা দেওনে ক্রেতার ত্রুটিহেতুক এই আইনমতে সম্পত্তি পুনশ্চ বিক্রয় হইয়া পূর্ব্বাপেক্ষা ন্যূন মূল্য পাওয়া গেলে, যে কার্য্যকারক নীলাম করেন তিনি আদালতে মূল্যের ন্যূনতা ও পুনশ্চ বিক্রয়ের সমস্ত খরচ শংসিতমতে জানাইবেন,

পুনশ্চ বিক্রয় হইয়া কম মূল্য পাওয়া গেলে ত্রুটিকারি ক্রেতার দায়ী হইবার কথা।

এবং এই অধ্যায়ে টাকার ডিক্রী জারী করিবার যে বিধি আছে, ডিক্রীমত মহাজনের কিম্বা ডিক্রীমত খাতকের অনুরোধে, অবশিষ্ট টাকা ও খরচা সেই বিধিমতে ত্রুটিকারের স্থানে আদায় করা যাইতে পারিবে ইতি।

২৯৪ ধারা। যে ডিক্রী জারীক্রমে সম্পত্তি বিক্রয় করা যায়, সেই ডিক্রীদার আদালতের স্পষ্ট অনুমতি না পাইলে, ঐ সম্পত্তির নিমিত্ত ডাকিবেন না ও ঐ সম্পত্তি ক্রয় করিবেন না।

ডিক্রীদার অনুমতি না পাইলে সম্পত্তির নিমিত্ত ডাকিতে কি সম্পত্তি ক্রয় করিতে না পারিবার কথা।

ডিক্রীদার যদি সেই অনুমতি পাইয়া ক্রয় করেন, তবে তাঁহার ইচ্ছা থাকিলে, ক্রয়ের টাকা ও ডিক্রীমত তাঁহার পাওনা টাকা এই উভয়ের এক হইতে এক বাদ দেওয়া যাইতে পারিবে, ও যে আদালত ডিক্রী জারী

ডিক্রীদার ক্রয় করিলে মূল্য পরিশোধে ডিক্রীর টাকা লওয়ার কথা।

decree shall enter up satisfaction of the decree in whole or in part accordingly.

Proceeds of execution sale to be divided rateably among decree-holders.

295. Whenever assets are realized by sale or otherwise in execution of a decree, and more persons than one have, prior to the realization, applied to the Court by which such assets are held for execution of decrees for money against the same judgment-debtor, and have not obtained satisfaction thereof, the assets, after deducting the costs of the realization, shall be divided rateably among all such persons:

Proviso where property is sold subject to mortgage.

Provided that, when any property is sold subject to a mortgage, or charge, the mortgagee or incumbrancer shall not be entitled to share in any surplus arising from such sale:

Provided also that when any property liable to be sold in execution of a decree is subject to a mortgage or charge, the Court may, with the assent of the mortgagee or incumbrancer, order that the property be sold free from the mortgage or charge giving to the mortgagee or incumbrancer the same right against the proceeds of the sale as he had against the property sold.

If all or any of such assets be paid to a person not entitled to receive the same, any person so entitled may sue such person to compel him to refund the assets.

Nothing in this section affects any right of the Government.

(b).—Rules as to Moveable Property.

Rules as to negotiable securities and shares in public Companies.

296. If the property to be sold be a negotiable instrument or a share in any public Company or Corporation, the Court may, instead of directing the sale to be made by public auction, authorize the sale of such instrument or share through a broker at the market-rate of the day.

Payment for moveable property sold.

297. In the case of other moveable property, the price of each lot shall be paid for at the time of sale, or as soon after as the officer holding the sale directs, and in default of payment, the property shall forthwith be again put up and sold.

করেন তিনি তদনুসারে ডিক্রীর সমুদয় টাকা কি তাহার একাংশ শোধ হওয়ার কথা লিখিয়া দিবেন ইতি।

ডিক্রী জারীক্রমে নীলাম হইয়া যে টাকা উৎপন্ন হয় তাহা হারহারিমতে ডিক্রী-দারদের মধ্যে বাঁটিয়া দিবার কথা।

২৯৫ ধারা। ডিক্রী জারীক্রমে সম্পত্তির নীলাম হইয়া কিম্বা অন্য প্রকারে টাকা আদায় হইলে, এবং যে আদালতের নিকট ঐ ধন থাকে ঐ টাকা আদায় হইবার পূর্ব্বে একের অধিক ব্যক্তি সেই আদালতে ডিক্রীমত একি খাতকের বিপক্ষে টাকার ডিক্রী জারী করিবার প্রার্থনা করিয়া থাকিলে, ও আপনারদের প্রাপ্ত সেই ডিক্রীর শোধ পাইতে না পারিলে সেই ধন আদায় করিবার খরচ বাদ দিয়া যাহা উদ্বর্ত্ত থাকে তাহা হার-হারিমতে ঐ সকল ব্যক্তির মধ্যে বাঁটিয়া দেওয়া যাইবে।

বন্ধকী সম্পত্তি বিক্রয় হইলে তদ্বিষয়ক উপবিধি।

পরন্তু কোন সম্পত্তি বন্ধকের কি অন্য প্রকারের দায়-যুক্ত হইয়া বিক্রয় হইলে, বন্ধকগ্রহীতা কিম্বা ঐ দায়-ক্রমে লভ্যপ্রাপ্ত ব্যক্তি ঐ বিক্রয়োৎপন্ন টাকার উদ্বর্ত্তের কোন অংশ পাইবার স্বত্ববান হইবেন না।

আরো ডিক্রীজারীক্রমে যে সম্পত্তি বিক্রয় হইবার যোগ্য তাহার উপর বন্ধকের কি অন্য প্রকারের দায় থাকিলে, আদালত বন্ধকগ্রহীতার কিম্বা দায়ক্রমে লভ্য প্রাপ্তার অনুমতিক্রমে, ঐ সম্পত্তি বন্ধক ও দায়-হইতে মুক্তভাবে বিক্রয় করিবার আজ্ঞা করিয়া বিক্রীত সম্পত্তির উপর বন্ধকগ্রহীতার কিম্বা দায়ক্রমে লভ্য প্রাপ্তার যে স্বত্ব ছিল, নীলাম দ্বারা উৎপন্ন টাকার উপর তাঁহার প্রতি সেই স্বত্ব প্রদান করিবেন।

ঐ উৎপন্ন টাকা পাইতে যাঁহার স্বত্ব নাই এমত ব্যক্তিকে তৎসমুদয় কি তাহার কোন অংশ দেওয়া গিয়া থাকিলে, পূর্ব্বোক্তমতে যে ব্যক্তির স্বত্ব আছে তিনি ঐ টাকা ফিরিয়া দেওয়াইবার জন্যে সেই অন্য ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারি-বেন।

এই ধারার কোন কথাক্রমে গবর্ণমেণ্টের কোন স্বত্বের ব্যাঘাত হইবে না ইতি।

(খ)।—অস্থাবর সম্পত্তি বিষয়ক বিধি।

ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র ও প্রকাশ্য কোম্পানির শ্যারের বিধি।

২৯৬ ধারা। যে সম্পত্তি বিক্রয় করিতে হইবে তাহা ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির কি সমাবারিত সমাজের শ্যার হইলে, আদালত সেই পত্র প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করিতে আজ্ঞা না দিয়া, দালালের দ্বারা বাজার দরে ঐ নিদর্শনপত্র কি শ্যার বিক্রয় করি-বার অনুমতি দিতে পারিবেন ইতি।

অস্থাবর সম্পত্তি বিক্রয় হইলে তাহার টাকা দিবার কথা।

২৯৭ ধারা। অন্য প্রকারের অস্থাবর সম্পত্তি হইলে, বিক্রয় হইবার সময়েই কিম্বা যে কার্য্যকারক নীলাম করেন তিনি তাহার পর যত শীঘ্র আজ্ঞা করেন তৎ-কালেই, এক২ লাটের মূল্য দেওয়া যাইবে। না দেওয়া গেলে সম্পত্তি তৎক্ষণাৎ পুনরায় নীলামে ধরিয়া বিক্রয় করা যাইবে।

On payment of the purchase-money, the officer holding the sale shall grant a receipt for the same, and the sale shall become absolute.

298. No irregularity in publishing or conducting the sale of moveable property shall vitiate the sale; but any person sustaining any injury by reason of such irregularity at the hand of any other person may institute a suit against him for compensation, or (if such other person be the purchaser) for the recovery of the specific property and for compensation in default of such recovery.

Irregularity not to vitiate sale of moveable property, but any person injured may sue.

299. When the property sold is a negotiable instrument or other moveable property of which actual seizure has been made, the property shall be delivered to the purchaser.

Delivery of moveable property belonging to defendant actually seized

300. When the property sold is any moveable property to which the judgment-debtor is entitled subject to the possession of some other person, the delivery thereof to the purchaser shall be made by giving notice to the person in possession prohibiting him from delivering possession of the property to any person except the purchaser.

Delivery of moveable property to which judgment debtor is entitled subject to lien.

301. When the property sold is a debt not secured by a negotiable instrument, or is a share in any public Company, the delivery thereof shall be made by a written order of the Court prohibiting the creditor from receiving the debt or any interest thereon, and the debtor from making payment thereof to any person except the purchaser, or prohibiting the person in whose name the share may be standing from making any transfer of the share to any person except the purchaser, or receiving payment of any dividend or interest thereon, and the Manager, Secretary or other proper officer of the Company from permitting any such transfer, or making any such payment to any person except the purchaser.

Delivery of debts and of shares in public Companies

302. If the endorsement or conveyance of the party in whose name a negotiable instrument or a share in any public Company is standing, is required to transfer such instrument or share, the Judge may endorse the instrument or the certificate of the share, or may execute such other document as may be necessary.

Transfer of negotiable instruments and shares.

ক্রয়ের টাকা দেওয়া গেলেই, যে কার্য্যকারক নীলাম করেন তিনি ঐ টাকার রসীদ দিবেন ও বিক্রয় সিদ্ধ হইবে ইতি।

২৯৮ ধারা। অস্থাবর সম্পত্তি বিক্রয় হইবার ইশতিহার দেওনে কি বিক্রয়করণে দাঁড়ার কোন ব্যতিক্রম হইলেও বিক্রয় অসিদ্ধ হইবে না। কিন্তু দাঁড়ার সেই ব্যতিক্রমপ্রযুক্ত কোন ব্যক্তি অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হইলে, তাঁহার নামে হানিপূরণার্থ মোকদ্দমা, কিম্বা সেই ব্যক্তি ক্রেতা হইলে ঐ বিশেষ সম্পত্তি ফিরিয়া পাইবার ও না পাওয়া গেলে হানিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

অস্থাবর সম্পত্তি বিক্রয়কালে দাঁড়ার দোষ হইলে বিক্রয় অসিদ্ধ না হইবার, কিন্তু ক্ষতিগ্রস্ত ব্যক্তির নালিশ করিতে পারিবার কথা।

২৯৯ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র বা অন্য অস্থাবর সম্পত্তি হইলে, ও তাহা ধৃত করিয়া লওয়া গেলে, ক্রেতাকে ঐ সম্পত্তি দেওয়া যাইবে ইতি।

প্রতিবাদির অস্থাবর সম্পত্তি ধৃত হইলে তাহা দিবার কথা।

৩০০ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা অস্থাবর হইলে, ও অন্য কোন ব্যক্তির অধিকারের পর ডিক্রীমত খাতকের অধিকার পাইবার স্বত্ব থাকিলে, ঐ সম্পত্তি যে ব্যক্তির অধিকারে থাকে তিনি ক্রেতাভিন্ন কোন ব্যক্তিকে যেন ঐ সম্পত্তির অধিকার না দেন, তাঁহার নামে এই মর্ম্মের নোটিস দিয়া ক্রেতাকে ঐ সম্পত্তি দেওয়া যাইবে ইতি।

ডিক্রীমত খাতক অন্যের দাওয়ার অধীনে যে অস্থাবর সম্পত্তির স্বত্ববান হন তাহা দিবার কথা।

৩০১ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্ররূপ প্রতিভূক্রমে যে ঋণ রক্ষিত না হয় এমত ঋণ কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির শ্যার লইয়া ঐ বিক্রীতসম্পত্তি হইলে, মহাজন ঐ ঋণ কি তাহার উপর কোন সুদ যেন গ্রহণ না করেন ও খাতক ক্রেতাভিন্ন কোন ব্যক্তিকে ঐ ঋণ শোধ করিয়া না দেন, অথবা ঐ শ্যার যে ব্যক্তির নামে থাকে তিনি ক্রেতাভিন্ন কোন ব্যক্তির নামে তাহা হস্তান্তর করিয়া না দেন, কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড কি সুদ গ্রহণ না করেন, ও ঐ কোম্পানির কার্য্যাধ্যক্ষ কি সেক্রেটরী কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ক্রেতাভিন্ন কোন কাহাকেও তাহা হস্তান্তর করিয়া না দেন ও পূর্ব্বোক্ত কোন টাকা না দেন, আদালত এই মর্ম্মের নিষেধসূচক আজ্ঞা লিখিয়া দিয়া ক্রেতাকে ঐ ঋণ কি শ্যার দেওয়াইবেন ইতি।

ঋণ ও প্রকাশ্য কোম্পানির শ্যার দেওয়াইবার কথা।

৩০২ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির শ্যার যে ব্যক্তির নামে থাকে, হস্তান্তর করিবার জন্যে ঐ ব্যক্তির সেই নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি কিম্বা হস্তান্তরকরণপত্র লিখিয়া দেওয়া প্রয়োজন হইলে, বিচারপতি সেই নিদর্শনপত্রের কিম্বা শ্যারের সর্টিফিকটের পৃষ্ঠলিপি লিখিতে, কিম্বা অন্য যে দলীল করা আবশ্যক তাহাতে স্বাক্ষর করিতে পারিবেন।

ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র ও শ্যার হস্তান্তর করিয়া দিবার কথা।

The endorsement or execution shall be in the following form or to the like effect:—"*A. B.* by *C. D.*, Judge of the Court of (*or as the case may be*); *in a suit by E. F.* against *A. B.*"

সেই পৃষ্ঠলিপি কি সেই স্বাক্ষর এই পাঠে কি ইহার মর্ম্মানুসারে করা যাইবে, যথা, "আনন্দের নামে ঈশানের মোকদ্দমায় অমুক আদালতের জজ (কিম্বা বিষয়-বিশেষে) ঐ অমুকের দ্বারা ঐ আনন্দ।"

Until the transfer of such instrument or share, the Court may, by order, appoint some person to receive any interest or dividend due thereon, and to sign a receipt for the same; and any endorsement made or document executed or receipt signed as aforesaid shall be as valid and effectual for all purposes, as if the same had been made or executed or signed by the party himself.

সেই নিদর্শনপত্র কি শেয়ার যত দিন হস্তান্তর করিয়া না দেওয়া যায়, তাহার উপর যে সুদ কি ডিবিডেণ্ড পাওনা হয় আদালত আজ্ঞা করিয়া তত দিনের নিমিত্ত ঐ সুদ কি ডিবেডেণ্ড লইবার ও তাহার রসীদে স্বাক্ষর করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। ও উক্ত প্রকারে যে পৃষ্ঠলিপি করা যায় কিম্বা দলীলে যে দস্তখৎ করা যায় কিম্বা রসীদে যে স্বাক্ষর করা যায় তাহা সকল কার্য্যপক্ষে নিজ ঐ পক্ষের দ্বারা লেখার কি দস্তখৎ করার কি স্বাক্ষর করার ন্যায় সিদ্ধ ও সফল হইবে ইতি।

303. In the case of any moveable property not hereinbefore provided for, the Court may make an order vesting such property in the purchaser or as he may direct; and such property shall vest accordingly.

Vesting order in case of other property.

৩০৩ ধারা। ইহার পূর্ব্বে যে অস্থাবর সম্পত্তির কোন বিধান হয় নাই এমত সম্পত্তি হইলে, আদালত ক্রেতার প্রতি, কিম্বা ক্রেতা যে প্রকারে আদেশ করেন সেই প্রকারে, সেই সম্পত্তি বর্ত্তিবার আজ্ঞা করিতে পারিবেন। ও তদনুসারে সম্পত্তি বর্ত্তিবে ইতি।

অন্য সম্পত্তির অর্পণ করণ সূচক আজ্ঞার কথা।

(c).—*Rules as to Immoveable Property.*

(গ)—স্থাবর সম্পত্তি বিষয়ক বিধি।

304. Sales of immoveable property in execution of a decree may be ordered by any Court other than a Court of Small Causes.

Sales of land by Court not inferior to a District Court.

৩০৪ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতভিন্ন কোন আদালত ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

জিলার আদালতের অনধীন আদালতের দ্বারা ভূমি বিক্রয়ের কথা।

305. When an order for the sale of immoveable property has been made, if the judgment-debtor can satisfy the Court that there is reason to believe that the amount of the decree may be raised by mortgage or lease or private sale of such property, or some part thereof, or of any other immoveable property of the judgment-debtor, the Court may on his application postpone the sale of property comprised in the order for sale for such period as it thinks proper, to enable him to raise the amount.

Postponement of sale of land to enable defendant to raise amount of decree.

৩০৫ ধারা। স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা করা গেলে, এবং ঐ সম্পত্তি কি তাহার একাংশ কিম্বা ডিক্রীমত খাতকের অন্য স্থাবর সম্পত্তি বন্ধক কিম্বা পাট্টা করিয়া দিলে কিম্বা আপোসে বিক্রয় করিলে, ডিক্রীর টাকা তুলিতে পারা যাইবে, ডিক্রীমত খাতক এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, তিনি যেন সেই টাকা তুলিতে পারেন এই কারণে তাঁহার প্রার্থনামতে আদালত যত দিন উচিত বোধ করেন তত দিন ঐ নীলামের আজ্ঞাপত্রের উল্লিখিত সম্পত্তির বিক্রয় বিলম্ব করিতে পারিবেন।

প্রতিবাদী যেন ডিক্রীর টাকা তুলিতে পারেন এই কারণে বিলম্বে ভূমি বিক্রয়ের কথা।

In such case the Court shall grant a certificate to the judgment-debtor authorizing him, within a period to be mentioned therein, to make the proposed mortgage, lease, or sale: provided that all moneys payable under such mortgage, lease or sale, shall be paid into Court and not to the judgment-debtor.

Certificate to judgment-debtor.

তদ্রূপ স্থলে আদালত ডিক্রীমত খাতককে সর্টিফিকট দিয়া, তাঁহাকে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তাবিতমতে ঐ ভূমি বন্ধক কিম্বা পাট্টা করিয়া দিতে কি বিক্রয় করিতে অনুমতি দিবেন। কিন্তু ঐ বন্ধক কি পাট্টা কি বিক্রয়ক্রমে যে সকল টাকা দেয় হয় তাহা আদালতে দিতে হইবে, ডিক্রীমত খাতককে নয়।

ডিক্রীমত খাতককে সর্টিফিকট দিবার কথা।

Where such certificate has been granted and so long as it remains in force, the provisions of section 248 shall not apply.

তদ্রূপ সর্টিফিকট দেওয়া গেলে, তাহা যত দিন প্রবল থাকে ২৪৮ ধারার বিধান তত দিন খাটিবে না ইতি।

Deposit by purchaser of immoveable property.

306. On every sale of immoveable property under this chapter, the persou declared to be the purchaser shall pay immediately after such declaration a deposit of twenty-five per centum on the amount of his purchase-money to the officer conducting the sale, and, in default of such deposit, the property shall forthwith be put up again and sold.

স্থাবর সম্পত্তির ক্রেতার আমানতের কথা।

৩০৬ ধারা। এই অধ্যায়মতে স্থাবর সম্পত্তি বিক্রয় করা গেলে, কোন ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা গেলেই তিনি, যে কার্য্যকারক নীলাম করিতেছেন তাঁহার নিকট ক্রয়ের টাকার শতকরা পঁচিশ টাকা আমানৎ করিবেন। ঐ টাকা আমানৎ না করিলে ঐ সম্পত্তি তৎক্ষণাৎ পুনরায় নীলামে ধরা গিয়া বিক্রয় করা যাইবে ইতি।

Time for payment in full.

307. The full amount of purchase-money shall be paid by the purchaser before the Court closes on the fifteenth day after the sale of the property, exclusive of such day, or if the fifteenth day be a Sunday or other holiday, then on the first office day after the fifteenth day.

সমুদয় টাকা দিবার সময়ের কথা।

৩০৭ ধারা। সম্পত্তি বিক্রয় হইবার দিনছাড়া পঞ্চদশ দিনে, ও সেই পঞ্চদশ দিন রবিবার কিম্বা অন্য বন্ধের দিন হইলে ঐ পঞ্চদশ দিনের পর প্রথম যে দিনে কাছারী খোলা থাকে সেই দিনে ক্রেতা কাছারী বন্ধ হইবার পূর্ব্বে ক্রয়ের সমস্ত টাকা দিবেন ইতি।

Procedure in default of payment.

308. In default of payment within the period mentioned in the last preceding section, the deposit, after defraying the expenses of the sale, shall be forfeited to Government, and the property shall be re-sold, and the defaulting purchaser shall forfeit all claim to the property or to any part of the sum for which it may subsequently be sold.

টাকা দেওয়া না গেলে কার্য্যপ্রণালীর কথা।

৩০৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত মিয়াদের মধ্যে ঐ টাকা না দেওয়া গেলে, আমানতী টাকা-হইতে নীলামের খরচ বাদ দিয়া অবশিষ্ট টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও ঐ সম্পত্তি পুনশ্চ বিক্রয় করা যাইবে, ও ঐ সম্পত্তির উপর কিম্বা পশ্চাৎ তাহা যত টাকাতে বিক্রয় হয় তাহার কোন অংশের উপর ত্রুটিকারি ক্রেতার কোন দাওয়া থাকিবে না ইতি।

Notification on re-sale of immoveable property.

309. Every re-sale of immoveable property in default of payment of the purchase-money within the period allowed for such payment, shall be made after the issue of a fresh notification in the manner and for the period hereinbefore prescribed for the sale.

স্থাবর সম্পত্তি পুনরায় বিক্রয় করিতে হইলে জ্ঞাপনপত্রের কথা।

৩০৯ ধারা। ক্রয়ের টাকা দিবার মিয়াদের মধ্যে ঐ টাকা না দেওয়াতে স্থাবর সম্পত্তি পুনশ্চ বিক্রয় করিতে হইলে, পূর্ব্ব বিধানমতে নীলামের জ্ঞাপনপত্র যে প্রকারে ও যত দিন প্রকাশ করা যায়, সেই প্রকারে ও তত দিন নূতন জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর ঐ সম্পত্তি পুনশ্চ বিক্রয় করা যাইবে ইতি।

Co-sharer of a share of undivided estate sold in execution to have preference in bidding.

310. When the property sold in execution of a decree is a share of undivided immoveable property, and two or more persons, of whom one is a co-sharer, respectively advance the same sum at any bidding at such sale, such bidding shall be deemed to be the bidding of the co-sharer.

ডিক্রী জারীক্রমে অবিভক্ত মহালের একাংশ বিক্রয় হইলে মূল্য ডাক করণে সহ-অংশির অগ্রগণ্য হওয়ার কথা।

৩১০ ধারা। ডিক্রী জারীক্রমে অবিভক্ত স্থাবর সম্পত্তির একাংশ বিক্রয় হইলে, ও নীলামে ডাক দেওনের সময়ে যদি দুই কি তদধিক জন একি মূল্য ডাকেন ও তাঁহাদের মধ্যে এক জন ঐ সম্পত্তির সহ-অংশী হন, তবে সেই ডাকটি ঐ সহঅংশির ডাক বলিয়া জ্ঞান হইবে ইতি।

Sale of land not set aside on ground of irregularity unless in case of substantial injury.

311. The decree-holder or any person whose immoveable property has been sold under this chapter may apply to the Court to set aside the sale on the ground of a material irregularity in publishing or conducting it;

but no sale shall be set aside on the ground of irregularity unless the applicant proves to the satisfaction of the Court that he has sustained substantial injury by reason of such irregularity.

গুরুতর হানি না হইলে বেদাঁড়াপ্রযুক্ত ভূমি বিক্রয় অসিদ্ধ না হওয়ার কথা।

৩১১ ধারা। ডিক্রীদার কিম্বা এই অধ্যায়মতে যে ব্যক্তির স্থাবর সম্পত্তি নীলাম হয় তিনি, সেই নীলামের কথা প্রকাশ করণে কিম্বা নীলামের কার্য্য চালাওনে গুরুতর বেদাঁড়া হইয়াছে বলিয়া আদালতে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

কিন্তু সেই বেদাঁড়াপ্রযুক্ত প্রার্থকের যে গুরুতর ক্ষতি হইয়াছে, তিনি আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিতে না পারিলে, বেদাঁড়াপ্রযুক্ত নীলাম অসিদ্ধ হইবে না ইতি।

312. If no such application as is mentioned in the last preceding section be made, or if such application be made and the objection be disallowed, the Court shall pass an order confirming the sale as regards the parties to the suit and the purchaser.

Effect of objection being disallowed and of its being allowed.

If such application be made, and if the objection be allowed, the Court shall pass an order setting aside the sale.

No suit to set aside on the ground of such irregularity an order passed under this section shall be brought by the party against whom such order has been made.

৩১২ ধারা। ইহার পূর্ব্ব ধারায় [illegible] প্রার্থনা করা [illegible] কিম্বা করা গেলেও [illegible] অগ্রাহ্য হইলে, আদালত মোকদ্দমার উভয় পক্ষ ও ক্রেতা সম্পর্কে ঐ বিক্রয় সিদ্ধ হওনের আজ্ঞা করিবেন।

আপত্তি অগ্রাহ্য কিম্বা গ্রাহ্য হওয়ার ফলের কথা।

তদ্রূপ প্রার্থনা করা গেলে ও আপত্তি গ্রাহ্য হইলে, আদালত ঐ বিক্রয় অসিদ্ধ হওনের আজ্ঞা করিবেন।

এই ধারামতে যে পক্ষের বিপক্ষে যে আজ্ঞা করা যায়, তিনি সেই আজ্ঞা অসিদ্ধ করিবার জন্যে পূর্ব্বোক্ত বেদাঁড়ার হেতু ধরিয়া কোন মোকদ্দমা উপস্থিত করিবেন না ইতি।

313. The purchaser at any such sale may apply to the Court to set aside the sale on the ground that the person whose property purported to be sold had no saleable interest therein, and the Court may make such order as it thinks fit: provided that no order to set aside a sale shall be made, unless the judgment-debtor and the decree-holder have had opportunity of being heard against such order.

Power to apply to set aside the sale

৩১৩ ধারা। তদ্রূপ কোন নীলামে যে ব্যক্তির সম্পত্তি বিক্রয় করিবার অভিপ্রায় ছিল সেই সম্পত্তিতে তাঁহার বিক্রেয় স্বার্থ ছিল না বলিয়া ক্রেতা আদালতে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন, এবং আদালত যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন। কিন্তু বিক্রয় অসিদ্ধ করিবার আজ্ঞার বিপরীতে ডিক্রীমত খাতকের ও ডিক্রীদারের কথা শুনিবার সুযোগ না হইলে, ঐ বিক্রয় অসিদ্ধ করিবার কোন আজ্ঞা করা যাইবে না ইতি।

বিক্রয় অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবার কথা।

314. No sale of immoveable property shall become absolute until it has been confirmed by the Court.

Confirmation of sale

৩১৪ ধারা। স্থাবর সম্পত্তির নীলাম আদালত কর্ত্তৃক দৃঢ় করা না গেলে একেবারে সিদ্ধ হইবে না ইতি।

বিক্রয় সিদ্ধ করণের কথা।

315. When a sale of immoveable property is set aside under section 312 or 313, or when it is found that the judgment-debtor had no saleable interest in the property which purported to be sold, and the purchaser is for that reason deprived of it,

If sale set aside, price to be returned to purchaser

the purchaser shall be entitled to receive back his purchase money (with or without interest as the Court may direct) from any person to whom the purchase-money has been paid

The repayment of the said purchase money and of the interest (if any) allowed by the Court may be enforced against such person under the rules provided by this Code for the execution of a decree for money.

৩১৫ ধারা। ৩১২ বা ৩১৩ ধারামতে স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ করা গেলে,

বিক্রয় অসিদ্ধ হইলে ক্রেতাকে মূল্য ফিরিয়া দিবার কথা।

কিম্বা যে সম্পত্তি বিক্রয় করিবার অভিপ্রায় ছিল, তাহাতে ডিক্রীমত খাতকের বিক্রেয় স্বার্থ না থাকাতে ক্রেতা তাহাতে বঞ্চিত হইলেন ইহা দৃষ্ট হইলে,

ক্রয়ের টাকা যে ব্যক্তিকে দেওয়া গেল, তাঁহার স্থানে ক্রেতা আদালতের আজ্ঞানুসারে সুদ সহিত কি সুদ বিনা ঐ ক্রয়ের টাকা ফিরিয়া পাইতে অধিকারী হইবেন।

এই আইনে টাকার ডিক্রী জারী করিবার যেং বিধি আছে, ক্রয়ের টাকা ফিরিয়া দেওয়ার এবং আদালত সুদের অনুমতি দিলে সেই সুদ দেওয়ার আজ্ঞা সেইং বিধিমতে ঐ ব্যক্তির উপর প্রবল করা যাইতে পারিবে ইতি।

316. When a sale of immoveable property has become absolute in manner aforesaid, the Court shall grant a certificate stating the name of the person who, at the time of sale, is declared to be the purchaser and the date of such sale.

Certificate to purchaser of immoveable property.

Certificate to state name of actual purchaser

৩১৬ ধারা। স্থাবর সম্পত্তির বিক্রয় পূর্ব্বোক্তমতে সিদ্ধ করা গেলে, আদালত সর্টিফিকট দিবেন। নীলামে যে ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় সর্টিফিকটে তাঁহারই নাম ও বিক্রয়ের তারিখ লেখা যাইবে ইতি।

স্থাবর সম্পত্তির ক্রেতাকে সর্টিফিকট দেওনের কথা।

সর্টিফিকটে প্রকৃত ক্রেতার নাম লিখিবার কথা।

317. No suit shall be maintained against the certified purchaser on the ground that the purchase was made on behalf of any other person, or on behalf of some one through whom such other person claims.

Benámí purchaser not recognized.

Nothing in this section shall bar a suit to obtain a declaration that the name of the certified purchaser was inserted in the certificate fraudulently or without the consent of the real purchaser.

৩১৭ ধারা। অন্য ব্যক্তির নিমিত্ত, কিম্বা ঐ অন্য ব্যক্তি যাঁহার দ্বারা দাওয়া রাখেন তাঁহারই নিমিত্ত ক্রয় করা গেল বলিয়া, সর্টিফিকট প্রাপ্ত ক্রেতার বিপক্ষে কোন মোকদ্দমা গ্রাহ্য হইবে না।

বেনামী খরিদারকে না ধরিবার কথা।

সর্টিফিকটপ্রাপ্ত ক্রেতার নাম প্রতারণাক্রমে কিম্বা প্রকৃত ক্রেতার অনুমতিবিনা যে লেখা গেল, এই ধারাক্রমে এই কথা নির্ণয় করণার্থ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

318. When the property sold is in the occupancy of the judgment-debtor or of some person on his behalf, or of some person claiming under a title created by the judgment-debtor subsequently to the attachment of such property, and a certificate in respect thereof has been granted under section 316, the Court shall, on application by the purchaser, order delivery to be made by putting the purchaser or any person whom he may appoint to receive delivery on his behalf in possession of the property, and, if need be, by removing any person who refuses to vacate the same.

Delivery of immoveable property in occupancy of judgment-debtor.

৩১৮ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা ডিক্রীমত খাতকের কিম্বা তৎপক্ষ অন্য ব্যক্তির অধিকারে থাকিলে, কিম্বা ডিক্রীমত খাতক ঐ সম্পত্তি ক্রোক হওয়ার পরে যে স্বত্ব সৃষ্ট করিলেন সেই স্বত্বক্রমে কোন দাওয়াদারের অধিকারে থাকিলে, ও ৩১৬ ধারামতে তদ্বিষয়ের সর্টিফিকট দেওয়া গেলে, আদালত ক্রেতার প্রার্থনামতে ক্রেতাকে, কিম্বা তিনি আপনার পক্ষে অধিকার লওনের জন্যে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে ঐ সম্পত্তির অধিকার দেওয়াইয়া, ও কোন ব্যক্তি ঐ সম্পত্তি ত্যাগ করিতে সম্মত না হইলে প্রয়োজনমতে তাঁহাকে উঠাইয়া দিয়া, ঐ সম্পত্তি ক্রেতার হস্তগত করিতে আজ্ঞা দিবেন ইতি।

ডিক্রীমত খাতকের অধিকারগত স্থাবর সম্পত্তি দিবার কথা।

319. When the property sold is in the occupancy of a tenant or other person entitled to occupy the same, and a certificate in respect thereof has been granted under section 316, the Court shall order delivery thereof to be made by affixing a copy of the certificate of sale in some conspicuous place on the property, and proclaiming to the occupant by beat of drum or in such other mode as may be customary, at some convenient place, that the interest of the judgment-debtor has been transferred to the purchaser.

Delivery of immoveable property in the occupancy of tenant.

৩১৯ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা প্রজার, কিম্বা অধিকার করিবার স্বত্ববান অন্য ব্যক্তির অধিকারে থাকিলে, ও ৩১৬ ধারামতে তদ্বিষয়ের সর্টিফিকট দেওয়া গিয়া থাকিলে, ঐ সম্পত্তির কোন প্রকাশ স্থানে নীলামের সর্টিফিকটের নকল লাগাইয়া, এবং ঢেঁড়রা দিয়া কিম্বা সচরাচর অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে উপযুক্ত কোন স্থানে, খাতকের সম্পর্ক ক্রেতার প্রতি হস্তান্তর করা গিয়াছে, এই কথ প্রজার নিকট ঘোষণা করাইয়া ঐ সম্পত্তি তাঁহার হস্তগত করিবার আজ্ঞা করিবেন ইতি।

প্রজার অধিকারস্থ স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।

320. The local Government may, with the sanction of the Governor-General in Council, declare by notification in the official Gazette that in any local area the execution of decrees in cases in which a Court has ordered any immoveable property to be sold,

Power to prescribe rules for transferring to Collector execution of decrees sale of land.

or the execution of any particular kind of such decrees,

or the execution of decrees ordering the sale of any particular kind of, or interest in, immoveable property,

shall be transferred to the Collector;

and rescind or modify any such declaration.

৩২০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ইহা নির্দ্দেশ করিতে পারিবেন যে, কোন স্থানের সীমার মধ্যে কোন আদালত স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার যে ডিক্রী করেন,

ডিক্রীজারীক্রমে বিক্রয়ের কার্য্য কালেক্টর সাহেবের হস্তগত করিবার বিধি প্রণয়নের ক্ষমতার কথা।

কিম্বা তদ্রূপ ডিক্রীর মধ্যে কোন বিশেষ প্রকারের যে ডিক্রী করেন,

কিম্বা কোন বিশেষ প্রকারের স্থাবর সম্পত্তি কিম্বা ঐ সম্পত্তিগত স্বার্থ বিক্রয় করণের যে ডিক্রী করেন,

সেই২ ডিক্রীজারীকরণকার্য্য কালেক্টর সাহেবের হস্তগত করা যাইবে।

এবং তদ্রূপ কোন নির্দ্দেশ বাক্য রহিত কি মতান্তর করিতেও পারিবেন।

Power to prescribe rules as to transmission, execution and retransmission of decrees.

The Local Government may also from time to time prescribe rules for the transmission of the decree from the Court to the Collector, and for regulating the procedure of the Collector and his subordinates in executing the same, and for retransmitting the decree from the Collector to the Court.

Power of Collector as to sale of land in execution of decree.

321. Whenever the execution of a decree has been so transferred, the Collector may—

(*a*) sell the property comprised in the decree by public auction and either in one or more lots as he thinks fit:

(*b*) fix a reasonable reserved price for each lot:

(*c*) adjourn the sale for a reasonable time, whenever he deems the adjournment necessary for the purpose of obtaining a fair price for the property, recording his reasons for such adjournment:

(*d*) buy in the property offered for sale and re-sell the same.

Powers of Collector as to execution of certain money-decrees so transferred.

322. Whenever the execution of a decree not being a decree directing the sale of immoveable property in pursuance of a contract specifically affecting the same, but being a decree for money in satisfaction of which the Court has ordered the sale of immoveable property, has been so transferred, the Collector may either proceed as the Court would proceed under section 305,' or if he has reason to believe that the judgment-debt, of the judgment-debtor can be discharged without a sale of the whole of such property, the Collector may (notwithstanding any order under section 303, but subject to such rules as may from time to time be made in this behalf by the Chief Controlling Revenue Authority) raise the amount necessary to discharge such debts with interest thereon according to the decree, or, if the decree makes no provision as to interest, then with interest (if any) at such rate as he thinks fit,

(*a*) by letting in perpetuity, or for a term, on payment of a premium equivalent to such amount, the whole or any part of the judgment-debtor's immoveable property: or

(*b*) by mortgaging the whole or any part of such property: or

(*c*) by selling part of such property: or

ডিক্রী পাঠাইবার ও জারী করিবার ও ফিরিয়া পাঠাইবার বিধি প্রণয়নের ক্ষমতার কথা।

আরো স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং আদালতহইতে কালেক্টর সাহেবের নিকট ডিক্রী পাঠাইবার, ও ঐ ডিক্রীজারী করণে, কালেক্টর সাহেবের ও তাঁহার অধীন কর্ম্মকারকদের কার্য্য-প্রণালীর বিধান করিবার, ও কালেক্টর সাহেবহইতে আদালতে ডিক্রী ফিরিয়া পাঠাইবার বিধি করিতে পারিবেন ইতি।

ডিক্রী জারীক্রমে ভূমি বিক্রয় করণবিষয়ে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৩২১ ধারা। ডিক্রীজারীকরণ কার্য্য তদ্রূপে হস্তান্তর করা গেলে, কালেক্টর সাহেব,—

(ক) যেমন উচিত বোধ করেন তেমনি একি লাটে কিম্বা কএক লাট করিয়া ঐ ডিক্রীর উল্লিখিত সম্পত্তি প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে, ও

(খ) একং লাটের সঙ্গত মূল্য নির্দ্ধার্য্য করিতে, ও

(গ) সম্পত্তির উপযুক্ত মূল্য পাইবার জন্যে নীলাম বিলম্বে করা আবশ্যক বোধ করিলে, সেই বিলম্ব করার হেতু লিখিয়া, সঙ্গত সময়ের নিমিত্ত নীলাম বিলম্ব করিতে, ও

(ঘ) যে সম্পত্তি বিক্রয়ার্থে উপস্থিত করা যায় সঙ্গত মূল্য পাওয়া না গেলে তাহা পুনশ্চ বিক্রয় করিতে পারিবেন ইতি।

টাকার কোনং ডিক্রী তদ্রূপে হস্তান্তরিত করা গেলে তাহা জারীকরণ সম্পর্কে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৩২২ ধারা। কোন স্থাবর সম্পত্তির প্রতি নির্দ্দিষ্ট যে চুক্তি বর্ত্তে তদনুসারে ঐ সম্পত্তি বিক্রয় করণের আজ্ঞাসূচক ডিক্রী না হইয়া, টাকার ডিক্রী হইলে, ও সেই ডিক্রী সাধন করিবার জন্যে আদালত স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা করিলে, যদি সেই ডিক্রী জারীর কার্য্য উক্ত প্রকারে হস্তান্তর করা যায়, তবে আদালত ৩০৫ ধারাক্রমে যে প্রণালীমতে কার্য্য করিতেন, কালেক্টর সাহেব তদ্রূপে করিতে পারিবেন। কিম্বা উক্ত সমুদয় সম্পত্তি বিক্রয় না করিলেও ডিক্রীমত খাতকের ডিক্রীমত ঋণ শোধ হইতে পারে, কালেক্টর সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, (৩০৩ ধারামতে অন্য প্রকারের আজ্ঞা থাকিলেও, রাজস্বসংক্রান্ত কার্য্যের তত্ত্বাবধারক প্রধান কর্ত্তৃপক্ষ এতৎপক্ষে সময়েং যেং বিধি করেন, তিনি সেইং বিধি প্রবল মানিয়া) ডিক্রী অনুসারে ঐ ঋণ ও তদুপরি সুদ শোধ করিবার প্রয়োজনীয় টাকা, কিম্বা ডিক্রীর মধ্যে সুদের কোন বিধান না থাকিলে সুদ যে হারে লওয়া উচিত জ্ঞান করেন তাহা সুদ্ধ ঐ ঋণ, এইং প্রকারে তুলতে পারিবেন,—বিশেষতঃ

(ক) তত্তুল্য টাকা দেওনের নিয়মে চিরকালের কিম্বা নির্দ্দিষ্ট মিয়াদের নিমিত্ত ডিক্রীমত খাতকের সমুদয় স্থাবর সম্পত্তি কিম্বা তাহার একাংশ পাট্টা করিয়া দিতে পারিবেন, কিম্বা

(খ) ঐ সম্পূর্ণ সম্পত্তি কি তাহার কোন অংশ বন্ধক রাখিতে, কিম্বা

(গ) ঐ সম্পত্তির একাংশ বিক্রয় করিতে, কিম্বা

(*d*) by letting on farm or managing by himself or another, the whole or any part of such property for any term not exceeding twenty years from the date of the order of sale ; or

(*e*) partly by one of such modes and partly by another or others of them.

For the purpose of managing under this section the whole or any part of such property, the Collector may exercise all the powers of its owner.

Procedure of Collector.

323. In the case of a decree for money, if the Collector proposes to proceed under Section 322, he shall publish a notice in the language of the district, calling upon all persons holding decrees against the judgment-debtor to notify the same in writing to the Collector within sixty days from the date of such publication.

Such notice shall be published by being posted in the court-house of the Court which made the order under section 304, and at such other places (if any) as the Collector thinks fit.

So long as any letting or management under section 322 continues, the judgment-debtor and his representative in interest shall be incompetent to mortgage, charge, lease or alienate the property so let or managed, or any part thereof.

Sale by Collector.

324. If on the expiration of the letting or management, the amount necessary to discharge such debts in full with the interest (if any) payable thereon has not been raised, the Collector shall notify the fact in writing to the judgment-debtor or his representative, stating at the same time that, if the balance necessary to discharge such debts and interest is not paid to the Collector within six weeks of the date of such notice, the Collector will proceed to sell the said property ; and if on the expiration of the said six weeks, the said balance is not so paid, the Collector shall sell such property accordingly.

Sale, &c., to be reported to Court by Collector.

325. Whenever the Collector sells any property pursuant to the said order of sale, or exercises any of the powers conferred upon him by section 321 or 322, he shall inform the Court which made such order of the fact of such sale or exercise, and shall render accounts to such Court of his receipts and payments in respect of the said property, and shall hold the balance at the disposal of such Court.

(ঘ) বিক্রয় করিবার আজ্ঞার তারিখঅবধি বিশ বৎসরের অনধিক কোন মিয়াদ পর্য্যন্ত ঐ সম্পূর্ণ সম্পত্তি কি তাহার কোন অংশ ইজারা দিতে, কিম্বা আপনি কি অন্যের দ্বারা তাহার কার্য্যাধ্যক্ষতা করিতে পারিবেন, কিম্বা

(ঙ) অংশতঃ ইহার কোন এক প্রকারে ও অংশতঃ অন্য বা অন্য২ প্রকারে ঐ টাকা তুলিতে পারিবেন।

এই ধারামতে ঐ সম্পূর্ণ সম্পত্তির কি তাহার কোন অংশের কার্য্যাধ্যক্ষতা করণার্থে কালেক্টর সাহেব ভূস্বামির সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবের কার্য্য প্রণালীর কথা।

৩২৩ ধারা। টাকার ডিক্রী হইলে, এবং কালেক্টর সাহেব ৩২২ ধারামতে কার্য্য করিতে প্রস্তাব করিলে, তিনি জিলার চলিত ভাষায় নোটিস প্রচার করিয়া, ডিক্রীমত খাতকের বিপরীত ডিক্রীপ্রাপ্ত সকল ব্যক্তিকে ঐ নোটিস প্রচার হইবার তারিখ অবধি ষাইট দিনের মধ্যে কালেকটর সাহেবের নিকটে লিখিয়া সেই কথা জানাইতে আজ্ঞা করিবেন।

যে আদালত ৩০৪ ধারামতে আজ্ঞা করিলেন, ঐ নোটিস সেই আদালতঘরে ও কালেকটর সাহেব অন্য২ স্থান উপযুক্ত বোধ করিলে সেই২ স্থানে লাগাইয়া প্রচার করা যাইবে।

৩২২ ধারামতে ইজারা দেওন কি কার্য্যাধ্যক্ষতা করণ কার্য্য যত দিন চলে, ডিক্রীমত খাতক ও স্বার্থপক্ষে তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি তত দিন, উক্ত যে সম্পত্তির ইজারা দেওয়া কি কার্য্যাধ্যক্ষতা করা গেল তাহা কি তাহার কোন অংশ বন্ধক দিতে কিম্বা তাহার উপর দায় বর্ত্তাইতে কি তাহার পাট্টা দিতে কি তাহা হস্তান্তর করিতে পারিবেন না ইতি।

কালেক্টর সাহেবের দ্বারা নীলাম হওয়ার কথা।

৩২৪ ধারা। ইজারা দেওনের কি কার্য্যাধ্যক্ষতা করণের মিয়াদ সমাপ্ত হইলেও যদি ঐ সম্পূর্ণ ঋণ, ও তাহার উপর সুদ ধরা গেলে সুদসুদ্ধ ঐ ঋণ শোধ করিবার প্রয়োজনীয় সমুদয় টাকা তোলা না যায়, তবে কালেকটর সাহেব ডিক্রীমত খাতকের কিম্বা তাঁহার স্থলাভিষিক্তের নামে লিখিয়া তাঁহাকে সেই কথার নোটিস দিয়া, সেই সময়ে ইহাও জানাইবেন যে, সুদসুদ্ধ ঐ ঋণ শোধ করিবার বাকী টাকা ঐ নোটিসের তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে কালেক্টর সাহেবকে না দেওয়া গেলে, তিনি ঐ সম্পত্তি বিক্রয় করিতে প্রবর্ত্ত হইবেন। সেই ছয় সপ্তাহ গত হইলেও ঐ বাকী টাকা না দেওয়া গেলে কালেকটর সাহেব তদনুসারে ঐ সম্পত্তি বিক্রয় করিবেন ইতি।

কালেকটর সাহেবের ঐ নীলাম প্রভৃতির রিপোর্ট আদালতে করিতে হইবার কথা।

৩২৫ ধারা। কালেক্টর সাহেব নীলামের উক্ত আজ্ঞাক্রমে কোন সম্পত্তি বিক্রয় করিলে, কিম্বা ৩২১ বা ৩২২ ধারামতে তাঁহার প্রতি অর্পিত কোন ক্ষমতানুসারে কার্য্য করিলে, যে আদালত ঐ আজ্ঞা করিলেন তিনি সেই আদালতে ঐ নীলামের কিম্বা ঐ ক্ষমতামতে কার্য্য করণের কথা জানাইবেন। এবং উক্ত সম্পত্তি সম্পর্কে যত টাকা পাইলেন ও খরচ করিলেন ঐ আদালতে তাহার হিসাব দিয়া ঐ আদালতের আজ্ঞার অপেক্ষায় উদ্বর্ত্ত টাকা রাখিবেন।

Application of balance.

Such balance (after deducting therefrom any debts due or liabilities incurred to Government by the judgment-debtor) shall be applied rateably in discharging the claims of all the decree-holders who have complied with the said notice; and no other person making any claim against the property so let or managed or against such proceeds, shall be entitled to be paid thereout.

When Court may authorize Collector to stay public sale of land.

326. When, in any local area in which no declaration under section 320 is in force, the property attached consists of land or of a share in land, and the Collector represents to the Court that the public sale of the land or share is objectionable, and that satisfaction of the decree may be made within a reasonable period by a temporary alienation or management of the land or share, the Court may authorize the Collector to provide for such satisfaction in the manner recommended by him, instead of proceeding to a sale of the land or share. The provisions of sections 322 to 325 (both inclusive) shall in such case apply to the Collector.

Local rules as to sales of land in execution of decrees for money.

327. The local Government may from time to time, with the sanction of the Governor-General in Council, make special rules for any local area imposing conditions in respect of sale of any class of interests in land in execution of decrees for money, where such interests are so uncertain or undetermined as in the opinion of the Local Government to make it impossible to fix their value:

and if, when this Code comes into operation in any local area, any special rules as to sale of land in execution of decrees are in force therein, the Local Government may continue such rules in force, or may from time to time, with the sanction of the Governor-General in Council, modify the same.

All rules so made or continued, and all such modifications of the same shall be published in the local official Gazette, and shall thereupon have the force of law.

G.—Of Resistance to Execution.

Procedure in case of obstruction to execution of decree.

328. If in the execution of a decree for the possession of property, the officer charged with the execution of the warrant is resisted or obstructed by any person, the decree-

ঐ উদ্বর্ত্ত টাকা প্রয়োগ করিবার কথা।

গবর্ণমেন্টের নিকট ডিক্রীমত খাতকের যে ঋণ দেনা হয় কিম্বা যে২ দায় বর্ত্তে ঐ উদ্বর্ত্ত টাকাহইতে তাহা বাদ দিলে পর, যে সকল ডিক্রীদার পূর্ব্বোক্ত নোটিস অনুসারে কার্য্য করিলেন হারহারিমতে তাঁহাদের দাওয়ার পরিশোধে ঐ টাকা প্রয়োগ হইবে। ও তদ্রূপে যে সম্পত্তির ইজারা দেওয়া কি কার্য্যাধ্যক্ষতা করা গেল অন্য কোন ব্যক্তি তাহার উপর কিম্বা তদুৎপন্ন উক্ত টাকার উপর দাওয়া করিলেও, তাহাহইতে তাঁহার টাকা পাইবার স্বত্ব থাকিবে না ইতি।

আদালত যে স্থলে কালেক্টর সাহেবকে ভূমির নীলাম স্থগিত করিবার অনুমতি দিতে পারেন তাহার কথা।

৩২৬ ধারা। কোন স্থানের সীমার মধ্যে ৩২০ ধারামত নির্দ্দেশ বাক্য প্রবল না থাকিলে, যদি ঐ ক্রোক করা সম্পত্তি ভূমি কি ভূমির একাংশ হয়, এবং ঐ ভূমি কি তাহার ঐ অংশ নীলাম করিবার আপত্তি থাকে, ও কিয়ৎকালের নিমিত্ত হস্তান্তর করিয়া দেওয়া গেলে কিম্বা তাহার কার্য্যাধ্যক্ষতা করা গেলে সঙ্গত সময়ের মধ্যে ঐ ডিক্রীমতে কার্য্য সাধন হইতে পারিবে, কালেক্টর সাহেব যদি আদালতে ইহা দেখাইয়া দেন, তবে আদালত ঐ ভূমি কি ঐ অংশ নীলাম না করিয়া কালেক্টর সাহেবকে আপনার পরামর্শানুসারে ডিক্রীমত কার্য্যসাধনের বিধান করিবার অনুমতি দিতে পারিবেন। এমত স্থলে ৩২২ অবধি ৩২৫ পর্য্যন্ত সকল ধারার বিধান কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তিবে ইতি।

টাকার ডিক্রী জারীক্রমে ভূমি বিক্রয়ের স্থানীয় বিধির কথা।

৩২৭ ধারা। কোন সীমান্তর্গত স্থানের ভূমিগত কোন স্বার্থ অনিশ্চিত ও অনির্নীত থাকাতে স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় তাহার মূল্য নিরূপণ করা অসাধ্য হইলে, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের অনুমতিক্রমে সেই স্থানের নিমিত্ত বিশেষ বিধি করিয়া, টাকার ডিক্রী জারীক্রমে ভূমিগত কোন শ্রেণীর স্বার্থ বিক্রয় করণের নিয়ম ধার্য্য করিতে পারিবেন,

এই আইন কোন সীমান্তর্গত স্থানের মধ্যে প্রচলিত হওন সময়ে যদি তন্মধ্যে ডিক্রীজারীক্রমে ভূমি বিক্রয়ের কোন বিশেষ বিধি প্রবল থাকে, তবে স্থানীয় গবর্ণমেন্ট সেই বিধি প্রবল রাখিতে পারিবেন, কিম্বা সময়েং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাহা মতান্তর করিতে পারিবেন।

তদ্রূপে যে সকল বিধি করা যায় কি প্রবল রাখা যায় তাহা ও ঐ২ বিধি মতান্তরের উক্ত কথা স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, তাহা হইলে তাহা আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

ছ।—ডিক্রী জারী করার প্রতিকূলাচরণ বিষয়ক বিধি।

ডিক্রিজারী করিবার বাধা দেওয়া গেলে কার্য্যপ্রণালীর কথা।

৩২৮ ধারা। সম্পত্তির অধিকার পাইবার ডিক্রী জারীকরণ সময়ে, কোন ব্যক্তি পরওয়ানা জারীর কার্য্যকারকের প্রতিকূলাচরণ করিলে কি বাধা দিলে,

holder may complain to the Court at any time within one month from the time of such resistance or obstruction.

The Court shall fix a day for investigating the complaint, and shall summon the party against whom the complaint is made to answer the same.

Procedure in case of obstruction by judgment-debtor or at his instigation.

329. If the Court is satisfied that the obstruction or resistance was occasioned by the judgment-debtor or by some person at his instigation, the Court shall enquire into the matter of the complaint, and pass such order as it thinks fit.

Procedure when obstruction continues.

330. If the Court is satisfied that the resistance or obstruction was without any just cause, and that the complainant is still resisted or obstructed in obtaining possession of the property by the judgment-debtor or some other person at his instigation, the Court may, at the instance of the decree-holder, and without prejudice to any penalty to which such judgment-debtor or other person may be liable under the Indian Penal Code, or any other law, for such resistance or obstruction, commit the judgment-debtor or such other person to jail for a term which may extend to thirty days, and direct that the decree-holder be put into possession of the property.

Procedure in case of obstruction by claimant in good faith, other than judgment-debtor.

331. If the resistance or obstruction has been occasioned by any person other than the judgment-debtor claiming in good faith to be in possession of the property on his own account or on account of some person other than the judgment-debtor, the claim shall be numbered and registered as a suit between the decree-holder as plaintiff and the claimant as defendant;

and the Court shall, without prejudice to any proceedings to which the claimant may be liable under the Indian Penal Code or any other law for the punishment of such resistance or obstruction, proceed to investigate the claim in the same manner and with the like power as if a suit for the property had been instituted by the decree-holder against the claimant under the provisions of the Specific Relief Act, 1877, section 9,

and shall pass such order as it thinks fit for executing or staying execution of the decree.

ডিক্রীদার সেই প্রতিকূলাচরণের কি বাধকতা হওয়ার সময়াবধি এক মাসের মধ্য কোন সময়ে আদালতে নালিশ করিতে পারিবেন।

আদালত সেই নালিশের তদন্ত লইবার দিন নিরূপণ করিয়া যে ব্যক্তির নামে নালিশ হইল তাঁহাকে উত্তর দিবার জন্যে সমন করিবেন ইতি।

ডিক্রীমত খাতকের দ্বারা কি তাঁহার প্রবৃত্তিক্রমে বাধকতা হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩২৯ ধারা। ডিক্রীমত খাতকের দ্বারা কিম্বা তাঁহার প্রবৃত্তি হেতুক অন্য ব্যক্তির দ্বারা ঐ বাধকতা কি প্রতিকূলাচরণ হইয়াছে, আদালত ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, নালিশের মর্ম্মের তদন্ত লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

বাধা হইতে থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

৩৩০ ধারা। উক্ত প্রতিকূলাচরণ কি বাধা করিবার কোন ন্যায্য কারণ ছিলনা, ও ঐ ডিক্রীমত খাতকের দ্বারা কিম্বা তাঁহার প্রবৃত্তি ক্রমে অন্য ব্যক্তির দ্বারা বাদির সম্পত্তির অধিকার পাইবার প্রতিকূলাচরণ কি বাধকতা করা যাইতে থাকে, আদালত ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, ডিক্রীদারের অনুরোধে ঐ ডিক্রীমত খাতককে কিম্বা ঐ অন্য ব্যক্তিকে ত্রিশ দিনের অনধিক কালের নিমিত্ত কারাগারে সমর্পণ করিতে ও সম্পত্তি ডিক্রীদারের অধিকার করাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও তদ্রূপ প্রতিকূলাচরণ কি বাধকতা করা প্রযুক্ত ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে, কিম্বা অন্য কোন আইনমতে ঐ ডিক্রীমত খাতকের কি অন্য ব্যক্তির যে দণ্ড হইতে পারে তাহার কোন ব্যাঘাত হইবে না ইতি।

ডিক্রীমত খাতকভিন্ন কোন দাওয়াদার সরল মনে বাধকতা করিলে কার্য্যপ্রণালীর কথা।

৩৩১ ধারা। ডিক্রীমত খাতকভিন্ন কোন ব্যক্তি আপনার কিম্বা ডিক্রীমত খাতকভিন্ন অন্য ব্যক্তির নিমিত্ত সরল মনে ঐ সম্পত্তির অধিকারের উপর দাওয়া রাখিয়া ঐ প্রতিকূলাচরণ করাইলে কি বাধকতা জন্মাইলে, ডিক্রীদারকে বাদী ও ঐ দাওয়াদারকে প্রতিবাদী করিয়া মোকদ্দমার ন্যায় সেই দাওয়ার নম্বর দিয়া রেজিষ্টরী করা যাইবে।

এবং ডিক্রীদার বিশেষ উপকার বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৯ ধারার বিধানমতে ঐ দাওয়াদারের নামে ঐ সম্পত্তির জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে আদালত যে প্রকারে ও যে ক্ষমতানুসারে করিতেন, সেই প্রকারে সেই ক্ষমতানুসারে ঐ দাওয়ার তদন্ত লইতে প্রবর্ত্ত হইবেন। ও ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে, কিম্বা তদ্রূপ প্রতিকূলাচরণ কি বাধকতা করিবার দণ্ডবিধায়ক অন্য কোন আইনমতে, ঐ দাওয়াদারের প্রতিকূলে অন্য যে কার্য্যানুষ্ঠান হইতে পারে তাহার কোন ব্যাঘাত হইবে না।

ও আদালত সেই ডিক্রী জারী কি স্থগিত করিবার যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

332. If any person other than the defendant is dispossessed of any property in execution of a decree, and such person disputes the right of the decree-holder to dispossess him of such property under the decree, on the ground that the property was *bond fide* in his possession on his own account or on account of some person other than the judgment-debtor, and that it was not comprised in the decree, or that, if it was comprised in the decree, he was not a party to the suit in which the decree was passed, he may apply to the Court.

Procedure in case of person dispossessed of property disputing right of decree-holder to be put into possession.

If, after examining the applicant, it appears to the Court that there is probable cause for making the application, the application shall be numbered and registered as a suit between the applicant as plaintiff and the decree-holder as defendant, and the Court shall proceed to investigate the matter in dispute in the same manner and with the like power as if a suit for the property had been instituted by the applicant against the decree-holder under the provisions of the Specific Relief Act, 1877, section 9,

and shall pass such order as it thinks fit for executing or staying execution of the decree.

In hearing applications under this section the Court shall confine itself to the grounds of dispute above specified.

Nothing in this section or section 330 applies to a person to whom the judgment-debtor has transferred the property after the institution of the suit in which the decree is made.

333. The order passed under either of sections 331 and 332 shall be in the nature of, and shall have the same force as, a decree in a suit, and shall be subject to the same conditions as to appeal or otherwise.

Orders passed under sections 331 and 332 to have force of decrees, and to be subject to appeal.

334. If the purchaser of any immoveable property sold in execution of a decree be resisted or obstructed by the judgment-debtor or any one on his behalf, in obtaining possession of the property, the provisions of this chapter relating to resistance or obstruction to a decree-holder in obtaining possession of the property adjudged to him, shall be applicable.

Resisting or obstructing purchasers in obtaining possession of immoveable property.

কিন্তু যে ব্যক্তি দেউলিয়া কি ঋণ শোধ করণাক্ষম মৃত বাদির আইনমত স্থলাভিষিক্ত বলিয়া দাওয়া রাখেন, তিনি মোকদ্দমা রহিত কি ডিসমিস করণের আজ্ঞা অসিদ্ধ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন। ও বিশিষ্ট কোন কারণে তাঁহার মোকদ্দমা চালাইতে বাধা হইয়াছিল ইহার প্রমাণ হইলে, আদালত খরচা প্রভৃতির যে নিয়ম উচিত জ্ঞান করেন এমত নিয়ম করিয়া মোকদ্দমা রহিত কি ডিসমিস হওয়ার আজ্ঞা অসিদ্ধ করিবেন ইতি।

মোকদ্দমা রহিত কি ডিসমিস করিবার আজ্ঞা অসিদ্ধ করিবার প্রার্থনার কথা।

৩৭২ ধারা। অন্য কোন স্থলে মোকদ্দমা উপস্থিত থাকন সময়ে কোন স্বার্থ নিরূপণ কি সৃষ্ট কি উত্তরাধিকারির হস্তগত করা গেলে, সকল পক্ষের সম্মতিক্রমে কিম্বা তাঁহাদের নামে নোটিস লিখিয়া দিলে পর, ও আপত্তি থাকিলে তাঁহাদের আপত্তি শুনিলে পর, আদালত অনুমতি দিলে, ঐ স্বার্থ যাঁহার হস্তহইতে হস্তান্তর করা যায়, মোকদ্দমার প্রয়োজনানুসারে তাঁহাকেও লইয়া কিম্বা তাঁহার পরিবর্ত্তে ঐ স্বার্থপ্রাপ্ত ব্যক্তিরদ্বারা কিম্বা তাঁহার বিপক্ষে মোকদ্দমা চালান যাইতে পারিবে ইতি।

মোকদ্দমা উপস্থিত থাকিতে সম্পত্তি নিরূপণ হইলে কার্য্যপ্রণালীর কথা।

CHAPTER XXII.

Of the Withdrawal and Adjustment of Suits.

373. If, at any time after the institution of the suit, the Court is satisfied on the application of the plaintiff (*a*) that the suit must fail by reason of some formal defect, or (*b*) that there are sufficient grounds for permitting him to withdraw from the suit, or to abandon part of his claim with liberty to bring a fresh suit for the subject-matter of the suit or for the part so abandoned, the Court may grant such permission on such terms as to costs or otherwise as it thinks fit.

Power to allow plaintiff to withdraw with liberty to bring fresh suit.

If the plaintiff withdraw from the suit, or abandon part of his claim, without such permission, he shall be liable for such costs as the Court may award, and shall be precluded from bringing a fresh suit for the same matter.

Nothing in this section shall be deemed to authorize the Court to permit one of several plaintiffs to withdraw without the consent of the others.

374. In any fresh suit instituted on permission granted under the last preceding section, the plaintiff shall be bound by the law of limitation in the same manner as if the first suit had not been brought.

Limitation law not affected by first suit.

375. If a suit be adjusted by any lawful agreement or compromise, or if the defendant satisfy the plaintiff in respect to the matter of the suit, such agreement, compromise or satisfaction shall be recorded, and the Court shall pass a decree in accordance therewith, so far as it relates to the suit, and such decree shall be final.

Compromise of suits.

CHAPTER XXIII.

Of Payment into Court.

376. The defendant in any suit to recover a debt or damages, may, at any stage of the suit, deposit in Court such sum of money as he considers a satisfaction in full of the claim.

Deposit by defendant of amount in satisfaction of claim.

২২ দ্বাবিংশ অধ্যায়।

মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে মিটাইয়া দেওন বিষয়ক বিধি।

৩৭৩ ধারা। (ক) দাঁড়ামত কোন কার্য্যের দোষ হেতুক, মোকদ্দমা অবশ্যই হারা যাইবে, কিম্বা (খ) বাদিকে সেই মোকদ্দমা-হইতে অবসর হইবার কিম্বা দাওয়ার একাংশ ত্যাগ করিবার অনুমতি দিয়া বিবাদীয় বিষয়ের কিম্বা আপনার সেই ত্যক্ত অংশের নিমিত্ত নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দেওয়ার প্রচুর কারণ আছে, আদালত মোকদ্দমা উপস্থিত হইবার পর কোন সময়ে বাদির প্রার্থনাক্রমে ইহা হৃদ্বোধমতে জানিলে, খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া ঐ অনুমতি দিতে পারিবেন

বাদির প্রতি নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিয়া মোকদ্দমা উঠাইয়া লইতে অনুমতি দিবার ক্ষমতার কথা।

বাদী সেই অনুমতি না পাইয়াও মোকদ্দমাহইতে অবসর হইলে কিম্বা আপন দাওয়ার একাংশ ত্যাগ করিলে, আদালত যে খরচার আজ্ঞা করেন তিনি সেই খরচার দায়ী হইবেন, ও সেই বিষয়ের নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না।

অনেক জন বাদী থাকিলে, আদালত অন্যদের সম্মতিবিনা এক ব্যক্তিকে মোকদ্দমাহইতে অবসর হইবার অনুমতি দিতে যে সক্ষম হন, এই ধারার কোন কথার এমত ভাব জানিতে হইবে না ইতি।

৩৭৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে অনুমতি পাইয়া নূতন মোকদ্দমা উপস্থিত করা গেলে, বাদী পূর্ব্ব মোকদ্দমা উপস্থিত না হওয়ার ন্যায় মিয়াদের আইনদ্বারা বদ্ধ থাকিবেন ইতি।

প্রথম মোকদ্দমা হেতুক মিয়াদের আইনের ব্যাঘাত না হইবার কথা।

৩৭৫ ধারা। আইনমত একরার কি রাজীনামা করিয়া মোকদ্দমা মিটাইয়া দেওয়া গেলে, কিম্বা প্রতিবাদী মোকদ্দমার বিবাদীয় বিষয়ে বাদির তৃপ্তি জন্মাইলে, সেই একরার কি রাজীনামা কি তৃপ্তিজনক কথা লিপিবদ্ধ করা যাইবে, ও ঐ মোকদ্দমার সঙ্গে যত দূর সম্পর্ক থাকে আদালত তত দূর তদনুসারে ডিক্রী করিবেন, ও সেই ডিক্রী চূড়ান্ত হইবে ইতি।

আপোসে মোকদ্দমা মিটাইয়া দিবার কথা।

২৩ ত্রয়োবিংশ অধ্যায়।

আদালতে টাকা দেওন বিষয়ক বিধি।

৩৭৬ ধারা। ঋণ কি হানিপূরণ আদায় করিবার কোন মোকদ্দমায়, প্রতিবাদী দাওয়ার সম্পূর্ণ পরিশোধ বলিয়া যত টাকা উপযুক্ত জ্ঞান করেন, মোকদ্দমা চলনের কোন সময়ে আদালতে তত টাকা আমানৎ করিতে পারিবেন ইতি।

দাওয়ার পরিশোধ বলিয়া প্রতিবাদির টাকা আমানৎ করিবার কথা।

Notice of deposit.

377. Notice of the deposit shall be given by the defendant to the plaintiff, and the amount of the deposit shall (unless the Court otherwise directs) be paid to the plaintiff on his application.

Interest on sum deposited not allowed to plaintiff after receipt of notice.

378. No interest shall be allowed to the plaintiff on any sum deposited by the defendant from the date of the receipt of such notice, whether the sum deposited be in full of the claim or fall short thereof.

Procedure where plaintiff accepts deposit as satisfaction in part.

379. If the plaintiff accept such amount only as satisfaction in part of his claim, he may prosecute his suit for the balance; and if the Court decides that the deposit by the defendant was a full satisfaction of the plaintiff's claim, the plaintiff must pay the costs of the suit incurred after the deposit and the costs incurred previous thereto, so far as they were caused by excess in the plaintiff's claim.

Procedure where he accepts it as satisfaction in full.

If the plaintiff accept such amount as satisfaction in full of his claim, he shall present to the Court a statement to that effect, and such statement shall be filed and the Court shall pass judgment accordingly, and in directing by whom the costs of each party are to be paid, the Court shall consider which of the parties is most to blame for the litigation.

Illustrations.

(*a*.) A owes B Rs. 100. B sues A for the amount having made no demand for payment, and having no reason to believe that the delay caused by making a demand would place him at a disadvantage. On the plaint being filed, A pays the money into Court. B accepts it in full satisfaction of his claim, but the Court should not allow him any costs, the litigation being presumably groundless on his part.

(*b*.) B sues A under the circumstances mentioned in illustration (*a*). On the plaint being filed, A disputes the claim. Afterwards A pays the money into Court. B accepts it in full satisfaction of his claim. The Court should also give B his costs of suit, A's conduct having shown that the litigation was necessary.

আমানৎ করিবার নোটিসের কথা।

৩৭৭ ধারা। প্রতিবাদী বাদিকে ঐ টাকা আমানৎ হওয়ার নোটিস দিবেন। ও আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, বাদির প্রার্থনামতে তাঁহাকে আমানতী টাকা দেওয়া যাইবে ইতি।

নোটিস পাইলে পর সেই আমানতী টাকার উপর বাদির সুদ না পাইবার কথা।

৩৭৮ ধারা। প্রতিবাদী যত টাকা আমানৎ করেন তাহা সম্পূর্ণ দাওয়ার পরিশোধ হইলে কিম্বা ন্যূন পড়িলেও, ঐ নোটিস পাইবার তারিখ অবধি বাদির সেই টাকার উপর সুদ পাইবার অনুমতি হইবে না ইতি।

বাদী আপন দাওয়ার একাংশের শোধে ঐ আমানৎ গ্রাহ্য করিলে কার্য্য প্রণালীর কথা।

৩৭৯ ধারা। বাদী আপন দাওয়ার অংশমাত্রের পরিশোধে ঐ আমানতের টাকা গ্রাহ্য করিলে, বাকী টাকার নিমিত্ত মোকদ্দমা চালাইতে পারিবেন। এবং প্রতিবাদী যে টাকা আমানৎ করিলেন আদালত সেই টাকা বাদির সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া নিষ্পত্তি করিলে, ঐ টাকা আমানৎ হওয়ার পর মোকদ্দমার যত খরচা হয়, এবং আমানৎ হওয়ার পুর্ব্বেও বাদির দাওয়ার আধিক্যপ্রযুক্ত যত খরচ হইল, তাহাও বাদির দিতে হইবে।

সেই আমানতের টাকা সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া গ্রাহ্য করিলে কার্য্য-প্রণালীর কথা।

বাদী আপনার সম্পূর্ণ দাওয়ার পরিশোধে সেই টাকা গ্রাহ্য করিলে, আদালতে সেই মর্ম্মের বর্ণনাপত্র অর্পণ করিবেন, ও সেই বর্ণনাপত্র গাঁথিয়া দেওয়া যাইবে ও আদালত তদনুসারে বিচার জানাইবেন। ও যাঁহার যত টাকা খরচা দিতে হইবে ইহার আজ্ঞা করিতে গেলে, ঐ বিবাদ উপস্থিত করণে কোন্ পক্ষের দোষ অধিক, আদালত ইহা বিবেচনা করিয়া ঐ আজ্ঞা করিবেন ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ বলরামের ১০০ টাকা ধারেন। বলরাম তাঁহার স্থানে সেই টাকা না চাহিয়া, ও চাহিলে যে বিলম্ব হইতে পারে তদ্দ্বারা তাঁহার হানি যে হইবে এমত বোধ করিবার কোন কারণ না পাইয়া, আনন্দের নামে সেই টাকা পাইবার মোকদ্দমা উপস্থিত করেন। আবেদনপত্র দেওয়া গেলেই আনন্দ আদালতে ঐ টাকা গচ্ছিত করিলেন। বলরাম আপনার সম্পূর্ণ দাওয়ার পরিশোধে ঐ টাকা গ্রাহ্য করেন। কিন্তু তাঁহার খরচা পাইবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য নয়, যে হেতুক তাঁহার মোকদ্দমা উপস্থিত করিবার কোন কারণ ছিল না, ইহার অনুমান হইতে পারে।

(খ)। (ক) উদাহরণের উল্লিখিত ভাবগতিকে বলরাম আনন্দের নামে মোকদ্দমা উপস্থিত করেন। ও আবেদনপত্র অর্পণ করা গেলে, আনন্দ প্রথমে সেই দাওয়ার প্রতিবাদ করিয়া, পরে আদালতে ঐ টাকা গচ্ছিত করেন। বলরামও আপন সম্পূর্ণ দাওয়ার পরিশোধে ঐ টাকা লন। এই স্থলে বলরামের মোকদ্দমার খরচাও পাইবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য, যেহেতুক আনন্দের আচারণদ্বারা সেই মোকদ্দমা উপস্থিত করা আবশ্যক বলিয়া দেখা গেল।

(c.) A owes B Rs. 100 and is willing to pay him that sum without suit. B claims Rs. 150 and sues A for that amount. On the plaint being filed, A pays Rs. 100 into Court and disputes only his liability to pay the remaining Rs. 50. B accepts the Rs. 100 in full satisfaction of his claim. The Court should order him to pay A's costs.

(গ) আমন্দ বলরামের ১০০ টাকা ধারেন ও মোকদ্দমা বিনা তাঁহাকে সেই টাকা দিতে সম্মত হন। বলরাম ১৫০ টাকার দাওয়া করিয়া তজ্জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আরেদনপত্র অর্পণ করা গেলে, আমন্দ আদালতে ১০০ টাকা গচ্ছিত করিয়া বাকী ৫০ টাকার দায়ী নই বলিয়া প্রতিবাদ করেন। পরে বলরাম সম্পূর্ণ দাওয়ার পরিশোধে ঐ ১০০ টাকা গ্রহণ করিলে, তাঁহার প্রতি আমন্দের খরচাও দিবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য।

CHAPTER XXIV.

Of Requiring Security for Costs.

When security for costs may be required from plaintiff at any stage of suit.

380. If at the institution or at any subsequent stage of a suit it appears to the Court that a sole plaintiff is, or (when there are more plaintiffs than one) that all the plaintiffs are, residing out of British India, and that such plaintiff does not, or that no one of such plaintiffs does, possess any sufficient immoveable property within British India, independent of the property in suit, the Court may, either of its own motion or on the application of any defendant, order the plaintiff or plaintiffs, within a time to be fixed by the order, to give security for the payment of all costs incurred and likely to be incurred by any defendant.

Procedure where requisition is not complied with.

381. In the event of such security not being furnished within the time so fixed, the Court shall dismiss the suit unless the plaintiff or plaintiffs be permitted to withdraw therefrom under the provisions of section 373.

Residence out of British India.

382. Whoever leaves British India under such circumstances as to afford reasonable probability that he will not be forthcoming whenever he may be called upon to pay costs shall be deemed to be residing out of British India within the meaning of section 380.

২৪ চতুর্ব্বিংশ অধ্যায়।

খরচার জামিন লওন বিষয়ক বিধি।

মোকদ্দমা চলনের কোন সময়ে বাদির স্থানে খরচার জামিন যে স্থলে লওয়া যাইতে পারিবে তাহার কথা।

৩৮০ ধারা। এক জন বাদী হইলে তিনি, কিম্বা একাধিক জন বাদী থাকিলে তাঁহারা সকলে, ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করেন, ও মোকদ্দমায় যে সম্পত্তি লিপ্ত আছে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ঐ বাদির, কি বাদিদের কোন ব্যক্তির, প্রচুর স্থাবর সম্পত্তি নাই, মোকদ্দমা উপস্থিত করণের কিম্বা পশ্চাৎ মোকদ্দমা চলনের কোন সময়ে আদালত ইহা জানিতে পাইলে, আপন প্রবৃত্তিমতে কিম্বা কোন প্রতিবাদির প্রার্থনামতে এই আজ্ঞা করিতে পারিবেন যে, কোন প্রতিবাদির যত টাকা খরচা হইয়াছে ও আর যত হইবার সম্ভাবনা, বাদী কি বাদিরা ঐ আজ্ঞাপত্রের নির্দ্ধারিত সময়ের মধ্যে তত টাকা খরচা শোধের জামিন দেন ইতি।

সেই আজ্ঞামতে কর্ম্ম না করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৩৮১ ধারা। ঐ নির্দ্ধারিত সময়ের মধ্যে সেই জামিন না দেওয়া গেলে, এবং ৩৭৩ ধারার বিধানমতে ঐ বাদী কি বাদিরা মোকদ্দমাহইতে অবসর হইবার অনুমতি না পাইলে, আদালত মোকদ্দমা ডিসমিস করিবেন ইতি।

ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করার অর্থের কথা।

৩৮২ ধারা। কোন ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষহইতে যে ভাবগতিকে চলিয়া যান তদ্বিবেচনায় খরচা দিবার আজ্ঞা হইলে তাঁহাকে পাওয়া যাইতে পারিবে না, সম্ভবমতে এমত অনুভব থাকিলে, ৩৮০ ধারার মর্ম্মানুসারে তাঁহাকে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানবাসী বলিয়া জ্ঞান হইবে ইতি।

CHAPTER XXV.

Of Commissions.

A.—Commissions to examine Witnesses.

Cases in which Court may issue commission to examine witness.

383. Any Court may in any suit issue a commission for the examination on interrogatories or otherwise of persons resident within the local limits of its jurisdiction, who are exempted under this Code from attending the Court, or who are from sickness or infirmity unable to attend it.

২৫ পঞ্চবিংশ অধ্যায়।

ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

ক।—সাক্ষিদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্রের কথা।

যে স্থলে সাক্ষিদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দেওয়া যাইতে পারে তাহার কথা।

৩৮৩ ধারা। কোন আদালতের এলাকার সীমার মধ্যবাসি যে ব্যক্তিরা এই আইনমতে আদালতে প্রবেশনহইতে মুক্ত হন, কিম্বা পীড়া কি দুর্ব্বলতাপ্রযুক্ত আদালতে যাইতে না পারেন, আদালত কোন মোকদ্দমায় প্রশ্নক্রমে কিম্বা প্রকারান্তরে তাঁহাদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দিতে পারিবেন ইতি।

Order for commission may be made either on application of parties or by Court of its own accord.

384. Such order may be made by the Court either of its own motion, or on the application, supported by affidavit, of any party to the suit or of the witness to be examined.

কোন পক্ষের প্রার্থনামতে কিম্বা আদালতের নিজ বিবেচনামতে ক্ষমতাপত্র দিবার আজ্ঞার কথা।

৩৮৪ ধারা। আদালত আপনার প্রবৃত্তিমতে, কিম্বা মোকদ্দমার কোন পক্ষের কিম্বা যে ব্যক্তির সাক্ষ্য লইতে হইবে তাঁহার আফিডেবিটক্রমে প্রতিপোষিত প্রার্থনামতে, ঐ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

When witness resides within Court's jurisdiction.

385. The commission for the examination of a person who resides within the local limits of the jurisdiction of the Court issuing the same may be issued to any person whom the Court thinks fit to execute the same.

সাক্ষী আদালতের এলাকার মধ্যে বাস করিলে তদ্বিষয়ের কথা।

৩৮৫ ধারা। যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয় সেই আদালতের এলাকার সীমার মধ্যবাসি কোন ব্যক্তির সাক্ষ্য লইবার জন্যে দেওয়া গেলে, আদালত ঐ ক্ষমতাপত্র অনুযায়ি কার্য্য করণার্থে যে ব্যক্তিকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহার নামে ঐ পত্র দেওয়া যাইতে পারিবে ইতি।

When witness resides beyond Court's jurisdiction, but in British India.

386. Any Court may in any suit issue a commission for the examination of—

(*a*) any person resident beyond the local limits of its jurisdiction;

(*b*) persons who are about to leave such limits before the date on which they are required to be examined in Court; and

(*c*) civil and military officers of Government who cannot, in the opinion of the Judge, attend the Court without detriment to the public service.

Such commission shall ordinarily be issued to any Court not being a High Court, within the local limits of whose jurisdiction such person resides, and which can most conveniently execute the same:

When witness is within local limits of ordinary original civil jurisdiction of a High Court.

Provided that if he resides beyond the local limits of the jurisdiction of the Court issuing the commission and within the towns of Calcutta, Madras, Bombay, or Rangoon, the commission shall be issued to the Court of Small Causes within whose jurisdiction he resides:

Provided also that, under special circumstances, the commission may be directed to any person whom the Court issuing the commission thinks fit to appoint.

The Court on issuing any commission under this section shall direct whether the commission shall be returned to itself or to any subordinate Court.

সাক্ষী আদালতের এলাকার বহির্ভূত কিন্তু ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত স্থানে বাস করিলে তদ্বিষয়ের কথা।

৩৮৬ ধারা। কোন আদালত কোন মোকদ্দমায় নিম্নলিখিত ব্যক্তিদের সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দিতে পারিবেন,—

(ক) ঐ আদালতের এলাকার সীমার বহির্ভূত স্থানবাসি কোন ব্যক্তির

(খ) আদালতে যে তারিখে সাক্ষ্য দিবার আদেশ থাকে, সেই তারিখের পূর্ব্বে যে ব্যক্তিরা উক্ত সীমার বাহিরে যাইতে উদ্যত হন তাঁহাদের, ও

(গ) বিচারপতির বিবেচনামতে গবর্ণমেণ্টের দেওয়ানী ও সৈনিক যে কার্য্যকারকেরা রাজকীয় কার্য্যের ব্যাঘাত না জন্মাইয়া আদালতে উপস্থিত হইতে না পারেন তাঁহাদের।

উক্ত ব্যক্তি যে আদালতের এলাকার সীমার মধ্যে বাস করেন ও যে আদালতের দ্বারা সুবিধামতে ঐ ক্ষমতাপত্রানুসারে কার্য্য করা যাইতে পারে, ঐ পত্র হাই কোর্ট ছাড়া সচরাচর এমত কোন আদালতে দেওয়া যাইবে।

দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচারকরণপক্ষে হাইকোর্টের সাধারণ ক্ষমতাধীন স্থানে সাক্ষী বাস করিলে তদ্বিষয়ের কথা।

কিন্তু যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয়, উক্ত ব্যক্তি সেই আদালতের এলাকার সীমার বহির্ভূত, ও কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই কি রাঙ্গুণ নগরের মধ্যে বাস করিলে, ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের এলাকার মধ্যে বাস করেন, ঐ ক্ষমতাপত্র সেই আদালতের নামে দেওয়া যাইবে।

পরন্তু যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হয়, সেই আদালত গতিক বিশেষে কোন ব্যক্তিকে নিযুক্ত করা উচিত বোধ করিলে, ঐ ক্ষমতাপত্র সেই ব্যক্তির নামে দেওয়া যাইতে পারিবে।

আদালত এই ধারামতে কোন ক্ষমতাপত্র দিলে, আপনার নিকট কিম্বা অধীন কোন আদালতের নিকট ঐ ক্ষমতাপত্র ফিরিয়া আনিতে হইবে, এই বিষয়ের আজ্ঞা করিবেন ইতি।

387. When any Court to which application is made for the issue of a commission for the examination of a person residing at any place not within British India is satisfied that his evidence, is necessary, the Court may issue such commission.

When witness is not within British India.

৩৮৭ ধারা। যে ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে বাস না করেন কোন আদালতের নিকট এমত ব্যক্তির সাক্ষ্য লইবার ক্ষমতাপত্র দিবার প্রার্থনা হইলে, সেই আদালত ঐ ব্যক্তির সাক্ষ্য আবশ্যক বলিয়া হৃদ্বোধমতে জ্ঞান করিলে, তদ্রূপ ক্ষমতাপত্র দিতে পারিবেন ইতি।

সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে না থাকিলে তাহার কথা।

388. Every Court receiving a commission for the examination of any person shall examine him pursuant thereto.

Court to examine witness pursuant to commission.

৩৮৮ ধারা। কোন আদালত কোন ব্যক্তির সাক্ষ্য লইবার নিমিত্ত ক্ষমতাপত্র পাইলে, তদনুসারে তাঁহার সাক্ষ্য লইবেন ইতি।

ক্ষমতাপত্রানুসারে সাক্ষিদের সাক্ষ্য আদালতের লইতে হইবার কথা।

389. After the commission has been duly executed, it shall be returned, together with the evidence taken under it, to the Court out of which it issued, unless the order for issuing the commission has otherwise directed, in which case the commission shall be returned in terms of such order; and the commission and the return thereto, and the evidence taken under it, shall (subject to the provisions of the next following section) form part of the record of the suit.

Commission when executed to be returned to Court issuing it with depositions of witnesses.

৩৮৯ ধারা। ক্ষমতাপত্রানুসারে নিয়মমতে কার্য্য করা গেলে পর, যে আদালতহইতে ক্ষমতাপত্র বাহির হইয়াছিল, সেই আদালতে সাক্ষিদের সাক্ষ্য সহিত ফিরিয়া পাঠান যাইবে। কিন্তু ক্ষমতাপত্র দেওনের আজ্ঞাপত্রে অন্য প্রকারের আদেশ থাকিলে ঐ আজ্ঞার মর্ম্মানুসারে ঐ ক্ষমতাপত্র ফিরিয়া পাঠাইতে হইবে। এবং সেই ক্ষমতাপত্র ও তাহার প্রত্যাবর্ত্তন ও তদনুসারে যে সাক্ষ্য লওয়া যায় তাহা সকলই (পশ্চাৎ লিখিত ধারার বিধান প্রবল মানিয়া) মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

ক্ষমতাপত্রমতে কার্য্য করা গেলে পর যে আদালতহইতে বাহির হইল তথায় সাক্ষিদের সাক্ষ্য সহিত ফিরিয়া পাঠাইবার কথা।

390. Evidence taken under a commission shall not be read as evidence in the suit without the consent of the party against whom the same is offered, unless

When depositions may be read in evidence.

(*a*) the person who gave the evidence is beyond the jurisdiction of the Court, or dead, or unable from sickness or infirmity to attend to be personally examined, or exempted from personal appearance in Court, or

(*b*) the Court in its discretion dispenses with the proof of any of the circumstances mentioned in the last preceding clause, and authorizes the evidence of any person being read as evidence in the suit, notwithstanding proof that the cause for taking such evidence by commission has ceased at the time of reading the same.

৩৯০ ধারা। ক্ষমতাপত্রমতে যে সাক্ষ্য লওয়া যায়, তাহা যে পক্ষের প্রতিকূলে দেওয়া গেল তাঁহার অনুমতি বিনা মোকদ্দমায় প্রমাণ-বলিয়া পাঠ করা যাইবে না।

ঐ সাক্ষ্য যে স্থলে প্রমাণ-স্বরূপ পাঠ করা যাইতে পারিবে তাহার কথা।

(ক) কিন্তু যে ব্যক্তি ঐ সাক্ষ্য দিলেন তিনি আদালতের এলাকার বহির্ভূত স্থানে থাকিলে, কিম্বা মৃত হইলে, কিম্বা পীড়িত কি দুর্ব্বল হওয়াপ্রযুক্ত স্বয়ং সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইতে না পারিলে, কিম্বা আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকিলে, অথবা

(খ) আদালত স্বীয় বিবেচনামতে ইহার পূর্ব্বপ্রকরণের উল্লিখিত কোন ভাবগতিকের প্রমাণ লওয়া অনাবশ্যক জ্ঞান করিয়া মোকদ্দমায় কোন ব্যক্তির সাক্ষ্য প্রমাণস্বরূপে পাঠ করিবার অনুমতি দিলে, পাঠ করিবার সময়ে ক্ষমতাপত্রদ্বারা সেই সাক্ষ্য লওয়ার কারণ না থাকার প্রমাণ হইলেও, তাহা পাঠ করা যাইবে ইতি।

391. The provisions hereinbefore contained as to the execution and return of commissions shall apply to commissions issued by

Provisions as to execution and return of commissions to apply to commissions issued by Foreign Courts.

(*a*) Courts situate beyond the limits of British India and established by the authority of Her Majesty or of the Governor-General in Council, or

৩৯১ ধারা। ক্ষমতাপত্রমতে কার্য্য করণ ও তাহার ফিরিয়া দেওন বিষয়ক পূর্ব্বোক্ত সকল বিধান এইং আদালতের প্রচারিত ক্ষমতাপত্রের প্রতি খাটিবে,—

ক্ষমতাপত্রমতে কার্য্য করণের ও তাহা ফিরিয়া দিবার বিধান ভিন্নদেশীয় আদালতের ক্ষমতাপত্রের প্রতিও খাটিবার কথা।

(ক) ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেবের অনুমতিক্রমে স্থাপিত আদালতের। কিম্বা,

(*b*) Courts situate in any part of the British Empire other than British India, or

(*c*) Courts of any foreign country for the time being in alliance with Her Majesty.

B.—Commissions for Local Investigations.

Commission to make local investigations.

392. In any suit or proceeding in which the Court deems a local investigation to be requisite or proper for the purpose of elucidating any matter in dispute, or of ascertaining the market value of any property, or the amount of any mesne profits or damages or annual nett profits, and the same cannot be conveniently conducted by the Judge in person, the Court may issue a commission to such person as it thinks fit, directing him to make such investigation and to report thereon to the Court:

Provided that when the Local Government has made rules as to the persons to whom such commission shall be issued, the Court shall be bound by such rules.

Procedure of Commissioner.

393. The Commissioner, after such local inspection as he deems necessary, and after reducing to writing the evidence taken by him, shall return such evidence, together with his report in writing, subscribed with his name, to the Court.

Report and depositions to be evidence in suit.

The report of the Commissioner and the evidence taken by him (but not the evidence without the report) shall be evidence in the suit, and shall form part of the record; but the Court, or any of the parties to the suit may, with the permission of the Court, examine the Commissioner personally in open Court touching any of the matters referred to him or mentioned in his report, or as to the manner in which he has made the investigation.

Commissioner may be examined in person.

C.—Commissions to examine Accounts.

Commission to examine or adjust accounts.

394. In any suit in which an examination or adjustment of accounts is necessary, the Court may issue a commission to such person as it thinks fit directing him to make such examination or adjustment.

(খ) ব্রিটনীয় ভারতবর্ষভিন্ন ব্রিটনীয় সাম্রাজ্যের কোন অংশে স্থাপিত আদালতের। কিম্বা,

(গ) শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে যৎকালে যে ভিন্ন-দেশ সন্ধিবদ্ধ থাকে সেই দেশের কোন আদালতের ইতি।

খ —স্থানীয় অনুসন্ধান লওয়ার জন্যে ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

স্থানবিশেষে অনুসন্ধান লওনার্থ ক্ষমতাপত্রের কথা।

৩৯২ ধারা। কোন মোকদ্দমা কি আনুষ্ঠানিক কার্য্যে আদালত কোন বিবাদীয় বিষয় স্পষ্ট বুঝিবার জন্যে, কিম্বা কোন সম্পত্তির বাজার দর, কিম্বা ওয়াসিলাৎ কি হানি পুরণ কিম্বা বৎসরের নিট লভ্য যত টাকা ধরিতে হইবে, ইহা নিশ্চয়রূপে জানিয়া লওয়ার নিমিত্ত স্থানবিশেষে অনুসন্ধান লওয়া আবশ্যক কি উচিত জ্ঞান করিলে, ও বিচারপতি সুবিধামতে স্বয়ং ঐ অনুসন্ধানের কার্য্য চালাইতে না পারিলে, আদালত যে ব্যক্তিকে উপযুক্ত বলিয়া জ্ঞান করেন তাঁহাকে ক্ষমতাপত্র দিয়া ঐ অনুসন্ধান লইয়া আদালতে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা দিতে পারিবেন।

কিন্তু তদ্রূপ ক্ষমতাপত্র যে ব্যক্তিদিগকে দিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে কোন বিধি করিয়া থাকিলে, আদালত সেই বিধিতে বদ্ধ থাকিবেন ইতি।

আমীনের কার্য্যপ্রণালীর কথা।

৩৯৩ ধারা। ঐ আমীন স্থানবিশেষে যত দূর নিরীক্ষণ করা আবশ্যক বোধ করেন তাহা করিয়া, আপনি যে সাক্ষ্য লইয়াছেন তাহা লিখিয়া, ঐ সাক্ষ্য ও আপনার রিপোর্ট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া আদালতে পাঠাইবেন।

মোকদ্দমায় ঐ রিপোর্ট ও সাক্ষ্য প্রমাণস্বরূপ হওয়ার কথা।

আমীনের রিপোর্ট ও তাঁহার গৃহীত সাক্ষ্য মোকদ্দমার প্রমাণের মধ্যে ধরিয়া কাগজপত্রের একাংশ হইবে (কিন্তু রিপোর্ট বিনা ঐ সাক্ষ্যমাত্র তদ্রূপে গ্রাহ্য হইবে না।) আমীনের বিবেচনার্থে যে২ বিষয় অর্পণ করা যায়, কিম্বা তাঁহার রিপোর্টের মধ্যে যে২ কথা লেখা থাকে, কিম্বা তিনি ঐ অনুসন্ধানের কার্য্য যে প্রকারে চালাইলেন এই২ বিষয়ে আদালত, কিম্বা আদালতের অনুমতি লইয়া মোকদ্দমার কোন পক্ষ মুক্তদ্বার আদালতে নিজ সেই আমানের সাক্ষ্য লইতে পারিবেন ইতি।

আমীনের সাক্ষ্য লওয়ার কথা।

গ।—হিসাব দেখিয়া লইবার ক্ষমতাপত্র বিষয়ক বিধি।

* হিসাব দেখিবার বা নিষ্পত্তি করিবার ক্ষমতাপত্রের কথা।

৩৯৪ ধারা। কোন মোকদ্দমায় হিসাব দেখিয়া লওয়ার কি নিষ্পত্তি করার প্রয়োজন হইলে, আদালত যে ব্যক্তিকে উপযুক্ত বলিয়া বোধ করেন তাঁহাকে ঐ হিসাব দেখিয়া লওয়ার কি নিষ্পত্তি করিবার আজ্ঞাসূচক ক্ষমতাপত্র দিতে পারিবেন ইতি।

395. The Court shall furnish the Commissioner with such part of the proceedings and such detailed instructions as appear necessary,

Court to give Commissioner necessary instructions.

and the instructions shall distinctly specify whether the Commissioner is merely to transmit the proceedings which he may hold on the inquiry, or also to report his own opinion on the point referred for his examination.

The proceedings of the Commissioner shall be received in evidence in the suit, unless the Court has reason to be dissatisfied with them, in which case the Court shall direct such further inquiry as is requisite.

Proceedings of Commissioner receivable in evidence.
Power to make further inquiry.

D.—Commission to make Partition.

396. In any suit in which the partition of immoveable property not paying revenue to Government appears to the Court to be necessary, the Court, after ascertaining the several parties interested in such property and their several rights therein, may issue a commission to such persons as it thinks fit to make a partition according to such rights.

Commission to make partition of non-revenue-paying immoveable property.

The Commissioners shall ascertain and inspect the property, and shall divide the same into as many shares as may be directed by the order under which the commission issues, and shall allot such shares to the parties, and may, if authorized thereto by the said order, award sums to be paid for the purpose of equalizing the value of the shares.

The Commissioners shall then prepare and sign a report, or (if they cannot agree) separate reports, appointing the share of each party, and distinguishing each share (if so directed by the said order) by metes and bounds. Such report or reports shall be annexed to the commission and transmitted to the Court: and the Court, after hearing any objections which the parties may make to the report or reports shall either quash the same and issue a new commission, or (where the Commissioners agree in their report) pass a decree in accordance therewith.

E.—General Provisions.

397. Before issuing any commission under this chapter, the Court may order such sum (if any) as it thinks reasonable for the expenses of the commission to be paid into Court

Expenses of Commission to be paid into Court.

৩৯৫ ধারা। রুবকারির যে অংশ ও বিস্তারিত যে উপদেশ আমীনকে দেওয়া প্রয়োজন বোধ হয়, আদালত তাহা দিবেন,

আমীনকে আদালতের প্রয়োজনীয় উপদেশ দেওয়ার কথা।

এবং আমীন সেই অনুসন্ধান লওন সম্পর্কে যে রুবকারী করেন কেবল তাহাই পাঠাইবেন, না তাঁহার অনুসন্ধান লওয়ার জন্যে যে বিষয় অর্পিত হইল সেই বিষয়ে আপনার অভিমতেরও রিপোর্ট করিবেন, ঐ উপদেশপত্রে এই কথা স্পষ্ট লেখা থাকিবে।

আমীনের রুবকারী মোকদ্দমায় প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে। কিন্তু তাহাতে আদালতের সন্তুষ্ট না হওয়ার কারণ থাকিলে, আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক তাহা লইবার আজ্ঞা করিবেন ইতি।

আমীনের রুবকারী প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবার কথা।

আরো অনুসন্ধান লওয়ার ক্ষমতার কথা।

ঘ।—বণ্টন করিবার ক্ষমতাপত্রের কথা।

৩৯৬ ধারা। যে স্থাবর সম্পত্তি গবর্ণমেণ্টের রাজস্বদায়ী নয়, কোন মোকদ্দমায় তাহা বণ্টন করা আদালতের বিবেচনায় আবশ্যক হইলে, ঐ সম্পত্তিতে যে২ ব্যক্তির স্বার্থ আছে ও যাঁহার যে স্বত্ব থাকে আদালত ইহা নিশ্চয়মতে জানিয়া লইয়া, সেই২ ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাদের নামে সেই২ স্বত্বানুসারে সম্পত্তি বণ্টন করণের ক্ষমতাপত্র দিতে পারিবেন।

যে স্থাবর সম্পত্তি রাজস্বদায়ী নয় তাহা বণ্টন করিবার ক্ষমতাপত্রের কথা।

আমীনেরা ঐ সম্পত্তি নিশ্চয়মতে জানিয়া নিরীক্ষণ করিবেন, ও যে আজ্ঞাপত্রক্রমে ক্ষমতাপত্র দেওয়া যায় তন্মধ্যে যত ভাগ করিবার আদেশ থাকে তত ভাগ করিয়া ঐ ব্যক্তিদের প্রতি আপন২ ভাগ নিরূপণ করিয়া দিবেন, এবং ঐ আজ্ঞাক্রমে অনুমতি পাইয়া থাকিলে ঐ২ ভাগের মূল্য সমান করিবার জন্যে যাঁহার যত টাকা দিতে হইবে তাহারও মীমাংসা করিবেন।

পরে আমীনেরা রিপোর্ট প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, কিম্বা একবাক্য হইতে না পারিলে, স্বতন্ত্র২ রিপোর্ট লিখিয়া প্রত্যেক ব্যক্তির অংশ নিরূপণ করিবেন, ও উক্ত আজ্ঞাপত্রে আদেশ থাকিলে, এক২ ভাগের পরিমাণ ও চতুঃসীমা নির্ণয় করিবেন। ঐ বা ঐ২ রিপোর্ট ক্ষমতাপত্রের সহিত সংযোগ করিয়া আদালতে পাঠান যাইবে। পরে কোন পক্ষ উক্ত এক বা কএক রিপোর্টের বিষয়ে যে আপত্তি করেন, আদালত তাহা শুনিয়া, হয় সেই কার্য্য ব্যর্থ করিয়া নূতন ক্ষমতাপত্র দিবেন, কিম্বা আমীনেরা একবাক্য হইয়া রিপোর্ট লিখিলে, তদনুসারে ডিক্রী করিবেন ইতি।

ঙ।—সাধারণ বিধান।

৩৯৭ ধারা। যে পক্ষের অনুরোধে কিম্বা যাঁহার হিতার্থে উক্ত ক্ষমতাপত্র দেওয়া যায়, আদালত তৎসম্পর্কীয় খরচা ধরিলে, যত টাকা সঙ্গত বোধ করেন, এই অধ্যায়মতে ক্ষমতাপত্র

আমীনের খরচ আদালতে দিতে হইবার কথা।

by the party at whose instance or for whose benefit the commission is issued.

Commissioner may examine parties and witnesses and call for papers.

398. Any Commissioner appointed under this chapter may, unless otherwise directed by the order of appointment,

(*a*) examine the parties themselves and any witness whom they or any of them may produce, and any other person whom the Commissioner thinks proper to call upon to give evidence in the matter referred to him:

(*b*) call for and examine documents and other things relevant to the subject of inquiry:

(*c*) at any reasonable time enter upon or into any land or building mentioned in the order.

Attendance, examination and punishment of witnesses before Commissioner.

399. The provisions of this Code relating to the summoning, attendance, and examination of witnesses, and to the remuneration of, and penalties to be imposed upon, witnesses, shall apply to persons required to give evidence or to produce documents under this chapter, whether the commission in execution of which they are so required has been issued by a Court situate within, or by a Court situate beyond, the limits of British India.

Procedure *ex parte* where parties do not appear.

400. Whenever a commission is issued under this chapter, the Court shall direct that the parties to the suit shall appear before the Commissioner in person or by their agents or pleaders.

If the parties do not so appear, the Commissioner may proceed *ex parte*.

PART III.

OF SUITS IN PARTICULAR CASES.

CHAPTER XXVI.

SUITS BY PAUPERS.

Suits may be brought *in formâ pauperis*.

401. Subject to the following rules, any suit may be brought by a pauper.

Explanation.—A person is a 'pauper' when he is not possessed of sufficient means to enable him to pay the fee prescribed by law for the plaint

দেওনের পূর্ব্বে ঐ পক্ষের তত টাকা আদালতে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

উভয় পক্ষের ও সাক্ষিদের সাক্ষ্য লইতে ও কাগজপত্র আনাইতে আমীনদের ক্ষমতার কথা।

৩৯৮ ধারা। নিযুক্ত করণের আজ্ঞাপত্রক্রমে অন্যরূপ আদেশ না থাকিলে, এই অধ্যায়মতে নিযুক্ত কোন আমীন

(ক) উভয় পক্ষের সাক্ষ্য, ও তাঁহারা কি তাঁহাদের কোন ব্যক্তি যে সাক্ষিকে উপস্থিত করেন তাঁহার সাক্ষ্য, এবং আমীন আপনার প্রতি অর্পিত বিষয়ে অন্য যাঁহাকে সাক্ষ্য দিতে আদেশ করা উচিত বোধ করেন তাঁহার সাক্ষ্য লইতে পারিবেন,

(খ) দলীল, এবং অনুসন্ধান লওনীয় বিষয়সংক্রান্ত অন্য কোন দ্রব্য আনাইয়া দেখিতে পারিবেন, ও

(গ) সঙ্গত কোন সময়ে ঐ আজ্ঞাপত্রের উল্লিখিত কোন ভুমিতে কি বাটীতে যাইতে বা প্রবেশ করিতে পারিবেন ইতি।

আমীনের সম্মুখে সাক্ষিদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও দণ্ডের কথা।

৩৯৯ ধারা। এই আইনের মধ্যে সাক্ষিদের নামে সমন দেওনের ও তাঁহাদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও পারিশ্রমিক পাইবার এবং তাঁহাদের উপর যে দণ্ড ধার্য্য হইতে পারে তদ্বিষয়ের যেং বিধান আছে, এই অধ্যায়মতে সাক্ষ্য দিবার কি দলীল আনিয়া দেখাইবার আদিষ্ট ব্যক্তিদেরও প্রতি সেইং বিধান খাটিবে, ও যে ক্ষমতাপত্রানুসারে তাঁহাদের প্রতি সেইং কার্য্য করিতে আদেশ হয় তাহা ব্রিটনীয় ভারতবর্ষের সীমার অন্তর্গত বা বহির্ভূত স্থানে স্থাপিত আদালতহইতে বাহির হইলেও, ঐ বিধান খাটিবে ইতি।

উভয় পক্ষ উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪০০ ধারা। এই অধ্যায়মতে ক্ষমতাপত্র দেওয়া গেলে, আদালত মোকদ্দমার উভয় পক্ষের প্রতি নিজে কিম্বা আপনং মোখ্তারের কি উকীলের দ্বারা আমীনের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন।

উভয় পক্ষ তদ্রূপে উপস্থিত না হইলে, আমীন এক পক্ষের উপস্থিত হওনমতে কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

তৃতীয় ভাগ।

বিশেষং স্থলের মোকদ্দমাবিষয়ক বিধি।

২৬ ষড়্বিংশ অধ্যায়।

পাপরদের মোকদ্দমাবিষয়ক বিধি।

পাপরস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

৪০১ ধারা। পাপর নিম্নলিখিত বিধি মানিয়া কোন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

ব্যাখ্যা।—আইনমতে মোকদ্দমার আবেদনপত্রের যে ফী নির্দ্ধারিত আছে কোন ব্যক্তির সেই ফী দিবার উপযুক্ত সঙ্গতি না থাকিলে, কিম্বা তদ্রূপ ফী ধার্য্য

in such suit, or, where no such fee is prescribed, when he is not entitled to property worth one hundred rupees other than his necessary wearing apparel and the subject-matter of the suit.

402. No suit shall be brought by a pauper to recover compensation for loss of caste, libel, slander, abusive language or assault.

What suits excepted.

403. The application for permission to sue by a pauper shall be in writing, and shall contain the particulars required by section 50 in regard to plaints in suits: a schedule of any moveable or immoveable property belonging to the petitioner, with the estimated value thereof, shall be annexed thereto; and it shall be subscribed and verified in the manner hereinbefore prescribed for the subscription and verification of plaints.

Application to be in writing.

Contents of application.

404. Notwithstanding anything contained in section 36, the application shall be presented to the Court by the applicant in person unless he is exempted from appearing in Court under section 640 or 641, in which case the application may be presented by a duly authorized agent, who can answer all material questions relating to the application, and who may be examined in the same manner as the party represented by him might have been examined had such party attended in person.

Presentation of application.

405. If the application be not framed or presented in the manner prescribed by sections 403 and 404, the Court shall reject it.

Rejection of application.

406. If the application be in proper form and duly presented, the Judge shall examine the petitioner, or his agent when the applicant is allowed to appear by agent, regarding the merits of the claim and the property of the applicant.

Examination of applicant.

When the application is presented by an agent, the Court may, if it thinks fit, order that the applicant be examined by a Commission in the manner in which the examination of an absent witness may be taken under the provisions of this Code.

If presented by agent, Court may order applicant to be examined by Commission.

না হইলে যিনি গাত্রের প্রয়োজনীয় বস্ত্র ও মোকদ্দমার বিবাদীয় বিষয়ভিন্ন এক শত টাকা মূল্যের সম্পত্তির স্বত্ববান নহেন, তিনিই "পাপর" ইতি।

৪০২ ধারা। জাতিভ্রষ্ট হওন কি অপবাদ কি অখ্যাতি কি গ্লানি কি আক্রমণ করণ দ্বারা যে হানি হয়, পাপর সেই হানিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না ইতি।

যেং প্রকারের মোকদ্দমা বর্জ্জিত হইবে তাহার কথা।

৪০৩ ধারা। পাপরের মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতির প্রার্থনাপত্র লিখিয়া দিতে হইবে। ও ৫০ ধারামতে মোকদ্দমার আবেদনপত্রে যেং বৃত্তান্ত লিখিতে হইবে ঐ প্রার্থনাপত্রে সেইং বৃত্তান্ত থাকিবে। প্রার্থকের স্থাবর কি অস্থাবর যে কোন সম্পত্তি থাকে ও তাহার অনুমান যত মূল্য হয় ইহার তফসীল ঐ প্রার্থনাপত্রে সংযোগ করিয়া দিতে হইবে। এবং আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার যে নিয়ম পূর্ব্বে নির্দ্ধারিত হইয়াছে, ঐ প্রার্থনাপত্রেও সেইরূপে স্বাক্ষর করা ও সত্যাকরণের কথা লেখা যাইবে ইতি।

প্রার্থনাপত্র লিখিয়া দিতে হইবার কথা।

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা।

৪০৪ ধারা। ৩৬ ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও প্রার্থক আপনি আদালতে গিয়া প্রার্থনাপত্র দিবেন। কিন্তু ৬৪০ বা ৬৪১ ধারামতে আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকিলে, নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার ঐ প্রার্থনাসম্পর্কীয় সকল ভারিং প্রশ্নের উত্তর দিতে পারেন, এবং তিনি যে পক্ষের প্রতিনিধি হন সেই পক্ষ নিজেই উপস্থিত হইলে তাঁহার সাক্ষ্য যেরূপে লওয়া যাইতে পারিত সেইরূপে যাঁহার সাক্ষ্য লওয়া যাইতে পারে, এমত মোক্তারের দ্বারা ঐ প্রার্থনাপত্র উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

প্রার্থনাপত্র উপস্থিত করিবার কথা।

৪০৫ ধারা। প্রার্থনাপত্র ৪০৩ ও ৪০৪ ধারার নির্দ্ধারিতমতে লেখা না গেলে কি উপস্থিত করা না গেলে আদালত তাহা অগ্রাহ্য করিবেন ইতি।

প্রার্থনাপত্র অগ্রাহ্য করণের কথা।

৪০৬ ধারা। প্রার্থনাপত্র দাঁড়ামতে লেখা গেলে ও নিয়মমতে উপস্থিত করা গেলে, বিচারপতি প্রার্থকের দাওয়ার দোষগুণের ও সম্পত্তির বিষয়ে প্রার্থকের, কিম্বা মোক্তারের দ্বারা উপস্থিত হইবার অনুমতি পাইলে মোক্তারের পরীক্ষা লইবেন।

প্রার্থকের পরীক্ষা লওয়ার কথা।

প্রার্থনাপত্র মোক্তারের দ্বারা উপস্থিত করা গেলে, এই আইনের বিধানমতে অনুপস্থিত সাক্ষির পরীক্ষা যেরূপে লওয়া যাইতে পারে, আদালত বিহিত বোধ করিলে সেইরূপে আমীনের দ্বারা প্রার্থকের পরীক্ষা লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মোক্তারের দ্বারা উপস্থিত করা গেলে আমীনের দ্বারা প্রার্থকের পরীক্ষা লইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

Rejection of application.

407. If it appear to the Court upon such examination

(*a*) that the applicant is not a pauper, or

(*b*) that he has, within the two months next before the presentation of the application, disposed of any property fraudulently or with a view to obtain the benefit of this chapter, or

(*c*) that his allegations do not show a right to sue in such Court, or

(*d*) that he has entered into any agreement with reference to the subject-matter of the proposed suit under which any other person has obtained an interest in such subject-matter,

the Court shall reject the application.

Notice of day for receiving evidence of applicant's pauperism.

408. If upon such examination the Court sees no reason to refuse the application on any of the grounds stated in section 407, it shall fix a day (of which at least ten days' previous notice shall be given to the opposite party and the Government Pleader) for receiving such evidence as the applicant may adduce in proof of his pauperism, and for hearing any evidence which may be adduced in disproof thereof.

Procedure at hearing.

409. On the day so fixed, or as soon thereafter as may be convenient, the Court shall examine the witnesses (if any) produced by either party, and may cross-examine the applicant or his agent, and shall make a memorandum of the substance of their evidence.

The Court shall also hear any argument which the parties may desire to offer on the question whether, on the face of the application and of the evidence (if any) taken by the Court as herein provided, the applicant is or is not subject to any of the prohibitions specified in section 407.

The Court shall then either allow or refuse to allow the applicant to sue as a pauper.

Procedure if application admitted.

410. If the application be granted, it shall be numbered and registered, and shall be deemed the plaint in the suit, and the suit shall proceed in all other respects as a suit instituted under chapter V, except that the plaintiff shall not be liable to any court-fee (other than fees payable for service of process) in respect of any petition, appointment of a pleader, or other proceeding connected with the suit.

প্রার্থনা অগ্রাহ্য করণের কথা।

৪০৭ ধারা। তদ্রূপ পরীক্ষা লইয়া,

(ক) প্রার্থক পাপর নহেন, কিম্বা

(খ) তিনি প্রার্থনাপত্র উপস্থিত করণের পূর্ব্ব দুই মাসের মধ্যে প্রতারণাক্রমে কিম্বা এই অধ্যায়মতে উপকার পাইবার আশায় কোন সম্পত্তি হস্তান্তর করিয়াছেন, কিম্বা

(গ) তাঁহার কথার দ্বারা ঐ আদালতে মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব দেখা যায় না, কিম্বা

(ঘ) প্রস্তাবিত মোকদ্দমার বিবাদীয় বিষয়ে অন্য ব্যক্তি যাহাতে স্বার্থ প্রাপ্ত হইলেন, বাদী সেই বিষয় সম্পর্কীয় এমত কোন নিয়ম করিয়াছেন,

আদালত ইহা দেখিতে পাইলে ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবেন ইতি।

প্রার্থকের দীনতার প্রমাণ লওনের দিনের নোটিসের কথা।

৪০৮ ধারা। আদালত উক্ত পরীক্ষা লইয়া ৪০৭ ধারার লিখিত কোন হেতুতে ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবার কোন কারণ না দেখিলে, প্রার্থক আপনার দৈন্য দশার যে প্রমাণ উপস্থিত করিতে পারেন তাহা লইবার ও তাঁহার দৈন্যদশার অপ্রমাণ করিতে যে সাক্ষ্য উপস্থিত করা যায় তাহা শুনিবার নিমিত্ত, আদালত দিন নিরূপণ করিয়া ন্যূনকল্পে দশ দিন থাকিতে বিপক্ষ পক্ষকে ও গবর্ণমেণ্টের উকীলকে ঐ দিনের নোটিস দিবেন ইতি।

শুনিবার সময়ে কার্য্যপ্রণালীর কথা।

৪০৯ ধারা। সেই নিরূপিত দিনে, কিম্বা তাহার পর সুবিধামতে ত্বরায় কোন পক্ষ সাক্ষিদিগকে উপস্থিত করিলে, আদালত তাঁহাদের পরীক্ষা, ও প্রার্থকের ও তাঁহার মোক্তারের কূটপরীক্ষা লইয়া তাঁহাদের সাক্ষ্যের মর্ম্মাত্মক কথা লিখিয়া লইবেন।

আরো ৪০৭ ধারায় বাধাজনক যে২ কথা নির্দ্দিষ্ট হইল, প্রার্থনাপত্রের অভিমুখে ও আদালত এই ধারামতে সাক্ষ্য গ্রহণ করিলে সেই সাক্ষ্য দ্বারাই তন্মধ্য কোন কথা প্রার্থকের প্রতি বর্ত্তে কি না, এই বিষয়ে উভয় পক্ষ যে তর্কবিতর্ক করিতে চাহেন আদালত তাহা শুনিবেন।

পরে প্রার্থককে পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিতে অনুমতি দিবেন বা নাই দিবেন ইতি।

প্রার্থনা গ্রাহ্য হইলে পর কার্য্যপ্রণালীর কথা।

৪১০ ধারা। প্রার্থনা গ্রাহ্য হইলে, তাহাতে নম্বর দেওয়া যাইবে ও তাহা রেজিষ্টরী করা যাইবে, ও মোকদ্দমার আবেদনপত্র বলিয়া জ্ঞান হইবে, এবং অন্য সকল বিষয়ে ৫ পঞ্চম অধ্যায়মতে উপস্থিত মোকদ্দমার ন্যায় তাহার কার্য্য চলিবে। কেবল বিশেষ এই যে, পরওয়ানা জারী করিবার ফী ছাড়া কোন দরখাস্ত কি উকীল নিযুক্তকরণ কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় অন্য কার্য্যবিষয়ে, বাদির আদালতের কোন ফী লাগিবে না ইতি।

411. If the plaintiff succeed in the suit, the Court shall calculate the amount of court-fees which would have been paid by the plaintiff if he had not been permitted to sue as a pauper; and such amount shall be a first charge on the subject-matter of the suit, and shall also be recoverable by the Government from any party ordered by the decree to pay the same, in the same manner as costs of suit are recoverable under this Code.

Costs when pauper succeeds.

Recovery of court-fees.

৪১১ ধারা। ঐ মোকদ্দমায় বাদী জিতিলে, পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না হইলে আদালতে তাঁহার যত রসুম দিতে হইত, আদালত ইহার হিসাব করিবেন, ও সেই টাকা মোকদ্দমার বিবাদীয় বিষয়ের উপর প্রথম দায় হইবে, ও ডিক্রীক্রমে যে পক্ষের সেই ফী দিতে আজ্ঞা হয়, এই আইনমতে অনুসারে মোকদ্দমার খরচা যেরূপে আদায় হইতে পারে গবর্ণমেণ্ট সেইরূপে ঐ পক্ষের স্থানে ঐ ফী আদায় করিতে পারিবেন ইতি।

পাপর জিতিলে খরচার কথা।

আদালতের ফী আদায় করিবার কথা।

412. If the plaintiff fails in the suit, or if he is dispaupered, the Court shall order the plaintiff, or any person made under section 32 co-plaintiff to the suit to pay the court-fees which would have been paid by the plaintiff if he had not been permitted to sue as a pauper;

Procedure when pauper fails.

৪১২ ধারা। বাদী যদি ঐ মোকদ্দমায় না জিতেন কিম্বা পাপরস্বরূপ তাঁহার মোকদ্দমা করিবার অনুমতি যদি রহিত করা যায়, তবে পাপরস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না হইলে আদালতের যে রসুম তাঁহার দিতে হইত, আদালত তাঁহাকে কিম্বা ৩২ ধারামতে যাঁহাকে মোকদ্দমার সহবাদী করা যায় তাঁহাকে সেই রসুম দিবার আজ্ঞা করিবেন।

পাপর না জিতিলে কার্য্য-প্রণালীর কথা।

and if it find that the suit was frivolous or vexatious, it may also punish the plaintiff with fine not exceeding one hundred rupees, or with imprisonment for a term which may extend to a month, or with both.

ও আদালত সেই মোকদ্দমা তুচ্ছ বা ক্লেশজনকমাত্র জ্ঞান করিলে, বাদির একশত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ উভয় দণ্ড করিতে পারিবেন ইতি।

413. Refusal to allow the applicant to sue as a pauper shall be a bar to any subsequent application of the like nature by him in respect of the same right to sue; but the applicant shall be at liberty to institute a suit in the ordinary manner in respect of such right, provided that he first pays the costs (if any) incurred by Government in opposing his application for leave to sue as a pauper.

Refusal to allow applicant to sue as pauper to bar subsequent application of like nature.

৪১৩ ধারা। প্রার্থককে পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না দেওয়া গেলে, তিনি মোকদ্দমা উপস্থিত করিবার সেই স্বত্ব সম্পর্কে আর সেই প্রকারের প্রার্থনা করিতে পারিবেন না। কিন্তু পাপরস্বরূপ মোকদ্দমা করিবার অনুমতির প্রার্থনাপত্রের প্রতিবাদ করণে গবর্ণমেণ্টের কোন খরচা লাগিলে, প্রার্থক প্রথমে সেই খরচা দিয়া, সেই স্বত্বসম্পর্কে রীতিমতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

প্রার্থককে পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না দেওয়াই পশ্চাৎ তাহার সেইরূপ প্রার্থনা করিবার বাধা হওয়ার কথা।

414. The Court may, on motion by the defendant, or by the Government Pleader, of which one week's notice in writing has been given to the plaintiff, order the plaintiff to be dispaupered—

Dispaupering.

(a) if he is guilty of vexatious or improper conduct in the course of the suit;

(b) if it appears that his means are such that he ought not to continue to sue as a pauper, or

(c) if he has entered into any agreement with reference to the subject-matter of the suit, under which any other person has obtained an interest in such subject-matter.

৪১৪ ধারা। প্রতিবাদী কিম্বা গবর্ণমেণ্টের উকীল এক সপ্তাহ থাকিতে বাদির নামে নোটিস লিখিয়া দিয়া আদালতে অনুরোধ করিলে, আদালত নিম্নলিখিত স্থলে ঐ বাদির পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি রহিত করিতে পারিবেন, অর্থাৎ

পাপরস্বরূপে মোকদ্দমা করিবার অনুমতি রহিত করণের কথা।

(ক) মোকদ্দমার চলন সময়ে বাদী বৈরক্তিজনক কি অনুচিত আচরণ করিলে, কিম্বা

(খ) তাঁহার যে সম্পত্তি আছে তদ্বিবেচনায় তাঁহার পাপরস্বরূপে মোকদ্দমা চালান আর উচিত না হইলে, কিম্বা,

(গ) মোকদ্দমার বিবাদীয় বিষয়ে অন্য কোন ব্যক্তি যাহাতে স্বার্থপ্রাপ্ত হইলেন, বাদী সেই বিষয় সম্পর্কীয় এমত কোন নিয়ম করিয়া থাকিলে ইতি।

415. The costs of an application for permission to sue as a pauper and of an enquiry into pauperism are costs in the suit.

Costs.

CHAPTER XXVII.

Suits by or against Government or Public Officers.

416. Suits by or against the Government shall be instituted by or against (as the case may be) the Secretary of State for India in Council.

Suits by or against Secretary of State in Council.

417. Persons being *ex-officio* or otherwise authorized to act for Government in respect of any judicial proceeding, shall be deemed to be the recognized agents by whom appearances, acts and applications under this Code may be made or done on behalf of Government.

Persons authorized to act for Government.

418. In suits by the Secretary of State for India in Council, instead of inserting in the plaint the name and description and place of abode of the plaintiff, it shall be sufficient to insert the words "The Secretary of State for India in Council."

Plaints in suits by Secretary of State in Council.

419. The Government Pleader in any Court shall be the agent of the Government for the purpose of receiving processes against the said Secretary of State in Council, issuing out of such Court.

Agent of Government to receive process.

420. The Court, in fixing the day for the said Secretary of State in Council to answer to the plaint, shall allow a reasonable time for the necessary communication with the Government through the proper channels, and for the issue of instructions to the Government Pleader to appear and answer on behalf of the said Secretary of State in Council or the Government, and may extend the time at its discretion.

Appearance and answer by Secretary of State in Council.

৪১৫ ধারা। পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করণের অনুমতি প্রার্থনা করিবার ও দৈন্যদশার অনুসন্ধান লইবার খরচ মোকদ্দমার খরচার মধ্যে ধরা যাইবে ইতি।

খরচার কথা।

২৭ সপ্তবিংশ অধ্যায়।

গবর্ণমেণ্টের কিম্বা রাজকীয় কার্য্যকারকদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক কথা।

৪১৬ ধারা। গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের নামে যেহ মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা কিম্বা বিষয়বিশেষে তাঁহারই নামে উপস্থিত করা যাইবে ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা কি তাঁহার নামে মোকদ্দমা বিষয়ক কথা।

৪১৭ ধারা। যে ব্যক্তিরা স্বহ পদোপলক্ষে কিম্বা প্রকারান্তরে আদালতের কোন কার্য্যসম্পর্কে গবর্ণমেণ্টের পক্ষ হইয়া কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন, তাঁহাদিগকে এই আইনমতে গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত হইবার ও কার্য্য করিবার ও প্রার্থনাপত্র দিবার স্বীকৃত কর্ম্মকারক বলিয়া জ্ঞান হইবে ইতি।

যাঁহারা গবর্ণমেণ্টের পক্ষে কর্ম্ম করিতে সক্ষম তাঁহাদের কথা।

৪১৮ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা মোকদ্দমা উপস্থিত করা গেলে, আবেদনপত্রে বাদির নাম ও বর্ণনা ও নিবাস না লিখিয়া, "ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত সেক্রেটরী সাহেব" এইমাত্র লিখিলে চলিতে পারিবে ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মোকদ্দমার আবেদনপত্রের কথা।

৪১৯ ধারা। কোন আদালতহইতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নামে পরওয়ানা বাহির হইলে, সেই আদালতের গবর্ণমেণ্টের উকীল ঐ পরওয়ানা লইবার জন্যে গবর্ণমেণ্টের পক্ষ কর্ম্মকারক হইবেন ইতি।

গবর্ণমেণ্টের সপক্ষ কর্ম্মকারকের পরওয়ানা গ্রাহ্য করিবার কথা।

৪২০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব যে দিনে আবেদনপত্রের উত্তর দিবেন, আদালত সেই দিন নিরূপণ করিতে গেলে, উপযুক্ত প্রণালীমতে গবর্ণমেণ্টের সঙ্গে প্রয়োজনীয় লিখনপঠন করণের, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে গবর্ণমেণ্টের উকীলের প্রতি উপদেশ দেওনের উপযুক্ত সময় ধরিয়া ঐ দিন নিরূপণ করিবেন, এবং আপনার বিবেচনামতে সেই সময় বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের উপস্থিত হওনের ও উত্তর দেওনের কথা।

421. The Court may also in any case in which the Government Pleader is not accompanied by any person on the part of the said Secretary of State in Council, who may be able to answer any material questions relating to the suit, direct the attendance of such a person.

Attendance of person able to answer questions relating to suit against Government.

422. Where the defendant is a public officer, the Court may send a copy of the summons to the head of the office in which the defendant is employed, for the purpose of being served on him, if it appear to the Court that the summons may be most conveniently so served.

Service on public officers.

423. If the public officer on receiving the summons considers it proper to make a reference to the Government before answering to the plaint, he may apply to the Court to grant such extension of the time fixed in the summons as may be necessary to enable him to make such reference, and to receive orders thereon through the proper channel;

Extension of time to enable officer to make reference to Government.

and the Court upon such application may extend the time for so long as appears to be requisite.

424. No suit shall be instituted against the said Secretary of State in Council or against a public officer until the expiration of two months next after notice in writing has been in the case of the Secretary of State in Council delivered to, or left at the office of, a Secretary to the Local Government or the Collector of the District, and, in the case of a public officer, delivered to him or left at his office, stating the cause of action and the name and place of abode of the intending plaintiff; and the plaint must contain a statement that such notice has been so delivered or left.

Notice previous to suing Secretary of State in Council or public officer.

425. No warrant of arrest shall be issued in such suit without the consent in writing of the District Judge.

Arrests in such suits.

426. If the Government undertake the defence of a suit against a public officer, the Government Pleader, upon being furnished with authority to appear and answer to the plaint, shall apply to the Court, and upon such

Application where Government undertakes defence.

৪২১ ধারা। আর মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের সপক্ষে মোকদ্দমা সম্পর্কীয় ভারি২ প্রশ্নের উত্তর দিবার সক্ষম কোন ব্যক্তি গবর্ণমেণ্টের উকীলের সঙ্গে না থাকিলে, আদালত তদ্রূপ ব্যক্তির উপস্থিত হওয়ার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

গবর্ণমেণ্টের বিপক্ষ মোকদ্দমা সম্পর্কীয় প্রশ্নের উত্তর দিবার সক্ষম ব্যক্তিদের উপস্থিত হওয়ার কথা।

৪২২ ধারা। প্রতিবাদী রাজকীয় কার্য্যকারক হইলে তিনি যে আফিসে কর্ম্ম করেন, সেই আফিসের প্রধান কর্ত্তৃপক্ষের নিকটে সমন পাঠাইলে তাহা সুবিধামতে জারী হইতে পারিবে আদালতের এমত জ্ঞান থাকিলে, আদালত প্রতিবাদিকে দিবার জন্যে ঐ প্রধান কর্ত্তৃপক্ষের নিকট সমনের নকল পাঠাইবেন ইতি।

রাজকীয় কর্ম্মকারকদের নামে সমন জারী করিবার কথা।

৪২৩ ধারা। ঐ রাজকীয় কার্য্যকারক সমন পাইলে পর, আবেদনপত্রের উত্তর দেওনের পূর্ব্বে গবর্ণমেণ্টের নিকট জিজ্ঞাসা করা উচিত বোধ করিলে, উপযুক্ত প্রণালীমতে জিজ্ঞাসা করিবার ও তদ্বিষয়ের আজ্ঞা পাইবার জন্যে যত দিন আবশ্যক, সমনের নির্দ্ধারিত সময় তত দিন বাড়াইয়া দিতে আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

কার্য্যকারক গবর্ণমেণ্টের নিকট জিজ্ঞাসা করিতে পারেন এই নিমিত্ত সময় বাড়াইয়া দিবার কথা।

তদ্রূপ প্রার্থনা হইলে, আদালত যত দিন আবশ্যক বোধ করেন তত দিন ঐ সময় বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

৪২৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে, তৎপূর্ব্বে দুই মাস থাকিতে স্থানীয় গবর্ণমেণ্টের কোন সেক্রেটরী সাহেবকে কিম্বা জিলার কালেক্টর সাহেবকে কিম্বা তাঁহার আফিসে ঐ নালিশের হেতুর ও প্রস্তাবিত বাদির নামের ও বাসস্থানের নোটিস, এবং রাজকীয় কার্য্যকারকের নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে তাঁহাকে কিম্বা তাঁহার আফিসে সেই মর্ম্মের নোটিস দিতে বা রাখিয়া আসিতে হইবে। নতুবা মোকদ্দমা উপস্থিত করা যাইবে না। ও ঐ নোটিস যে দেওয়া বা রাখিয়া আসা গিয়াছে আবেদনপত্রে এই কথা থাকিবে ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কিম্বা রাজকীয় কার্য্যকারকের নামে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে নোটিস দেওয়ার কথা।

৪২৫ ধারা। তদ্রূপ মোকদ্দমায় জিলার জজ সাহেব অনুমতি লিখিয়া না দিলে, ধৃত করিবার কোন পরওয়ানা বাহির হইবে না ইতি।

তদ্রূপ মোকদ্দমায় ধৃত করিবার কথা।

৪২৬ ধারা। গবর্ণমেণ্ট রাজকীয় কার্য্যকারকের নামে উপস্থিত মোকদ্দমার উত্তর দিতে স্থির করিলে, গবর্ণমেণ্টের উকীল উপস্থিত হইয়া আবেদনপত্রের উত্তর দিতে ক্ষমতা প্রাপ্ত হইলে আদালতে প্রার্থনা করিবেন।

গবর্ণমেণ্ট উত্তর দিতে স্বীকার করিলে প্রার্থনার কথা।

application the Court shall cause a note of his authority to be entered in the register.

তদ্রূপ প্রার্থনা করিলে আদালত রেজিষ্টরের মধ্যে তাঁহার সেই ক্ষমতার সংক্ষেপকথা লেখাইয়া রাখিবেন ইতি।

427. If such application is not made by the Government Pleader on or before the day fixed in the notice for the defendant to appear and answer to the plaint, the case shall proceed as in a suit between private parties, except that the defendant shall not be liable to arrest, nor his property to attachment, otherwise than in execution of a decree.

Procedure where no such application made.

Defendant not liable to arrest before judgment.

৪২৭ ধারা। নোটিসে প্রতিবাদির উপস্থিত হইয়া আবেদনপত্রের উত্তর দিবার যে দিন ধার্য্য হইল, গবর্ণমেণ্টের উকীল সেই দিনে কি তৎপূর্ব্বে উক্ত প্রকারের প্রার্থনা না করিলে, সাধারণ দুই পক্ষের মধ্য মোকদ্দমার ন্যায় ঐ মোকদ্দমা চলিবে, কেবল বিশেষ এই যে ডিক্রী জারীক্রমে না হইলে প্রতিবাদিকে ধৃত কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করা যাইতে পারিবে না ইতি।

তদ্রূপ প্রার্থনা না হইলে কার্য্যপ্রণালীর কথা।

বিচার হওয়ার পূর্ব্বে প্রতিবাদির ধৃত হইতে না পারিবার কথা।

428. In a suit against a public officer the Court shall exempt the defendant from appearing in person when he satisfies the Court that he cannot absent himself from his duty without detriment to the public service.

Exemption of public officers from personal appearance.

৪২৮ ধারা। রাজকীয় কোন কার্য্যকারকের নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ও তিনি স্বীয় কর্ম্মে না গেলে রাজকীয় কর্ম্মের ব্যাঘাত হইবে আদালতের হৃদ্বোধমতে ইহা জানাইলে, আদালত তাঁহার স্বয়ং না আসিবার অনুমতি দিবেন ইতি।

রাজকীয় কার্য্যকারকদের নিজে উপস্থিত না হওয়ার অনুমতির কথা।

429. When the decree is against the said Secretary of State in Council or against a public officer, a time shall be specified in the decree within which it shall be satisfied; and if the decree is not satisfied within the time so specified, the Court shall report the case for the orders of the Local Government.

Procedure where decree is against Government or a public officer.

৪২৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কিম্বা রাজকীয় কার্য্যকারকের বিপক্ষে ডিক্রী হইলে, ঐ ডিক্রীমত কার্য্য যে সময়ের মধ্যে সাধন করিতে হইবে ডিক্রীর মধ্যে এমত সময় নির্দ্দিষ্ট থাকিবে, ও সেই নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ ডিক্রীমত কার্য্য সাধন না হইলে আদালত স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার জন্যে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

গবর্ণমেণ্টের কিম্বা রাজকীয় কার্য্যকারকের বিপক্ষে ডিক্রী হইলে কার্য্যপ্রণালীর কথা।

Execution shall not issue on any such decree unless it remains unsatisfied for the period of three months computed from the date of the report.

সেই রিপোর্টের তারিখ অবধি যদি তিন মাস পর্য্যন্ত ডিক্রীমত কার্য্য সাধন না হইয়া থাকে, তবে সেই ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইতে পারিবে নতুবা নয় ইতি।

CHAPTER XXVIII.

Suits by Aliens and by or against Foreign and Native Rulers.

২৮ অষ্টাবিংশ অধ্যায়।

ভিন্ন জাতীয় ব্যক্তিদের ও ভিন্ন দেশীয় বা এতদ্দেশীয় সরদারদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

430. Alien enemies residing in British India with the permission of the Governor-General in Council and alien friends may sue in the Courts of British India as if they were subjects of Her Majesty.

When aliens may sue.

৪৩০ ধারা। ভিন্ন জাতীয় শত্রুগণ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে বাস করিলে তাঁহারা এবং ভিন্ন জাতীয় মিত্রগণ শ্রীশ্রীমতী মহারাণীর প্রজার ন্যায় ব্রিটনীয় ভারতবর্ষের আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

ভিন্ন জাতীয় ব্যক্তিরা যে স্থলে মোকদ্দমা উপস্থিত করিতে পারেন তাহার কথা।

No alien enemy residing in British India without such permission, or residing in a foreign country, shall sue in any of such Courts.

ভিন্নজাতীয় কোন শত্রু উক্ত অনুমতি বিনা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যবাসী হইলে, কিম্বা ভিন্ন দেশে বাস করিলে, উক্ত কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করিবেন না।

Explanation.—Every person residing in a foreign country, the Government of which is at war with the United Kingdom of Great Britain and Ireland and carrying on business in that country without a license in that behalf under the hand of one of Her Majesty's Secretaries of State or of a Secretary to the Government of India, shall, for the purpose of the second paragraph of this section, be deemed to be an alien enemy residing in a foreign country.

When a foreign State may sue.

431. A foreign State may sue in the Courts of British India, provided that—

(*a*) it has been recognized by Her Majesty or the Governor-General in Council, and

(*b*) the object of the suit is to enforce the private rights of the head, or of the subjects of the foreign State.

The Court shall take judicial notice of the fact that a foreign State has not been recognized by Her Majesty or by the Governor-General in Council.

Persons specially appointed by Government to prosecute or defend for Princes or Chiefs.

432. Persons specially appointed by order of Government at the request of any Sovereign Prince or ruling Chief, whether in subordinate alliance with the British Government or otherwise, and whether residing within or without British India, to prosecute or defend any suit on his behalf, shall be deemed to be the recognized agents by whom appearances, acts and applications under this Code may be made or done on behalf of such Prince or Chief.

Suits against Sovereign Princes, &c.

433. Any such Prince or Chief, and any ambassador or envoy of a foreign State may, with the consent of Government certified by the signature of one of its Secretaries (but not without such consent) be sued in any competent Court not subordinate to a District Court;

Such consent shall not be given unless—

(*a*) the Prince, Chief, ambassador or envoy has instituted a suit in such Court against the person desiring to sue him, or

ব্যাখ্যা।—যে ভিন্নদেশীয় গবর্ণমেণ্ট গ্রেটব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের সঙ্গে যুদ্ধে লিপ্ত থাকেন সেই ভিন্নদেশবাসি কোন ব্যক্তি, শ্রীশ্রীমতী মহারাণীর কোন এক জন ষ্টেট সেক্রেটরী সাহেবের কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটরী সাহেবের স্বাক্ষরক্রমে ঐ রাজ্যের মধ্যে ব্যবসায়াদি করিবার লাইসেন্স না পাইয়া ব্যবসায়াদি করিলে, এই ধারার দ্বিতীয় প্রকরণের কার্য্যপক্ষে তাঁহাকেই ভিন্নদেশবাসি ভিন্নজাতীয় শত্রু বলিয়া জ্ঞান হইবে ইতি।

ভিন্ন দেশীয় রাজ্যাধিকার যে স্থলে মোকদ্দমা উপস্থিত করিতে পারেন তাহার কথা।

৪৩১ ধারা। ভিন্নদেশীয় রাজ্যাধিকার এই২ স্থলে ব্রিটনীয় ভারতবর্ষের আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, বিশেষতঃ,

(ক) শ্রীশ্রীমতী মহারাণী কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব রাজ্যাধিকার বলিয়া ঐ রাজ্যাধিকার স্বীকার করিলে, ও

(খ) ভিন্নদেশীয় সেই রাজ্যাধিকারের সরদারের কি প্রজাদের স্বকীয় স্বত্ব প্রবল করা ঐ মোকদ্দমার উদ্দেশ্য হইলে।

ভিন্নদেশীয় রাজ্যাধিকার শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব কর্ত্তৃক স্বীকৃত না হইলে, আদালত বিচারকালে তদ্বিষয়ে মনোযোগ করিবেন ইতি।

রাজার কি সরদারের মোকদ্দমায় গবর্ণমেণ্টের বিশেষমতে নিযুক্ত ব্যক্তির নালিশ করিবার ও উত্তর দিবার কথা।

৪৩২ ধারা। স্বাধীন রাজা কি সরদার অধীনতা মানিয়া কি প্রকারান্তরে ব্রিটনীয় গবর্ণমেণ্টের সঙ্গে সন্ধিবদ্ধ হইলে, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত বা বহির্ভূত স্থানেও বাস করিলে, তাঁহার প্রার্থনামতে যে ব্যক্তিরা গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে তৎপক্ষে মোকদ্দমা উপস্থিত কি মোকদ্দমার প্রতিবাদ করণার্থে বিশেষমতে নিযুক্ত হন, তাঁহাদিগকে এই আইনমতে সেই রাজার কি সরদারের পক্ষে উপস্থিত হওনের ও কার্য্য করণের ও প্রার্থনাপত্র দেওনের নিমিত্ত স্বীকৃত কর্মকারক বলিয়া জ্ঞান হইবে ইতি।

স্বাধীন রাজগণ প্রভৃতির নামে মোকদ্দমার কথা।

৪৩৩ ধারা। গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের মধ্যে এক জনের স্বাক্ষরিত সর্টিফিকটক্রমে গবর্ণমেণ্ট অনুমতি দিলে, জিলার আদালতের অনধীন উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে উক্ত কোন রাজার কি সরদারের ও ভিন্নদেশীয় রাজ্যাধিকারের কোন দূতের কি রাজপ্রতিনিধির নামে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে, কিন্তু তদ্রূপ অনুমতি বিনা করা যাইতে পারিবে না।

নিম্নলিখিত স্থলভিন্ন ঐ অনুমতি দেওয়া যাইবে না,

(ক) যে ব্যক্তি ঐ রাজার কি সরদারের কি রাজদূতের কি রাজপ্রতিনিধির নামে মোকদ্দমা উপস্থিত করিতে চাহেন, যদি সেই ব্যক্তির নামে ঐ রাজা প্রভৃতি সেই আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া থাকেন। কিম্বা

(*b*) the Prince, Chief, ambassador or envoy by himself or another trades within the local limits of the jurisdiction of such Court; or

(খ) যদি ঐ রাজা কি সরদার কি রাজদূত কি রাজপ্রতিনিধি স্বয়ং কি অন্যের দ্বারা ঐ আদালতের এলাকার সীমার মধ্যে বাণিজ্যাদি করিয়া থাকেন। কিম্বা

(*c*) the subject-matter of the suit is immoveable property situate within the said local limits and in the possession of the Prince, Chief, ambassador or envoy.

(গ) যদি সেই সীমার অন্তর্গত ও উক্ত রাজার কি সরদারের কি রাজদূতের কি রাজপ্রতিনিধির অধিকারগত স্থাবর সম্পত্তি সেই মোকদ্দমার বিবাদীয় বিষয় হয়।

Sovereign Princes, &c., exempt from arrest.

When their property may be attached.

No such Prince, Chief, ambassador or envoy shall be arrested under this Code; and no decree shall be executed against the property of any such Prince, Chief, ambassador or envoy unless with consent of Government certified as aforesaid.

স্বাধীন রাজগণ প্রভৃতিকে ধৃত করিতে না পারিবার কথা।

তাঁহাদের সম্পত্তি যে স্থলে ক্রোক হইতে পারে তাহার কথা।

উক্ত কোন রাজা কি সরদার কি রাজদূত কি রাজপ্রতিনিধিকে এই আইনমতে ধৃত করা যাইবে না। এবং পূর্ব্বোক্তরূপ সর্টিফিকটের দ্বারা গবর্ণমেণ্টের অনুমতি না হইলে, উক্ত কোন রাজার কি সরদারের কি রাজদূতের কি রাজপ্রতিনিধির সম্পত্তির উপর কোন ডিক্রী জারী করা যাইবে না ইতি।

Execution in British India of decrees of Courts of Native States.

434. The Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*,

৪৩৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে,

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে এদেশীয় রাজ্যাধিকারের আদালতের ডিক্রী জারী করিবার কথা।

(*a*) declare that the decrees of any Courts situate in the territories of any Native Prince or State in alliance with Her Majesty, and not established by the authority of the Governor-General in Council, may be executed in British India as if they had been made by the Courts of British India, and

(ক) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ কোন এদেশীয় রাজার কি রাজ্যাধিকারের শাসিত দেশের অন্তর্গত যে আদালত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে স্থাপিত হয় নাই, সেই আদালতের ডিক্রী ব্রিটনীয় ভারতবর্ষের আদালতের ডিক্রীর ন্যায় ব্রিটনীয় ভারতবর্ষে জারী করা যাইতে পারে, এবং

(*b*) cancel any such declaration.

(খ) তদ্রূপ কোন আজ্ঞা রহিত করিতেও পারিবেন।

So long as such declaration remains in force the said decrees may be executed accordingly.

সেই আজ্ঞা যত দিন প্রবল থাকে তত দিন উক্ত ডিক্রী তদনুসারে জারী করা যাইতে পারিবে ইতি।

CHAPTER XXIX.

Suits by and against Corporations and Companies.

২৯ উনবিংশ অধ্যায়।

সমবায়িত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমাবিষয়ক বিধি।

Subscription and verification of plaint.

435. In suits by a Corporation, or by a Company authorized to sue and be sued in the name of an officer or of a trustee, the plaint may be subscribed and verified on behalf of the Corporation or Company by any director, secretary, or other principal officer of the Corporation or Company, who is able to depose to the facts of the case.

আবেদনপত্রে ও সত্যাকরণপত্রে স্বাক্ষর করিবার কথা।

৪৩৫ ধারা। সমবায়িত সমাজের মোকদ্দমায়, কিম্বা কোন কোম্পানির পক্ষে কোন কর্ম্মকারক কি ট্রষ্টী মোকদ্দমা উপস্থিত করিতে ক্ষমতাপন্ন হইলে কিম্বা তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি থাকিলে সেই মোকদ্দমায় যে আবেদনপত্র দেওয়া যায়, ঐ সমবায়িত সমাজের কি কোম্পানির যে কার্য্যাধ্যক্ষ কি সেক্রেটরী কি অন্য প্রধান কার্য্যকারক মোকদ্দমার সকল বৃত্তান্তের সাক্ষ্য দিতে সক্ষম হন, তিনিই ঐ সমাজের কি কোম্পানির সপক্ষে ঐ আবেদনপত্রে ও সত্যাকরণের কথায় স্বাক্ষর করিতে পারিবেন ইতি।

436. When the suit is against a Corporation, or against a Company authorized to sue and be sued in the name of an officer or of a trustee, the summons may be served

Service on Corporation or Company.

(*a*) by leaving it at the registered office (if any) of the Corporation or Company, or

(*b*) by sending it by post in a letter addressed to such officer or trustee at the office (or if there be more offices than one, at the principal office in British India) of the Corporation or Company, or

(*c*) by giving it to any director, secretary, or other principal officer of the Corporation or Company,

and the Court may require the personal appearance of any director, secretary, or other principal officer of the Corporation or Company who may be able to answer material questions relating to the suit.

CHAPTER XXX.

SUITS BY AND AGAINST TRUSTEES, EXECUTORS AND ADMINISTRATORS.

437. In all suits concerning property vested in a trustee, executor or administrator, the trustee, executor or administrator shall represent the persons beneficially interested in such property; and it shall not ordinarily be necessary to make such persons parties to the suit. But the Court may, if it think fit, order them or any of them to be made such parties.

Representation of beneficiaries in suits concerning property vested in trustees, &c.

438. When there are several executors or administrators, they shall all be made parties to a suit against one or more of them:

Joinder of executors and administrators.

Provided that executors who have not proved their testator's will, and executors and administrators beyond the local limits of the jurisdiction of the Court, need not be made parties.

৪৩৬ ধারা। সমাবায়িত সমাজের নামে, কিম্বা যে কোম্পানির পক্ষে কোন কর্ত্তৃপক্ষ কি ট্রষ্টী মোকদ্দমা উপস্থিত করিতে পারেন কি তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে, এমত কোম্পানির নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে,

সমাবায়িত সমাজের কি কোম্পানির নামে সমন দিবার কথা।

(ক) ঐ সমাজের কি কোম্পানির রেজিষ্টরী আফিস থাকিলে, সেই আফিসে সমন রাখিয়া গিয়া, কিম্বা

(খ) সমন পত্রে বদ্ধ করিয়া ঐ সমাজের কি কোম্পানির আফিসে (কিম্বা দুই কি তদধিক আফিস থাকিলে, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত প্রধান আফিসে) ঐ কর্ত্তৃপক্ষের কি ট্রষ্টীর নামে শিরোনামা লিখিয়া ডাকযোগে পাঠাইয়া, কিম্বা

(গ) ঐ সমাবায়িত সমাজের কি কোম্পানির কোন কার্য্যাধ্যক্ষকে কি সেক্রেটরীকে কিম্বা প্রধান অন্য কার্য্যকারককে দিয়া, সমন জারী করা যাইতে পারিবে,

এবং ঐ সমাবায়িত সমাজের কি কোম্পানির যে কার্য্যাধ্যক্ষ কি সেক্রেটরী কিম্বা প্রধান অন্য যে কার্য্যকারক মোকদ্দমা সংক্রান্ত ভারি২ প্রশ্নের উত্তর দিতে পারেন, আদালত তাঁহার স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

---

৩০ ত্রিংশ অধ্যায়।

ট্রষ্টীদের ও উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকদের ও দ্রব্যনিরূপণাধিকারিদের দ্বারা ও তাঁহারদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৪৩৭ ধারা। ট্রষ্টীর কি উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকের কিম্বা দ্রব্যনিরূপণাধিকারির নিকট যে সম্পত্তি ন্যস্ত থাকে তৎসম্পর্কীয় সকল মোকদ্দমায়, ঐ ট্রষ্টী কি উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক কি দ্রব্যনিরূপণাধিকারী ঐ সম্পত্তিগত লাভজনক স্বার্থবিশিষ্ট ব্যক্তিদের স্থলাভিষিক্ত হইবেন। ও তাঁহাদিগকে সচরাচর মোকদ্দমার এক পক্ষ করিবার আবশ্যক নাই। কিন্তু আদালত বিহিত বোধ করিলে, ঐ ব্যক্তিদিগকে কিম্বা তাঁহাদের মধ্য কোন ব্যক্তিদিগকে এক পক্ষ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ট্রষ্টী প্রভৃতির নিকট যে সম্পত্তি ন্যস্ত থাকে তদ্বিষয়ক মোকদ্দমায় স্বার্থবিশিষ্ট ব্যক্তিদের প্রতিনিধির কথা।

৪৩৮ ধারা। উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক ও দ্রব্যনিরূপণাধিকারি অনেক জন থাকিলে, তাঁহাদের কোন এক কি অধিক জনের নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহাদের সকলকে ঐ মোকদ্দমার এক পক্ষ করা যাইবে।

উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকদের ও দ্রব্যনিরূপণাধিকারিদের সংযোগের কথা।

কিন্তু উইলক্রমে নিরূপিত যে কর্ম্মসম্পাদকেরা ঐ পত্রলেখকের উইলের প্রমাণ করেন নাই, তাঁহাদিগকে ও আদালতের এলাকার সীমার বহির্ভূত স্থানের উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকদিগকে ও দ্রব্যনিরূপণাধিকারিদিগকে এক পক্ষ করণের প্রয়োজন নাই ইতি।

439. Unless the Court directs otherwise, the husband of a married administratrix or executrix shall not be a party to a suit by or against her.

Husband of married executrix not to join.

৪৩৯ ধারা। বিবাহিতা ব্যবস্থাপত্রাধিকারিণী কিম্বা উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদিকা যে মোকদ্দমা উপস্থিত করেন কিম্বা তাঁহার নামে যে মোকদ্দমা উপস্থিত করা যায়, আদালতের আজ্ঞা না হইলে, তাঁহার স্বামী ঐ মোকদ্দমার এক পক্ষ হইবেন না ইতি।

বিবাহিতা স্ত্রী উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদিকা হইলে, তাঁহার সঙ্গে স্বামিকে সংযোগ না করিবার কথা।

CHAPTER XXXI.

SUITS BY AND AGAINST MINORS AND PERSONS OF UNSOUND MIND.

৩১ একত্রিংশ অধ্যায়।

নাবালগদের ও অসুস্থমনা ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

440. Every suit by a minor shall be instituted in his name by an adult person, who in such suit shall be called the next friend of the minor, and may be ordered to pay any costs in the suit as if he were the plaintiff.

Minor must sue by next friend.

Costs.

৪৪০ ধারা। নাবালগের প্রত্যেক মোকদ্দমা তাঁহার নাম উল্লেখ করিয়া বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা উপস্থিত করা যাইবে। সেই মোকদ্দমায় ঐ ব্যক্তিকে নাবালগের আসন্ন বন্ধু বলা যাইবে। ও বাদী হওয়ার ন্যায় তাঁহার প্রতি মোকদ্দমার কোন খরচা দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

আসন্ন বন্ধুদ্বারা নাবালগের মোকদ্দমা উপস্থিত করিতে হইবার কথা।

খরচার কথা।

441. Every application to the Court on behalf of a minor (other than an application under section 451) shall be made by his next friend, or his guardian for the suit.

Applications to be made by next friend or guardian *ad litem*.

৪৪১ধারা। আদালতে নাবালগের পক্ষে (৪৫১ ধারামত প্রার্থনাপত্রভিন্ন) যেং প্রার্থনা করা যায়, তাঁহার আসন্নবন্ধুর কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবকের সেইং প্রার্থনা করিতে হইবে ইতি।

আসন্ন বন্ধুর কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবকের প্রার্থনাপত্র দিতে হইবার কথা।

442. If a plaint be filed by or on behalf of a minor, without a next friend, the defendant may apply to have the plaint taken off the file, with costs to be paid by the pleader or other person by whom it was presented. Notice of such application shall be given to such person by the defendant; and the Court, after hearing his objections, if any, may make such order in the matter as it thinks fit.

Plaint filed without next friend to be taken off the file.

Costs.

৪৪২ ধারা। আসন্ন বন্ধুবিনা নাবালগের দ্বারা কি তাঁহার পক্ষে আবেদনপত্র অর্পণ করা গেলে, প্রতিবাদী সেই আবেদনপত্র নথী-হইতে উঠাইয়া দিবার এবং উকীলের কি অন্য যে ব্যক্তি ঐ আবেদনপত্র উপস্থিত করিলেন তাঁহারই প্রতি খরচা দিবার আজ্ঞা হওনের প্রার্থনা করিতে পারিবেন। প্রতিবাদী ঐ ব্যক্তিকে সেই প্রার্থনাপত্রের নোটিস দিবেন, ও তিনি আপত্তি করিলে আদালত তাঁহার আপত্তি শুনিলে পর তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত জ্ঞান করেন করিবেন ইতি।

আসন্ন বন্ধুছাড়া আবেদনপত্র উপস্থিত করা গেলে নথী হইতে উঠাইয়া দিবার কথা।

খরচার কথা।

443. Where the defendant to a suit is a minor, the Court, on being satisfied of the fact of his minority, shall appoint a proper person to be guardian for the suit for such minor, to put in the defence for such minor, and generally to act on his behalf in the conduct of the case.

Guardian *ad litem* to be appointed by the Court.

A guardian for the suit is not a guardian of person or property within the meaning of the Indian Majority Act, 1875, section 3.

৪৪৩ ধারা। মোকদ্দমার প্রতিবাদী নাবালগ হইলে, আদালত তাঁহার বয়ঃপ্রাপ্ত না হওয়ার কথা যথোচিতমতে জানিলে তাঁহার পক্ষে উত্তর দেওনার্থে, ও সাধারণমতে মোকদ্দমার কার্য্য চলনে তাঁহার পক্ষে কর্ম্ম করণার্থে, ঐ মোকদ্দমার উপলক্ষে ঐ নাবালগের অভিভাবকস্বরূপ উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবককে আদালতের নিযুক্ত করিবার কথা।

মোকদ্দমার উপলক্ষে যিনি অভিভাবক, তিনি ভারতবর্ষীয় বয়ঃপ্রাপ্তিবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৩ ধারার মর্ম্মানুসারে ব্যক্তির কি সম্পত্তির অভিভাবক নহেন ইতি।

444. Every order made in a suit or on any application before the Court, in or by which a minor is in any way concerned or affected, without such minor being represented by a next friend or guardian for the suit as the case may be, may be discharged, and, if the pleader of the party at whose instance such order was obtained knew, or might reasonably have known, the fact of such minority, with costs to be paid by such pleader.

Order obtained without next friend or guardian may be discharged.

Costs.

৪৪৪ ধারা। আদালতের সম্মুখে যে মোকদ্দমার কি যে কোন প্রার্থনাপত্রে নাবালগের কোন প্রকারের সম্পর্ক থাকে কিম্বা তাঁহার লাভালাভ হয়, আসন্নবন্ধু কিম্বা বিষয়বিশেষে মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক ঐ নাবালগের স্থলাভিষিক্ত না হইলে, ঐ মোকদ্দমার কি ঐ প্রার্থনাপত্রমতে যে আজ্ঞা করা যায় তাহা অসিদ্ধ করা যাইতে পারিবে। ও যে পক্ষের অনুরোধে ঐ আজ্ঞা পাওয়া যায় তাঁহার উকীল ঐ ব্যক্তিকে নাবালগ বলিয়া জানিলে কিম্বা সঙ্গতমতে জানিতে পারিলে খরচা তাঁহারই দিতে হইবে ইতি।

আসন্ন বন্ধু কি অভিভাবক বিনা আজ্ঞা পাওয়া গেলে তাহা অসিদ্ধ করা যাইতে পারিবার কথা।

খরচার কথা।

445. Any person being of sound mind and full age may act as next friend of a minor, provided his interest is not adverse to that of such minor, and he is not a defendant in the suit.

Who may be next friend.

৪৪৫ ধারা। কোন ব্যক্তি সুস্থমনা ও বয়ঃপ্রাপ্ত হইলে, নাবালগের আসন্ন বন্ধু হইয়া কার্য্য করিতে পারিবেন, কিন্তু প্রয়োজন যে তাঁহার নিজ স্বার্থ ঐ নাবালগের স্বার্থের বিপক্ষ না হয়, ও তিনি মোকদ্দমার প্রতিবাদী না হন ইতি।

কিরূপ ব্যক্তি আসন্ন বন্ধু হইতে পারে ইহার কথা।

446. If the interest of the next friend of a minor is adverse to that of such minor, or if he is so connected with a defendant whose interest is adverse to that of the minor, as to make it unlikely that the minor's interest will be properly protected by him, or if he does not do his duty, or, pending the suit, ceases to reside within British India, or for any other sufficient cause, application may be made on behalf of the minor or by a defendant for his removal; and the Court (if satisfied of the sufficiency of the cause assigned) may order the next friend to be removed accordingly.

Removal of next friend.

৪৪৬ ধারা। নাবালগের আসন্ন বন্ধুর স্বার্থ ঐ নাবালগের স্বার্থের বিপক্ষ হইলে, অথবা যে প্রতিবাদির স্বার্থ ঐ নাবালগের স্বার্থের বিপক্ষ আছে তাঁহার সঙ্গে ঐ বন্ধুর যদ্রূপ সম্পর্ক থাকে তদ্ধেতুক তাঁহারই দ্বারা ঐ নাবালগের স্বার্থ উপযুক্তমতে রক্ষা হওয়া অসম্ভব হইলে, কিম্বা তিনি আপনার কর্ত্তব্য কর্ম্ম না করিলে, কিম্বা ঐ মোকদ্দমা উপস্থিত থাকিতে ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিতে গেলে এই২ কারণে কিম্বা বিশিষ্ট অন্য কোন কারণে ঐ নাবালগের সপক্ষে কিম্বা প্রতিবাদির দ্বারা ঐ বন্ধুর অবসর হওয়ার প্রার্থনা করা যাইতে পারিবে। ও যে কারণ ব্যক্ত হয় আদালত তাহা হৃদ্বোধমতে প্রভুত জানিলে তদনুসারে আসন্ন বন্ধুর অবসর হওয়ার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আসন্ন বন্ধুকে অবসর করিবার কথা।

447. Unless otherwise ordered by the Court, a next friend shall not retire at his own request without first procuring a fit person to be put in his place, and giving security for the costs already incurred.

Retirement of next friend.

৪৪৭ ধারা। আদালত অন্য আজ্ঞা না করিলে, আসন্ন বন্ধু আপনার স্থানে কর্ম্ম করিবার উপযুক্ত ব্যক্তিকে না রাখিয়া, ও মোকদ্দমায় তৎপূর্ব্বে যত টাকা খরচ লাগিয়াছে তাহার জামিন না দিয়া, আপনার প্রার্থনামতে কার্য্য ত্যাগ করিয়া যাইতে পারিবেন না।

আসন্ন বন্ধুর কর্ম্ম ত্যাগ করণের কথা।

The application for the appointment of a new next friend shall be supported by affidavit showing the fitness of the person proposed, and also that he has no interest adverse to the minor.

Application for appointment of new next friend.

নূতন আসন্ন বন্ধুকে নিযুক্ত করিবার প্রার্থনা হইলে, যে ব্যক্তিকে নিযুক্ত করিবার প্রস্তাব হয় তিনিই উপযুক্ত ও নাবালগের বিপক্ষ তাঁহার কোন স্বার্থ নাই এই মর্ম্মের অফিডেবিট দ্বারা ঐ প্রার্থনাপত্রের প্রতিপোষণ করিতে হইবে ইতি।

নূতন আসন্ন বন্ধুকে নিযুক্ত করিবার প্রার্থনার কথা।

448. On the death or removal of the next friend of a minor, further proceedings shall be stayed until the appointment of a next friend in his place.

Stay of proceedings on death or removal of next friend.

৪৪৮ ধারা। নাবালগের আসন্ন বন্ধুর মৃত্যু হইলে কিম্বা তাঁহাকে অবসর করা গেলে, তাঁহার স্থানে আসন্ন বন্ধু নিযুক্ত না হওন পর্য্যন্ত মোকদ্দমাসম্পর্কীয় কার্য্য স্থগিত থাকিবে ইতি।

আসন্ন বন্ধু মরিলে কি অবসর হইলে মোকদ্দমার কার্য্য স্থগিত থাকার কথা।

Application for appointment of new next friend.

449. If the pleader of such minor omits, within reasonable time, to take steps to get a new next friend appointed, any person interested in the minor or the matter at issue may apply to the Court for the appointment of one, and the Court may appoint such person as it thinks fit.

নূতন আসন্ন বন্ধু নিযুক্ত করিতে প্রার্থনা করিবার কথা।

৪৪৯ ধারা। ঐ নাবালগের উকীল সঙ্গত সময়ের মধ্যে নূতন আসন্ন বন্ধুকে নিযুক্ত করাইতে উদ্যোগ না করিলে, নাবালগের পক্ষে কিম্বা বিবাদীয় বিষয়ে যাঁহার স্বার্থ থাকে এমত কোন ব্যক্তি আদালতে বন্ধুর নিযুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন, ও আদালত যাঁহাকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

Course to be followed by minor plaintiff or applicant on coming of age.

450. A minor plaintiff, or a minor not a party to a suit on whose behalf an application is pending, on coming of age, must elect whether he will proceed with the suit or application.

অপ্রাপ্তবয়স্ক বাদী কিম্বা প্রার্থক বয়ঃপ্রাপ্ত হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪৫০ ধারা। অপ্রাপ্তব্যবহার বাদী, কিম্বা মোকদ্দমার এক পক্ষ নহেন এমত যে নাবালগের পক্ষে প্রার্থনাপত্র উপস্থিত থাকে তিনি, সেই মোকদ্দমা কি প্রার্থনাপত্রঘটিত কার্য্য চালাইবেন কি না, বয়ঃপ্রাপ্ত হইলে, তাঁহার এই কথা স্থির করিতে হইবে ইতি।

Where he elects to proceed.

451. If he elects to proceed with it, he shall apply for an order discharging the next friend, and for leave to proceed in his own name.

চালাইতে স্থির করিলে তদ্বিষয়ক কথা।

৪৫১ ধারা। চালাইতে স্থির করিলে, তিনি আসন্ন বন্ধুকে মুক্ত করিবার ও আপনার নামে কার্য্য চালাইবার আজ্ঞা প্রার্থনা করিবেন।

The title of the suit or application shall in such case be corrected so as to read thenceforth thus:—

তদ্রূপ স্থলে মোকদ্দমার কি প্রার্থনাপত্রের নাম এমন সংশোধন করা যাইবে যেন সেই অবধি এইরূপ পাঠ করা যায়,

"*A. B.*, late a minor by *C. D.*, his next friend, but now of full age."

"আসন্ন বন্ধু শ্রীঅমুকের দ্বারা ভূতপূর্ব্ব নাবালগ কিন্তু এইক্ষণে বয়ঃপ্রাপ্ত শ্রীঅমুক" ইতি।

Where he elects to abandon.

Costs.

452. If he elects to abandon the suit or application, he shall, if a sole plaintiff, or sole applicant, apply for an order to dismiss the suit or application on repayment of the costs incurred by the defendant or respondent, or which may have been paid by his next friend.

ত্যাগ করিতে স্থির করিলে তদ্বিষয়ক কথা।

খরচার কথা।

৪৫২ ধারা। মোকদ্দমা কি প্রার্থনাপত্র ত্যাগ করিতে স্থির করিলে, তিনি একক বাদী কিম্বা একাই প্রার্থক হইলে, প্রতিবাদির কি রিস্পাণ্ডেণ্টের যত খরচ হইয়াছে কিম্বা তাঁহার আসন্ন বন্ধু যত টাকা খরচ করিয়াছেন তাহা ফিরিয়া দিলে, মোকদ্দমা কি প্রার্থনা ডিসমিস হইবার আজ্ঞা প্রার্থনা করিবেন ইতি।

Making and proving applications under sections 451, 452.

453. Any application under section 451 or section 452 may be made *ex parte*; and it must be proved by affidavit that the late minor has attained his full age.

৪৫১ বা ৪৫২ ধারামত প্রার্থনাপত্র করণ ও প্রমাণ করণের কথা।

৪৫৩ ধারা। ৪৫১ বা ৪৫২ ধারামত ঐ প্রার্থনা এক পক্ষ মাত্র উপস্থিত থাকিতে করা যাইতে পারিবে, ও যিনি নাবালগ ছিলেন তিনি বয়ঃপ্রাপ্ত হইয়াছেন আফিডেবিটক্রমে ইহার প্রমাণ করিতে হইবে ইতি।

When minor co-plaintiff.

454. A minor co-plaintiff on coming of age, and desiring to repudiate the suit must apply to have his name struck out as co-plaintiff; and the Court, if it find that he is not a necessary party, shall dismiss him from the suit on such terms as to costs or otherwise at it thinks fit.

নাবালগ সহবাদী হইলে তদ্বিষয়ের কথা।

৪৫৪ ধারা। নাবালগ সহবাদী বয়ঃপ্রাপ্ত হইয়া সেই মোকদ্দমা প্রত্যাখ্যান করিতে ইচ্ছুক হইলে সহবাদী বলিয়া আপনার নাম উঠাইয়া দেওনার্থে তাঁহার প্রার্থনা করিতে হইবে, ও আদালত সেই ব্যক্তির এক পক্ষ হইয়া থাকা আবশ্যক নাই বোধ করিলে, খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া তাঁহাকে মোকদ্দমা হইতে অবসর করিতে পারিবেন।

Notice of the application shall be served on the next friend, as well as on the defendant; and it must be proved by affidavit that the late minor has attained his full age. The costs of all parties of such application, and of all or any proceedings theretofore had in the suit shall be paid by such persons as the Court directs.

Costs.

যেমন প্রতিবাদির নামে, তেমনি আসন্ন বন্ধুরও নামে ঐ প্রার্থনাপত্রের নোটিস দেওয়া যাইবে, এবং যিনি নাবালগ ছিলেন তিনি বয়ঃপ্রাপ্ত হইয়াছেন আফিডেবিটের দ্বারা ইহার প্রমাণ করিতে হইবে। আদালত ঐ প্রার্থনাপত্র সম্পর্কীয় সকল পক্ষের খরচ, এবং সেই কাল পর্য্যন্ত উক্ত মোকদ্দমায় আনুষ্ঠানিক সকল কি কোন কার্য্যের খরচ যাঁহাদের দিবার আজ্ঞা করেন তাঁহাদের দিতে হইবে।

খরচের কথা।

If the late minor be a necessary party to the suit, the Court may direct him to be made a defendant.

ঐ মোকদ্দমায় ভুতপূর্ব্ব নাবালগের একপক্ষ হওয়া আবশ্যক হইলে, আদালত তাঁহাকে প্রতিবাদী করার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

455. If any minor on attaining majority can prove to the satisfaction of the Court that a suit instituted in his name by a next friend was unreasonable or improper, he may, if a sole plaintiff, apply to have the suit dismissed.

When suit unreasonable or improper.

৪৫৫ ধারা। আসন্নবন্ধু নাবালগের নাম ধরিয়া যে মোকদ্দমা উপস্থিত করিলেন তাহা অসঙ্গত কি অনুচিত, ঐ নাবালগ বয়ঃ প্রাপ্ত হইয়া আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিতে পারিলে, তিনি একা বাদী হইলে সেই মোকদ্দমা ডিসমিস হইবার প্রার্থনা করিতে পারিবেন।

মোকদ্দমা অসঙ্গত কি অনুচিত হইলে তদ্বিষয়ের কথা।

Notice of the application shall be served on all the parties concerned: and the Court, upon being satisfied of such unreasonableness or impropriety, may grant the application, and order the next friend to pay the costs of all parties in respect of the application and of anything done in the suit.

Costs.

মোকদ্দমা সম্পর্কীয় সকল ব্যক্তির নামে ঐ প্রার্থনা হওয়ার নোটিস দেওয়া যাইবে। এবং আদালত ঐ মোকদ্দমা অসঙ্গত কি অনুচিত বলিয়া হৃদ্বোধমতে জানিলে, সেই প্রার্থনা গ্রাহ্য করিয়া আসন্ন বন্ধুর প্রতি সেই প্রার্থনাপত্রসম্পর্কীয় সকল পক্ষের খরচ ও মোকদ্দমায় যে কোন কার্য্য করা যায় তাহার খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

খরচের কথা।

456. An order for the appointment of a guardian for the suit may be obtained upon application in the name of the minor. Such application must be supported by an affidavit verifying the fact that the proposed guardian has no interest in the matters in question in the suit adverse to that of the minor, and that he is a fit person to be so appointed.

Petition for appointment of guardian *ad litem*.

৪৫৬ ধারা। নাবালগের নাম উল্লেখ করিয়া প্রার্থনাপত্র দিলে, মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক নিযুক্ত হইবার আজ্ঞা পাওয়া যাইতে পারিবে। সেই মোকদ্দমায় যেই বিষয়ের সম্পর্ক থাকে সেইই বিষয়ে নাবালগের স্বার্থের বিপক্ষে প্রস্তাবিত অভিভাবকের কোন স্বার্থ নাই, ও তিনি তৎপদে নিযুক্ত হওনের উপযুক্ত ব্যক্তি, এই কথা সত্যাকরণার্থে ঐ প্রার্থনাপত্রের পোষকতায় আফিডেবিট দিতে হইবে ইতি।

মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক নিযুক্ত করিবার দরখাস্তের কথা।

457. A co-defendant of sound mind and of full age may be appointed guardian for the suit, if he has no interest adverse to that of the minor; but neither a plaintiff, nor a married woman, can be so appointed.

Who may be guardian *ad litem*.

৪৫৭ ধারা। সহপ্রতিবাদী সুস্থমনা ও বয়ঃপ্রাপ্ত হইলে ও নাবালগের স্বার্থের বিপক্ষে তাঁহার কোন স্বার্থ না থাকিলে, তিনি মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক বলিয়া নিযুক্ত হইতে পারিবেন। কিন্তু বাদী, কিম্বা বিবাহিতা স্ত্রী তৎপদে নিযুক্ত হইতে পারিবেন না ইতি।

মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক কে হইতে পারেন ইহার কথা।

458. If the guardian for the suit of a minor defendant does not do his duty, or if other sufficient ground be made to appear, the Court may remove him, and may order him to pay such costs as may have been occasioned to any party by his breach of duty.

Guardian neglecting his duty may be removed.

Costs.

৪৫৮ ধারা। অপ্রাপ্ত ব্যবহার প্রতিবাদির মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক আপন কর্ত্তব্য কর্ম্ম না করিলে, কিম্বা অন্য বিশিষ্ট কারণ প্রকাশ করা গেলে, আদালত তাঁহাকে অবসর করিতে পারিবেন, ও তাঁহার কর্ত্তব্য কর্ম্ম না করণদ্বারা কোন পক্ষের যত খরচা লাগে তাঁহার ঐ খরচা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অভিভাবক কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাঁহাকে অবসর করিতে পারিবার কথা।

খরচার কথা।

459. If the guardian for the suit dies pending such suit or is removed by the Court, the Court shall appoint a new guardian in his place.

On death of guardian, pendente lite, new guardian to be appointed.

৪৫৯ ধারা। মোকদ্দমা উপস্থিত থাকিতে মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক মরিলে, কিম্বা আদালতের দ্বারা অবসর করা গেলে, আদালত তাঁহার স্থানে নূতন অভিভাবককে নিযুক্ত করিবেন ইতি।

মোকদ্দমা উপস্থিত থাকিতে অভিভাবক মরিলে নূতন অভিভাবক নিযুক্ত করিবার কথা।

460. When the enforcement of a decree is applied for against the heir or representative, being a minor, of a deceased party, a guardian for the suit of such minor shall be appointed by the Court, and the decree-holder shall serve on such guardian notice of such application.

When decree to be enforced against heir or representative.

৪৬০ ধারা। মৃত এক পক্ষের অপ্রাপ্তব্যবহার উত্তরাধিকারির কিম্বা স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রী প্রবল করিবার প্রার্থনা হইলে, আদালত ঐ নাবালগের মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক নিযুক্ত করিবেন, ও ডিক্রীদার ঐ অভিভাবকের নামে সেই প্রার্থনা হওয়ার নোটিস জারী করিবেন ইতি।

যে স্থলে উত্তরাধিকারির কি স্থলাভিষিক্ত ব্যক্তির বিপক্ষে ডিক্রী প্রবল করা যাইতে পারে তাহার কথা।

461. No sum of money or other thing shall be received or taken by a next friend or guardian for the suit at any time on behalf of a minor, at any time before decree or order, unless he has first obtained the leave of the Court, and given security to its satisfaction that such money or other thing shall be duly accounted for, to, and held for the benefit of, such minor.

Before decree, next friend or guardian ad litem not to receive money without leave of Court and giving security.

৪৬১ ধারা। যিনি কোন সময়ে আসন্ন বন্ধু কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক হন, ডিক্রী কি আজ্ঞা হওনের পূর্ব্ব কোন সময়ে, আদালতের অনুমতি না পাইলে, ও তাঁহার হাতে যে টাকা কি অন্য দ্রব্য দেওয়া যায় আদালতের হৃদ্বোধমতে ঐ নাবালগকে তাহার উপযুক্ত হিসাব দিবার ও ঐ নাবালগের হিতার্থে তাহা রাখিবার জামিন না দিলে, তিনি নাবালগের পক্ষে কোন টাকা কি অন্য দ্রব্য গ্রহণ করিবেন না বা লইবেন না ইতি।

ডিক্রীর পূর্ব্বে আদালতের অনুমতি বিনা ও জামিন না দিয়া আসন্ন বন্ধুর কি মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবকের টাকা গ্রহণ না করিবার কথা।

462. No next friend or guardian for the suit shall, without the leave of the Court, enter into any agreement or compromise on behalf of a minor, with reference to the suit in which he acts as next friend or guardian.

Next friend or guardian ad litem not to compromise without leave of Court.

৪৬২ ধারা। আসন্ন বন্ধু কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অভিভাবক যে মোকদ্দমায় আসন্নবন্ধু কি অভিভাবকস্বরূপ কর্ম্ম করেন, আদালতের অনুমতি না পাইলে তিনি নাবালগের সপক্ষে সেই মোকদ্দমা লক্ষ করিয়া কোন একরারনামা কি রাজীনামা করিবেন না।

আদালতের অনুমতি বিনা আসন্ন বন্ধুর কি মোকদ্দমা সম্পর্কীয় অভিভাবকের রাজীনামা না করিবার কথা।

Any such agreement or compromise entered into without the leave of the Court shall be voidable against all parties other than the minor.

Compromise without leave voidable.

আদালতের অনুমতিবিনা উক্ত প্রকারের কোন একরারনামা কি রাজীনামা করা গেলেও, নাবালগভিন্ন অন্য সকল পক্ষের বিরুদ্ধে তাহা ব্যর্থ হইতে পারিবে ইতি।

অনুমতি না পাইলে রাজীনামা ব্যর্থ হওয়ার কথা।

463. The provisions contained in sections 440 to 462 (both inclusive), shall, *mutatis mutandis*, apply in the case of persons of unsound mind, adjudged to be so under Act No. XXXV of 1858, or under any other law for the time being in force.

Application of sections 440 to 462 to persons of unsound mind.

৪৬৩ ধারা। ১৮৫৮ সালের ৩৫ আইনমতে কিম্বা অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে যাঁহাদিগকে ক্ষিপ্তমনা বলিয়া নির্ণয় করা যায়, ৪৪০ অবধি ৪৬২ পর্য্যন্ত সকল ধারার কএক শব্দ প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে, তাঁহাদের প্রতি সেই২ ধারার বিধান খাটিবে ইতি।

ক্ষিপ্তমনা ব্যক্তিদের প্রতি ৪৪০ অবধি ৪৬২ পর্য্যন্ত ধারা খাটাইবার কথা।

464. Nothing in sections 442 to 462 applies to any minor or person of unsound mind, for whose person or property a guardian or manager has been

Wards of Court.

৪৬৪ ধারা। কোর্ট ওয়ার্ডসের দ্বারা কিম্বা স্থানীয় কোন আইনক্রমে দেওয়ানী আদালতের দ্বারা যে নাবালগের কিম্বা ক্ষিপ্তমনা যে ব্যক্তির কি যাঁহার সম্পত্তির

কোর্ট ওয়ার্ডসের কথা।

appointed by the Court of Wards or by the Civil Court under any local law.

CHAPTER XXXII.

Suits by and against Military Men.

Officers or soldiers who cannot obtain leave may authorize any person to sue or defend for them.

465. When any officer or soldier actually serving the Government in a military capacity is a party to a suit, and cannot obtain leave of absence for the purpose of prosecuting or defending the suit in person, he may authorize any person to sue or defend in his stead.

The authority shall be in writing and shall be signed by the officer or soldier in the presence of (*a*) his commanding officer or of the next subordinate officer, if the party be himself the commanding officer, or (*b*) where the officer or soldier is serving in military staff employment, the head or other superior officer of the office in which he is employed. Such commanding or other officer shall countersign the authority which shall be filed in Court.

When so filed, the countersignature shall be sufficient proof that the authority was duly executed, and that the officer or soldier by whom it was granted could not obtain leave of absence for the purpose of prosecuting or defending the suit in person.

Explanation.—In this chapter the expression 'commanding officer' means the officer in actual command for the time being of any regiment, corps, detachment or depôt, to which the officer or soldier belongs.

Person so authorized may act personally or appoint pleaders.

466. Any person auhorized by an officer or soldier to prosecute or defend a suit in his stead may prosecute or defend it in person in the same manner as the officer or soldier could do it present; or he may appoint a pleader to prosecute or defend the suit on behalf of such officer or soldier.

Service on person so authorized, or on his pleader, to be good service.

467. Processes served upon any person authorized by an officer or soldier, as in section 465, or upon any pleader appointed as aforesaid by such person to act for, or on behalf of such officer or soldier,

অভিভাবক কি কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা যায়, তাঁহার প্রতি ৪৪২ অবধি ৪৬২ পর্য্যন্ত ধারার কোন কথা খাটে না ইতি।

---

৩২ দ্বাত্রিংশ অধ্যায়।

সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

সেনাপতিরা কি সেনারা ছুটী পাইতে না পারিলে আপনাদের নিমিত্ত বাদ-প্রতিবাদ করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবার কথা।

৪৬৫ ধারা। গবর্ণমেন্টের সৈনিক পদে প্রকৃত প্রস্তাবে কর্ম্মকারি কোন সেনাপতি কি সেনা মোকদ্দমার এক পক্ষ হইলে, ও আপনি মোকদ্দমায় বাদ প্রতিবাদ করিবার জন্যে অবকাশ পাইতে না পারিলে, আপনার পক্ষে বাদ কি প্রতিবাদ করণার্থে কোন ব্যক্তিকে ক্ষমতা দিতে পারিবেন।

সেই ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবে। এবং ঐ সেনাপতি কি সেনা (ক) সৈন্যাধ্যক্ষের সাক্ষাৎ, কিম্বা সেই অধ্যক্ষই বাদী কি প্রতিবাদী হইলে তাঁহার অব্যবহিত অধীন সেনাপতির সাক্ষাৎ, কিম্বা (খ) ঐ সেনাপতি কি সেনা সৈন্যসংক্রান্ত ষ্টাফ কর্ম্মে নিযুক্ত থাকিলে যে আফিসে কর্ম্ম করেন তাহার প্রধান কিম্বা উপরিস্থ অন্য কার্য্যকারকের সাক্ষাৎ, ঐ ক্ষমতাপত্রে স্বাক্ষর করিবেন। এ সৈন্যাধ্যক্ষ কিম্বা অন্য কার্য্যকারক ঐ ক্ষমতাপত্রে ক্রোড়স্বাক্ষর করিবেন ও তাহা আদালতে গাঁথিয়া রাখা যাইবে।

তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে ঐ ক্ষমতাপত্র উপযুক্তমতে সম্পাদন হইয়াছে, এবং যে সেনাপতি কি সেনা তাহা দিলেন তিনি আপনি ঐ মোকদ্দমায় বাদ কি প্রতিবাদ করিবার জন্যে অবকাশ পাইতে পারিলেন না, ঐ ক্রোড়স্বাক্ষরই ইহার প্রচুর প্রমাণ হইবে।

ব্যাখ্যা।—উক্ত সেনাপতি কি সেনা যে পল্টনে কি দলে কি ডিটাচমেন্টে কি ডিপোতে থাকেন, যে সেনাপতি যৎকালে প্রকৃতরূপে সেই পল্টনপ্রভৃতির অধ্যক্ষতা করেন, এই অধ্যায়ে "সৈন্যাধ্যক্ষ" শব্দে সেই সেনাপতিকে জানিতে হইবে ইতি।

পূর্ব্বোক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বয়ং কিম্বা উকীলের দ্বারা কার্য্য করিতে পারিবার কথা।

৪৬৬ ধারা। সেনাপতি কি সেনা যে ব্যক্তিকে আপনার পরিবর্ত্তে মোকদ্দমার বাদ কি প্রতিবাদ করিতে ক্ষমতা প্রদান করেন, ঐ সেনাপতি কি সেনা আপনি উপস্থিত হইলে যে প্রকারে করিতে পারিতেন ঐ ব্যক্তিও সেই প্রকারে মোকদ্দমায় স্বয়ং বাদ কি প্রতিবাদ করিতে পারিবেন, কিম্বা ঐ সেনাপতির কি সেনার পক্ষে মোকদ্দমার বাদ কি প্রতিবাদ করিবার জন্যে উকীল নিযুক্ত করিতে পারিবেন ইতি।

তদ্রূপ ক্ষমতাপন্ন ব্যক্তির কি তাঁহার উকীলের নামে পরওয়ানা প্রভৃতি জারী হইলে উপযুক্তমতে জারী হইল বলিয়া জ্ঞান হইবার কথা।

৪৬৭ ধারা। কোন ব্যক্তি ৪৬৫ ধারামতে কোন সেনাপতির কি সেনার স্থানে ক্ষমতাপ্রাপ্ত হইলে, তাঁহাকে কিম্বা ঐ সেনাপতির কি সেনার নিমিত্ত কি তৎপক্ষে ঐ ব্যক্তির

shall be as effectual as if they had been served on the party in person or on his pleader.

Service on officers and soldiers.

468. When an officer or soldier is a defendant, the Court shall send a copy of the summons to his commanding officer for the purpose of being served on him.

The officer to whom such copy is sent, after causing it to be served on the person to whom it is addressed, if practicable, shall return it to the Court with the written acknowledgment of such person endorsed thereon.

If from any cause the copy cannot be so served, it shall be returned to the Court by which it was sent, with information of the cause which has prevented the service.

Execution of warrant of arrest in cantonments, &c.

469. If, in the execution of a decree, a warrant of arrest is to be executed within the limits of a cantonment, garrison, military station, or military bazar, the officer charged with the execution of such warrant shall deliver the same to the commanding officer.

The commanding officer shall back the warrant with his signature, and the person named therein is within the limits of his command shall cause him to be arrested and delivered to the officer so charged.

CHAPTER XXXIII.

INTERPLEADER.

When interpleader suit may be instituted.

470. When two or more persons claim adversely to one another the same payment or property from another person, whose only nterest therein is that of a mere stakeholder, and who is ready to render it to the right owner, such stakeholder may institute a suit of interpleader against all the claimants for the purpose of obtaining a decision as to whom the payment or property should be made or delivered, and of obtaining indemnity for himself.

Provided that if any suit is pending in which the rights of all parties can properly be decided, the stakeholder shall not institute a suit of interpleader.

Plaint in such suit.

471. In every suit of interpleader the plaint must, in addition to the other statements necessary for plaints, state—

(*a*) that the plaintiff has no interest in the thing claimed otherwise than as a mere stakeholder;

পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন উকীলকে যে পরওয়ানা দেওয়া যায়, তাহা নিজ সেই পক্ষকে কিম্বা তাহার উকীলকে দেওয়ার ন্যায় সফল হইবে ইতি।

সেনাপতিকে ও সৈন্যদিগকে পরওয়ানা দিবার কথা।

৪৬৮ ধারা। সেনাপতি কি সেনা প্রতিবাদী হইলে, আদালত তাঁহার নামে জারী করিবার জন্যে তাঁহার দলের সৈন্যধ্যক্ষের নিকট সমনের নকল পাঠাইবেন।

যে সৈন্যাধ্যক্ষের নিকট নকল পাঠান যায় তিনি, যাঁহার নামে সমন লেখা গেল সাধ্যমতে তাঁহাকে দেওয়াইয়া, ঐ নকলের পৃষ্ঠে তৎপ্রাপণের লিখিত স্বীকারপত্র সহিত ঐ নকলখানি আদালতে ফিরিয়া পাঠাইবেন।

কোন কারণে ঐ নকল তদ্রূপে দেওয়া যাইতে না পারিলে, যে কারণে দেওয়া যাইতে পারিল না সেই কারণের এক লিপি সমেত, ঐ সমন যে আদালতহইতে বাহির হইল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবে ইতি।

সেনানিবেশ স্থানপ্রভৃতিতে ধৃত করণের পরওয়ানা জারী করিবার কথা।

৪৬৯ ধারা। ডিক্রী জারীক্রমে কোন সেনানিবেশ স্থানের কি গড়ের কি সৈনিক মোকামের কি সৈনিক বাজারের সীমার মধ্যে ধৃত করিবার পরওয়ানা জারী করিতে হইলে, সেই পরওয়ানা জারী করণার্থে যে কর্ম্মকারককে দেওয়া যায় তিনি সৈন্যাধ্যক্ষ সাহেবকে ঐ পরওয়ানা দিবেন।

সৈন্যাধ্যক্ষ সাহেব ঐ পরওয়ানার পৃষ্ঠে স্বাক্ষর করিবেন, ও পরওয়ানায় যাঁহার নাম লেখা থাকে সেই ব্যক্তি তাঁহার কর্তৃত্বাধীন স্থানের মধ্যে থাকিলে, তিনি তাঁহাকে ধরাইয়া ঐ পরওয়ানা জারী করিবার ভারপ্রাপ্ত কার্য্যকারকের হস্তে সমর্পণ করাইবেন ইতি।

৩৩ ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা বিষয়ক বিধি।

বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা যে স্থলে উপস্থিত করা যাইতে পারে তাহার কথা।

৪৭০ ধারা। ধনে কি সম্পত্তিতে যে ব্যক্তির পণধারীস্বরূপ স্বার্থভিন্ন অন্য স্বার্থ না থাকে, তিনি প্রকৃত স্বামিকে তাহা দিতে চেষ্টা করিলেও, যদি দুই কি তদধিক ব্যক্তি তাঁহার স্থানে ঐ ধন কি সম্পত্তি পাইবার পরস্পর বিপরীত দাওয়া রাখেন, তবে সেই ধন কি সম্পত্তি কাঁহাকে দিতে হইবে ইহা নিষ্পত্তি করিবার ও আপনার পক্ষে নিষ্কৃতি পাইবার নিমত্ত ঐ পণধারী সকল দাওয়াদারের নামে বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কিন্তু সকল পক্ষের স্বত্ব যাহাতে উপযুক্তমতে নির্ণয় হইতে পারে এমত মোকদ্দমা উপস্থিত থাকিলে, ঐ পণধারী বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা উপস্থিত করিবেন না ইতি।

তদ্রূপ মোকদ্দমায় আবেদনপত্রের কথা।

৪৭১ ধারা। আবেদনপত্রে অন্য যে২ বর্ণনা লেখা আবশ্যক তদতিরিক্ত উক্ত বাদপ্রতিবাদার্থক মোকদ্দমার আবেদনপত্রে এই২ কথাও লিখিতে হইবে,—

(ক) যে বিষয়ের দাওয়া হইতেছে সেই বিষয়ে বাদি পণধারীস্বরূপ যে স্বার্থ থাকে তদ্ভিন্ন অন্য স্বার্থ নাই এই কথা।

(*b*) the claims made by the defendants severally; and

(*c*) that there is no collusion between the plaintiff and any of the defendants.

Payment of thing claimed into Court.

472. When the thing claimed is capable of being paid into court or placed in the custody of the Court, the plaintiff must so pay or place it before he can be entitled to any order in the suit.

Procedure at first hearing.

473. At the first hearing the Court may

(*a*) declare that the plaintiff is discharged from all liability to the defendants in respect of the thing claimed, award him his costs, and dismiss him from the suit:

or, if it thinks that justice or convenience so require,

(*b*) retain all parties until the final disposal of the suit:

and, if it finds that the admissions of the parties or other evidence enable it,

(*c*) adjudicate the title to the thing claimed: or else it may

(*d*) direct the defendants to interplead one another by filing statements and entering into evidence for the purpose of bringing their respective claims before the Court.

When agents and tenants may institute interpleader suits.

474. Nothing in this chapter shall be taken to enable agents to sue their principals, or tenants to sue their landlords, for the purpose of compelling them to interplead with any persons other than persons making claim through such principals or landlords.

Illustrations.

(*a*) A deposits a box of jewels with B as his agent. C alleges that the jewels were wrongfully obtained from him by A, and claims them from B. B cannot institute an interpleader suit against A and C.

(*b*) A deposits a box of jewels with B as his agent. He then writes to C for the purpose of making the jewels a security for a debt due from himself to C. A afterwards alleges that C's debt is satisfied, and C alleges the

(খ) প্রতিবাদিরা পৃথক২ যে দাওয়া করেন তাহা। ও

(গ) এই বিষয়ে বাদির ও প্রতিবাদিদের কোন ব্যক্তির মধ্যে যোগ নাই ইতি।

যে বিষয়ের দাওয়া হয় তাহা আদালতে দিবার কথা।

৪৭২ ধারা। যে বিষয়ের উপর দাওয়া থাকে তাহা আদালতে দেওয়া যাইতে কিম্বা আদালতের সংরক্ষণে রাখা যাইতে পারিলে, বাদি সেই বিষয় আদালতে না দিলে বা অর্পণ না করিলে ঐ মোকদ্দমায় কোন আজ্ঞা পাইবার স্বত্ত্ববান হইবেন না ইতি।

প্রথম শ্রবণের সময়ে কার্য্যপ্রণালীর কথা।

৪৭৩ ধারা। প্রথম শ্রবণের সময়ে,

(ক) যে বিষয়ের উপর দাওয়া থাকে তৎসম্পর্কে প্রতিবাদিদের নিকট বাদিকে সকল দায়হইতে মুক্ত করা গেল, আদালত ইহা প্রকাশ করিয়া, তাঁহার খরচা পাইবার আজ্ঞা করিয়া, তাঁহাকে মোকদ্দমাহইতে অবসর করিতে পারিবেন,

অথবা ন্যায়বিচার কি সুবিধার জন্যে প্রয়োজন জ্ঞান করিলে,

(খ) মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তিপর্য্যন্ত সকল পক্ষকে রাখিতে পারিবেন।

এবং উভয় পক্ষের স্বীকার দ্বারা কিম্বা অন্য প্রমাণক্রমে করিতে পারেন দৃষ্টি করিলে,

(গ) যে বিষয়ের দাওয়া হয় তাহার উপর স্বত্ব নির্ণয় করিবেন, অথবা

(ঘ) প্রতিবাদিরা যেন আদালতের সম্মুখে আপন২ দাওয়া উপস্থিত করেন এই নিমিত্ত বর্ণনাপত্র অর্পণ করিয়া ও প্রমাণ দেখাইয়া তাঁহাদিগকে পরস্পর বাদপ্রতিবাদ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

কর্ম্মকারক ও প্রজা যে স্থলে বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা করিতে পারেন তাহার কথা।

৪৭৪ ধারা। এই অধ্যায়ের কোন কথার বলে, মূখ্য ব্যক্তি বলিয়া তাঁহার কি ভূম্যধিকারিদের অধীন দাওয়াদারভিন্ন কোন ব্যক্তিদের পরস্পর বাদ প্রতিবাদ করাইবার জন্যে, ঐ মূখ্য ব্যক্তিদের পক্ষ কর্ম্মকারকেরা তাঁহাদের নামে, কিম্বা প্রজারা ভূম্যধিকারিদের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ আপনার পক্ষ কর্ম্মকারক বলিয়া বলরামের নিকট অলঙ্কারের বাক্স রাখেন। আনন্দ অন্যায়মতে আমার নিকটহইতে ঐ আভরণ লইয়াছেন বলিয়া চন্দ্র বলরামের স্থানে সেই আভরণের দাওয়া করেন। বলরাম ঐ আনন্দের ও চন্দ্রের নামে বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না।

(খ) আনন্দ আপনার পক্ষ কর্ম্মকারক বলিয়া বলরামের নিকট অলঙ্কারের বাক্স রাখেন। চন্দ্রের নিকট আনন্দের টাকা দেনা হওয়াতে তিনি চন্দ্রের নিকট ঐ ঋণের জামিনীস্বরূপ ঐ অলঙ্কার রাখিবার কথা লিখিলেন।

contrary. Both claim the jewels from B. B may institute an interpleader suit against A and C.

475. When the suit is properly instituted, the Court may provide for the plaintiff's costs by giving him a charge on the thing claimed or in some other effectual way.

Charge of plaintiff's costs.

476. If any of the defendants in an interpleader suit is actually suing the stakeholder in respect of the subject of such suit, the Court in which the suit against the stakeholder is pending shall, on being duly informed by the Court which passed the decree in the interpleader-suit in favour of the stakeholder, that such decree has been passed, stay the proceedings as against him; and his costs in the suit so stayed may be provided for in such suit; but if, and so far as, they are not provided for in that suit, they may be added to his costs incurred in the interpleader suit.

Procedure where a defendant is suing stakeholder.

Costs.

PART IV.

PROVISIONAL REMEDIES.

CHAPTER XXXIV.

OF ARREST AND ATTACHMENT BEFORE JUDGMENT.

A.—Arrest before Judgment.

477. If at any stage of any suit, other than a suit for the possession of immoveable property, the plaintiff statisfies the Court by affidavit—

When plaintiff may apply that security be taken.

that the defendant, with intent to avoid or delay the plantiff, or to avoid any process of the Court, or to obstruct or delay the execution of any decree that may be passed against him,

(*a*) has absconded or left the jurisdiction of the Court, or

(*b*) is about to abscond or to leave the jurisdiction of the Court, or

(*c*) has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof, or

পরে চন্দ্রের নিকট আমার ঋণ শোধ হইয়াছে আনন্দ এই কথা কহিলে চন্দ্র তাহা স্বীকার করিলেন না ও দুই জনে বলরামের স্থানে ঐ অলঙ্কারের দাওয়া করেন। এই স্থলে বলরাম আনন্দের ও চন্দ্রের নামে বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

৪৭৫ ধারা। মোকদ্দমা উপযুক্তরূপে উপস্থিত করা গেলে, যে বিষয়ের উপর দাওয়া থাকে আদালত সেই বিষয় বাদির স্বত্বাধীনে রাখিয়া কিম্বা ফলজনক অন্য কোন উপায়ে, তাঁহার খরচ পাইবার বিধান করিবেন ইতি।

বাদির খরচা পাইবার কথা।

৪৭৬ ধারা। বাদপ্রতিবাদার্থক মোকদ্দমার প্রতিবাদিদের মধ্য কোন ব্যক্তি যদি তৎকালেই সেই মোকদ্দমার বিষয় লইয়া ঐ পণধারির নামে মোকদ্দমা করিয়া থাকেন, তবে ঐ পণধারির নামে যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে সেই আদালত, ঐ বাদপ্রতিবাদার্থক মোকদ্দমায় পণধারির সপক্ষে যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতহইতে ঐ ডিক্রী হওয়ার কথা নিয়মমতে জানিতে পাইলে তাঁহার বিপক্ষ মোকদ্দমার কার্য্য স্থগিত রাখিবেন। ও ঐ স্থগিত করা মোকদ্দমায় তাঁহার যে খরচা হইয়াছে, ঐ মোকদ্দমায় সেই খরচার বিধান করা যাইতে পারিবে, কিন্তু সেই মোকদ্দমায় ঐ খরচার বিধান না হইলে ও যত দূর না হয় তত দূর সেই খরচা বাদপ্রতিবাদার্থক মোকদ্দমায় তাহার খরচার সঙ্গে সংযোগ করিয়া দেওয়া যাইবে ইতি।

প্রতিবাদী ঐ পণধারির নামে নালিশ করিতেছেন এমত স্থলে কার্য্যপ্রণালীর কথা।

খরচার কথা।

চতুর্থ ভাগ।

নৈমিত্তিক প্রতিকার বিষয়ক বিধি।

৩৪ চতুস্ত্রিংশ অধ্যায়।

নিষ্পত্তির পূর্ব্বে ধৃত ও ক্রোককরণ বিষয়ক বিধি।

(ক)।—নিষ্পত্তির পূর্ব্বে ধৃতকরণ বিষয়ক বিধি।

৪৭৭ ধারা। স্থাবর সম্পত্তির অধিকার পাইবার মোকদ্দমাভিন্ন কোন মোকদ্দমা চলনের কোন সময়ে, প্রতিবাদী বাদিকে দেখা না দিবার কিম্বা তাহার বিলম্ব জন্মাইবার জন্যে কিম্বা আদালতের কোন পরওয়ানা এড়াইবার জন্যে, কিম্বা তাঁহার বিপক্ষে ডিক্রী হইলে তাহা জারী হইবার বাধা কি বিলম্ব জন্মাইবার জন্যে

বাদী যে স্থলে জামিন লওয়ার প্রার্থনা করিতে পারেন তাহার কথা।

(ক) পলায়ন করিয়াছেন কিম্বা আদালতের এলাকার বহির্ভূত স্থানে গিয়াছেন, কিম্বা

(খ) পলায়ন করিতে কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে যাইতে উদ্যত আছেন, কিম্বা

(গ) আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিয়াছেন কিম্বা আদালতের এলাকার অন্তর্গত স্থানহইতে স্থানান্তর করিয়াছেন, কিম্বা

that the defendant is about to leave British India under circumstances affording reasonable probability that the plaintiff will or may thereby be obstructed or delayed in the execution of any decree that may be passed against the defendant in the suit,

the plaintiff may apply to the Court that security be taken for the appearance of the defendant to answer any decree that may be passed against him in the suit.

478. If the Court, after examining the applicant, and making such further investigation as it thinks fit, is satisfied

Order to bring up defendant to show cause why he should not give security.

that the defendant, with any such intent as aforesaid,

(*a*) has absconded or left the jurisdiction of the Court, or

(*b*) is about to abscond or to leave the jurisdiction of the Court, or

(*c*) has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof, or

that the defendant is about to leave British India under the circumstances last aforesaid,

the Court may issue an order for bringing the defendant before the Court to show cause why he should not give security for his appearance.

479. If the defendant fail to show such cause, the Court shall order him either to deposit in Court money or other property sufficient to answer the claim against him, or to give security for his appearance at any time when called upon while the suit is pending, and until execution or satisfaction of any decree that may be passed against him in the suit.

If defendant fail to show cause, Court may order him to make deposit or give security.

The surety shall bind himself, in default of such appearance, to pay any sum of money which the defendant may be ordered to pay in the suit.

480. The surety for the appearance of the defendant may at any time apply to the Court in which he became such surety to be discharged from his obligation.

Procedure in case of application by surety to be discharged.

প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষহইতে যে ভাবগতিকে চলিয়া যাইতে উদ্যত আছেন তদৃষ্টে, মোকদ্দমায় ঐ প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে সেই ডিক্রী জারী করণে বাদির বাধা কি বিলম্ব হইবে কি হইতে পারে ইহার সঙ্গত সম্ভাবনা আছে,

বাদী আফিডেবিট করিয়া এইং বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলেই, মোকদ্দমায় প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে উত্তর দেওনের জন্যে তাঁহার উপস্থিত হওয়ার জামিন লইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

৪৭৮ ধারা। আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিলে ও অন্য যে অনুসন্ধান লওয়া উচিত জ্ঞান করেন তাহা লইলে পর,

জামিন না দিবার কারণ দর্শাইবার জন্যে প্রতিবাদিকে উপস্থিত করাইবার আজ্ঞার কথা।

প্রতিবাদী পূর্ব্বোক্ত কোন অভিপ্রায়ে,

(ক) পলায়ন করিয়াছেন কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে গিয়াছেন, কিম্বা

(খ) পলায়ন করিতে কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে যাইতে উদ্যত আছেন, কিম্বা

(গ) আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর কি আদালতের এলাকার অন্তর্গত স্থানহইতে স্থানান্তর করিয়াছেন, কিম্বা

শেষোক্ত ভাবগতিকে ব্রিটনীয় ভারতবর্ষহইতে চলিয়া যাইতে উদ্যত আছেন,

ইহা হৃদ্বোধমতে জানিলে, প্রতিবাদির উপস্থিত হইবার জামিন না দেওনের কারণ দর্শাইবার জন্যে, তাঁহাকে আদালতের সম্মুখে আনিবার আজ্ঞা প্রচার করিবেন ইতি।

৪৭৯ ধারা। প্রতিবাদী তদ্রূপ কারণ দর্শাইতে না পারিলে, তাঁহার বিপক্ষে যে দাওয়া উপস্থিত করা গেল আদালত তাঁহাকে সেই দাওয়ার পরিশোধের উপযুক্ত টাকা কি অন্য সম্পত্তি আদালতে গচ্ছিত করিতে আজ্ঞা করিবেন, কিম্বা মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে, ও মোকদ্দমায় তাঁহার বিপরীত ডিক্রী হইলে যত কাল সেই ডিক্রী জারী কিম্বা তদনুসারে কার্য্য সাধন না হয়, ততকাল তাঁহাকে কোন সময়ে আহ্বান করা গেলেই তিনি উপস্থিত হইবেন ইহার প্রতিভূ দিবার আজ্ঞা করিবেন।

প্রতিবাদী কারণ দর্শাইতে না পারিলে, তাঁহাকে টাকা গচ্ছিত করিতে কি জামিন দিতে আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

মোকদ্দমায় প্রতিবাদির যত টাকা দিবার আজ্ঞা হইতে পারে, তিনি উক্ত প্রকারে উপস্থিত না হইলে, প্রতিভূ তত টাকা দিবার প্রতিজ্ঞাতে বদ্ধ হইবেন ইতি।

৪৮০ ধারা। প্রতিবাদির উপস্থিত হওনের প্রতিভূ যে আদালতে প্রতিভূ হইলেন, কোন সময়েই সেই আদালতে আপনার সেই প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

প্রতিভূ মুক্ত হইবার প্রার্থনা করিলে কার্য্যপ্রণালীর কথা।

On such application being made, the Court shall summon the defendant to appear, or, if it thinks fit, may issue a warrant for his arrest in the first instance.

On the appearance of the defendant pursuant to the summons or warrant, or on his voluntary surrender, the Court shall direct the surety to be discharged from his obligation, and shall call upon the defendant to find fresh security.

481. If the defendant fail to comply with any order under section 479 or section 480, the Court may commit him to jail until the decision of the suit, or, if judgment be given against the defendant, until the execution of the decree: Provided that no person shall be imprisoned under this section in any case for a longer period than six months, nor for a longer period than six weeks when the amount or value of the subject-matter of the suit does not exceed fifty rupees.

Procedure where defendant fails to give security or find fresh security.

482. The provisions of section 339 as to allowances payable for the subsistence of judgment-debtors shall apply to all defendants arrested under this chapter.

Subsistence of defendant arrested.

B.—Attachment before Judgment.

483. If at any stage of any suit the plaintiff satisfies the Court by affidavit that the defendant, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him,

Application before judgment for security from defendant to satisfy decree, and in default, for attachment of property.

(*a*) is about to dispose of the whole or any part of his property, or to remove the same from the jurisdiction of the Court in which the suit is pending, or

(*b*) has quitted the jurisdiction of the Court, leaving therein property belonging to him,

the plaintiff may apply to the Court to call upon the defendant to furnish security to satisfy any decree that may be passed against him in such suit, and, on his failing to give such security, to direct that any portion of his property shall be attached until the further order of the Court.

The application shall, unless the Court otherwise directs, specify the property required to be attached, and the estimated value thereof.

Contents of application.

তদ্রূপ প্রার্থনা করা গেলে, আদালত প্রতিবাদির নামে উপস্থিত হইবার সমন দিবেন, কিম্বা উচিত বোধ করিলে প্রথমেই তাঁহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিবেন।

প্রতিবাদী ঐ সমন কি পরওয়ানামতে উপস্থিত হইলে কিম্বা স্বেচ্ছামতে আপনাকে সমর্পণ করিলে, আদালত প্রতিভূর প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার আজ্ঞা দিয়া প্রতিবাদিকে নূতন প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন ইতি।

৪৮১ ধারা। প্রতিবাদী ৪৭৯ বা ৪৮০ ধারামত কোন আজ্ঞানুসারে কর্ম্ম না করিলে, আদালত মোকদ্দমার নিষ্পত্তি না হওন পর্য্যন্ত, কিম্বা প্রতিবাদির বিপক্ষে বিচার হইলে ডিক্রী জারী না হওন পর্য্যন্ত, প্রতিবাদিকে কারাগারে পাঠাইতে পারিবেন। কিন্তু এই ধারামতে কোন ব্যক্তির কোন স্থলেই ছয় মাসের অধিক কারাদণ্ড, ও যে বিষয় লইয়া মোকদ্দমা হয় তাহা পঞ্চাশ টাকার কি পঞ্চাশ টাকা মূল্যের অধিক না হইলে ছয় সপ্তাহের অধিক কারাদণ্ড হইতে পারিবে না ইতি।

প্রতিবাদী প্রতিভূ না দিলে কি নূতন প্রতিভূ পাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৪৮২ ধারা। ডিক্রীমত খাতকের খোরাকী দেওনবিষয়ে ৩৩৯ ধারার বিধান এই অধ্যায়মতে ধৃত সকল প্রতিবাদির প্রতি খাটিবে ইতি।

প্রতিবাদিকে ধৃত করা গেলে তাহার খোরাকীর কথা।

খ।—নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করণের কথা।

৪৮৩ ধারা। প্রতিবাদির বিপক্ষ ডিক্রী হইতে পারে বলিয়া তিনি ডিক্রী জারীর বাধা কিম্বা বিলম্ব ঘটাইবার অভিপ্রায়ে

নিষ্পত্তির পূর্ব্বে প্রতিবাদির ডিক্রীমত কার্য্য সাধনের জামিন দিতে ও জামিন না দিলে তাঁহার সম্পত্তি ক্রোক করিতে প্রার্থনার কথা।

(ক) আপন সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে, কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত আছে সেই আদালতের এলাকার বহির্ভূত স্থানে স্থানান্তর করিতে উদ্যত আছেন, কিম্বা

(খ) আদালতের এলাকার মধ্যে আপনার কোন সম্পত্তি রাখিয়া সেই এলাকার বহির্ভূত স্থানে গিয়াছেন,

মোকদ্দমা চলিবার কোন সময়েই বাদী আফিডেবিট করিয়া এই২ বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, ঐ মোকদ্দমায় প্রতিবাদির বিপক্ষে ডিক্রী হইতে পারে বলিয়া তিনি সেই ডিক্রীমতে কার্য্যসাধন করিবার জামিন দেন, ও জামিন না দিলে যত দিন আদালতের অন্য আজ্ঞা না হয় তত দিন তাঁহার ঐ সম্পত্তির কোন অংশ ক্রোক করা যায়, বাদী আদালতের এমত আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

আদালত অন্য প্রকারের আজ্ঞা না করিলে, সেই প্রার্থনাপত্রে যে সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হয়, তাহা বিশেষ করিয়া লেখা যাইবে, ও তাহার আনুমানিক মূল্যও লিখিতে হইবে ইতি।

প্রার্থনার মর্ম্মের কথা।

484. If the Court, after examining the applicant, and making any further investigation which it thinks fit, is satisfied that the defendant is about to dispose of or remove his property, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him, in the suit, the Court may require him, within a time to be fixed by the Court, either to furnish security in such sum as may be specified in the order, to produce and place at the disposal of the Court, when required, the said property or the value of the same, or such portion thereof as may be sufficient to satisfy the decree, or to appear and show cause why he should not furnish security.

Court may call on defendant to furnish security or show cause.

The Court may also in the order direct the conditional attachment of the whole or any portion of the property specified in the application.

485. If the defendant fail to show cause why he should not furnish security, or fail to furnish the security required within the time fixed by the Court, the Court may order that the property specified in the application, or such portion thereof as appears sufficient to satisfy any decree which may be passed in the suit, shall be attached.

Attachment if cause not shown or security not furnished.

If the defendant show such cause or furnish the required security, and the property specified in the application or any portion of it has been attached, the Court shall order the attachment to be withdrawn.

Withdrawal of attachment

486. The attachment shall be made in the manner herein provided for the attachment of property in execution of a decree for money.

Mode of making attachment.

487. If any claim be preferred to the property attached before judgment, such claims shall be investigated in the manner hereinbefore provided for the investigation of claims to property attached in execution of a decree for money.

Investigation of claims to property attached before judgment.

488. When an order of attachment before judgment is passed, the Court which passed the order shall remove the attachment whenever the defendant furnishes the security

Removal of attachment when security furnished.

৪৮৪ ধারা। মোকদ্দমায় প্রতিবাদির বিপক্ষে ডিক্রী হইতে পারে বলিয়া সেই ডিক্রী জারীর বাধা কি বিলম্ব ঘটাইবার জন্যে তিনি আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছেন, আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিলে ও আর যে অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন তাহা লইলে পর, ইহা হৃদ্বোধমতে জানিলে, সময় নিরূপণ করিয়া তাঁহার প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে, আদেশ করা গেলেই আপনার উক্ত সম্পত্তি কি তাহার মূল্য কিম্বা ডিক্রীমতে কার্য্যসাধন করিবার জন্যে ঐ সম্পত্তির যে অংশ প্রচুর হয় সেই অংশ উপস্থিত করিয়া আদালতের আজ্ঞাধীনে রাখিবার জামিন বলিয়া, ঐ আজ্ঞাপত্রে যত টাকা নির্দ্দিষ্ট থাকে তিনি সেই সময়ের মধ্যে তত টাকা জামিন দেন, কিম্বা উপস্থিত হইয়া সেই জামিন না দেওনের কারণ দর্শান।

প্রতিবাদিকে আদালতের জামিন দিবার কি কারণ দর্শাইবার আজ্ঞা করিতে পারিবার কথা।

আরো আদালত ঐ আজ্ঞাপত্রের মধ্যে প্রার্থনাপত্রের নির্দ্দিষ্ট সমুদয় সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ নিয়মাধীনে ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৪৮৫ ধারা। প্রতিবাদী জামিন না দেওনের কারণ দর্শাইতে না পারিলে, কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে আদেশমত জামিন না দিলে, প্রার্থনাপত্রে যে সম্পত্তি নির্দ্দিষ্ট হইল আদালত সেই সম্পত্তি, কিম্বা মোকদ্দমায় যে ডিক্রী হইতে পারে সেই ডিক্রীমতে কার্য্য সাধন করিবার জন্যে ঐ সম্পত্তির যে অংশ প্রচুর বোধ হয় সেই অংশ, ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন।

কারণ দর্শান না গেলে কিম্বা জামিন দেওয়া না গেলে ক্রোক করিবার কথা।

প্রতিবাদী উক্ত কারণ দর্শাইলে কিম্বা আদেশমতে জামিন দিলে, ও প্রার্থনাপত্রের নির্দ্দিষ্ট সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ ক্রোক করা গিয়া থাকিলে, আদালত ঐ ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

ক্রোক উঠাইয়া দিবার কথা।

৪৮৬ ধারা। এই আইনে টাকার ডিক্রী জারী করিয়া সম্পত্তি ক্রোক করিবার যে বিধান আছে, ঐ সম্পত্তি সেই বিধানমতে ক্রোক করা যাইবে ইতি।

যে প্রকারে ক্রোক করা যাইবে তাহার কথা।

৪৮৭ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর কোন দাওয়া উপস্থিত করা গেলে, এই আইনে টাকার ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক হইলে তাহার উপর দাওয়ার অনুসন্ধান লইবার যে বিধান হইয়াছে, সেই বিধানমতে উক্ত দাওয়ারও অনুসন্ধান লওয়া যাইবে ইতি।

নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর দাওয়া হইলে অনুসন্ধান লওয়ার কথা।

৪৮৮ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করিবার আজ্ঞা হইয়া থাকিলে, প্রতিবাদী আদেশমতে জামিন ও ক্রোক করিবার খরচার জামিন দিলেই, কিম্বা মোকদ্দমা ডিসমিস হইলেই, যে

জামিন দেওয়া গেলে ক্রোক উঠাইয়া দিবার কথা।

required, together with security for the costs of the attachment, or when the suit is dismissed.

আদালত ঐ আজ্ঞা করিলেন সেই আদালত ঐ ক্রোক উঠাইয়া দিবেন ইতি

Attachment not to affect rights of strangers, or bar the decree-holder from applying for sale.

489. Attachment before judgment shall not affect the rights existing prior to the attachment, of persons not parties to the suit, nor bar any person holding a decree against the defendant from applying for the sale of the property under attachment in execution of such decree.

ক্রোক হইলে নিঃসম্পর্ক ব্যক্তিদের স্বত্বের হানি না হইবার ও নীলাম হওনার্থে ডিক্রীদারের প্রার্থনা করিবার বাধা না হওয়ার কথা।

৪৮৯ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করা গেলেও যাঁহারা মোকদ্দমার কোন পক্ষের মধ্যে নহেন, ক্রোক হওয়ার পূর্ব্বে এমত ব্যক্তিদের যে স্বত্ব ছিল তাহার হানি হইবে না, ও কোন ব্যক্তি প্রতিবাদির বিপক্ষ ডিক্রীদার হইলে, তাঁহার ঐ ডিক্রী জারীক্রমে ঐ ক্রোক করা সম্পত্তি নীলাম হইবার প্রার্থনা করিতে বাধা নাই ইতি।

Property attached under this chapter, not to be re-attached in execution of decree.

490. Where property is under attachment by virtue of the provisions of this chapter, and a decree is given in favour of the plaintiff, it shall not be necessary to re-attach the property in execution of such decree.

এই অধ্যায়মতে ক্রোক করা সম্পত্তি ডিক্রী জারীক্রমে পুনশ্চ ক্রোক করিতে না হইবার কথা।

৪৯০ ধারা। এই অধ্যায়ের বিধানের বলে সম্পত্তি ক্রোক হইয়া থাকিলে, ও বাদির সপক্ষে ডিক্রী হইলে, ঐ ডিক্রীজারীক্রমে ঐ সম্পত্তি পুনশ্চ ক্রোক করিবার আবশ্যক নাই ইতি।

C.—Compensation for improper Arrests or Attachments.

গ।—অনুপযুক্ত কারণে ধৃত কি ক্রোক হইলে হানিপূরণ-বিষয়ক বিধি।

Compensation for obtaining arrests or attachment on insufficient grounds.

491. If in any suit in which an arrest or attachment has been effected, it appear to the Court that such arrest or attachment was applied for on insufficient grounds,

or if the suit of the plaintiff fails, and it appears to the Court that there was no probable ground for instituting the suit,

the Court may, on the application of the defendant, award against the plaintiff in its decree such amount not exceeding one thousand rupees, as it deems a reasonable compensation to the defendant for the expense or injury caused to him by the arrest or attachment:

Proviso.

Provided that the Court shall not award under this section a larger amount than it might decree in a suit for compensation.

An award under this section shall bar any suit for compensation in respect of such arrest or attachment.

বিশিষ্ট কারণ না থাকিলেও ধৃত কি ক্রোক করিবার আজ্ঞা পাওয়া গেলে হানিপূরণের কথা।

৪৯১ ধারা। কোন মোকদ্দমায় যদি কোন ব্যক্তিকে ধৃত কি সম্পত্তি ক্রোক করা যায়, তবে বিশিষ্ট কারণ না থাকিলেও ঐ ধৃত কি ক্রোক করিবার প্রার্থনা হইয়াছিল আদালত এমত জ্ঞান করিলে,

কিম্বা বাদী মোকদ্দমা হারিলে এবং মোকদ্দমা উপস্থিত করিবার কোন সম্ভব কারণ ছিল না আদালত এমত জ্ঞান করিলে,

ধৃত কি ক্রোক করণদ্বারা প্রতিবাদির যে খরচ কি হানি হইয়াছে, আদালত প্রতিবাদির প্রার্থনামতে তাঁহার ঐ হানিপূরণস্বরূপ এক সহস্র টাকার অনধিক যত সঙ্গত বোধ করেন, বাদির বিপক্ষ ডিক্রীর মধ্যে প্রতিবাদির তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

উপবিধি।

কিন্তু হানিপূরণের মোকদ্দমায় ঐ আদালত যত টাকা ডিক্রী করিতে পারিতেন, এই ধারামতে তদধিক টাকার আজ্ঞা করিবেন না।

এই ধারামতে আজ্ঞা হইলে পর, উক্ত ধৃত কি ক্রোক করণপ্রযুক্ত হানিপূরণ পাইবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

CHAPTER XXXV.

Of temporary Injunctions and Interlocutory Orders.

৩৫ পঞ্চত্রিংশ অধ্যায়।

কিয়ৎকালের নিমিত্ত নিষেধ বিষয়ক ও মোকদ্দমার চলনকালীন আজ্ঞা বিষয়ক বিধি।

A.—Temporary Injunctions.

ক।—কিয়ৎকালীন নিষেধবিষয়ক বিধি।

Cases in which temporary injunction may be granted.

492. If in any suit it be proved by affidavit or otherwise

(*a*) that any property in dispute in a suit is in danger of being wasted, damaged or alienated by any party to the suit, or wrongfully sold in execution of a decree, or

যে স্থলে কিয়ৎকালের নিমিত্ত নিষেধের আজ্ঞা দেওয়া যাইতে পারে তাহার কথা।

৪৯২ ধারা। (ক) মোকদ্দমার যে সম্পত্তির বিষয়ে বিবাদ হইতেছে, মোকদ্দমার কোন পক্ষের দ্বারা তাহার অপচয় কি হানি হওয়ার কিম্বা হস্তান্তর করিয়া দেওয়ার কিম্বা কোন ডিক্রীজারীক্রমে অন্যায়মতে নীলাম হওয়ার সম্ভাবনা আছে, কিম্বা

(*b*) that the defendant threatens, or is about to remove or dispose of his property with intent to defraud his creditors,

the Court may by order grant a temporary injunction to restrain such act, or give such other order for the purpose of staying and preventing the wasting, damaging, alienation, sale, removal or disposition of the property as the Court thinks fit, or refuse such injunction or other order.

493. In any suit for restraining the defendant from committing a breach of contract or other injury, whether compensation be claimed in the suit or not, the plaintiff may, at any time after the commencement of the suit, and either before or after judgment, apply to the Court for a temporary injunction to restrain the defendant from committing the breach of contract or injury complained of, or any breach of contract or injury of a like kind arising out of the same contract or relating to the same property or right.

Injunction to restrain repetition or continuance of breach.

The Court may by order grant such injunction on such terms as to the duration of the injunction, keeping an account, giving security, or otherwise, as the Court thinks fit, or refuse the same.

In case of disobedience, an injunction granted under this section or section 192 may be enforced by the imprisonment of the defendant for a term not exceeding six months, or the attachment of his property, or both.

No attachment under this section shall remain in force for more than one year, at the end of which time if the defendant has not obeyed the injunction, the property attached may be sold, and out of the proceeds the Court may award to the plaintiff such compensation as it thinks fit and may pay the balance, if any, to the defendant.

494. The Court shall in all cases except where it appears that the object of granting the injunction would be defeated by the delay, before granting an injunction, direct notice of the application for the same to be given to the opposite party.

Before granting injunction, Court may direct notice to be given to opposite party.

(খ) মহাজনদিগকে বঞ্চিত করিবার অভিপ্রায়ে প্রতিবাদী আপনার সম্পত্তি স্থানান্তর কি হস্তান্তর করিব বলিয়া ভয় দেখান কিম্বা তাহা করিতে উদ্যত আছেন,

কোন মোকদ্দমায় আফিডেবিটক্রমে কি অন্য প্রকারে ইহার প্রমাণ হইলে,

আদালত আজ্ঞাপত্রদ্বারা সেই কার্য্য নিবারণ করিবার কিয়ৎকালীন নিষেধ আজ্ঞা করিতে পারিবেন। কিম্বা সম্পত্তির অপচয় কি হানি কি হস্তান্তর কি বিক্রয় কি স্থানান্তর কি পরহস্তগত করা স্থগিত ও নিবারণ করণার্থে অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন। অথবা সেই নিষেধসূচক বা অন্য আজ্ঞা দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

৪৯৩ ধারা। প্রতিবাদির চুক্তিভঙ্গ কি অন্য অপকার নিবারণার্থ মোকদ্দমায় হানিপূরণের দাওয়া হইলে বা না হইলেও, যে চুক্তিভঙ্গের কি অপকারের নালিশ হয়, বাদী মোকদ্দমার আরম্ভের পর কোন সময়েই ও নিষ্পত্তির পূর্ব্বে বা পরেও, প্রতিবাদির সেই চুক্তিভঙ্গ বা অপকার নিবারণার্থে, কিম্বা সেই চুক্তিহইতে কি সেই সম্পত্তি কি স্বত্বসম্বন্ধে সেই প্রকারের যে কোন চুক্তিভঙ্গ বা অপকার জন্মে তাহা বারণ করণার্থে, আদালতে কিয়ৎকালীন নিষেধ আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

চুক্তিভঙ্গ পুনশ্চ কি আর না করিবার নিষেধের কথা।

সেই নিষেধ যত দিন প্রবল থাকিবে তদ্বিষয়ের কিম্বা হিসাব রাখিবার কি জামিন দেওনের নিয়মে কিম্বা আদালত অন্য বিষয়ের যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে আজ্ঞাপত্রদ্বারা ঐ নিষেধসূচক আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা দিতে অস্বীকার করিতে পারিবেন।

এই ধারা কিম্বা ১৯২ ধারামতে নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায়, প্রতিবাদী সেই আজ্ঞা না মানিলে, তাঁহাকে ছয় মাসের অনধিক কাল কারাবদ্ধ করণ কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোককরণ দ্বারা কি ঐ উভয় কার্য্যদ্বারা সেই আজ্ঞা প্রবল করা যাইতে পারিবে।

এই ধারামতে যে ক্রোক করা যায় তাহা এক বৎসরের অধিক কাল প্রবল থাকিবে না। সেই সময়ের অবশেষে যদি প্রতিবাদী সেই আদেশমত কার্য্য না করিয়া থাকেন, তবে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে, ও আদালত তদুৎপন্ন টাকাহইতে বাদির হানিপূরণস্বরূপ যত টাকা পাওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন, ও উদ্বর্ত্ত থাকিলে প্রতিবাদিকে দিতে পারিবেন ইতি।

৪৯৪ ধারা। আদালত সর্ব্বদাই নিষেধসূচক আজ্ঞা করিবার পূর্ব্বে বিপক্ষপক্ষকে সেই আজ্ঞা প্রার্থনা হওয়ার নোটিস দিতে আজ্ঞা করিবেন, কিন্তু বিলম্ব হইলে, ঐ নিষেধসূচক আজ্ঞা দেওনের অভিপ্রায় নিষ্ফল হইবে এমত বোধ করিলে, ঐ নোটিসের আজ্ঞা করিবেন না ইতি।

নিষেধসূচক আজ্ঞা করিবার পূর্ব্বে বিপক্ষপক্ষকে নোটিস দিতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

495. An injunction directed to a Corporation or public Company is binding not only on the Corporation or Company itself, but also on all members and officers of the Corporation or Company whose personal action it seeks to restrain.

Injunction to corporation binding on its members and officers.

496. Any order for an injunction may be discharged or varied or set aside by the Court, on application made thereto by any party dissatisfied with such order.

Order for injunction may be discharged, varied or set aside.

497. If it appears to the Court that the injunction was applied for on insufficient grounds, or

Compensation to defendant for issue of injunction on insufficient grounds.

if, after the issue of the injunction, the suit is dismissed or judgment is given against the plaintiff by default or otherwise, and it appears to the Court that there was no probable ground for instituting the suit,

the Court may, on the application of the defendant, award against the plaintiff in its decree such sum, not exceeding one thousand rupees, as it deems a reasonable compensation to the defendant for the expense or injury caused to him by the issue of the injunction:

Provided that the Court shall not award under this section a larger amount than it might decree in a suit for compensation.

Proviso.

An award under this section shall bar any suit for compensation in respect of the issue of the injunction.

B.—Interlocutory Orders.

498. The Court may, on the application of any party to a suit, order the sale, by any person named in such order, and in such manner and on such terms as it thinks fit, of any moveable property being the subject of such suit, which is subject to speedy and natural decay.

Power to order interim sale of perishable articles.

499. The Court may, on the application of any party to a suit, and on such terms as it thinks fit,

Power to make order for detention, &c., of subject-matter and to authorize entry, taking of samples and experiments.

৪৯৫ ধারা। সমাবায়িত সমাজের কি প্রকাশ্য কোম্পানির প্রতি নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায়, তদ্দ্বারা কেবল ঐ সমাজ কি কোম্পানি আবদ্ধ হইবেন তাহা নয়, কিন্তু ঐ সমাজ কি কোম্পানিগত যে সকল ব্যক্তির ও কর্ম্মকারকদের কার্য্য বারণ করিতে চেষ্টা হয় তাঁহারাও আবদ্ধ হইবেন ইতি।

সমাবায়িত সমাজের প্রতি নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায় তাহা ঐ সমাজের অন্তর্গত ব্যক্তিদের ও কার্য্যকারকদের উপর প্রবল হওয়ার কথা।

৪৯৬ ধারা। নিষেধসূচক যে আজ্ঞা করা যায় কোন পক্ষ তাহাতে অসন্তুষ্ট হইয়া আদালতে প্রার্থনা করিলে, আদালত তাহা স্থগিত কি পরিবর্ত্তন কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

নিষেধসূচক আজ্ঞা রহিত কি মতান্তর কি অসিদ্ধ করিবার কথা।

৪৯৭ ধারা। অপ্রচুর কারণে নিষেধসূচক আজ্ঞা প্রার্থনা করা গেল, আদালত ইহা দেখিতে পাইলে, কিম্বা

বিশিষ্ট কারণবিনা নিষেধসূচক আজ্ঞা হইলে প্রতিবাদির হানিপূরণের কথা।

নিষেধসূচক আজ্ঞা বাহির হইলে পর মোকদ্দমা ডিসমিস হইলে, কিম্বা ত্রুটিপ্রযুক্ত কি অন্য কারণে বাদির বিপক্ষে ডিক্রী হইলে, ও মোকদ্দমা উপস্থিত করিবার কোন সম্ভব হেতু ছিল না আদালত ইহা দেখিতে পাইলে,

ঐ নিষেধসূচক আজ্ঞার দ্বারা প্রতিবাদির যে খরচ কি হানি হইয়াছে, আদালত প্রতিবাদির প্রার্থনামতে তাঁহার ঐ হানিপূরণস্বরূপ এক সহস্র টাকার অনধিক যত সঙ্গত বোধ করেন, বাদির বিপক্ষ ডিক্রীর মধ্যে প্রতিবাদির তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু হানিপূরণের মোকদ্দমায় ঐ আদালত যত টাকা ডিক্রী করিতে পারিতেন, এই ধারামতে তদধিক টাকার আজ্ঞা করিবেন না।

উপবিধি।

এই ধারামতে আজ্ঞা হইলে পর, ঐ নিষেধসূচক আজ্ঞা হওনোপলক্ষে হানিপূরণ পাইবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

খ।—মোকদ্দমার চলনকালীন আজ্ঞা।

৪৯৮ ধারা। অস্থাবর যে দ্রব্য স্বভাবতঃ ত্বরায় ক্ষয় পায় এমত দ্রব্য লইয়া বিবাদ হইলে, ঐ মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে, আদালত যে প্রকারে ও যে২ নিয়ম করা উচিত বোধ করেন সেই প্রকারে ও সেই২ নিয়মানুসারে আজ্ঞাপত্রের উল্লিখিত কোন ব্যক্তির দ্বারা ঐ দ্রব্য বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কাঁচা দ্রব্য বিক্রয় করিতে আজ্ঞা দেওনের ক্ষমতার কথা।

৪৯৯ ধারা। মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনা হইলে আদালত যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়মানুসারে,

বিবাদীয় বিষয় আটক প্রভৃতি করিবার আজ্ঞা ও প্রবেশ করণের ও নমুনা লওনের ও পরীক্ষা করণের অনুমতি দেওনের ক্ষমতার কথা।

(*a*) make an order for the detention, preservation or inspection, of any property being the subject of such suit;

(*b*) for all or any of the purposes aforesaid, authorize any person to enter upon, or into any land or building in the possession of any other party to such suit, and

(*c*) for all or any of the purposes aforesaid, authorize any samples to be taken, or any observation to be made or experiment to be tried, which may seem necessary or expedient for the purpose of obtaining full information or evidence.

The provisions hereinbefore contained as to execution of process shall apply, *mutatis mutandis*, to persons authorized to enter under this section.

(ক) ঐ মোকদ্দমার বিবাদীর কোন সম্পত্তি আটক রাখিবার কিম্বা রক্ষা করিবার কি দেখিয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন।

(খ) এবং পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে ঐ মোকদ্দমার অন্য কোন পক্ষের অধিকারগত কোন ভূমিতে কি ঘরে কোন ব্যক্তির যাইবার কি প্রবেশ করিবার অনুমতি দিতে পারিবেন। ও

(গ) পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে সম্পূর্ণ সন্ধান কি প্রমাণ পাইবার জন্যে যে নমুনা লওয়া কিম্বা যেং বিষয়ের সমালোচনা করা কি পরীক্ষা করা আবশ্যক বা বিহিত বোধ হয় তাহা লওয়ার কি করার অনুমতি দিতে পারিবেন।

এই আইনের পূর্ব্বভাগে পরওয়ানা জারী করিবার যেং বিধান আছে, তাহার কএক শব্দ প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে, সেইং বিধান এই ধারামতে প্রবেশ করণের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিদের প্রতি খাটিবে ইতি।

Application for such orders to be after notice.

500. An application by the plaintiff for an order under section 498 or section 499 may be made after notice in writing to the defendant at any time after service of the summons.

An application by the defendant for a like order may be made after notice in writing to the plaintiff, and at any time after the applicant has appeared.

নোটিস দেওয়ার পর তদ্রূপ আজ্ঞা প্রার্থনা করা যাইবার কথা।

৫০০ ধারা। সমন জারী হওয়ার পর কোন সময়ে প্রতিবাদির নামে নোটিস লিখিয়া দিলে পর, বাদী ৪৯৮ বা ৪৯৯ ধারামত আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

বাদির নামে নোটিস লিখিয়া দিলে পর ও প্রার্থকের উপস্থিত হওয়ার পর কোন সময়ে প্রতিবাদীও সেই প্রকারের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ইতি।

When party may be put in immediate possession of land, the subject of suit.

501. When land paying revenue to Government, or a tenure liable to sale, is the subject of a suit, if the party in possession of such land or tenure neglects to pay the Government revenue, or the rent due to the proprietor of the tenure, as the case may be, and such land or tenure is consequently ordered to be sold, any other party to the suit claiming to have an interest in such land or tenure may upon payment of the revenue or rent due previously to the sale (and with or without security at the discretion of the Court), be put in immediate possession of the land or tenure;

and the Court in its decree may award against the defaulter the amount so paid, with interest thereupon at such rate as the Court thinks fit, or may charge the amount so paid, with interest thereupon at such rate as the Court orders, in any adjustment of accounts which may be directed in the decree passed in the suit.

যে স্থলে অগৌণেই কোন পক্ষকে বিবাদীয় ভূমির অধিকার দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

৫০১ ধারা। গবর্ণমেণ্টের রাজস্বদায়ি ভূমি কিম্বা যে তালুকাদি বিক্রয় হইতে পারে তাহা লইয়া মোকদ্দমা হইলে, সেই ভূমি কি তালুকাদি যাঁহার অধিকারে থাকে তিনি যদি গবর্ণমেণ্টের রাজস্ব কিম্বা বিষয়বিশেষে ঐ তালুকাদির ভূম্যধিকারির প্রাপ্য খাজানা দিতে তাচ্ছল্য করেন, ও যদি তৎপ্রযুক্ত ঐ ভূমি কি তালুকাদি বিক্রয় করিবার আজ্ঞা হইয়া থাকে, তবে মোকদ্দমার অন্য যে কোন পক্ষ ঐ ভূমিতে কি তালুকাদিতে স্বার্থের দাওয়া রাখেন তিনি বিক্রয়ের পূর্ব্বে (আদালতের বিবেচনামতে জামিন দিয়া বা না দিয়াও) ঐ বাকী রাজস্ব কি খাজানা দিলে, তাঁহাকে অগৌণেই ঐ ভূমির কি তালুকাদির অধিকার দেওয়া যাইতে পারিবে,

এবং আদালত যে হিসাবে সুদ ধরা উচিত বোধ করেন, আপন ডিক্রীতে বাকীদারের বিপক্ষে সেই হিসাবমতে সুদসুদ্ধ তদ্রূপ দত্ত টাকার ডিক্রী দিতে পারিবেন, কিম্বা মোকদ্দমায় যে ডিক্রী করা যায় তন্মধ্যে হিসাব নিষ্পত্তি করিবার আদেশ থাকিলে আদালত যে হারে আজ্ঞা করেন তদ্রূপ দত্ত টাকার উপর সেই হারে সুদও ধরিতে পারিবেন ইতি।

Deposit of money, &c., in Court.

502. When the subject-matter of a suit is money or some other thing capable of delivery, and any party thereto admits that he holds such money or other thing as a trustee for another party, or that it belongs or is due to

আদালতে টাকা প্রভৃতি গচ্ছিত করিবার কথা।

৫০২ ধারা। যদি টাকা কিম্বা অন্য যে বিষয় অর্পণ করা যাইতে পারে তাহা লইয়া মোকদ্দমা হইয়া থাকে, ও মোকদ্দমার কোন পক্ষ অন্য ব্যক্তির নিমিত্ত ন্যাসধারিস্বরূপে ঐ টাকা কি অন্য বিষয় রাখিতেছেন কিম্বা তাহা অন্য ব্যক্তির,

another party, the Court may order the same to be deposited in Court or delivered to such last-named party, with or without security, subject to the further direction of the Court.

CHAPTER XXXVI.

Appointment of Receivers.

Power of Court to appoint Receivers.

503. Whenever it appears to the Court to be necessary for the realization, preservation or better custody or management of any property, moveable or immoveable, the subject of a suit, or under attachment, the Court may by order

(*a*) appoint a Receiver of such property, and if need be,

(*b*) remove the person in whose possession or custody the property may be from the possession or custody thereof;

(*c*) commit the same to the custody or management of such Receiver; and

(*d*) grant to such Receiver such fee or commission on the rents and profits of the property by way of remuneration, and all such powers as to bringing and defending suits, and for the realization, management, protection, preservation and improvement of the property, the collection of the rents and profits thereof, the application and disposal of such rents and profits, and the execution of instruments in writing, as the owner himself has, or such of those powers as the Court thinks fit.

Receiver's liabilities.

Every receiver so appointed shall

(*e*) give such security (if any) as the Court thinks fit duly to account for what he shall receive in respect of the property,

(*f*) pass his accounts at such periods and in such form as the Court directs,

(*g*) pay the balance due from him thereon as the Court directs, and

(*h*) be responsible for any loss occasioned to the property by his wilful default or gross negligence.

Nothing in this section authorizes the Court to remove from the possession or custody of property under attachment any person whom the parties to the suit, or some or one of them, have or has not a present right so to remove.

কি অন্যের প্রাপ্য বলিয়া স্বীকার করিয়া থাকেন, তবে আদালত জামিন লইয়া বা না লইয়া আদালতের অন্য আজ্ঞা হওয়ার অপেক্ষায় ঐ টাকা কি বিষয় আদালতে গচ্ছিত করিবার কিম্বা শেষোক্ত ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

---

৩৬ ষটত্রিংশ অধ্যায়।

গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।

গ্রাহকদিগকে আদালতের নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৫০৩ ধারা। স্থাবর কি অস্থাবর যে সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় কিম্বা যাহা ক্রোক করা যায় সেই সম্পত্তি আদায় বা রক্ষাকরণের কিম্বা তাহার উত্তমরূপে সংরক্ষণের বা কার্য্যাধ্যক্ষতা করণের জন্যে আদালতের বিবেচনায় আবশ্যক হইলে, ঐ আদালত,—

(ক) ঐ সম্পত্তির গ্রাহক নিযুক্ত করিতে পারিবেন, এবং আবশ্যক হইলে,

(খ) ঐ সম্পত্তি যে ব্যক্তির অধিকারে কি সংরক্ষণে থাকে তাঁহাকে ঐ সম্পত্তির অধিকার কি সংরক্ষণহইতে অন্তর করিতে, ও

(গ) উক্ত গ্রাহকের সংরক্ষণে কি অধ্যক্ষতায় ঐ সম্পত্তি অর্পণ করিতে পারিবেন। ও

(ঘ) ঐ সম্পত্তির খাজানার ও উপস্বত্বের উপর তাঁহার পারিশ্রমিক বলিয়া যত টাকা ফী কি কমিশ্যন উচিত বোধ করেন ঐ গ্রাহককে তাহা দিবেন, এবং মোকদ্দমা উপস্থিত ও তাহার প্রতিবাদ করণার্থে, ও সম্পত্তির আদায় ও কার্য্যাধ্যক্ষতা ও সুরক্ষা ও সংরক্ষণ ও উৎকর্ষ সাধন করণার্থে, ও তাহার খাজানা ও উপস্বত্ব আদায় করণার্থে, ও সেই খাজানা ও উপস্বত্ব প্রয়োগ ও ব্যয়াদি করণার্থে, এবং লিখিত নিদর্শনপত্রে স্বাক্ষর করণার্থে স্বামির নিজের যে ক্ষমতা থাকে ঐ গ্রাহককে সেই সকল, কিম্বা আদালত তন্মধ্য যে২ ক্ষমতা উচিত বোধ করেন তাহা প্রদান করিতে পারিবেন।

গ্রাহকের দায়ের কথা।

তদ্রূপে যে প্রত্যেক জন গ্রাহক নিযুক্ত হন,

(ঙ) তিনি সেই সম্পত্তি সম্পর্কে যাহা প্রাপ্ত হইবেন তাহার হিসাব নিয়মিতরূপে দেওনের জামিন দিতে হইলে, আদালত যে জামিন উচিত বোধ করেন তিনি তাহা দিবেন,

(চ) ও আদালত যে২ সময়ে ও যে পাঠে হিসাব দেখাইবার আজ্ঞা করেন সেই২ সময়ে ও সেই পাঠে দেখাইবেন,

(ছ) ও তদনুসারে তাঁহার স্থানে যে উদ্বৃত্ত টাকা পাওনা থাকে তাহা আদালতের আজ্ঞামতে দিবেন,

(জ) ও তাঁহার ইচ্ছাপূর্ব্বক ত্রুটি কিম্বা ঘোরতর তাচ্ছল্য দ্বারা সম্পত্তির হানি হইলে তিনি তাহার দায়ী হইবেন।

ক্রোক করা সম্পত্তি যে ব্যক্তির অধিকারে বা রক্ষণে থাকে, তাঁহাকে মোকদ্দমার সকল পক্ষের কি তাঁহাদের মধ্যে কোন২ জনের কি এক জনের অন্তর করিবার আধুনিক স্বত্ব না থাকিলে, এই ধারার কোন কথাক্রমে তাঁহার অধিকার কি রক্ষণহইতে আদালতের সেই সম্পত্তি অন্তর করিবার ক্ষমতা নাই ইতি।

504. If the property be land paying revenue to Government, or land of which the revenue has been assigned or redeemed, and the Court considers that the interests of those concerned will be promoted by the management of the Collector, the Court may appoint the Collector to be receiver of such property.

When Collector may be appointed receiver.

৫০৪ ধারা। গবর্ণমেণ্টে যে ভূমি রাজস্ব দেয়, কিম্বা যাহার রাজস্ব নিরূপিত কি পরিক্রীত হইয়াছে এমত ভূমি লইয়া ঐ সম্পত্তি হইলে, ও কালেক্টর সাহেবের অধ্যক্ষতায় থাকিলে ঐ সম্পত্তি সম্পর্কীয় ব্যক্তিদের স্বার্থ সাধন হইবে আদালত এমত বোধ করিলে, কালেক্টর সাহেবকে ঐ ভূমির গ্রাহকতা পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেব যে স্থলে গ্রাহকের পদে নিযুক্ত হইতে পারেন তাহার কথা।

505. The powers conferred by this chapter shall be exercised only by High Courts and District Courts. Provided that whenever the Judge of a Court subordinate to a District Court considers it expedient that a receiver should be appointed in any suit before him, he shall nominate such person as he considers fit for such appointment, and submit such person's name, with the grounds for the nomination, to the District Court, and the District Court shall authorize such Judge to appoint the person so nominated or pass such other order as it thinks fit.

Courts empowered under this chapter.

৫০৫ ধারা। এই অধ্যায়মতে যেং ক্ষমতা প্রদা করা গেল, কেবল হাই কোর্ট ও জিলার আদালত সেইং ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু জিলার আদালতের অধীন কোন আদালতের বিচারপতি আপনার সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমায় গ্রাহকের নিযুক্ত হওয়া বিহিত বোধ করিলে, তিনি যাঁহাকে সেই পদের যোগ্য জ্ঞান করেন এমত ব্যক্তিকে মনোনীত করিয়া, তাঁহাকে মনোনীত করিবার কারণ সহিত তাঁহার নাম জিলার আদালতে পাঠাইবেন, ও জিলার আদালত সেই বিচারপতির প্রতি ঐ মনোনীত ব্যক্তিকে নিযুক্ত করিতে অনুমতি দিবেন, কিম্বা তদ্বিষয়ের অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

এই অধ্যায়মতে যেং আদালতের ক্ষমতা থাকে তদ্বিষয়ের কথা।

PART V.

OF SPECIAL PROCEEDINGS.

পঞ্চম ভাগ।

বিশেষ কার্য্যানুষ্ঠান বিষয়ক বিধি।

CHAPTER XXXVII.

Reference to Arbitration.

৩৭ সপ্তত্রিংশ অধ্যায়।

সালীসীতে অর্পণ করণবিষয়ক বিধি।

506. If all the parties to a suit desire that any matter in difference between them in the suit be referred to arbitration, they may, at any time before judgment is pronounced, apply, in person or by their respective pleaders specially authorized in writing in this behalf, to the Court for an order of reference.

Parties to suit may apply for order of reference.

Every such application shall be in writing and shall state the particular matter sought to be referred.

৫০৬ ধারা। মোকদ্দমা সংক্রান্ত উভয় পক্ষের মধ্যে যেং বিষয় লইয়া অনৈক্য হয় সকলেই তাহা সালীসীতে অর্পণ করিতে ইচ্ছুক হইলে, তাঁহারা বিচার প্রকাশ হওয়ার পূর্ব্বে কোন সময়ে, আদালতে স্বয়ং কিম্বা এই কার্য্যপক্ষে লিখন ক্রমে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আপনং উকীলদের দ্বারা মোকদ্দমা সালীসীতে অর্পণ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

মোকদ্দমার উভয় পক্ষের অর্পণ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবার কথা।

তদ্রূপ প্রত্যেক প্রার্থনাপত্র লিখিয়া দেওয়া যাইবে, ও বিশেষ যে বিষয় অর্পণ করিতে চেষ্টা হয় তাহা ঐ প্রার্থনাপত্রে ব্যক্ত থাকিবে ইতি।

507. The arbitrator shall be nominated by the parties in such manner as may be agreed upon between them.

Nomination of arbitrator.

If the parties cannot agree with respect to such nomination, or if the person whom they nominate refuses to accept the arbitration and the parties desire that the nomination shall be made by the Court, the Court shall nominate the arbitrator.

When Court to nominate arbitrator.

৫০৭ ধারা। উভয় পক্ষ একবাক্য হইয়া যে প্রকারে স্থির করেন, তাঁহাদেরই দ্বারা সেই প্রকারে সালীস মনোনীত করা যাইবে।

সালীস মনোনীত করিবার কথা।

সালীস বলিয়া কাহাকে মনোনীত করা যাইবে এই বিষয়ে উভয় পক্ষের ঐক্য হইতে না পারিলে, কিম্বা যাঁহাকে মনোনীত করেন তিনি ঐ সালীসের কর্ম্ম গ্রহণ করিতে সম্মত না হইলে, ও আদালতের দ্বারা সালীস মনোনীত করা যায় উভয় পক্ষের এই ইচ্ছা থাকিলে, আদালত সালীস মনোনীত করিবেন ইতি।

যে স্থলে আদালত সালীসকে মনোনীত করিবেন তাহার কথা।

508. The Court shall, by order, refer to the arbitrator the matter in difference which he is required to determine, and shall fix such time as it thinks reasonable for the delivery of the award, and specify such time in the order.

Order of reference.

When once a matter is referred to arbitration, the Court shall not deal with it in the same suit, except as hereinafter provided.

509. If the reference be to two or more arbitrators, provision shall be made in the order for a difference of opinion among the arbitrators,

When reference is to two or more, order to provide for difference of opinion.

(*a*) by the appointment of an umpire, or

(*b*) by declaring that the decision shall be with the majority if the major part of the arbitrators agree, or

(*c*) by empowering the arbitrators to appoint an umpire, or

(*d*) otherwise, as may be agreed between the parties; or, if they cannot agree, as the Court determines.

If an umpire is appointed, the Court shall fix such time as it thinks reasonable for the delivery of his award in case he is required to act.

510. If the arbitrator, or, where there are more arbitrators than one, any of the arbitrators, or the umpire, dies, or refuses, or neglects, or becomes incapable to act, or leaves British India under circumstances showing that he will probably not return at an early date, the Court may in its discretion either appoint a new arbitrator or umpire in the place of the person so dying, or refusing, or neglecting, or becoming incapable to act, or leaving British India, or make an order superseding the arbitration, and in such case shall proceed with the suit.

Death, incapacity, &c., of arbitrators or umpire.

511. Where the arbitrators are empowered by the order of reference to appoint an umpire and fail to do so, any of the parties may serve the arbitrators with a written notice to appoint an umpire; and if, within seven days after such notice has been served, or such further time as the Court may in each case allow, no umpire be appointed, the

Appointment of umpire by Court.

৫০৮ ধারা। বিবাদীয় যে বিষয় সালীসের নির্ণয় করিতে হইবে আদালত আজ্ঞাপত্রক্রমে তাঁহার প্রতি সেই বিষয় অর্পণ করিয়া মীমাংসা জানাইবার যে সময় সঙ্গত বোধ করেন এমত সময় নিরূপণ করিবেন ও আজ্ঞাপত্রে সেই সময় নির্দ্দেশ করিবেন।

অর্পণ করিবার আজ্ঞার কথা।

কোন বিষয় একবার সালীসীতে অর্পণ করা গেলে, পশ্চাৎলিখিত বিধানের স্থলভিন্ন আদালত সেই বিষয় লইয়া সেই মোকদ্দমায় কার্য্য করিবেন না ইতি।

৫০৯ ধারা। দুই কি তদধিক জন সালীসের প্রতি অর্পণ করা গেলে তাঁহাদের মতের অনৈক্য হইতে পারে বলিয়া ঐ আজ্ঞাপত্রে এই২ বিধান করা যাইবে,

দুই কি তদধিক জন সালীসের প্রতি অর্পণ করা গেলে, মতের অনৈক্যের সম্ভাবনা প্রযুক্ত তাহার বিধান করিবার কথা।

(ক) প্রমাণপুরুষকে নিযুক্ত করা যাইবে, কিম্বা

(খ) সালীসের অধিকাংশ ব্যক্তি একবাক্য হইলে সেই অধিকাংশের নিষ্পত্তি প্রবল হওয়ার আজ্ঞা করা যাইবে, কিম্বা

(গ) সালীসদের প্রতি প্রমাণপুরুষ নিযুক্ত করিবার ক্ষমতা দেওয়া যাইবে। কিম্বা

(ঘ) উভয় পক্ষ একবাক্য হইয়া অন্য যেরূপ বিধান করেন সেইরূপে করা যাইবে, তাঁহারা একবাক্য হইতে না পারিলে আদালত যেরূপে নির্ণয় করেন সেইরূপে করা যাইবে।

প্রমাণপুরুষ নিযুক্ত হইলে যদি তাঁহার কার্য্য করিবার প্রয়োজন থাকে, তবে আদালত তাঁহার মীমাংসা জানাইবার যে সময় সঙ্গত জ্ঞান করেন এমত সময় নির্দ্ধার্য্য করিবেন ইতি।

৫১০ ধারা। সালীস, কিম্বা এক জনের অধিক সালীস থাকিলে তাঁহাদের মধ্যে কেহ, কিম্বা প্রমাণপুরুষ মরিলে কিম্বা কার্য্য করিতে অসম্মত হইলে, কি তাচ্ছল্য করিলে কিম্বা অশক্ত হইলে, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষহইতে চলিয়া গেলে ও যে ভাবগতিকে গমন করেন তৎপ্রযুক্ত তাহার অল্প দিনের মধ্যে ফিরিয়া আসিবার সম্ভাবনা না থাকিলে, আদালত স্বীয় বিবেচনামতে সেই মৃত বা অসম্মত বা তাচ্ছল্যকারি বা কার্য্য করিতে অশক্ত কি ব্রিটনীয় ভারতবর্ষহইতে বহির্গত ব্যক্তির স্থানে নূতন সালীস কি প্রমাণপুরুষ নিযুক্ত করিতে পারিবেন, কিম্বা ঐ সালিসীকার্য্য নিরস্ত হওয়ার আজ্ঞা করিয়া মোকদ্দমার কার্য্যানুষ্ঠানে প্রবর্ত্ত হইবেন ইতি।

সালীসদের কি প্রমাণপুরুষের মৃত্যু কি অক্ষমতা প্রভৃতি হইলে তদ্বিষয়ের কথা।

৫১১ ধারা। সালীসীতে অর্পণ করণের আজ্ঞানুসারে সালীসেরা প্রমাণপুরুষ নিযুক্ত করিবার ক্ষমতাপন্ন হইয়া তাহা না করিলে, মোকদ্দমার কোন পক্ষ সালীসদের নামে লিখিয়া প্রমাণপুরুষ নিযুক্ত করিবার নোটিস দিতে পারিবেন। সেই নোটিস দেওয়া গেলে পর সাত দিনের মধ্যে, কিম্বা আদালত প্রত্যেক স্থলে আর যত সময় দিতে পারেন

আদালতের দ্বারা প্রমাণপুরুষ নিযুক্ত হওয়ার কথা।

Court, upon the application of the party who has served such notice as aforesaid, may appoint an umpire.

Powers of arbitrator or umpire appointed under sections 509, 510, 511.

512. Every arbitrator or umpire appointed under sections 509, 510 or 511 shall have the like powers as if his name had been inserted in the order of reference.

Summoning witnesses.

513. The Court shall issue the same processes to the parties and witnesses whom the arbitrators or umpire desire to examine, as the Court may issue in suits tried before it.

Punishment for default, &c.

Persons not attending in accordance with such process, or making any other default, or refusing to give their evidence, or guilty of any contempt to the arbitrator or umpirer during the investigation of the matters referred, shall be subject to the like disadvantages, penalties and punishments by order of the Court on the representation of the arbitrator or umpire, as they would incur for the like offences in suits tried before the Court.

Extension of time for making award.

514. If from the want of the necessary evidence or information, or from any other cause, the arbitrators cannot complete the award within the period specified in the order, the Court may, if it think fit, either grant a further time, and from time to time enlarge the period for the delivery of the award, or make an order superseding the arbitration, and in such case shall proceed with the suit.

When umpire may arbitrate in lieu of arbitrators.

515. When an umpire has been appointed, he may enter on the reference in the place of the arbitrators

(*a*) if they have allowed the appointed time to expire without making an award, or

(*b*) when they have delivered to the Court or to the umpire a notice in writing stating that they cannot agree.

Award to be signed and filed.

516. When an award in a suit has been made, the persons who made it shall sign it and cause it to be filed in Court, together with any depositions and documents which have been taken and proved before

সেই সময়ের মধ্যে, প্রমাণপুরুষ নিযুক্ত করা না গেলে, যে পক্ষ পূর্ব্বোক্ত নোটিস দিলেন তিনি প্রার্থনা করিলে আদালত প্রমাণপুরুষকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

৫০৯ কি ৫১০ কি ৫১১ ধারামতে যে সালীস কি প্রমাণপুরুষ নিযুক্ত হন তাঁহার ক্ষমতার কথা।

৫১২ ধারা। ৫০৯ কি ৫১০ কি ৫১১ ধারামতে যে সালীস কি প্রমাণপুরুষ নিযুক্ত হন, সালীসীতে অর্পণ করিবার আজ্ঞাপত্রে তাঁহারই নাম লেখা থাকার ন্যায় তাঁহার ক্ষমতা থাকিবে ইতি।

সাক্ষিদিগকে সমন করিবার কথা।

৫১৩ ধারা। আদালত আপনার সম্মুখে বিচার করা মোকদ্দমায় যেং পরওয়ানা দিতে পারেন, সালীসের কি প্রমাণ পুরুষ যে পক্ষের ও যে সাক্ষিদের সাক্ষ্য লইতে চাহেন তাঁহাদের নামেও সেই প্রকারের পরওয়ানা দিবেন।

ক্রটি প্রভৃতি হেতুক দণ্ডের কথা।

কোন ব্যক্তিরা সেই পরওয়ানামতে উপস্থিত না হইলে, কিম্বা অন্য প্রকারে ক্রটি করিলে, কিম্বা সাক্ষ্য দিতে স্বীকার না করিলে, কিম্বা সালীসদের প্রতি অর্পিত বিষয়ের তদন্ত লওন সময়ে কোন প্রকারে সালীসের কি প্রমাণপুরুষের অবজ্ঞা করণের অপরাধী হইলে, আদালতের সম্মুখে বিচার করা মোকদ্দমায় তদ্রূপ অপরাধ করিলে তাঁহাদের যে অনিষ্ট ও অর্থদণ্ড ও দণ্ড হইত, সালীসের কি প্রমাণপুরুষের আবেদনক্রমে আদালতের আজ্ঞামতে তাঁহাদের সেই অনিষ্ট ও সেই অর্থদণ্ড ও অন্য দণ্ড হইতে পারিবে ইতি।

মীমাংসা করিবার সময় বৃদ্ধির কথা।

৫১৪ ধারা। আবশ্যকমত প্রমাণের কি সন্ধানের অভাবে কি অন্য কারণে সালীসেরা আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মীমাংসা শেষ করিতে না পারিলে, আদালত উচিত বোধ করিলে মীমাংসা জানাইবার আর সময় দিতে ও সময়েং সেই সময় বৃদ্ধি করিতে পারিবেন, কিম্বা সালীসীকার্য্য নিরস্ত হওয়ার আজ্ঞা করিয়া ঐ মোকদ্দমার কার্য্যানুষ্ঠানে প্রবর্ত্ত হইবেন ইতি।

সালীসদের পরিবর্ত্তে প্রমাণপুরুষের সালীসী করিতে পারিবার কথা।

৫১৫ ধারা। প্রমাণপুরুষ নিযুক্ত হইলে, তিনি নিম্নলিখিত স্থলে সালীসদের পরিবর্ত্তে সেই অর্পিত বিষয়ের বিচারে প্রবর্ত্ত হইতে পারিবেন, বিশেষতঃ—

(ক) সালীসের মীমাংসা না করিয়া নিরূপিত সময় অতীত হইতে দিলে, কিম্বা

(খ) তাঁহারা একবাক্য হইতে পারেন না, আদালতে কিম্বা প্রমাণপুরুষকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে ইতি।

মীমাংসাপত্রে স্বাক্ষর করিয়া অর্পণ করিবার কথা।

৩। তিনি চড়নদার হইয়া যাইতেছিলেন এমত সময়ে অমুক স্থানে [কিম্বা অমুক ষ্টেসনের নিকট কিম্বা, অমুক ষ্টেসনের ও অমুক ষ্টেসনের মধ্য কোন স্থানে] প্রতিবাদিগণের কর্ম্মচারিদের অনবধানতা ও কর্ম্মে অপটুতা হেতুক ঐ রেলপথে ট্রেনে২ পরস্পর সংঘটন হওয়াতে বাদির অনেক প্রকারের অপকার হইয়াছিল, [তাঁহার পা ভাঙ্গিল, মাথায় আঘাত লাগিল, ইত্যাদি বিশেষ যে হানি হইয়াছিল তাহা লিখিতে হইবে] তৎপ্রযুক্ত তাঁহার ডাক্তরের খরচ লাগিল, ও বিক্লতাস্বরূপ তাঁহার যে কর্ম্ম ছিল তাহা করিতে একেবারে অক্ষম হইলেন।

[ডিক্রী প্রার্থনা হইল।]

[অথবা এইরূপে,—২। সেই দিনে বাদী বৈধমতে প্রতিবাদিগণের রেলপথ পার হইতেছিলেন এমত সময়ে প্রতিবাদিগণ আপনাদের কর্ম্মচারিদের দ্বারা ঐ রেলপথের উপর ও তাহা দিয়া কলের গাড়ী ও তৎসংযুক্ত ট্রেন এমন অনবধানতায় ও অপটুভাবে চালাইলেন যে সেই কলের গাড়ী ও ট্রেন আসিয়া বাদির গায়ে লাগিলে বাদির, ইত্যাদি পূর্ব্বোক্ত ৩ দফার ন্যায় লিখিতে হইবে।]

---

৮৮ নম্বর।

অমনোযোগে গাড়ী চালাওন দ্বারা হানিহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। বাদী চামার অমুক স্থানে কর্ম্ম চালাইতেছে। প্রতিবাদী অমুক স্থানের সওদাগর।

২। (১৮৭৫ সালের মে মাসের ২৩ তারিখ) অপরাহ্ণ ন্যূনাধিক ৩টার সময়ে বাদী কলিকাতা নগরের চৌরঙ্গী রাস্তা দিয়া দক্ষিণমুখে যাইতে২ ঐ চৌরঙ্গী রাস্তার সঙ্গে হারিংটন ষ্ট্রীট নামক রাস্তা যে স্থানে মিলিয়া যায় বাদির সেই স্থান পার হইয়া যাইতে হইল, পার হইতে২ অন্য পার্শ্বে মনুষ্যদের হাঁটিয়া যাইবার যে পথ আছে সেই পার্শ্বে পঁহুছিতে পারে নাই এমন সময়ে প্রতিবাদির চাকরদের জিম্মায় ও তাহাদের তত্ত্বাধীন দুই ঘোড়ার গাড়ী হঠাৎ ও সাবধানতা না জন্মাইয়া তাহাদের অমনোযোগে অত্যন্ত বেগে ও সঙ্কটজনকরূপে হারিংটন ষ্ট্রীটহইতে ঐ চৌরঙ্গী রাস্তায় ঘুরিয়া আইল। তাহাতে বাদির গায়ে গাড়ীর বম লাগিলে সে পড়িয়া গেল ও দুই ঘোড়া তাহার গায়ের অনেক স্থানে দলাইল।

৩। ঐ আঘাতে ও পতনে ও ঘোড়ার পায়ের চাপনে বাদির বাম হস্ত ভাঙ্গিয়া গেল ও পার্শ্বে ও পিঠ এবং শরীরের অন্তর্ভাগেও ক্ষত বিক্ষত ও হানি হইল তৎপ্রযুক্ত বাদী বেদনাযুক্ত হইয়া চারি মাস পীড়িত ছিল ও আপন কর্ম্মে যাইতে পারিল না ও ঔষধের ও চিকিৎসার জন্যে তাঁহার অনেকখরচ ও ব্যবসায়ের ও লভ্যের অনেক হানি হইয়াছে

বাদী হানিপূরণস্বরূপ এত টাকার দাওয়া করে

(পূর্ব্ববৎ শীর্ষক।)

প্রতিবাদির লিখিত বর্ণনাপত্র।

১। প্রতিবাদী কহেন যে আবেদনপত্রের উল্লিখিত গাড়ী তাঁহার নিজের নয় ও প্রতিবাদির চাকরদের জিম্মায় কি তত্ত্বাধীনে ছিল না। ঐ গাড়ী কলিকাতার অমুক রাস্তার আড়গড়াওয়ালা শ্রী অমুকের গাড়ী, প্রতিবাদী তাঁহার স্থানে গাড়ী ও ঘোড়া ভাড়া করিয়া লইলেন। ঐ গাড়ী যাহার জিম্মায় ও তত্ত্বাধীনে ছিল সে উক্ত শ্রী অমুকের চাকর।

২। প্রতিবাদী আরো কহেন যে হারিংটন ষ্ট্রীটহইতে বাহির হওন সময়ে ঐ গাড়ী অমনোযোগে চালান হয় নাই ও হঠাৎ কি সাবধানতা না জন্মাইয়া কি অতিবেগে কি সঙ্কটজনকরূপে চালান যায় নাই।

৩। প্রতিবাদী আরো কহেন যে বাদী সঙ্গতমতে সতর্ক থাকিয়া মনোযোগ করিলে অবশ্যই ঐ গাড়ী আসিতে দেখিত, তাহা হইলে গাড়ী চাপা পড়িত না।

৪। প্রতিবাদী আবেদনপত্রের তৃতীয় দফার উল্লিখিত বর্ণনা গ্রাহ্য করেন না।

No. 89.

FOR LIBEL; THE WORDS BEING LIBELLOUS IN THEMSELVES.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That on the day of 18 , at , the defendant published in a newspaper, called the [*or*, in a letter addressed to *E. F.*], the following words, concerning the plaintiff :—

[*Set forth the words used.*]

2. That the said publication was false and malicious.

[*Demand of judgment.*]

NOTE.—If the libel was in a language not the language of the Court, set out the libel *verbatim* in the foreign language in which it was published, and then proceed thus :—" Which said words, being translated into the language, have the meaning and effect following, and were so understood by the persons to whom they were so published, that is to say, [*here set out a literal translation of the libel in the language of the Court.*]

No. 90.

FOR LIBEL; THE WORDS NOT BEING LIBELLOUS IN THEMSELVES

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That the plaintiff [is, and] was, on and before the day of 18 a merchant, doing business in the city of

2. That on the day of 18 , at , the defendant published in a newspaper, called the [*or*, in a letter addressed to *E. F.* *or otherwise show how published*], the following words concerning the plaintiff :—

[" *A. B.*, of this city, has modestly retired to foreign lands. It is said that creditors to the amount of rupees are anxiously seeking his address."]

3. That the defendant meant thereby that [the plaintiff had absconded to avoid his creditors, and with intent to defraud them].

4. That the said publication was false and malicious.

[*Demand of judgment.*]

No. 91.

FOR SLANDER; THE WORDS BEING ACTIONABLE IN THEMSELVES.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That on the day of 18 , at , the defendant falsely and maliciously spoke, in the hearing of *E. F.* [*or*, sundry persons], the following words concerning the plaintiff: [" He is a thief "].

2. That, in consequence of the said words, the plaintiff lost his situation as in the employ of .

[*Demand of judgment.*]

No. 92.

FOR SLANDER; THE WORDS NOT BEING ACTIONABLE IN THEMSELVES.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That on the day of 18 , at , the defendant falsely and maliciously said to one *E. F.*, concerning the plaintiff: [" He is a young man of remarkably easy conscience"].

2. That the plaintiff was then seeking employment as a clerk, and the defendant meant, by the said words, that the plaintiff was not trustworthy as a clerk.

3. That, in consequence of the said words, [the said *E. F.* refused to employ the plaintiff as a clerk].

[*Demand of judgment.*]

৮৯ নম্বর।

কথাই অপবাদজনক হওয়াতে লিখিত অপবাদ প্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআমন্দ এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক নামক সম্বাদপত্রে [কিম্বা শ্রীঈশানের নামে পত্র লিখিয়া] বাদির বিষয়ে এই২ কথা প্রচার করিলেন,—

[ঐ সকল কথা ঠিক লিখিতে হইবে।]

২। উক্ত প্রচারিত কথা মিথ্যা ও দ্বেষজনিত।

[ডিক্রী প্রার্থনা হইল।]

মন্তব্য।—আদালতে যে ভাষা চলন থাকে অপবাদ তদ্ভিন্ন কোন ভাষায় প্রচারিত হইলে, যে ভাষায় প্রচার করা গেল সেই ভাষায় ঐ অপবাদজনক প্রত্যেক কথা লিখিয়া, তাহার পর এই কথা লিখিতে হইবে, "উক্ত সকল কথা অমুক ভাষায় অনুবাদিত হইলে তাহার ভাব ও মর্ম্ম এই ও যাঁহাদের নিকট প্রচার করা গিয়াছিল তাঁহারাও সেই ভাব ও মর্ম্ম বুঝিলেন, বিশেষতঃ [এই স্থলে আদালতের চলন ভাষায় ঐ অপবাদজনক প্রত্যেক কথার অনুবাদ করিয়া লিখিতে হইবে।]

---

৯০ নম্বর।

কথাই অপবাদজনক না হইলে লিখিত অপবাদপ্রযুক্ত আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক।]

উপরোক্ত বাদী শ্রী আমন্দ এই বর্ণনা করিলেন,—

১। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ও তৎপূর্ব্বে অমুক নগরের মধ্যে সওদাগর [আছেন ও] ছিলেন।

২। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক নামক সম্বাদপত্রে [কিম্বা, শ্রী ঈশানের নামে পত্র লিখিয়া, কিম্বা অন্য যে প্রকারে প্রচার করা গেল তাহা লিখিতে হইবে] বাদির বিষয়ে নিম্নলিখিত কথা প্রচার করিলেন,—

"এই নগরনিবাসি শ্রী আমন্দ লজ্জিতভাবে ভিন্নদেশে গমন করিয়াছেন। কথিত আছে যে তাঁহার এত টাকা পর্য্যন্তের উত্তমর্ণেরা উদ্বিগ্ন হইয়া তাঁহার প্রত্যাগমন কামিতে চেষ্টা করিতেছেন।"

৩। প্রতিবাদির কথার তাৎপর্য্য এই, যে [বাদী আপন উত্তমর্ণদের নিকটহইতে গুপ্ত থাকিবার ও প্রতারণাপূর্ব্বক তাঁহাদের প্রাপ্য না দিবার অভিপ্রায়ে পলায়ন করিয়াছেন।]

৪। উক্ত প্রচারিত কথা মিথ্যা ও দ্বেষজনিত।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৯১ নম্বর।

কথাই নালিশের যোগ্য হইলে বাচনিক অপবাদ প্রযুক্ত আবেদনপত্র।

[পূর্ব্ববৎ শীর্ষক।]

উপরোক্ত বাদী শ্রী আমন্দ এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে শ্রী ঈশানের [কিম্বা নানা লোকের] শ্রুতিগোচরে বাদির বিষয়ে মিথ্যা ও দ্বেষজনিত এই কথা কহিলেন, [" সে চোর।]

২। উক্ত কথা প্রযুক্ত শ্রী অমুকের নিকট বাদির অমুক যে কর্ম্ম ছিল সেই কর্ম্ম গেল।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৯২ নম্বর।

কথা নালিশের যোগ্য না হইলে বাচনিক অপবাদপ্রযুক্ত আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আমন্দ এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে শ্রী ঈশানকে বাদির বিষয়ে মিথ্যা ও দ্বেষভাবে এই কথা কহিয়াছিল, " সেই যুবার দোষাদোষ বিবেক মৎসামান্য।"

২। বাদী তৎকালে কেরাণীস্বরূপ কর্ম্ম পাইতে চেষ্টা করিতেছিলেন এবং প্রতিবাদির সেই কথার তাৎপর্য্য এই যে বাদী কেরাণীস্বরূপ বিশ্বাস যোগ্য নয়।

৩। ঐ কথাপ্রযুক্ত [উক্ত শ্রীঈশান বাদিকে কেরাণীর কর্ম্ম দিতে সম্মত হইলেন না।]

[ডিক্রী প্রার্থনা হইল।]

No. 93.

For Malicious Prosecution.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. That on the day of 18 , at , the defendant obtained a warrant of arrest from [a magistrate of the said city, *or, as the case may be,*] on a charge of , and the plaintiff was arrested thereon, and imprisoned for [days, *or,* hours, and gave bail in the sum of rupees to obtain his release].

2. That in so doing the defendant acted maliciously and without reasonable or probable cause.

3. That on the day of 18 , the said magistrate dismissed the complaint of the defendant, and acquitted the plaintiff.

4. That many persons, whose names are unknown to the plaintiff, hearing of the said arrest, and supposing the plaintiff to be a criminal, have ceased to do business with him; *or,* that in consequence of the said arrest, the plaintiff lost his situation as clerk to one *E. F.*, *or,* that by reason of the premises the plaintiff suffered pain of body and mind, and was prevented from transacting his business, and was injured in his credit, and incurred expense in obtaining his release from the said imprisonment and in defending himself against the said complaint.

[*Demand of judgment.*]

D.—PLAINTS IN SUITS FOR SPECIFIC PROPERTY.

No. 94.

By the Absolute Owner for the Possession of Immoveable Property.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. That *X. Y.* was the absolute owner of [the estate, *or,* the share of the estate, called , situate in the District of , the Government revenue of which is rupees and the estimated value rupees *or,* of the house No. , street, in the town of Calcutta, the estimated value of which is rupees].

2. That on the day of 18 , *Z.* illegally dispossessed the said *X. Y.* of the said estate [*or* share *or* house].

3. That the said *X. Y.* has since died intestate, leaving the plaintiff, the said *A. B.*, his heir him surviving.

4. That the defendant withholds the possession of the estate [*or* share *or* house] from the plaintiff.

The plaintiff prays judgment:

(1.) For the possession of the said premises;

(2.) For rupees compensation for withholding the same.

Another Form.

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. On the day of , the plaintiff, by an instrument in writing, let to the defendant a house and premises, No. 52, Russell Street, in the for a term of five years from the day of , at the monthly rent of rupees 300.

2. By the said instrument the defendant covenanted to keep the said house and premises in good and tenantable repair.

3. The said instrument also contained a clause of re-entry, entitling the plaintiff to re-enter upon the said house and premises, in case the rent thereby reserved, whether demanded or not, should be in arrear for twenty-one days, or in case the defendant should make default in the performance of any covenant upon his part to be performed.

4. On the day of 187 a month's rent became due, and on the day of 187 another month's rent became due; on the day of 187 both had been in arrear for twenty-one days, and both are still due.

5. On the same day of 187 the house and premises were not, and are not now in good or tenantable repair, and it would require the expenditure of a large sum of

৯৩ নম্বর।

দ্বেষপূর্ব্বক অভিযোগহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদী অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, অমুক অপরাধের অভিযোগ করিয়া সেই শহরের পোলীস মাজিষ্ট্রেট (কিম্বা অন্য কর্তৃপক্ষ) শ্রীঅমুক সাহেবের স্থানে গ্রেপ্তারী পরওয়ানা বাহির করাতে, বাদিকে তদনুসারে গ্রেপ্তার করা গেল, ও (এত দিন বা এত ঘণ্টা) কারাবদ্ধ করা গিয়াছিল ও বাদী মুক্তি পাইবার জন্যে এত টাকা হাজিরজামিন দিলেন।

২। প্রতিবাদী দ্বেষপূর্ব্বক, ও সঙ্গত কি সম্ভব কারণ না থাকিতেও, উক্ত কার্য্য করিলেন।

৩। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত মাজিষ্ট্রেট প্রতিবাদির নালিশ ডিসমিস করিয়া বাদিকে নির্দ্দোষ করিলেন।

৪। বাদী যাঁহাদের নাম জানেন না এমত অনেক ব্যক্তি তাঁহার উক্ত প্রকারে গ্রেপ্তার হওয়ার কথা শুনিয়া ও বাদিকে অপরাধী জ্ঞান করিয়া তাঁহার সঙ্গে আর কারবার করেন না। কিম্বা, উক্ত প্রকারে গ্রেপ্তার হওয়া প্রযুক্ত শ্রী ঈশানের নিকট বাদির কেরাণীগিরি কর্ম্ম গিয়াছে। কিম্বা, পূর্ব্বোক্ত কার্য্যহেতুক বাদির শারীরিক ও মানসিক অত্যন্ত ব্যথা হইয়াছিল ও স্বীয় কর্ম্ম চালাইতে পারিলেন না ও তাঁহার মানের হানি হইয়াছে এবং কারাবন্ধনহইতে মুক্তি পাইবার ও ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে তাহার খরচ লাগিয়াছে।

[ডিক্রী প্রার্থনা হইল।]

ঘ।—বিশেষ সম্পত্তির নিমিত্ত মোকদ্দমার আবেদনপত্র।

৯৪ নম্বর।

স্থাবর সম্পত্তির অধিকার প্রাপণার্থ একক স্বামির আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। যদুনাথ [অমুক জিলার অন্তর্গত অমুক নামক মহালের কিম্বা মহালের একাংশের] একক স্বামী, [ঐ মহালের গবর্ণমেণ্টের রাজস্ব এত টাকা ও মূল্য অনুমান এত টাকা। কিম্বা, কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নং বাটীর] একক স্বামী [ঐ বাটীর মূল্য অনুমান এত টাকা।]

২। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে জানকীনাথ বেআইনীমতে ঐ মহাল [কি অংশ কি ঘর] হইতে উক্ত যদুনাথকে বেদখল করিলেন।

৩। তৎপরে উক্ত যদুনাথ উইল না লিখিয়া উক্ত বাদি আনন্দকে আপনার উত্তরাধিকারী রাখিয়া মরিলেন।

৪। প্রতিবাদী বাদিকে ঐ মহালের [কি অংশের, কি ঘরের] অধিকার দিলেন না।

অতএব বাদী

(১) ঐ বাড়ীর অধিকার পাইবার,

(২) অধিকার করিতে না দেওনপ্রযুক্ত হানিপুরণস্বরূপ এত টাকা পাইবার ডিক্রী প্রার্থনা করেন।

অন্য পাঠ।

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,

১। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে নিদর্শনপত্র লিখিয়া অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি মাসে ৩০০৲ টাকা ভাড়া পাইবার নিয়মে পাঁচ বৎসর মিয়াদে প্রতিবাদিকে অমুক স্থানের রসেল ষ্ট্রীটের ৫২ নম্বরের বাটী ও ভূমি ভাড়া দিলেন।

২। উক্ত নিদর্শনপত্রক্রমে প্রতিবাদী ঐ ঘর ও বাড়ী উত্তম অবস্থায় ও প্রজা বাহাতে থাকিতে পারে এমতে মেরামত করিয়া রাখিবার নিয়ম করিলেন।

৩। উক্ত নিদর্শনপত্রে ঐ ঘর ফিরিয়া লইবার এই মর্ম্মের এক প্রকরণ ছিল যে, ঐ নিদর্শনপত্রক্রমে যত টাকা ভাড়া দিবার নিয়ম হইয়াছে সেই টাকার দাওয়া হইলে বা না হইলেও একুশ দিন পর্য্যন্ত বাকী থাকিলে, কিম্বা প্রতিবাদী যে কর্ম্ম করিবার নিয়ম করেন তাহার কোন অংশে ত্রুটি করিলে, বাদির ঐ ঘর ও বাড়ী ফিরিয়া লইবার স্বত্ব থাকিবে।

৪। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে এক মাসের ভাড়া বাকী ছিল, ও অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আর এক মাসের ভাড়া বাকী পড়িল, ও অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ঐ দুই মাসের ভাড়া একুশ দিন পাওনা ছিল এখনও বাকী আছে।

৫। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত ঘর ও বাড়ী সদবস্থায় ছিল না, ও প্রজা বাহাতে বাস করিতে পারে এমতে মেরামত করিয়া রাখা যায় নাই, ও বাহাতে সেই সদবস্থা হয় ও প্রজার থাকিবার উপযুক্ত করা যায়

money to reinstate the same in good and tenantable repair, and the plaintiff's reversion is much depreciated in value. The plaintiff claims—

(1) Possession of the said house and premises.

(2) Rupees for arrears of rent.

(3) Rupees compensation for the defendant's breach of his covenant to repair.

(4) Rupees for the occupation of the house and premises from the day of 187 to the day of recovering possession.

No. 95.

By the Tenant.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. That one *E. F.* is the absolute owner of [a piece of land in the town of Calcutta , bounded as follows:], the estimated value of which is rupees .

2. That on the day of 18 , the said *E. F.* let the said premises to the plaintiff for years, from

3. That the defendant withholds the possession thereof from the plaintiff.

[*Demand of judgment.*]

No. 96.

For Moveable Property wrongfully taken.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. That on the day of 18 , plaintiff owned [*or*, was possessed of], one hundred barrels of flour, the estimated value of which is rupees .

2. That on that day, at , the defendant took the same.

The plaintiff prays judgment:

(1) For the possession of the said goods, or for rupees in case such possession cannot be had.

(2) For rupees compensation for the detention thereof.

No. 97.

For Moveables wrongfully detained.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. That on the day of 18 , plaintiff owned [*or*, *state facts showing a right to the possession*] the goods mentioned in the schedule hereto annexed [*or describe the goods*], the estimated value of which is rupees .

2. That from that day until the commencement of this suit the defendant has detained the same from the plaintiff.

3. That before the commencement of this suit, to wit, on the day of 18 , the plaintiff demanded the same from the defendant, but he refused to deliver them.

এমতে মেরামত করিতে অনেক টাকা লাগিবে, ও বাদির ঐ ঘর ফিরিয়া লইবার যে স্বত্ব তাহার মূল্য অতিশয় ন্যূন হইয়াছে অতএব বাদির এই২ দাওয়া,

১। ঐ ঘর ও বাড়ির অধিকার ফিরিয়া পান।

২। বাকী ভাড়া এত টাকা পান।

৩। প্রতিবাদির মেরামত না করাতে তাঁহার নিয়মভঙ্গের হানিপূরণস্বরূপ এত টাকা পান।

৪। অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি ঐ ঘরের অধিকার ফিরিয়া পাইবার তারিখপর্য্যন্ত ঐ ঘর ও বাড়ী দখল করা প্রযুক্ত এত টাকা পান।

---

৯৫ নম্বর।

প্রজার আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করলেন,—

১। শ্রী ঈশান নামক এক ব্যক্তি [কলিকাতা নগরের অমুক স্থানবর্ত্তি অমুক চতুঃসীমাবদ্ধ এক খণ্ড ভূমির একক স্বামী আছেন, তাহার মূল্য অনুমান এত টাকা।]

২। উক্ত শ্রী ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদিকে অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি এত বৎসর মিয়াদে উক্ত ভূমি পাট্টা করিয়া দিলেন।

৩। প্রতিবাদী বাদিকে সেই ভূমি অধিকার করিতে দেন না।

[ডিক্রী প্রার্থনা হইল।]

---

৯৬ নম্বর।

অস্থাবর সম্পত্তি অন্যায়মতে হরণহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদির একশত পিপা ময়দা ছিল (কিম্বা, তাহার অধিকারে ছিল) তাহার মূল্য অনুমান এত টাকা।

২। প্রতিবাদী সেই দিনে অমুক স্থানে সেই দ্রব্য হরণ করিয়া লইলেন।

অতএব বাদির প্রার্থনা এই যে,—

(১) উক্ত মালের অধিকার পান, কিম্বা অধিকার পাইতে না পারিলে এত টাকার

(২) ও তাহা আটক রাখণপ্রযুক্ত হানিপূরণস্বরূপ এত টাকার ডিক্রী পান।

---

৯৭ নম্বর।

অস্থাবর সম্পত্তি অন্যায়মতে আটক রাখণহেতুক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদী নিম্নলিখিত তফসীলের উল্লিখিত মালের [কিম্বা অমুক২ দ্রব্যের] স্বামী ছিলেন [কিম্বা অধিকারিত্ব স্বত্বের প্রমাণসূচক অন্য বৃত্তান্ত লিখিতে হইবে।] তাহার মূল্য অনুমান এত টাকা।

২। সেই তারিখঅবধি এই মোকদ্দমা উপস্থিত না হওনের সময়পর্য্যন্ত প্রতিবাদী বাদির ঐ দ্রব্য আটক করিয়া রাখিলেন।

৩। এই মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে অর্থাৎ অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদী প্রতিবাদির নিকট সেই দ্রব্য চাহিলেন, কিন্তু তিনি দিতে অস্বীকার করিলেন।

The plaintiff prays judgment—

(1) For the possession of the said goods, or for rupees in case such possession cannot be had.

(2) For rupees compensation for the detention thereof.

The Schedule.

No. 98.

Against a fraudulent Purchaser and his Transferee.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That on the day of 18 , at , the defendant [*C. D.*], for the purpose of inducing the plaintiff to sell him certain goods, represented to the plaintiff that [he was solvent, and worth rupees over all his liabilities].

2. That the plaintiff was thereby induced to sell and deliver to the said *C. D.* [one hundred boxes of tea], the estimated value of which is rupees.

3. That the said representations were false, and were then known by the said *C. D.* to be so [*Or,* That at the time of making the said representations, the said *C. D.* was insolvent, and knew himself to be so.]

4. That the said *C. D.* afterwards transferred the said goods to the defendant *E. F.* without consideration [*or* who had notice of the falsity of the representation].

The plaintiff prays judgment—

(1) For the possession of the said goods, or for rupees in case such possession cannot be had ;

(2) For rupees compensation for the detention thereof.

E.—PLAINTS IN SUITS FOR SPECIAL RELIEF.

No. 99.

For Rescission of a Contract on the Ground of Mistake.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That on the day of 18 , the defendant represented to the plaintiff that a certain piece of ground belonging to the defendant, situated at , contained [ten bighas].

2. That the plaintiff was thereby induced to purchase the same at the price of rupees in the belief that the said representation was true, and signed an instrument of agreement, of which a copy is hereto annexed. But no conveyance of the same has been executed to him.

3. That on the day of 18 , the plaintiff paid the defendant rupees as part of such purchase-money.

4. That the said piece of ground contained in fact only [five bighas].

The plaintiff prays judgment—

(1) For rupees with interest from the day of 18 .

(2) That the said agreement of purchase be delivered up and cancelled.

অতএব বাদির প্রার্থনা এই যে,

(১) উক্ত দ্রব্যের অধিকার পাইবার, কিম্বা অধিকার পাইতে না পারিলে এত টাকার,
(২) ও ঐ দ্রব্য আটক রাখা প্রযুক্ত হানিপুরণস্বরূপ এত টাকার ডিক্রী পান।

তফসীল।

---

৯৮ নম্বর।

কোন ব্যক্তি প্রতারণা পূর্ব্বক দ্রব্য ক্রয় করিয়া নোটিস পাইলেও অন্য ব্যক্তির হস্তে অর্পণ করিলে তাঁহাদের নামে আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী আমন্ন এই বর্ণনা করিলেন,—

১। চন্দ্রনামক প্রতিবাদির নিকট বাদী কোনং দ্রব্য বিক্রয় করিতে প্রবৃত্তি পান এই কারণে প্রতিবাদী [যে স্বীয় ঋণ শোধ করিতে সক্ষম ও সকল দায় শোধ হইলে পর যে তাঁহার এত টাকা থাকিবে] অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদিকে এই কথা জানাইলেন।

২। তৎপ্রযুক্ত বাদী উক্ত চন্দ্রের নিকট [এক শত বাক্স চা] বিক্রয় করিয়া দিতে প্রবৃত্তি পাইলেন। ঐ দ্রব্যের মূল্য অনুমান এত টাকা।

৩। প্রতিবাদির পূর্ব্বোক্ত কথা মিথ্যা, ও উক্ত চন্দ্র তৎকালে তাহা মিথ্যা বলিয়া জানিতেন [কিম্বা, উক্ত কথা কহন সময়ে উক্ত চন্দ্র ঋণ শোধ করিতে অক্ষম ছিলেন ও আপনাকে অক্ষম বলিয়া জানিতেন।]

৪। পশ্চাৎ উক্ত চন্দ্র মূল্য না লইয়া [কিম্বা তাহার কথা যে মিথ্যা ঈশান ইহার নোটিস পাইলেও] ঐ দ্রব্য ঈশান নামক প্রতিবাদির হস্তগত করিয়া দিলেন।

অতএব বাদির প্রার্থনা এই, যে

(১) উক্ত দ্রব্যের অধিকার পাইবার, কিম্বা অধিকার পাইতে না পারিলে, এত টাকার,
(২) ও উক্ত দ্রব্য আটক রাখা প্রযুক্ত হানিপুরণস্বরূপ এত টাকার ডিক্রী পান।

৪।—বিশেষ উপকার প্রাপণার্থ মোকদ্দমার আবেদনপত্র।

৯৯ নম্বর।

ভুল প্রযুক্ত চুক্তি অসিদ্ধ করিবার আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আমন্ন এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বাদিকে কহিলেন যে অমুক স্থানে ঐ প্রতিবাদির [দশ বিঘা] পরিমাণ এক খণ্ড ভূমি আছে।

২। বাদী সেই কথা সত্য বোধ করিয়া এত টাকা মূল্যে সেই ভূমি ক্রয় করিতে প্রবৃত্তি পাইয়া এক খানি নিয়মপত্রে স্বাক্ষর করিলেন। তাহার নকল ইহার সঙ্গে দেওয়া গেল। কিন্তু ঐ ভূমির হস্তান্তরকরণপত্র করিয়া দেওয়া যায় নাই।

৩। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদিকে ঐ ক্রয়ের টাকার একাংশ এত টাকা দিলেন।

৪। বস্তুতঃ উক্ত ভূমির পাঁচ বিঘা মাত্র পরিমাণ।

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে,

(১) অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি সুদ সুদ্ধ এত টাকা পান,
(২) ও ক্রয় করিবার উক্ত নিয়মপত্র ফিরিয়া দেওয়া ও অসিদ্ধ করা যায়।

No. 100.

FOR AN INJUNCTION RESTRAINING WASTE.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That plaintiff is the absolute owner of [*describe the property*].

2. That the defendant is in possession of the same under a lease from the plaintiff.

3. That the defendant has [cut down a number of valuable trees, and threatens to cu down many more for the purpose of sale] without the consent of the plaintiff.

The plaintiff prays judgment, that the defendant be restrained by injunction fron committing or permitting any further waste on the said premises.

[*Pecuniary compensation might also be prayed.*]

No. 101.

FOR ABATEMENT OF A NUISANCE.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That plaintiff is, and at all the times hereinafter mentioned was, the absolute owner of [the house No.   street, Calcutta].

2. That the defendant is, and at all the said times was, the absolute owner of [a plot of ground in the same street   ].

3. That on the   day of   18   , the defendant erected upon his said lot a slaughter-house, and still maintains the same; and from that day until the present time has continually caused cattle to be brought and killed there [and has caused the blood and offal to be thrown into the street opposite the said house of the plaintiff].

4. That [the plaintiff has been compelled, by reason of the premises, to abandon the said house, and has been unable to rent the same].

The plaintiff prays judgment, that the said nuisance be abated.

No. 102.

FOR AN INJUNCTION AGAINST THE DIVERSION OF A WATER-COURSE.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

[*As in No.* 81.]

The plaintiff prays judgment, that the defendant be restrained by injunction from diverting the water as aforesaid.

১০০ নম্বর।

অপচয় নিবারণার্থ আজ্ঞা পাইবার আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআমন্দ এই বর্ণনা করিলেন,—

১। বাদী অমুক সম্পত্তির (সম্পত্তি নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে) একক স্বামী।

২। প্রতিবাদী বাদির স্থানে পাট্টা পাইয়া ঐ সম্পত্তি ভোগ দখল করিতেছেন।

৩। প্রতিবাদী বাদির অনুমতি বিনা [অনেক বহুমূল্য বৃক্ষ ছেদন করিয়াছেন ও বিক্রয় করিবার জন্যে আর একটা বৃক্ষ ছেদন করিব বলিয়া ভয় দেখাইতেছেন।]

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে, উক্ত বাড়ীর মধ্যে প্রতিবাদী আর কোন অপচয় না করেন কি অন্যকে করিতে না দেন তাঁহার প্রতি এমত নিষেধসূচক আজ্ঞা করা যায়।

[হানিপূরণস্বরূপ টাকার প্রার্থনাও হইতে পারিবে।]

---

১০১ নম্বর।

অনিষ্টজনক বিষয় নিবারণার্থ আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআমন্দ এই বর্ণনা করিলেন,—

১। বাদী (কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নং বাটীর) একক স্বামী আছেন ও নিম্নলিখিত সকল সময়ে ছিলেন।

২। প্রতিবাদী (সেই রাস্তার ধারে একখণ্ড ভূমির) একক স্বামী আছেন ও পূর্ব্বোক্ত সকল সময়ে ছিলেন।

৩। প্রতিবাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনার উক্ত ভূমিখণ্ডে গবাদি জবাই করিবার স্থান স্থাপন করিয়া অদ্যাপি তাহা রাখিতেছেন। ও সেই দিনাবধি অদ্যপর্য্যন্ত সর্ব্বদাই গবাদি আনাইয়া তথায় জবাই করিতেছেন। [এবং বাদির উক্ত ঘরের সম্মুখপথে রক্ত ও নাড়ীভুঁড়ী ফেলাইতেছেন।]

৪। [পূর্ব্বোক্ত কারণে বাদির সেই ঘরহইতে উঠিয়া যাইতে হইল ও তাহা ভাড়া দিতে পারিলেন না।]

অতএব সেই অনিষ্টজনক কার্য্য নিবারণ করা যায় বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন।

---

১০২ নম্বর।

জলপ্রণালী অন্যমুখ করিবার নিষেধার্থ আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআমন্দ এই বর্ণনা করিলেন,—

[৮১ নং পাঠের ন্যায়।]

অতএব প্রতিবাদির প্রতি পূর্ব্বোক্তমতে জল অন্যমুখ করিবার নিষেধসূচক আজ্ঞা করা যায়, বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন।

No. 103.

For Restoration of moveable Property, threatened with Destruction, and for an Injunction.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That plaintiff is, and at all times hereinafter mentioned was, the owner of [a portrait of his grandfather, which was executed by an eminent painter], and of which no duplicate exists [*or state any facts showing that the property is of a kind that cannot be replaced by money*].

2. That on the day of 18 , he deposited the same for safe-keeping with the defendant.

3. That on the day of 18 , he demanded the same from the defendant, and offered to pay all reasonable charges for the storage of the same.

4. That the defendant refuses to deliver the same to the plaintiff, and threatens to conceal, dispose of, cut or injure the same if required to deliver it up.

5. That no pecuniary compensation would be an adequate compensation to the plaintiff for the loss of the said [painting].

The plaintiff prays judgment—

(1) That the defendant be restrained by injunction from disposing of, injuring, or concealing the said [painting].

(2) That he return the same to the plaintiff.

———

No. 104.

Interpleader.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That before the date of the claims hereinafter mentioned, one *G. H.* deposited with the plaintiff [*describe the property*] for [safe keeping].

2. That the defendant, *C. D.*, claims the same [under an alleged assignment thereof to him from the said *G. H.*].

3. That the defendant, *E. F.*, also claims the same [under an order of the said *G. H.* transferring the same to him].

4. That the plaintiff is ignorant of the respective rights of the defendants.

5. That he has no claim upon the said property, and is ready and willing to deliver it to such persons as the Court shall direct.

6. That this suit is not brought by collusion with either of the defendants.

The plaintiff prays judgment—

(1) That the defendants be restrained by injunction from taking any proceedings against the plaintiff in relation thereto.

১০৩ নম্বর।

অস্থাবর সম্পত্তি নষ্ট হইবার ভয় দেখান যাওয়াতে তাহা ফিরিয়া পাইবার ও অপকার নিষেধ করিবার জন্যে আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন,—

১। বাদী (স্বীয় পিতামহের প্রতিমূর্ত্তির) স্বামী আছেন ও নিম্নলিখিত সকল সময়েই ছিলেন, (সেই প্রতিমূর্ত্তি অতি প্রসিদ্ধ চিত্রকর কর্ত্তৃক সম্পাদিত হইয়াছিল,) ও তাহার দ্বিতীয় প্রতিমূর্ত্তি আর নাই, (কিম্বা অর্থ দ্বারা ঐ দ্রব্যের হানির প্রতিকার হইতে পারে না এই মর্ম্মাত্মক কোন বৃত্তান্ত লিখিতে হইবে।)

২। বাদী নিরাপদে রক্ষা করিবার জন্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদির নিকট তাহা রাখিলেন।

৩। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদির স্থানে তাহা ফিরিয়া চাহিলেন ও তাহা রক্ষা করণের সকল খরচ দিতে প্রস্তাব করিলেন।

৪। প্রতিবাদী বাদিকে তাহা ফিরিয়া দিতে সম্মত নহেন, ও তাঁহার প্রতি তাহা ফিরিয়া দিবার আদেশ করা গেলে তাহা লুকাইয়া রাখিবেন কি স্থানান্তর করিবেন কি কাটিবেন কি অপকার করিবেন বলিয়া ভয় দেখাইতেছেন।

৫। উক্ত (প্রতিমূর্ত্তির) হানি হইলে যত টাকা হউক তদ্দ্বারা বাদির উপযুক্ত ক্ষতিপূরণ হইতে পারে না।

অতএব বাদী এই প্রার্থনা করেন যে,

(১) নিষেধ আজ্ঞা দ্বারা প্রতিবাদিকে ঐ (প্রতিমূর্ত্তি) স্থানান্তর করিতে কি তাহার অপকার করিতে কি তাহা লুকাইয়া রাখিতে নিবারণ করা যায়,

(২) ও তিনি বাদিকে তাহা ফিরিয়া দেন।

১০৪ নম্বর।

বাদপ্রতিবাদার্থক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। নিম্নলিখিত দাওয়ার তারিখের পূর্ব্বে গগন নামক এক ব্যক্তি [নিরাপদে রক্ষা করিবার জন্যে] বাদির নিকট অমুক সম্পত্তি [সম্পত্তির বর্ণনা করিতে হইবে,] গচ্ছিত করিলেন।

২। [উক্ত গগন প্রতিবাদি চন্দ্রের নামে নিরূপণপত্র করিয়া তাঁহার প্রতি ঐ সম্পত্তি অর্পণ করিয়াছেন বলিয়া] উক্ত প্রতিবাদী দাওয়া করিতেছেন।

৩। [উক্ত গগন ঐ সম্পত্তি হস্তান্তর করিয়া আমাকে দিবার আজ্ঞা করিলেন বলিয়া] প্রতিবাদি শ্রীঈশানও তাহা দাওয়া করিতেছেন।

৪। বাদী ঐ২ প্রতিবাদির স্বত্বের মর্ম্ম অবগত নহেন।

৫। ঐ সম্পত্তির উপর বাদির কোন দাওয়া নাই ও আদালত যাঁহাকে আজ্ঞা করেন তাঁহাকে দিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন।

৬। বাদিদের কোন ব্যক্তির সঙ্গে যোগ করিয়া এই মোকদ্দমা উপস্থিত করা যায় নাই।

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন

(১) প্রতিবাদিগণের প্রতি নিষেধ আজ্ঞা করণদ্বারা ঐ সম্পত্তি সম্পর্কে বাদির নামে মোকদ্দমাঘটিত কোন কার্য্য চালাইতে নিবারণ করা যায়।

(2) That they be required to interplead together concerning their claims to the said property.

[(3) That some person be authorized to receive the said property pending such litigation].

(4) That upon delivering the same to such [person], the plaintiff be discharged from all liability to either of the defendants in relation thereto.

No. 105.

ADMINISTRATION BY CREDITOR.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. *E. F.*, late of , was at the time of his death, and his estate still is, indebted to the plaintiff in the sum of [*here insert nature of debt and security, if any*].

2. The said *E. F.* made his will dated the day of and thereof appointed *C. D.* executor [*or*, devised his estate in trust, &c., *or*, died intestate, *as the case may be*].

3. The said Will was proved by the said *C. D.* [*or* letters of administration were granted, *&c*].

4. The defendant has possessed himself of the moveable [and immoveable, *or*, the proceeds of the immoveable,] property of the said *E. F.*, and has not paid the plaintiff his said debt.

5. The said *E. F.* died on or about the day of .

6. The plaintiff prays that an account may be taken of the moveable [and immoveable] property of the said *E. F.*, deceased, and that the same may be administered under the decree of the Court.

No. 106.

ADMINISTRATION BY SPECIFIC LEGATEES.

(*Title.*)

[*Alter Form* 105 *thus* :—]

[*Omit paragraph* 1 *and commence paragraph* 2] *E. F.*, late of , duly made his last Will dated the day of , and thereof appointed *C. D.* executor, and by such Will bequeathed to the plaintiff [*here state the specific legacy*].

For paragraph 4 *substitute*—

The defendant is in possession of the moveable property of the said *E. F.*, and amongst other things of the said [*here name the subject of the specific bequest*].

For the commencement of paragraph 6 *substitute*—

The plaintiff prays that the defendant may be ordered to deliver to him the said [*here name the subject of the specific bequest*], or that, &c.

(২) ঐ সম্পত্তির উপর তাঁহাদের দাওয়া বিষয়ে তাঁহাদের প্রতি পরস্পর বাদপ্রতিবাদ করিতে আদেশ করা যায়।

[(৩) তাঁহাদের সেই মোকদ্দমা উপস্থিত থাকন সময়ে কোন ব্যক্তির প্রতি সেই সম্পত্তি লইয়া রাখিবার ক্ষমতা দেওয়া যায়।]

(৪) সেই [ব্যক্তির] প্রতি ঐ সম্পত্তি দেওয়া গেলে পর তৎসম্পর্কে উক্ত কোন প্রতিবাদির নিকট বাদিকে দায়হইতে মুক্ত করা যায়।

১০৫ নম্বর।

উত্তমর্ণদ্বারা দ্রব্যনিরূপণাধিকার বিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন,—

১। অমুক স্থানবাসি মৃত ঈশান মরণকালে বাদির নিকট এত টাকা ঋণী ছিলেন ও তাঁহার সম্পত্তির উপর এখনও ঐ ঋণের দায় আছে [ঋণের ভাব, ও নিদর্শনপত্র থাকিলে তাহারও, বর্ণনা করিতে হইবে।]

২। ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উইল লিখিয়া চন্দ্রকে আপন উইল অনুযায়ি কার্য্য সম্পাদকের পদে নিরূপণ করিয়া গেলেন [কিম্বা আপনার সম্পত্তি অমুকের প্রতি ন্যস্ত করিয়া গেলেন, কিম্বা বিষয়বিশেষে উইল না লিখিয়া মরিলেন।]

৩। উক্ত চন্দ্র ঐ উইল প্রমাণীকৃত করিলেন, [কিম্বা, মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র চন্দ্রকে দেওয়া গেল।]

৪। প্রতিবাদী উক্ত ঈশানের অস্থাবর [ও স্থাবর সম্পত্তি কিম্বা স্থাবর সম্পত্তির উৎপন্ন টাকা] অধিকার করিয়া লইয়াছেন, কিন্তু বাদির উক্ত ঋণ শোধ করিলেন না।

৫। উক্ত ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে মরিলেন।

৬। বাদির প্রার্থনা এই যে, উক্ত মৃত ঈশানের অস্থাবর [ও স্থাবর] সম্পত্তির হিসাব লওয়া যায়, ও আদালতের ডিক্রী অনুসারে তাঁহার দ্রব্য নিরূপণ করা যায়।

১০৬ নম্বর।

উইলক্রমে নির্দ্দিষ্ট সম্পত্তি প্রাপণীয় ব্যক্তিদের দ্বারা নিরূপণাধিকারবিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক)

[১০৫ নং পাঠ এই প্রকারে পরিবর্ত্তন করিতে হইবে।]

[১ দফা ত্যাগ করিয়া ২ দফা এইরূপে আরম্ভ করিতে হইবে।] অমুক স্থানবাসি মৃত ঈশান অমুক সালের অমুক মাসের অমুক তারিখে নিয়মমতে আপনার উইল লিখিয়া শ্রীচন্দ্রকে ঐ উইল অনুযায়ি কার্য্যের সম্পাদকতাপদে নিযুক্ত করিলেন, ও সেই উইলক্রমে বাদিকে [যাহা প্রদান করা গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে] দিয়া গেলেন।

৪ দফার পরিবর্ত্তে এই কথা—

উক্ত ঈশানের অস্থাবর সম্পত্তি ও অন্যান্য বিষয়ের মধ্যে উক্ত [যাহা প্রদান করা গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে] প্রতিবাদির অধিকারে আছে।

৬ দফার প্রথম কথার পরিবর্ত্তে এই মর্ম্মের কথা লিখিতে হইবে,—

বাদির প্রার্থনা এই যে, প্রতিবাদির প্রতি উক্ত [যাহা প্রদান করা গেল বিশেষ করিয়া লিখিতে হইবে] বাদিকে দিতে আজ্ঞা করা যায়, অথবা যে, প্রভৃতি—

No. 107.

Administration by Pecuniary Legatees.

(*Title.*)

[*Alter Form* 105 *thus :—*]

[*Omit paragraph* 1 *and substitute for paragraph* 2] *E. F.*, late of , duly made his last Will dated the day of , and thereof appointed *C. D.* executor, and by such Will bequeathed to the plaintiff a legacy of rupees

In paragraph 4 *substitute* " legacy " *for* " debt."

Another Form.

Between *E. F.* ... ... *Plaintiff,*

and

G. H. ... ... *Defendant.*

A. B., the abovenamed plaintiff, states as follows:—

1. *A. B.* of *K.* in the duly made his last Will, dated the [first day of March 1873], whereby he appointed the defendant and *M. N.* [who died in the testator's life-time] executors thereof, and bequeathed his property, whether moveable or immoveable, to his executors in trust, to pay the rents and income thereof to the plaintiff for his life; and after his decease, and in default of his having a son who should attain twenty-one, or a daughter who should attain that age or marry, upon trust as to his immoveable property for the person who would be the testator's heir-at-law, and as to his moveable property for the persons who would be the testator's next-of-kin if he had died intestate at the time of the death of the plaintiff, and such failure of his issue as aforesaid.

2. The testator died on the [first day of July 1873], and his Will was proved by the defendant on the [fourth of October 1873]. The plaintiff has not been married.

3. The testator was at his death entitled to moveable and immoveable property; the defendant entered into the receipt of the rents of the immoveable property and got in the moveable property; he has sold some part of the immoveable property.

The plaintiff claims—

(1) To have the moveable and immoveable property of *A. B.* administered in this Court, and for that purpose to have all proper directions given and accounts taken.

(2) Such further or other relief as the nature of the case may require.

Between *E. F.* ... ... *Plaintiff,*

and

G. H. ... ... *Defendant.*

Written Statement of Defendant.

1. *A. B's* Will contained a charge of debts; he died insolvent; he was entitled at his death to some immoveable property which the defendant sold, and which produced the nett sum of rupees and the testator had some moveable property which the defendant got in and which produced the nett sum of rupees

2. The defendant applied the whole of the said sums and the sum of rupees which the defendant received from rents of the immoveable property in the payment of the funeral and testamentary expenses and some of the debts of the testator.

3. The defendant made up his accounts and sent a copy thereof to the plaintiff on the [tenth of January 1875], and offered the plaintiff free access to the vouchers to verify such accounts, but he declined to avail himself of the defendant's offer.

4. The defendant submits that the plaintiff ought to pay the costs of this suit.

১০৭ নম্বর।

উইলক্রমে ধন প্রাপণীয় ব্যক্তিদের দ্বারা দ্রব্যনিরূপণাধিকার বিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

[১০৫ নং পাঠ এই প্রকারে পরিবর্ত্তন করিতে হইবে।]

[১ দফা ত্যাগ করিয়া ২ দফার পরিবর্ত্তে এই দফা লিখিতে হইবে।] অমুক স্থানবাসি মৃত ঈশান, অমুক সালের অমুক মাসের অমুক তারিখে নিয়মমতে আপনার শেষ উইল লিখিয়া শ্রী চন্দ্রকে ঐ উইল অনুযায়ি কার্য্যের সম্পাদকতা পদে নিযুক্ত করিলেন। ও সেই উইলক্রমে বাদিকে এত টাকা দিয়া গেলেন।

৪ দফায় 'ঋণ' শব্দের পরিবর্ত্তে "প্রাপ্য ধন" শব্দ প্রয়োগ করিতে হইবে।

অন্য পাঠ।

শ্রীঈশান ... ... বাদী।
শ্রীগগণ ... ... প্রতিবাদী।

পূর্ব্বোক্ত বাদী শ্রীঈশান এই বর্ণনা করিলেন,—

১। কৃষ্ণনগর নিবাসি শ্রীআনন্দ [১৮৭৩ সালের মার্চ মাসের প্রথম দিনে] নিয়মমতে আপনার উইল লিখিয়া প্রতিবাদিকে ও শ্রী মনমোহনকে কার্য্য সম্পাদকের পদে নিযুক্ত করিয়া তাঁহাদের নিকট আপন স্থাবর ও অস্থাবর সম্পত্তি এই নিয়মে ন্যস্তস্বরূপ রাখিয়া যান যে, বাদির যাবজ্জীবন ঐ সম্পত্তির ভাড়া ও আয় তাঁহাকেই দেওয়া যাইবে, বাদির মরণকালে যদি তাঁহার একুশ বৎসর বয়স্ক সন্তান না থাকেন, কিম্বা একুশ বৎসর বয়স্কা কি বিবাহিতা কন্যা না থাকেন, তবে বাদির মরণকালে ও তাঁহার উক্ত প্রকার সন্তান সন্ততি অভাবে উক্ত আনন্দ উইল না লিখিয়া মরিলে যিনি আইনমতে তাঁহার উত্তরাধিকারী হইতেন, তাঁহারই নিমিত্ত আপনার স্থাবর সম্পত্তি, ও যাঁহারা অন্তরঙ্গ হইতেন তাঁহাদের নিমিত্ত আপনার অস্থাবর সম্পত্তি ন্যস্তস্বরূপ রাখিবেন। উইলকারকের বর্ত্তমানে [উক্ত মনমোহন মরিলেন।]

২। উইলকারক [১৮৭৩ সালের জুলাই মাসের প্রথম দিবসে] মরিলে প্রতিবাদী [১৮৭৩ সালের অক্টোবর মাসের চতুর্থ দিবসে] ঐ উইল সপ্রমাণ করিয়া লন। বাদির বিবাহ হয় নাই।

৩। উইলকারকের মরণসময়ে তাঁহার স্থাবর ও অস্থাবর সম্পত্তিতে স্বত্ব ছিল, প্রতিবাদী স্থাবর সম্পত্তির খাজানা ও ভাড়া আদায় করিতে লাগিলেন ও অস্থাবর সম্পত্তি হস্তগত করিলেন ও স্থাবর সম্পত্তির একাংশ বিক্রয় করিলেন।

বাদির প্রার্থনা এই যে,

(১) এই আদালতে উক্ত আনন্দের স্থাবর ও অস্থাবর সম্পত্তির নিরূপণাধিকারিত্ব কার্য্য করা যায় ও তদ্দেতুক যে আদেশ করা ও যে হিসাব লওয়া উচিত তাহা করা ও লওয়া যায়।

(২) মোকদ্দমার ভাব বিবেচনায় আর কি অন্য যে উপকার প্রয়োজন তাহা করা যায়।

শ্রী ঈশান ... ... বাদী।
শ্রী গগণ ... ... প্রতিবাদী।

প্রতিবাদির লিখিত বর্ণনাপত্র।

১। আনন্দের উইলে তাঁহার ঋণ শোধ করিবার আদেশ ছিল, ও তিনি ঋণশোধ করিতে অক্ষম হইয়া মরিলেন। মরণকালে কোন স্থাবর সম্পত্তিতে তাঁহার স্বত্ব ছিল। প্রতিবাদী তাহা বিক্রয় করিলে তদ্দ্বারা খরচবাদে নিট এত টাকা উৎপন্ন হইল। উইলকারকের অস্থাবর কতক দ্রব্যও ছিল প্রতিবাদী তাহা আদায় করিলেন ও তদ্দ্বারা নিট এত টাকা উৎপন্ন হইল।

২। প্রতিবাদী উক্ত সকল টাকা ও স্থাবর দ্রব্যের খাজানা ও ভাড়া বলিয়া যে এত টাকা পাইলেন, উইলকারকের সমাধিকার্য্যে ও উইলসংক্রান্ত খরচে ও উইলকারকের কোন২ ঋণ শোধে সেই সমস্ত টাকা ব্যয় করিলেন।

৩। প্রতিবাদী সকল হিসাব লিখিয়া [১৮৭৫ সালের জানুয়ারি মাসের সপ্তম দিবসে] বাদির নিকট তাহার এক কেতা নকল পাঠাইয়া, ঐ হিসাব সপ্রমাণ করণার্থে বাদিকে স্বচ্ছন্দে সকল বৌচর দেখাইতে ইচ্ছুক ছিলেন, কিন্তু বাদী প্রতিবাদির প্রস্তাবমতে কার্য্য করিলেন না।

৪। প্রতিবাদির নিবেদন এই যে, এই মোকদ্দমার সকল খরচ বাদির দেওয়া উচিত।

No. 108.

EXECUTION OF TRUSTS.

IN THE COURT OF AT

Civil Regular No.

A. B. of ... *Plaintiff,*

against

C. D. of the beneficiary [*or*, one of the beneficiaries], ... *Defendant.*

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That he is one of the trustees under an instrument of settlement bearing date on or about the day of made upon the marriage of the said *E. F.* and *G. H.*, the father and mother of the defendant [*or*, an instrument of assignment of the estate and effects of *E. F.* for the benefit of *C. D.*, the defendant, and other the creditors of *E. F.*].

2. The said *A. B.* has taken upon himself the burden of the said trust, and is in possession of [*or*, of the proceeds of] the moveable and immoveable property conveyed [*or* assigned] by the before-mentioned deed.

3. The said *C. D.* claims to be entitled to a beneficial interest under the before-mentioned deed.

4. The plaintiff is desirous to account for all the rents and profits of the said immoveable property [and the proceeds of the sale of the said, *or* of part of the said, immoveable property, *or* moveable, *or* the proceeds of the sale of, *or* of part of, the said moveable, property, *or* the profits accruing to the plaintiff as such trustee in the execution of the said trust]; and he prays that the Court will take the accounts of the said trust, and also that the whole of the said trust estate may be administered in the Court for the benefit of the said *C. D.*, the defendant, and all other persons who may be interested in such administration, in the presence of the said *C. D.* and such other persons so interested as the Court may direct, or that the said *C. D.* may show good cause to the contrary.

[*N. B.—Where the suit is by a beneficiary, the plaint may be modelled,* mutatis mutandis, *on the plaint by a legatee.*]

No. 109.

FORECLOSURE OR SALE.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. By an instrument of mortgage bearing date on or about the day of 18 , a house with the garden and appurtenances, situated within the jurisdiction of this Court, were conveyed [*or* assigned] by the defendant to him the plaintiff, his heirs [*or* executors, administrators,] and assigns, for securing the principal sum of Rs. together with interest thereon after the rate of Rs. per centum per annum, subject to redemption upon payment by the said defendant of the said principal and interest at a day long since past.

2. There is now due from the defendant to the plaintiff the sum of Rs. for principal and interest on the said mortgage.

3. The plaintiff prays (*a*) that the Court will order the defendant to pay him the said sum of Rs. , with such further interest as may accrue between the filing of the plaint and the day of payment, and also the costs of this suit, on some day to be named by the Court, and in default that the equity of redemption of the said mortgaged premises may be foreclosed, and the plaintiff placed in possession of the same premises; or (*b*) that the said premises may be sold, and the proceeds applied in and towards the payment of the amount of the said principal, interest, and costs; and (*c*) that if such proceeds shall not be sufficient for the payment in full of such amount, the defendant do pay to the plaintiff the amount of the deficiency with interest thereon at the rate of six per cent. per annum until realization; and (*d*) that for that purpose all proper directions may be given and accounts taken by the Court.

No. 110.

REDEMPTION.

(*Title.*)

[*Alter Form* 109 *thus :—*]

Transpose parties and also the facts in paragraph 1.

For paragraph 2 *substitute—*

2. There is now due from the plaintiff to the defendant, for principal and interest on the said mortgage, the sum of Rs. which the plaintiff is ready and willing to pay to the defendant, of which the defendant, before filing this plaint, had notice.

১০৮ নম্বর।

ন্যাস সংক্রান্ত কার্য্য সম্পাদনবিষয়ক আবেদনপত্র।

অমুক স্থানের অমুক আদালতে।

দেওয়ানী আবেতামত নং মোকদ্দমা।

অমুক স্থানবাসি শ্রী আনন্দ বাদী।
উপকারপ্রাপনীয় বা উপকার প্রাপনীয়দের মধ্য এক জন অমুক স্থানবাসি শ্রী চন্দ্র প্রতিবাদী।

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদির পিতা ও মাতা শ্রী ঈশানের ও শ্রীমতী হরমণীর বিবাহ কালে, বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখের বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পশ্চাৎ তারিখের যৌতুক ধন নিরূপণপত্রের [অথবা, শ্রীচন্দ্র নামক প্রতিবাদির এবং ঈশানের অন্য২ উত্তমর্ণদের উপকারার্থে ঈশানের সম্পত্তি ও বিষয় নিরূপণপত্রের] ন্যাসধারিদের মধ্যে এক জন ছিলেন।

২। উক্ত শ্রী আনন্দ আপনার উপর উক্ত ন্যাসের ভার গ্রহণ করিলেন, ও উপরোক্ত নিরূপণপত্রক্রমে স্থাবর ও অস্থাবর যে সম্পত্তি হস্তান্তর [বা নিরূপণ] করা গেল তাহা [কিম্বা তাহার উৎপন্ন টাকা] ঐ বাদির অধিকারে আছে।

৩। উক্ত শ্রী চন্দ্র পূর্ব্বোক্ত পত্রক্রমে উপকারজনক স্বার্থের অধিকারী বলিয়া দাওয়া করিতেছেন।

৪। বাদী উক্ত স্থাবর সম্পত্তির যে সকল খাজানা ও লভ্য প্রাপ্ত হইলেন, [ও উক্ত স্থাবর কি অস্থাবর সম্পত্তি, কি তাহার একাংশ বিক্রয় করিয়া যে টাকা প্রাপ্ত হইলেন, কিম্বা উক্ত অস্থাবর সম্পত্তি কি তাহার একাংশ বিক্রয় করিয়া যে টাকা কিম্বা, উক্ত ন্যাসধারীস্বরূপ ঐ ন্যাস সংক্রান্ত কার্য্য সম্পাদনে যে লভ্য প্রাপ্ত হইলেন] তাহার হিসাব দিতে ইচ্ছুক আছেন, এবং তাঁহার প্রার্থনা এই যে, আদালত উক্ত ন্যাসসংক্রান্ত কার্য্যের হিসাব লন, ও উক্ত প্রতিবাদি শ্রী চন্দ্রের ও সেই দ্রব্য নিরূপণে অন্য যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদের উপকারার্থে, উক্ত শ্রী চন্দ্রের ও আদালত তদ্রূপ স্বার্থযুক্ত অন্য যে ব্যক্তিদিগকে আদেশ করেন তাঁহাদের সাক্ষাৎ, আদালতেই উক্ত সম্পত্তির ন্যাসসংক্রান্ত সমুদয় কার্য্য নিরূপণ করা যায়, অথবা উক্ত শ্রীচন্দ্র তদ্বিপরীত উপযুক্ত কারণ দর্শান।

[মন্তব্য।—উপকার প্রাপনীয় ব্যক্তির দ্বারা মোকদ্দমা উপস্থিত করা গেলে, উইলক্রমে ধন প্রাপনীয় ব্যক্তির আবেদনপত্রের কএকটি শব্দ প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া সেই পাঠের ন্যায় আবেদনপত্র লেখা যাইতে পারিবে।]

---

১০৯ নম্বর।

বন্ধকী দ্রব্য বিক্রয়করণবিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। প্রতিবাদী এত টাকা ঋণ লইয়া বৎসর শতকরা এত টাকার হিসাবে সুদ দিবার নিয়মে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে ঐ আসল টাকার ও সুদের জামিনস্বরূপ বন্ধকীপত্র লিখিয়া বাদির ও তাঁহার উত্তরাধিকারিদের [কিম্বা উইলক্রমে কার্য্যসম্পাদকদের কি দ্রব্যনিরূপণাধিকারিদের] ও আসৈনদের প্রতি এই আদালতের এলাকার অন্তর্গত বাগান ও বাহির ঘর প্রভৃতি সহিত এক বাটী হস্তান্তর [কি নিরূপণ] করিয়া দিলেন, ও উক্ত প্রতিবাদী যে দিনে উক্ত আসল টাকা ও সুদ দিয়া ঐ সম্পত্তি উদ্ধার করিবার নিয়ম করিলেন সেই দিন বহুকাল গত হইল।

২। উক্ত বন্ধকের উপর উক্ত প্রতিবাদির স্থানে বাদির আসল টাকা ও সুদ এত টাকা এখন প্রাপ্য আছে।

৩। বাদির প্রার্থনা এই২ (ক) আদালত প্রতিবাদির প্রতি আদালতের নির্দ্ধারিত কোন দিনে উক্ত এত টাকা ও এই আবেদনপত্র উপস্থিত করিবার তারিখ অবধি ঐ টাকা না দেওনপর্য্যন্ত আর যত সুদ পাওনা হইবে তাহা ও এই মোকদ্দমার খরচা দিতে আজ্ঞা করেন, আর তিনি ঐ টাকা না দিলে উক্ত বন্ধকী বাড়ী উদ্ধার করিবার স্বত্ব রহিত করা যায় ও সেই বাড়ী বাদির অধিকার করিয়া দেওয়া যায়। অথবা (খ) বাড়ী বিক্রীত হইয়া তদুৎপন্ন টাকাহইতে উক্ত আসল টাকা ও সুদ ও খরচা দেওয়া যায়। ও (গ) সেই উৎপন্ন টাকাতে ঐ সমুদয় টাকা শোধ করিতে না কুলাইলে, প্রতিবাদী অবশিষ্ট টাকা শোধ না করণ পর্য্যন্ত বৎসর শতকরা ছয় টাকার হিসাবে সুদসুদ্ধ বাদিকে ঐ টাকা দেন। ও (ঘ) তদর্থে আদালত প্রয়োজনীয় সকল আজ্ঞা করেন ও হিসাব লন।

---

১১০ নম্বর।

বন্ধকী সম্পত্তি উদ্ধার করণবিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

[১০৯ নং পাঠ এইরূপে পরিবর্ত্তন করিতে হইবে।]

১ দফার উল্লিখিত বৃত্তান্ত এবং ব্যক্তিদের নাম একের স্থানে অন্যটি পরিবর্ত্তন করিয়া লিখিতে হইবে—

২ দফার পরিবর্ত্তে এই দফা লিখিতে হইবে।—

২। এইক্ষণে ঐ বন্ধকের উপর বাদির স্থানে প্রতিবাদির আসল ও সুদসুদ্ধ এত টাকা পাওনা আছে। বাদী প্রতিবাদিকে সেই টাকা দিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন, এবং এই আবেদনপত্র উপস্থিত করিবার পূর্ব্বে প্রতিবাদী ইহার নোটিস পাইলেন।

For paragraph 3 substitute—

The plaintiff prays that he may redeem the said premises and that the defendant may be ordered to re-convey [*or* re-assign] the same to him upon payment of the said sum of Rs. and interest, with such costs (if any), as the Court may order upon a day to be named by the Court, and that the Court will give all proper directions for the preparation and execution of such re-conveyance [*or* assignment], and doing such other acts as may be necessary to put him into possession of the said premises, freed from the said mortgage.

No. 111.

SPECIFIC PERFORMANCE. (No. 1).

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. By an agreement dated the day of and signed by the abovenamed defendant *C. D.*, he, the said *C. D.*, contracted to buy of [*or* sell to] him certain immoveable property, therein described and referred to, for the sum of Rs.

2. He has applied to the said *C. D.* specifically to perform the said agreement on his part, but he has not done so.

3. The said *A. B.* has been and still is ready and willing specifically to perform the agreement on his part, of which the said *C. D.* has had notice.

4. The plaintiff prays that the Court will order the said *A. B.* specifically to perform the said agreement, and to do all acts necessary to put the said *A. B.* in full possession of the said property [*or* to accept a conveyance and possession of the said property] and to pay the costs of the suit.

[*N. B.—In suit for delivery up, to be cancelled, of any agreement, omit paragraphs 2 and 3, and substitute a paragraph stating generally the grounds for requiring the agreement to be delivered up to be cancelled, such as that the plaintiff signed it by mistake, under distress, or by the fraud of the defendant, and alter the prayer according to the relief sought.*]

No. 112.

SPECIFIC PERFORMANCE. (No. 2).

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. That on the day of 18 , the defendant was absolutely entitled to certain immoveable property described in the agreement hereto annexed.

2. That on the same day the plaintiff and defendant entered into an agreement under their hands, a copy of which is hereto annexed.

3. That on the day of 18 , the plaintiff tendered rupees to the defendant, and demanded a conveyance of the said property.

4. That on the day of 18 , the plaintiff again demanded such conveyance. [*Or*, that the defendant refused to convey the same to the plaintiff.]

5. That the defendant has not executed such conveyance.

6. That the plaintiff is still ready and willing to pay the purchase-money of the said property to the defendant.

The plaintiff prays judgment :—

(1) That the defendant execute to the plaintiff a sufficient conveyance of the said property [*following the terms of the agreement*].

(2) For rupees compensation for withholding the same.

No. 113.

PARTNERSHIP.

(*Title.*)

A. B., the abovenamed plaintiff, states as follows :—

1. He, and the said *C. D.*, the defendant, have been for the space of years [*or* months] last past carrying on business together at within the jurisdiction of this Court, under certain articles of partnership in writing, signed by them respectively, [*or*, under a certain deed sealed and executed by them respectively, *or*, under a verbal agreement between them, the said plaintiff and defendant].

2. Divers disputes and differences have arisen between the plaintiff and defendant as such partners, whereby it has become impossible to carry on the said business in partnership with advantage to the partners.

3. The plaintiff desires to have the said partnership dissolved, and he is ready and willing to bear his share of the debts and obligations of the partnership according to the terms of the said articles [*or* deed, *or* agreement].

4. The plaintiff prays the Court to decree a dissolution of the said partnership, and that the accounts of the said partnership trading may be taken by the Court, and the assets

৩ দফার পরিবর্ত্তে এই দফা লিখিতে হইবে,—

বাদির প্রার্থনা এই যে, তিনি উক্ত বাড়ী বন্ধকহইতে উদ্ধার করিতে পান, এবং আদালত যে দিন নিরূপণ করেন সেই দিনে সুদসুদ্ধ উক্ত এত টাকা ও আদালত খরচার আজ্ঞা করিলে যত টাকা আজ্ঞা করেন তত্তই দেওয়া গেলে আদালত প্রতিবাদির প্রতি সেই সম্পত্তি হস্তান্তর করিয়া [বা পুনঃনিরূপণ করিয়া] বাদিকে ফিরিয়া দিতে আদেশ করেন, এবং সেই হস্তান্তরকরণ [বা নিরূপণ] পত্র প্রস্তুত করিয়া সম্পাদন করণার্থে এবং অন্য যে ক্রিয়া করা গেলে বাদী বন্ধকহইতে মুক্তভাবে সেই সম্পত্তির অধিকার পাইতে পারেন আদালত সেই সকল কার্য্য করণার্থে উপযুক্ত সকল আদেশ করেন।

---

১১১ নম্বর।

নির্দ্দিষ্ট কার্য্য সাধনার্থ আবেদনপত্র। (১ নং)

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন,—

১। উপরোক্ত প্রতিবাদী শ্রীচন্দ্রের স্বাক্ষরিত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের নিয়মপত্রক্রমে উক্ত শ্রীচন্দ্র এত টাকা দিয়া বাদির স্থানে ঐ নিয়মপত্রের বর্ণিত ও উল্লিখিত স্থাবর সম্পত্তি ক্রয় করিতে [বা এত টাকা লইয়া বাদির নিকট বিক্রয় করিতে] চুক্তি করিলেন।

২। উক্ত নিয়মপত্রমতে উক্ত চন্দ্রের যে২ কার্য্য কর্ত্তব্য, বাদী তাঁহাকে সেই২ কার্য্য নির্দ্দিষ্টমতে সম্পাদন করিতে বলিলেও প্রতিবাদী তাহা করেন নাই।

৩। ঐ নিয়মপত্রমতে বাদি শ্রীআনন্দের পক্ষে যাহা২ কর্ত্তব্য, তিনি তাহা নির্দ্দিষ্টমতে সম্পাদন করিতে প্রস্তুত ও ইচ্ছুক ছিলেন এখনও আছেন, ও উক্ত শ্রীচন্দ্র ইহার নোটিস পাইয়াছেন।

৪। অতএব বাদী এই প্রার্থনা করেন যে, উক্ত নিয়মপত্রমতে শ্রীচন্দ্রের যাহা২ কর্ত্তব্য হয়, আদালত তাঁহার প্রতি সেই২ কর্ম্ম নির্দ্দিষ্টমতে সম্পাদন করিতে, এবং উক্ত শ্রীআনন্দ যাহাতে ঐ সম্পত্তির সম্পূর্ণ অধিকার প্রাপ্ত হন এমত সকল কার্য্য করিতে [কিম্বা, উক্ত সম্পত্তির হস্তান্তরকরণপত্র ও অধিকার গ্রহণ করিতে] ও মোকদ্দমার খরচা দিতে আজ্ঞা করেন।

[মন্তব্য।—কোন নিয়মপত্র ব্যর্থ করিবার জন্যে সমর্পণ করণার্থে মোকদ্দমা হইলে, ২ ও ৩ দফা ত্যাগ করিয়া, ঐ নিয়মপত্র ব্যর্থ করিবার জন্যে সমর্পণ করিবার প্রার্থনা যে২ কারণে করা যায়, অর্থাৎ বাদী ভুলক্রমে কিম্বা তাড়িত হইয়া কিম্বা প্রতিবাদির প্রতারণাহেতুক তাহাতে স্বাক্ষর করিলেন, ইত্যাদি কারণের বর্ণনাসূচক এক দফা লিখিয়া যে২ উপকার পাইবার চেষ্টা হয় তদনুসারে প্রার্থনা মতান্তর করিতে হইবে।]

---

১১২ নম্বর।

নির্দ্দিষ্টকার্য্য সাধনার্থ আবেদনপত্র (২ নং)

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রীআনন্দ এই বর্ণনা করিলেন,—

১। ইহার সঙ্গে যে নিয়মপত্র দেওয়া গেল অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, সেই নিয়মপত্রের নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তিতে প্রতিবাদির সম্যকপ্রকারে অধিকার ছিল।

২। সেই দিনে বাদী ও প্রতিবাদী নিয়মপত্র লিখিয়া তাহাতে স্বাক্ষর করিলেন, তাহার নকল ইহার সঙ্গে দেওয়া গেল।

৩। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদিকে এত টাকা দিতে উদ্যত হইয়া ঐ সম্পত্তির হস্তান্তরকরণপত্র চাহিলেন।

৪। বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে পুনরায় হস্তান্তর করণপত্র চাহিলেন। [কিম্বা, প্রতিবাদী বাদিকে সেই সম্পত্তি হস্তান্তর করিয়া দিতে অস্বীকার করিলেন।]

৫। প্রতিবাদী সেই হস্তান্তরকরণপত্র করিয়া দিলেন না।

৬। বাদী এখনও প্রতিবাদিকে সেই সম্পত্তির ক্রয়ের টাকা দিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন।

অতএব বাদী এই মর্ম্মের ডিক্রী প্রার্থনা করেন যে,

(১) প্রতিবাদী (সেই নিয়মপত্রের নিয়মানুসারে) বাদিকে ঐ সম্পত্তির উপযুক্ত হস্তান্তরকরণপত্র করিয়া দেন।

(২) ও এত দিন তাহা না দেওন প্রযুক্ত হানিপূরণস্বরূপ এত টাকা দেন।

---

১১৩ নম্বর।

অংশিত্ব বিষয়ক আবেদনপত্র।

(পূর্ব্ববৎ শীর্ষক।)

উপরোক্ত বাদী শ্রী আনন্দ এই বর্ণনা করিলেন,—

১। তিনি ও উক্ত প্রতিবাদি চন্দ্র আপনাদের লিখিত ও স্বাক্ষরিত অংশিত্বপত্রক্রমে, [কিম্বা, আপনাদের মোহরাঙ্কিত ও সম্পাদিত কোন দলীলক্রমে, কিম্বা উক্ত বাদির ও প্রতিবাদির মধ্যে বাচনিক নিয়মক্রমে,] গত এত বৎসর [কি মাস] অবধি এই আদালতের এলাকার অন্তর্গত অমুক স্থানে একত্র ব্যবসায় করিয়া আসিতেছেন।

২। পূর্ব্বোক্ত অংশিস্বরূপ ঐ বাদির ও প্রতিবাদির মধ্যে নানা প্রকারের বিবাদ ও অনৈক্য উপস্থিত হইয়াছে, তৎপ্রযুক্ত অংশিদের লভ্যজনকরূপে অংশিত্বভাবে উক্ত ব্যবসায় চালান অসাধ্য হইল।

৩। বাদী উক্ত অংশিত্ব লোপ করিতে ইচ্ছুক আছেন, ও উক্ত অংশিত্বপত্রের [কিম্বা দলীলের কি নিয়মপত্রের] নিয়মানুসারে ঐ অংশিত্বসম্পর্কীয় ধনের কি দায়ের যে অংশ তাঁহার প্রতি বর্ত্তে তাহা স্বীকার করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন।

৪। বাদী এই প্রার্থনা করিতেছেন যে, আদালত ঐ অংশিত্ব লোপ হওয়ার ডিক্রী করেন, ও অংশিত্বভাবসংক্রান্ত উক্ত ব্যবসায়ের হিসাব আদালতের দ্বারা লওয়া যায়, ও তাহার স্থিত আদায় করা যায়, ও সেই অংশিদের হিসাবমতে যে

thereof realized, and that each party may be ordered to pay into Court any balance due from him upon such partnership-account, and that the debts and liabilities of the said partnership may be paid and discharged, and that the costs of the suit may be paid out of the partnership-assets, and that any balance remaining of such assets, after such payment and discharge, and the payment of the said costs, may be divided between the plaintiff and defendant according to the terms of the said articles [*or* deed, *or* agreement], or that, if the said assets shall prove insufficient, he the plaintiff and the said defendant may be ordered to contribute in such proportions as shall be just to a fund to be raised for the payment and discharge of such debts, liabilities, and costs. And to give such other relief as the Court shall think fit.

This plaint was filed by of

Pleader for the plaintiff, *or* by

[*N. B.—In suits for winding up of any partnership, omit the prayer for dissolution; but instead thereof insert a paragraph stating the fact of the partnership having been dissolved.*]

No. 114.

FORMS OF CONCISE STATEMENTS.

[Code of Civil Procedure, Section 58.]

Money lent.	The plaintiff's claim is rs. for money lent [and interest].
Several demands.	The plaintiff's claim is rs., whereof rs. is for the price of goods sold, and rs. for money lent, and rs. for interest.
Rent.	The plaintiff's claim is rs. for arrears of rent.
Salary, &c.	The plaintiff's claim is rs. for arrears of salary as a clerk [*or, as the case may be*].
Interest.	The plaintiff's claim is rs. for interest upon money lent.
General average.	The plaintiff's claim is rs. for a general average contribution.
Freight, &c.	The plaintiff's claim is rs. for freight and demurrage.
Banker's balance.	The plaintiff's claim is rs. for money deposited with the defendant as a banker.
Fees, &c, as Pleader.	The plaintiff's claim is rs. for fees for work done [and rs. money expended] as a pleader.
Commission.	The plaintiff's claim is rs. for commission earned as [*state character, as* auctioneer, cotton-broker, *&c.*].
Medical attendance, &c.	The plaintiff's claim is rs. for medical attendances.
Return of premium.	The plaintiff's claim is rs. for a return of premiums paid upon policies of insurance.
Warehouse rent.	The plaintiff's claim is rs. for the warehousing of goods.
Carriage of goods.	The plaintiff's claim is rs. for the carriage of goods by railway.
Use and occupation of houses	The plaintiff's claim is rs. for the use and occupation of a house.
Hire of goods.	The plaintiff's claim is rs. for the hire of [furniture].
Work done.	The plaintiff's claim is rs. for work done as a [surveyor].
Board and lodging.	The plaintiff's claim is rs. for board and lodging.
Schooling.	The plaintiff's claim is rs. for the [board, lodging and] tuition of *X. Y.*
Money received.	The plaintiff's claim is rs. for money received by the defendant as pleader [*or* factor, *or* collector, *or, &c.*] of the plaintiff.
Fees of office.	The plaintiff's claim is rs. for fees received by the defendant under colour of the office of
Money overpaid.	The plaintiff's claim is rs. for a return of money overcharged for the carriage of goods by railway.
	The plaintiff's claim is rs. for a return of fees overcharged by the defendant as

পক্ষের যত টাকা বাকী দেনা থাকে তাহা আদালতে তাঁহার দিতে আজ্ঞা হয়, ও ঐ অংশিয়ের ঋণ ও দায় শোধ করিয়া দেওয়া যায়, ও অংশিয়ের স্থিতহইতে মোকদ্দমার খরচ দেওয়া যায়, ও সেই ঋণ ও দায় শোধ করা ও ঐ খরচা দেওয়া গেলে পর ঐ স্থিতের উর্বর্ত থাকিলে তাহা উক্ত অংশিত্বপত্রের [কি দলীলের কি নিয়মপত্রের] নিয়মানুসারে বাদির ও প্রতিবাদির মধ্যে ভাগ করিয়া দেওয়া যায়, কিম্বা উক্ত স্থিতে না কুলাইলে, উক্ত ঋণ ও দায় ও খরচা শোধ করিবার তহবীল করিয়া উক্ত বাদির ও প্রতিবাদির যাঁহার যত টাকা ঐ তহবীলে দেওয়া ন্যায্য তাঁহার তত টাকা দিবার আজ্ঞা হয়, ও আদালত অন্য যে উপকার করা বিহিত জ্ঞান করেন তাহাই করুন।

অমুক স্থানবাসি বাদির অমুক উকীল দ্বারা কিম্বা অমুকের দ্বারা এই আবেদনপত্র অর্পণ করা গেল।

[মন্তব্য।—কোন অংশিয়ের কার্য্য নিষ্পত্তি করণার্থ মোকদ্দমায় অংশিত্ব লোপ করিবার প্রার্থনা ত্যাগ করিতে হইবে, তৎপরিবর্ত্তে, অংশিত্ব যে লোপ হইয়াছে এই বৃত্তান্তসূচক নূতন দফা লিখিতে হইবে।

---

১১৪ নম্বর।

বর্ণনাপত্র সংক্ষেপে লিখিবার পাঠ।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৮ ধারা।

ঋণের দাওয়া।	বাদী ঋণের টাকা ও সুদ বলিয়া এত টাকার দাওয়া করেন।
বিবিধ প্রকারের দাওয়া।	বাদির এত টাকার দাওয়া। ইহার মধ্যে বিক্রীত দ্রব্যের মূল্য এত টাকা, ও ঋণের এত টাকা ও সুদ এত টাকা।
ভাড়ার (কি খাজানার) দাওয়া।	বাদী বাকী ভাড়া (কি খাজানা) বলিয়া এত টাকার দাওয়া করেন।
বেতনাদির দাওয়া।	বাদী কেরাণী (বা অন্য কর্ম্মকারকস্বরূপ) বাকী বেতন বলিয়া এত টাকার দাওয়া করেন।
সুদের দাওয়া।	বাদী যে টাকা ঋণ দিলেন তাহার উপর সুদ বলিয়া এত টাকার দাওয়া করেন।
জাহাজদ্বারা হানিপুরণার্থ টাকার দাওয়া।	জাহাজদ্বারা হানিপুরণার্থে অংশানুসারে যে টাকা পাওয়া যাইতে পারে তাহা বলিয়া বাদির এত টাকার দাওয়া।
মালের ভাড়ার দাওয়া।	বাদী মালের ভাড়া ও গহেরী বলিয়া এত টাকার দাওয়া করেন।
বণিকের হাতে গচ্ছিত টাকার দাওয়া।	বণিকস্বরূপ প্রতিবাদির নিকট বাদী এত টাকা গচ্ছিত করিলেন বলিয়া তাহা পাইবার দাওয়া করেন।
মোক্তারস্বরূপ রসুমের দাওয়া।	বাদী উকীলস্বরূপ কর্ম্ম করিয়া রসুম বলিয়া এত টাকার ও অন্যান্য খরচ বলিয়া এত টাকার দাওয়া করেন।
কমিশ্যনের দাওয়া।	(বাদী নীলামদার কি তুলার দালাল প্রভৃতি যে কর্ম্ম করিলেন তদ্দ্বারা) প্রাপ্য কমিশ্যন বলিয়া এত টাকার দাওয়া করেন।
চিকিৎসা প্রভৃতির নিমিত্ত দাওয়া।	চিকিৎসকস্বরূপ কর্ম্ম করিয়া বাদির এত টাকার দাওয়া।
বিমাপত্রের নিমিত্ত দেওয়া টাকা ফিরিয়া পাইবার দাওয়া।	বাদী বিমাপত্রের নিমিত্ত এত টাকা দিলে তাহা ফিরিয়া পাইবার দাওয়া করেন।
গুদামের ভাড়ার দাওয়া।	মাল গুদামজাৎ করাতে বাদির এত টাকার দাওয়া।
মালবহনের ভাড়ার দাওয়া।	রেলওয়েদ্বারা মাল বহনপ্রযুক্ত বাদির এত টাকার দাওয়া।
ঘরের ভোগাধিকার প্রযুক্ত দাওয়া।	ঘরের ভোগাধিকার হেতুক বাদির এত টাকার দাওয়া।
মালের ভাড়ার দাওয়া।	(লওয়াজিমার) ভাড়া বলিয়া বাদির এত টাকার দাওয়া।
কর্ম্মের নিমিত্ত দাওয়া।	(সরবেয়র প্রভৃতিস্বরূপ) কর্ম্ম করাতে বাদির এত টাকার দাওয়া।
আহারে ও বাসার নিমিত্ত দাওয়া।	আহারাদি ও বাসা হেতুক বাদির এত টাকার দাওয়া।
স্কুলের ফীর দাওয়া।	অমুক নামক বালককে (আহারাদি ও বাসস্থান) ও শিক্ষা দেওনহেতুক বাদির এত টাকার দাওয়া।
যে টাকা পাওয়া গেল তাহার দাওয়া।	প্রতিবাদী বাদির উকীল (বা কর্ম্মকারক বা তহসীলদার প্রভৃতি) স্বরূপ যে টাকা পাইলেন বাদির সেই এত টাকার দাওয়া।
পদের ফী পাইবার দাওয়া।	প্রতিবাদী অমুক পদের কর্ম্ম করার ছলে যে ফী পাইলেন ঐ ফী বলিয়া বাদির এত টাকার দাওয়া।
অতিরিক্ত টাকার দাওয়া।	বাদী রেলওয়েদ্বারা মাল চালান করিলে ভাড়া বলিয়া তাঁহার স্থানে অতিরিক্ত টাকা লওয়া গেল, ইহাতে বাদির এত টাকা পাইবার দাওয়া।
	প্রতিবাদী অমুক কর্ম্ম করিয়া অতিরিক্ত ফী লওয়াতে বাদির এত টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

Return of money by stake-holder. The plaintiff's claim is rs. for a return of money deposited with the defendant as stake-holder.

Money won from stake-holder. The plaintiff's claim is rs. for money entrusted to the defendant as stake-holder, and become payable to plaintiff.

Money entrusted to agent. The plaintiff's claim is rs. for a return of money entrusted to the defendant as agent of the plaintiff.

Money obtained by fraud. The plaintiff's claim is rs. for a return of money obtained from the plaintiff by fraud.

Money paid by mistake. The plaintiff's claim is rs. for a return of money paid to the defendant by mistake.

Money paid for consideration which has failed. The plaintiff's claim is rs. for a return of money paid to the defendant for [work to be done, *or* work left undone; *or*, a bill to be taken up, *or*, a bill not taken up, *or*, *&c.*]

The plaintiff's claim is rs. for a return of money paid as a deposit upon shares to be allotted.

Money paid by surety for defendant. The plaintiff's claim is rs. for money paid for the defendant as his surety.

Rent paid. The plaintiff's claim is rs. for money paid for rent due by the defendant.

Money paid on accommodation-bill. The plaintiff's claim is rs. upon a bill of exchange accepted [*or* indorsed] for the defendant's accommodation.

Contribution by surety. The plaintiff's claim is rs. for a contribution in respect of money paid by the plaintiff as surety.

By co-debtor. The plaintiff's claim is rs. for a contribution in respect of a joint debt of the plaintiff and the defendant, paid by the plaintiff.

Money paid for calls. The plaintiff's claim is rs. for money paid for calls upon shares, against which the defendant was bound to indemnify the plaintiff.

Money payable under award. The plaintiff's claim is rs. for money payable under an award.

Life-policy. The plaintiff's claim is rs. upon a policy of insurance upon the life of *X. Y.*, deceased.

Money-bond. The plaintiff's claim is rs. upon a bond to secure payment of rs. and interest.

Foreign judgment. The plaintiff's claim is rs. upon a judgment of the Court in [the Empire of Russia].

Bills of exchange, &c. The plaintiff's claim is rs. upon a cheque drawn by the defendant.

The plaintiff's claim is rs. upon a bill of exchange accepted [*or* drawn, *or* indorsed] by the defendant.

The plaintiff's claim is rs. upon a promissory note [made *or* indorsed] by the defendant.

The plaintiff's claim is rs. against the defendant, *A.B.*, as acceptor, and against the defendant, *C. D.*, as drawer [*or* indorser] of a bill of exchange.

Surety. The plaintiff's claim is rs. against the defendant as surety for the price of goods sold.

The plaintiff's claim is rs. against the defendant *A. B.*, as principal, and against the defendant, *C. D.*, as surety, for the price of goods sold [*or* for arrears of rent, *or* for money lent, *or* for money received by the defendant, *A. B.*, as traveller for the plaintiff, *or*, *&c.*].

Calls. The plaintiff's claim is rs. for calls upon shares.

পণধারির স্থানে টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

পণধারিস্বরূপ প্রতিবাদির নিকট এত টাকা গচ্ছিত থাকাতে বাদির সেই টাকা পাইবার দাওয়া।

পণধারির স্থানে টাকা পাইবার দাওয়া।

পণধারিস্বরূপ প্রতিবাদির নিকট এত টাকা গচ্ছিত হওয়াতে ও সেই টাকা বাদির প্রাপ্য হওয়াতে বাদির তাহা পাইবার দাওয়া।

কর্ম্মকারকের হাতে ন্যস্ত টাকার দাওয়া।

বাদির কর্ম্মকারকস্বরূপ প্রতিবাদির হাতে এত টাকা ন্যস্ত থাকাতে বাদির ঐ টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

প্রতারণাদ্বারা প্রাপ্ত টাকার দাওয়া।

বাদির স্থানে প্রতারণাদ্বারা এত টাকা হরণ করা যাওয়াতে বাদির সেই টাকা পাইবার দাওয়া।

ভুলক্রমে দেওয়া টাকার দাওয়া।

বাদী ভুলক্রমে প্রতিবাদিকে এত টাকা দেওয়াতে বাদির সেই টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

কোন কার্য্য হেতুক টাকা দেওয়া গেলে সেই কার্য্য সাধন না হওয়া প্রযুক্ত ঐ টাকার দাওয়া।

(কোন কার্য্য করিবার নিমিত্ত কিম্বা না করা প্রযুক্ত কিম্বা হুণ্ডীর টাকা দেওনার্থে কি হুণ্ডীর টাকা না দেওয়া প্রযুক্ত) প্রতিবাদিকে এত টাকা দেওয়া গিয়াছিল বাদির সেই টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

কএকখানি শ্যার নিরূপণ করিবার কথা হওয়াতে বাদী এত টাকা গচ্ছিত করিলে তাহা ফিরিয়া পাইবার দাওয়া করেন।

প্রতিবাদির নিমিত্ত প্রতিভূর দত্ত টাকা ফিরিয়া পাইবার দাওয়া।

বাদী প্রতিবাদির প্রতিভূস্বরূপ তাহার নিমিত্ত এত টাকা দেওয়াতে তাহা ফিরিয়া পাইবার দাওয়া করেন।

খাজানা দেওয়া গেলে তাহার দাওয়া।

প্রতিবাদির স্থানে এত টাকা খাজানা পাওনা থাকাতে বাদী তাহা দিলে ঐ টাকা ফিরিয়া পাইবার দাওয়া করেন।

উপকারার্থ হুণ্ডীর উপর দত্ত টাকা পাইবার দাওয়া।

যে হুণ্ডী স্বীকার করা গেল (কি যাহার পৃষ্ঠলিপি লেখা গেল) তাহার উপর বাদী প্রতিবাদির উপকারার্থে এত টাকা দেওয়াতে তাহা ফিরিয়া পাইবার দাওয়া করেন।

জামিনের দত্ত টাকার দাওয়া।

বাদী প্রতিভূস্বরূপ টাকার একাংশ দেওয়াতে তাঁহার সেই এত টাকা পাইবার দাওয়া।

সহধাতকের দত্ত টাকার দাওয়া।

বাদির ও প্রতিবাদির একত্র যে ঋণ ছিল, বাদী তাহা শোধ করাতে প্রতিবাদির স্থানে তাঁহার একাংশ এত টাকার দাওয়া করেন।

শ্যারের উপর যে টাকার দাওয়া হয় তাহা দেওয়ার্থে ফিরিয়া পাইবার দাওয়া।

প্রতিবাদির শ্যারের উপর টাকার দাওয়া হওয়াতে বাদী তাহা দিলে প্রতিবাদী তাঁহার ক্ষতিহইতে নিষ্কৃতি দিতে আবদ্ধ হওয়াতে বাদির এত টাকার দাওয়া।

মীমাংসাক্রমে দেয় টাকার দাওয়া

মীমাংসাক্রমে দেয় বাদির এত টাকার দাওয়া।

জীবনের নিমিত্ত বিমাপত্র হেতুক দাওয়া।

মৃত স্ত্রীর জীবনের উপর এত টাকার যে বিমাপত্র ছিল বাদির সেই টাকা পাইবার দাওয়া।

খতের টাকার দাওয়া।

আসল ও সুদ এত টাকার খতের উপর বাদির এত টাকার দাওয়া।

ভিন্নদেশীয় নিষ্পত্তির উপর দাওয়া।

রুশিয়া রাজ্যের অন্তর্গত অমুক আদালতের নিষ্পত্তির উপর বাদির এত টাকা দাওয়া।

হুণ্ডীপ্রভৃতির উপর দাওয়া।

প্রতিবাদী যে চ্যাক দিলেন তাহার উপর বাদির এত টাকার দাওয়া।

প্রতিবাদী যে হুণ্ডী স্বীকার করিলেন (বা যাহা লিখিলেন বা যাহার পৃষ্ঠলিপি লিখিলেন) তাহার উপর বাদির এত টাকার দাওয়া।

প্রতিবাদী যে খৎ লিখিলেন (বা যাহার পৃষ্ঠলিপি লিখিলেন) তাহার উপর বাদির এত টাকার দাওয়া।

প্রতিবাদী শ্রী আনন্দ হুণ্ডী স্বীকার করিলে ও প্রতিবাদী শ্রীচন্দ্র ঐ হুণ্ডী লিখিলে (কি তাহার পৃষ্ঠলিপি লিখিলে) তাঁহাদের নামে বাদির এত টাকার দাওয়া।

প্রতিভূর উপর দাওয়া।

প্রতিবাদী বিক্রীত কোন দ্রব্যের জামিন হওয়াতে তাঁহার উপর বাদির এত টাকার দাওয়া।

বিক্রীত কোন দ্রব্যের মূল্য [কিম্বা বাকী খাজানা কিম্বা ঋণ বলিয়া কিম্বা বাদির নিমিত্ত কর্ম্মকারকস্বরূপ প্রতিবাদী শ্রী আনন্দ যে টাকা পাইলেন, তন্নিমিত্ত কিম্বা অন্য প্রকারে] প্রতিবাদী শ্রীআনন্দ দায়ী ও প্রতিবাদী শ্রীচন্দ্র প্রতিভূ হওয়াতে, তাঁহাদের উপর বাদির এত টাকার দাওয়া।

শ্যারের উপর দাওয়া।

শ্যারের উপর দাওয়াস্বরূপ বাদির এত টাকার দাওয়া।

Indorsement for costs, &c.

[*Add to the above Forms*] and rs. for costs; and if the amount claimed be paid to the plaintiff or his pleader within days [*or, if the summons is to be served out of the jurisdiction, insert the time for appearance limited by the order*] from the service hereof, further proceedings will be stayed.

Damages and other claims.

Agent, &c.

The plaintiff's claim is for damages for breach of a contract to employ the plaintiff as traveller.

The plaintiff's claim is for damages for wrongful dismissal from the defendant's employment as traveller [and rs. for arrears of wages].

The plaintiff's claim is for damages for the defendant's wrongfully quitting the plaintiff's employment as manager.

The plaintiff's claim is for damages for breach of duty as factor [*or, &c.*,] of the plaintiff [and rs. for money received as factor, *or, &c.*].

Apprentices.

The plaintiff's claim is for damages for breach of the terms of a deed of apprenticeship of *X. Y.* to the defendant [*or* plaintiff].

Arbitration.

The plaintiff's claim is for damages for non-compliance with the award of *X. Y.*

Assault, &c.

The plaintiff's claim is for damages for assault [and false imprisonment, and for malicious prosecution].

By husband and wife.

The plaintiff's claim is for damages for assault and false imprisonment of the plaintiff, *C. D.*

Against husband and wife.

The plaintiff's claim is for damages for assault by the defendant, *C. D.*

Pleader.

The plaintiff's claim is for damages for injury by the defendant's negligence as pleader of the plaintiff.

Bailment.

The plaintiff's claim is for damages for negligence in the custody of goods [and for wrongfully detaining the same].

Pledge.

The plaintiff's claim is for damages for negligence in the keeping of goods pawned [and for wrongfully detaining the same].

Hire.

The plaintiff's claim is for damages for negligence in the custody of furniture [*or*, a carriage] lent on hire, [and for wrongfully, *&c.*].

Banker.

The plaintiff's claim is for damages for wrongfully neglecting [*or* refusing] to pay the plaintiff's cheque.

Bill.

The plaintiff's claim is for damages for breach of a contract to accept the plaintiff's drafts.

Bond.

The plaintiff's claim is upon a bond conditioned not to carry on the trade of a .

Carrier.

The plaintiff's claim is for damages for refusing to carry the plaintiff's goods by railway.

The plaintiff's claim is for damages for refusing to carry the plaintiff by railway.

The plaintiff's claim is for damages for breach of duty in and about the carriage and delivery of coals by railway.

The plaintiff's claim is for damages for breach of duty in and about the carriage and delivery of machinery by sea.

Charter-party.

The plaintiff's claim is for damages for breach of charter-party of ship [*Mary*].

খরচাপ্রভৃতি বিষয়ক পৃষ্ঠলিপি।

(উপরোক্ত পাঠের কথার সঙ্গে২ এই২ কথাও লিখিতে হইবে) ও খরচার নিমিত্ত এত টাকা। এবং যত টাকার দাওয়া হয় তাহা এই আবেদনপত্র জারী হওয়ার তারিখ অবধি এত দিনের মধ্যে [কিম্বা আদালতের এলাকার সীমার বহির্ভুত স্থানে সমন জারী করিতে হইলে আজ্ঞাপত্রে উপস্থিত হইবার যে মিয়াদ থাকে সেই মিয়াদ উল্লেখ করিয়া এত দিনের মধ্যে] বাদিকে কি তাঁহার উকীলকে দেওয়া গেলে এই মোকদ্দমা ঘটিত আর সকল কার্য্য স্থগিত হইবে।

হানিপুরণ পাইবার ও অন্যান্য দাওয়ার কথা।

কর্ম্মকারকপ্রভৃতি স্বরূপ।

বাদিকে নিয়োগীস্বরূপ কর্ম্ম দিবার চুক্তি ভঙ্গহেতুক বাদির হানি-পূরণের দাওয়া।

বাদী নিয়োগীস্বরূপ প্রতিবাদির নিকট কর্ম্ম করিতেছিলেন এমত সময়ে তাঁহাকে অন্যায়মতে কর্ম্মহইতে ছাড়াইয়া দেওয়া গেলে বাদির হানি পুরণের ও [বাকী বেতন বলিয়া এত টাকার] দাওয়া।

প্রতিবাদী বাদির কার্য্যাধ্যক্ষ হইয়া অন্যায়মতে কার্য্য ত্যাগ করিয়া যাওয়াতে বাদির হানিপুরণস্বরূপ এত টাকার দওয়া।

বাদির নিকট প্রতিবাদী কর্ম্মকারক [প্রভৃতি] হইয়া কর্ত্তব্য কর্ম্ম না করাতে বাদির হানিপুরণ পাইবার (ও প্রতিবাদী কর্ম্মকারক প্রভৃতি স্বরূপ এত টাকা পাইলেন বলিয়া সেই টাকা পাইবার) দাওয়া।

কর্ম্ম শিক্ষার্থির দাওয়া।

প্রতিবাদির (কি বাদির) নিকট শ্রী অমুকের কর্ম্মশিক্ষার্থী হওয়ার নিদর্শনপত্রের নিয়মভঙ্গ হেতুক বাদির হানিপুরণ পাইবার দাওয়া।

সালীসীতে অর্পণবিষয়ক দাওয়া।

শ্রী অমুকের মীমাংসা অনুসারে কার্য্য না হওয়াতে বাদির হানি-পূরণের দাওয়া।

আক্রমণ প্রভৃতি হেতুক দাওয়া।

আক্রমণ করণ (ও অন্যায়মতে আটক রাখণ ও ঈর্ষাপূর্ব্বক অভিযোগ করণ হেতুক) বাদির হানিপুরণের দাওয়া।

স্বামির ও স্ত্রীর দাওয়া।

বাদির প্রতি আক্রমন (ও তাঁহাকে অন্যায়মতে আটক রাখণ হেতুক) বাদির হানিপুরণের দাওয়া।

স্বামির ও স্ত্রীর বিপরীত দাওয়া।

প্রতিবাদী শ্রী অমুক আক্রমণ করাতে বাদির হানিপুরণের দাওয়া।

উকীল সংক্রান্ত দাওয়া।

প্রতিবাদী বাদির পক্ষ উকীল হইয়া তাচ্ছল্য দ্বারা যে হানি জন্মাই-লেন বাদির সেই হানিপুরণের দাওয়া।

নিক্ষেপণ বিষয়ক দাওয়া।

মাল রক্ষা করিবার তাচ্ছল্য হেতুক [ও অন্যায়মতে আটক রাখণ হেতুক] বাদির হানিপুরণের দওয়া।

পণ দেওন বিষয়ক দাওয়া।

পণ দেওয়া দ্রব্য রাখিবার তাচ্ছল্য হেতুক (ও অন্যায়মতে আটক রাখণ হেতুক) বাদির হানিপুরণের দাওয়া।

ভাড়ার নিমিত্ত দাওয়া।

লওয়াজিমা (কি গাড়ী) ভাড়া দেওয়াতে তাহা রক্ষা করিবার তাচ্ছল্য হেতুক [ও অন্যায়মতে প্রভৃতি] বাদির হানিপুরণের দাওয়া।

বণিকের উপর দাওয়া।

বাদির চাকের টাকা দিতে অন্যায়মতে তাচ্ছল্য করণ হেতুক (কিম্বা না দেওন হেতুক) বাদির হানিপূরণের দাওয়া।

হুণ্ডীবিষয়ক দাওয়া।

বাদির হুণ্ডী স্বীকার করিবার চুক্তিভঙ্গ হেতুক বাদির হানিপুরণের, দাওয়া।

নিবন্ধনপত্রহেতুক দাওয়া।

অমুক ব্যবসায় না করিবার নিয়মে যে নিবন্ধনপত্র লেখা যায় তাহার উপর বাদির দাওয়া।

বাহকের উপর দাওয়া।

রেলওয়ের দ্বারা বাদির মাল চালান করিবার অসম্মতি হেতুক বাদির হানিপুরণের দাওয়া।

রেলওয়ের দ্বারা বাদিকে লইয়া যাইবার অসমতি হেতুক বাদির হানিপুরণের দাওয়া।

রেলওয়ের দ্বারা কয়লা চালান করিয়া পঁহুছাইয়া দেওন সম্পর্কে যাহা কর্ত্তব্য ছিল সেই কর্ত্তব্য কার্য্য লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

সমুদ্রপথে কল চালান করিয়া পঁহুছাইয়া দেওনসম্পর্কে যাহা কর্ত্তব্য ছিল সেই কর্ত্তব্যকার্য্য লঙ্ঘন হেতুক বাদী হানিপুরণের দাওয়া করেন।

চার্টর পার্টি বিষয়ক দাওয়া।

(মেরি) নামক জাহাজের ভাড়া দিবার নিয়ম লঙ্ঘনহেতুক বাদী হানিপুরণের দাওয়া করেন।

Claim for return of goods; damages.

The plaintiff's claim is for return of household furniture, [*or, &c.*,] or their value, and for damages for detaining the same.

Damages for depriving of goods.

The plaintiff's claim is for wrongfully depriving plaintiff of goods, household furniture, &c.

Defamation.

The plaintiff's claim is for damages for libel.

The plaintiff's claim is for damages for slander.

Wrongful distress.

The plaintiff's claim is for damages for improperly distraining.

[*This Form shall be sufficient whether the distress complained of be wrongful or excessive, or irregular.*]

Ejectment.

The plaintiff's claim is to recover possession of a house, No. in Street, or of a farm called Blackacre, situate in the of in the of

To establish title and recover rents.

The plaintiff's claim is to establish his title to [*here describe property*] and to recover the rents thereof.

[*The two previous Forms may be combined.*]

Fishery.

The plaintiff's claim is for damages for infringement of the plaintiff's right of fishing.

Fraud.

The plaintiff's claim is for damages for fraudulent misrepresentation on the sale of a horse [*or* a business, *or* shares, *or &c.*].

The plaintiff's claim is for damages for fraudulent misrepresentation of the credit of *A. B.*

Guarantee.

The plaintiff's claim is for damages for breach of a contract of guarantee for *A. B.*

The plaintiff's claim is for damages for breach of a contract to indemnify the plaintiff as the defendant's agent to distrain.

Insurance.

The plaintiff's claim is for a loss under a policy upon the ship [*Royal Charter*], and freight of cargo [*or* for return of premiums].

[*This Form shall be sufficient whether the loss claimed be total or partial.*]

Fire insurance.

The plaintiff's claim is for a loss under a policy of fire insurance upon house and furniture.

The plaintiff's claim is for damages for breach of a contract to insure a house.

The plaintiff's claim is for damages for breach of a contract to keep a house in repair.

Landlord and tenant.

The plaintiff's claim is for damages for breaches of covenants contained in a lease of a farm.

Medical man.

The plaintiff's claim is for damages for injury to the plaintiff from the defendant's negligence as a medical man.

Mischievous animal.

The plaintiff's claim is for damages for injury by the defendant's dog.

Negligence.

The plaintiff's claim is for damages for injury to the plaintiff by the negligent driving of the defendant or his servants.

The plaintiff's claim is for damages for injury to the plaintiff while a passenger on the defendant's railway by the negligence of the defendant's servants.

The plaintiff's claim is for damages for injury to the plaintiff at the defendant's railway-station from the defective condition of the station.

Act XIII of 1855.

The plaintiff's claim is as executor of *A. B.*, deceased, for damages for the death of the said *A. B.*, from injuries received while a passenger on the defendant's railway, by the negligence of the defendant's servants.

মাল ফিরিয়া পাইবার ও হানিপূরণের দাওয়া।

বাদী ঘরের লওয়াজিমা (প্রভৃতি) ফিরিয়া পাইবার কি তাহার মূল্য পাইবার ও তাহা আটক রাখাহেতুক হানিপূরণ পাইবার দাওয়া করেন।

বঞ্চিত করা প্রযুক্ত হানিপূরণের দাওয়া।

মাল ও ঘরের লওয়াজিমা প্রভৃতিহইতে বাদিকে অন্যায়মতে বঞ্চিত করণপ্রযুক্ত বাদির দাওয়া।

অপবাদ হেতুক দাওয়া।

লিখিত অপবাদ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাচনিক অপবাদ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

অন্যায়মতে ক্রোক করণপ্রযুক্ত দাওয়া।

অন্যায়মতে ক্রোক করণপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

[যে ক্রোকের নালিশ হয় তাহা অন্যায়, কি অতিরিক্ত ভাবের কি অনিয়মিত হইলে এই পাঠ চলিতে পারিবে।]

বেদখল করণ হেতুক দাওয়া।

বাদী অমুক রাস্তার অমুক নম্বরের ঘরের কিম্বা অমুক জিলার অমুক পরগনার অন্তর্গত অমুক মৌজার অধিকার ফিরিয়া পাইবার দাওয়া করেন।

স্বত্ব স্থাপন ও খাজানা আদায় করণার্থ দাওয়া।

বাদী অমুক সম্পত্তিতে আপনার স্বত্ব স্থাপন ও তাহার খাজানা আদায় করিবার দাওয়া রাখেন।

[উক্ত দুই পাঠ একত্রভাবে লেখা যাইতে পারিবে।]

জলকর বিষয়ক দাওয়া।

বাদির মৎস্য ধরিবার স্বত্ব লঙ্ঘন হওয়াতে তিনি হানিপূরণের দাওয়া করেন।

প্রতারণা হেতুক দাওয়া।

ঘোড়া (কি ব্যবসায় কি শ্যারপ্রভৃতি) বিক্রয় করণসময়ে প্রতারণাপূর্ব্বক মিথ্যা কথা বর্ণিত হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

শ্রীঅমুকের বিশ্বাসযোগ্যতাবিষয়ে প্রতারণাপূর্ব্বক মিথ্যা কথা বর্ণিত হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

প্রাতিভাব্য হেতুক দাওয়া।

শ্রীঅমুকের নিমিত্ত প্রাতিভাব্যের চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাদী দ্রব্য ক্রোক করণার্থে প্রতিবাদির সপক্ষ কর্ম্মকারক হওয়াতে বাদিকে ক্ষতিহইতে নিষ্কৃতি দিবার চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বিমাপত্র সম্পর্কীয় দাওয়া।

[রয়াল চার্টর] নামক জাহাজের উপর যে বিমাপত্র দেওয়া যায় তৎসম্পর্কীয় হানিহেতুক ও তদ্গত মালের ভাড়ার উপর (কিম্বা বিমাপত্রের নিমিত্ত দত্ত টাকা ফিরিয়া পাইবার নিমিত্ত) বাদির দাওয়া।

[যে হানি হেতুক দাওয়া হয় তাহা সম্পূর্ণ কি অংশমাত্র হইলেও এই পাঠ চলিতে পারিবে।]

অগ্নিজন্য ক্ষতিহইতে নিষ্কৃতিপত্র সম্পর্কীয় দাওয়া।

ঘরের ও লওয়াজিমার হানি হেতুক অগ্নিজন্য ক্ষতিহইতে নিষ্কৃতিসূচক বিমাপত্রের উপর বাদী দাওয়া করেন।

ঘরের উপর বিমাপত্র দিবার চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ঘর মেরামত করিয়া রাখিবার চুক্তিভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূম্যধিকারি ও প্রজা সংক্রান্ত দাওয়া।

ইজারার পাট্টার উল্লিখিত নিয়মভঙ্গ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

চিকিৎসকসম্পর্কীয় দাওয়া।

প্রতিবাদী চিকিৎসক হইয়া তাঁহার তাচ্ছল্যহেতুক বাদির যে হানি হয় তৎপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

হানিজনক পশ্বাদি বিষয়ক দাওয়া।

প্রতিবাদির কুক্কুরদ্বারা হানি হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

তাচ্ছল্যঘটিত দাওয়া।

প্রতিবাদী কি তাঁহার চাকরেরা অমনোযোগে গাড়ী চালাইবাতে হানি হওয়াপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

প্রতিবাদির রেলওয়ে গাড়ীতে বাদী চড়নদার হইয়া যাইতেছেন এমন সময়ে প্রতিবাদির চাকরদের তাচ্ছিল্যহেতুক বাদির হানি হওয়াতে তিনি সেই হানিপূরণের দাওয়া করেন।

বাদী প্রতিবাদির রেলওয়ে ষ্টেশনে ছিলেন এমন সময়ে ঐ ষ্টেশনের অসদবস্থা হেতুক বাদির হানি হওয়াতে তিনি সেই হানিপূরণের দাওয়া করেন

১৮৫৫ সালের ১৩ আইন সম্পর্কীয় দাওয়া।

শ্রীঅমুক প্রতিবাদির রেলওয়ের গাড়ীতে চড়নদার হইয়া যাইতেছিলেন এমন সময়ে প্রতিবাদির চাকরদের তাচ্ছল্যহেতুক উক্ত শ্রীঅমুকের অত্যন্ত আঘাত হইয়া তাঁহার মৃত্যু হইলে, বাদী তাঁহার উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকস্বরূপ তাঁহার মৃত্যুজন্য হানিপূরণের দাওয়া করেন।

Promise of marriage.

The plaintiff's claim is for damages for breach of promise of marriage.

Sale of goods.

The plaintiff's claim is for damages for breach of contract to accept and pay for goods.

The plaintiff's claim is for damages for non-delivery [*or* short delivery, *or* defective quality, *or other breach of contract of sale*] of cotton [*or, &c.*].

Sale of goods

The plaintiff's claim is for damages for breach of warranty of a horse.

Sale of land.

The plaintiff's claim is for damages for breach of a contract to sell [*or* purchase] land.

The plaintiff's claim is for damages for breach of a contract to let [*or* take] a house.

The plaintiff's claim is for damages for breach of a contract to sell [*or* purchase] the lease, with good-will, fixtures, and stock-in-trade of a public-house.

The plaintiff's claim is for damages for breach of covenant for title [*or* for quiet enjoyment, *or, &c.*] in a conveyance of land.

Trespass on land

The plaintiff's claim is for damages for wrongfully entering the plaintiff's land and drawing water from his well [*or* cutting his grass, *or* felling his timber, *or* pulling down his fences, *or* removing his gate, *or* using his road or path, *or* crossing his field, *or* depositing sand there, *or* carrying away gravel from thence, *or* carrying away stones from his river].

Support.

The plaintiff's claim is for damages for wrongfully taking away the support of plaintiff's land [*or* house, *or* mine].

Way.

The plaintiff's claim is for damages for wrongfully obstructing a way [public highway, *or* private way].

Water-course &c.

The plaintiff's claim is for damages for wrongfully diverting [*or* obstructing, *or* polluting, *or* diverting water from] a water-course.

The plaintiff's claim is for damages for wrongfully discharging water upon the plaintiff's land [*or* into the plaintiff's mine].

The plaintiff's claim is for damages for wrongfully obstructing the plaintiff's use of a well.

Pasture.

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's right of pasture.

[*This Form shall be sufficient whatever the nature of the right to pasture be.*]

Patent.
Copy-right
Trade-mark

The plaintiff's claim is for damages for obstructing the access of light to plaintiff's house.

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's patent.

The plaintiff's claim is for damages for the infringement of the plaintiff's copy-right.

Work.

The plaintiff's claim is for damages for wrongfully using [*or* imitating] the plaintiff's trade-mark.

The plaintiff's claim is for damages for breach of a contract to build a ship [*or* to repair a house, *&c.*].

বাগ্‌দান সম্পর্কীয় দাওয়া।

বিবাহ করিবার প্রতিজ্ঞা লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

মাল বিক্রয় করণসম্পর্কীয় দাওয়া।

কোন দ্রব্য গ্রহণ করিয়া তাহার মূল্য দেওনের চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

তুলা (প্রভৃতি) না দেওয়াপ্রযুক্ত, (কিম্বা অপেক্ষাকৃত অল্প দিয়া কিম্বা অল্পগুণের তুলা প্রভৃতি দিয়া বিক্রয়ের চুক্তিভঙ্গের অন্য কারণে) বাদী হানিপূরণের দাওয়া করেন।

মাল বিক্রয় করণ সম্পর্কীয় দাওয়া।

ঘোড়ার বিষয় যে নিশ্চিত কথা কহা যায় তাহা সত্য না হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূমি বিক্রয় সম্বন্ধীয় দাওয়া।

ভূমি ক্রয় (কি বিক্রয়) করিবার চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ঘর ভাড়া দিবার (কি ভাড়া করিয়া লইবার) চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

সাধারণের অনুগ্রহ কার্য্য ও ঘরের সংলগ্ন দ্রব্য ও ব্যবসায়ের স্থিত সহিত সাধারণের আমোদার্থ গৃহের পাট্টা বিক্রয় (কি ক্রয়) করিবার চুক্তিভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূমির হস্তান্তরকরণপত্রে স্বত্বের (কিম্বা নিষ্কণ্টকে ভোগ করণ প্রভৃতির) যে নিয়ম থাকে, সেই নিয়মভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ভূমিতে অনধিকার প্রবেশ করণ হেতুক দাওয়া।

প্রতিবাদী বাদির ভূমিতে অন্যায়মতে প্রবেশ করিয়া তাঁহার কূপ হইতে জল তোলন প্রযুক্ত (কিম্বা ঘাস কাট, কিম্বা বড় বৃক্ষচ্ছেদন, কি বেড়া ভাঙ্গন, কি দ্বার উঠাইয়া লওন, কি পথ ব্যবহার করণ, কি ক্ষেত্র দিয়া গমন, কি তথায় বালি ফেলন, কি তথাহইতে কাঁকর তুলিয়া লওন, কিম্বা নদীহইতে পাতর তুলিয়া লওনপ্রযুক্ত) বাদী হানিপূরণের দাওয়া করেন।

রক্ষাকরণার্থ উপায় বিষয়ক দাওয়া।

বাদির ভূমি (কি ঘর, কি খনি) রক্ষা করণার্থ স্তম্ভাদি অন্যায়মতে হরণ হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

পথ সম্পর্কীয় দাওয়া।

পথ (কি রাজপথ কি মফঃস্বল পথ) অন্যায়মতে অবরুদ্ধ হওয়া প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

জলপ্রণালী প্রভৃতি বিষয়ক দাওয়া।

জলপ্রণালী অন্যায়মতে অন্য মুখ করা প্রযুক্ত (বা অবরোধ বা মলিন করা বা জল বহন নিবারণ করা প্রযুক্ত) বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাদির ভূমির উপর (বা বাদির খনির মধ্যে) অন্যায়মতে জল পড়িতে দেওনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

বাদির কূপের জল ব্যবহার করিতে অন্যায়মতে বাধা দেওয়াপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

চরাণী ভূমি সম্পর্কীয় দাওয়া।

বাদির গো মেষাদি চরাইবার স্বত্ব লঙ্ঘনহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

[পশু চরাইবার যে প্রকারের স্বত্ব হউক এই পাঠ চলিতে পারিবে।]

আলো বিষয়ক দাওয়া।

বাদির ঘরে আলো প্রবেশের বাধা দেওনপ্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

পেটেণ্ট বিষয়ক দাওয়া।

বাদী যে পেটেণ্ট পাইলেন তাহার লঙ্ঘন করা প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

গ্রন্থস্বত্ব বিষয়ক দাওয়া।

বাদির গ্রন্থস্বত্বের অপলাপ হেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

ব্যবসায়ির চিহ্নসম্পর্কীয় দাওয়া।

বাদির ব্যবসায়ির চিহ্ন অন্যায়মতে ব্যবহার হওয়া (বা তদনুরূপ চিহ্ন করা) প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

কর্ম্মবিষয়ক দাওয়া।

জাহাজ নির্ম্মাণ (কি গৃহাদি মেরামৎ প্রভৃতি) করিবার চুক্তি ভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

জাহাজ নির্ম্মাণাদি করিবার জন্যে বাদিকে কর্ম্ম দিবার চুক্তি ভঙ্গহেতুক বাদী হানিপূরণের দাওয়া করেন।

Nuisance.

The plaintiff's claim is for damages for breach of a contract to employ the plaintiff to build a ship, &c.

The plaintiff's claim is for damages to his house, trees, crops, &c., caused by noxious vapours from the defendant's factory [*or, &c.*]

The plaintiff's claim is for damages from nuisance by noise from the defendant's works *or* stables *or, &c.*].

[*Add to indorsement*] :—and for an injunction.

Injunction.

[*Add to indorsement where claim is to land, or to establish title, or both*] :—

Mesne profits.

and for mesne profits.

Arrears of rent.

and for an account of rents or arrears of rent.

Breach of covenant.

and for breach of covenant for [repairs].

1. *Creditor to administer Estate.*

The plaintiff's claim is as a creditor of *X. Y.*, of . deceased, to have the moveable and immoveable property of the said *X. Y.* administered. The defendant, *C. D.*, is sued as the administrator of the said *X. Y.*, [and the defendants, *E. F.* and *G. H.*, as his coheirs at law].

2. *Legatee to administer Estate.*

The plaintiff's claim is as a legatee under the will dated the day of 18 , of *X. Y.* deceased, to have the moveable and immoveable property of the said *X. Y.* administered. The defendant, *C. D.*, is sued as the executor of the said *X. Y.* [and the defendants, *E. F.* and *G. H.*, as his devisees].

3. *Partnership.*

The plaintiff's claim is to have an account taken of the partnership dealings between the plaintiff and defendant [under articles of partnership dated the day of], and to have the affairs of the partnership wound up.

4. *By mortgagee.*

The plaintiff's claim is to have an account taken of what is due to him for principal, interest and costs on a mortgage dated the day of , made between [*parties*] [*or*, by deposit of title-deeds], and that the mortgage may be enforced by foreclosure or sale.

5. *By mortgagor.*

The plaintiff's claim is to have an account taken of what, if anything, is due on a mortgage dated and made between [*parties*], and to redeem the property comprised therein.

অনিষ্টজনক কর্ম্ম হেতুক দাওয়া।

প্রতিবাদির ভূমী প্রভৃতিহইতে হানিজনক বাষ্প উঠিয়া বাদির ঘরের ও বৃক্ষের ও ফসলাদির হানি হওয়াতে বাদী হানিপূরণের দাওয়া করেন।

প্রতিবাদির কারখানাহইতে (কি আস্তাবল প্রভৃতিতে) অনেক গোল হওয়াতে অনিষ্টজনক প্রযুক্ত বাদী হানিপূরণের দাওয়া করেন।

নিষেধসূচক আজ্ঞা সম্পর্কীয় দাওয়া।

[পৃষ্ঠলিপিতে এই কথা সংযোগ করিতে হইবে] ও নিষেধসূচক আজ্ঞা হওয়ার]

[ভূমি পাইবার কিম্বা ভূমিতে স্বত্ব স্থাপন করিবার কি উভয়ের দাওয়া হইলে পৃষ্ঠলিপিতে এই২ কথা সংযোগ করিতে হইবে।]

ওয়াসিলাৎ।

ও ওয়াসিলাতের।

বাকী খাজানা।

ও খাজানার হিসাব পাইবার কিম্বা বাকী খাজানার।

নিয়মভঙ্গ হওন।

ও (মেরামত প্রভৃতি) করিবার নিয়মভঙ্গ প্রযুক্ত।

১। মৃত ব্যক্তির দ্রব্যনিরূপণ করাইয়া লওনার্থে মহাজনের দাওয়া।

অমুক স্থানবাসি মৃত অমুকের মহাজনস্বরূপ বাদী উক্ত অমুকের স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিরূপণ করাইয়া লইবার দাওয়া করেন। উক্ত অমুকের দ্রব্যনিরূপণাধিকারিস্বরূপ প্রতিবাদী শ্রীচন্দ্রের নামে [ও আইনমতে তাঁহার সহঅধিকারিস্বরূপ প্রতিবাদী শ্রী ঈশানের ও শ্রী গগণের নামে,] মোকদ্দমা উপস্থিত করা গেল।

২। মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণ করাইয়া লওনার্থে তাঁহার উইলক্রমে ধন প্রাপণীয় ব্যক্তির দাওয়া।

মৃত অমুক ব্যক্তির অমুক সালের অমুক মাসের অমুক তারিখের উইলক্রমে, বাদী ধনপ্রাপণীয় হইয়া উক্ত অমুকের স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিরূপণ করাইয়া লইবার দাওয়া করেন। উক্ত অমুকের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক বলিয়া প্রতিবাদি শ্রী চন্দ্রের নামে [ও উইলক্রমে স্থাবর সম্পত্তি প্রাপণীয় ব্যক্তিস্বরূপ প্রতিবাদি শ্রী ঈশানের ও শ্রী গগণের নামে] মোকদ্দমা উপস্থিত করা গেল।

৩। অংশিত্ব বিষয়ক দাওয়া।

(অমুক সালের অমুক মাসের অমুক তারিখের অংশিত্বপত্রক্রমে) বাদির ও প্রতিবাদির যে অংশিত্ব ব্যবসায় আছে বাদী সেই ব্যবসায়ের হিসাব লইয়া ঐ অংশিত্ব সম্পর্কীয় ব্যাপার বন্ধ করাইবার দাওয়া করেন।

৪। বন্ধক গ্রহীতার দাওয়া।

(উভয়পক্ষের মধ্যে) (কিম্বা অধিকারসূচকপত্র গচ্ছিত করিয়া) অমুক সালের অমুক মাসের অমুক তারিখের বন্ধকীপত্র ক্রমে বাদির আসল ও সুদ ও খরচা সুদ্ধ যত টাকা পাওনা আছে, বাদী ইহার হিসাব লইবার ও বন্ধকী সম্পত্তি উদ্ধার কি বিক্রয় করিবার দাওয়া করেন।

৫। বন্ধকদাতার দাওয়া

অমুক তারিখের যে বন্ধকীপত্র অমুক২ (পক্ষের) মধ্যে করা যায় তদনুসারে বাদির কিছু পাওনা থাকিলে কত টাকা পাওনা আছে বাদী ইহার হিসাব লইবার ও ঐ পত্রলিখিত সম্পত্তি উদ্ধার করিবার দাওয়া করেন।

6. *Raising Portions.*

The plaintiff's claim is that the sum of rs. which by an indenture of settlement, dated , was provided for the portions of the younger children of may be raised.

7. *Execution of Trusts.*

The plaintiff's claim is to have the trusts of an indenture dated and made between [*parties*] carried into execution.

8. *Cancellation or Rectification.*

The plaintiff's claim is to have a deed dated and made between [*parties*] set aside or rectified.

9. *Specific Performance.*

The plaintiff's claim is for specific performance of an agreement dated the day of for the sale by the plaintiff to the defendant of certain [freehold] hereditaments at

No. 115.

PROBATE.

1. *By an executor or legatee propounding a will in solemn form.*

The plaintiff claims to be executor of the last will dated the day of of *C. W.*, late of deceased, who died on the day of and to have the said will established. This summons is issued against you as one of the next-of-kin of the said deceased [*or, as the case may be*].

2. *By an executor or legatee of a former will, or a next-of-kin, &c., of the deceased seeking to obtain the revocation of a probate granted in common form.*

The plaintiff claims to be executor of the last will dated the day of of *C. D.*, late of deceased, who died on the day of and to have the probate of a pretended will of the said deceased, dated the day of revoked. This summons is issued against you as the executor of the said pretended will [*or, as the case may be*].

৬। অংশ বৃদ্ধি করণবিষয়ক দাওয়া।

অমুক তারিখের ধনমিরূপণপত্রক্রমে অমুকের কনিষ্ঠ সন্তানাদির অংশ বলিয়া এত টাকা নিরূপণ হওয়াতে বাদী তাঁহাদের সেই অংশ বৃদ্ধি করিবার দাওয়া করেন।

৭। ন্যাসসাধনবিষয়ক দাওয়া।

অমুক২ (উভয় পক্ষের) মধ্যে অমুক তারিখের পত্রক্রমে যে ন্যাস নিরূপণ হয়, বাদী সেই ন্যাসনিরূপণের পত্রানুযায়ি কার্য্য সাধন হইবার দাওয়া করেন।

৮। নিদর্শনপত্র রহিত বা সংশোধন হইবার দাওয়া।

অমুক২ (উভয় পক্ষের) মধ্যে অমুক তারিখের যে নিদর্শনপত্র করা যায় বাদী তাহার অসিদ্ধ বা সংশোধন হইবার দাওয়া করেন।

৯। নির্দ্দিষ্ট কার্য্য সাধনার্থ দাওয়া।

বাদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রতিবাদির নিকট অমুক স্থানের অন্তর্গত কএক খণ্ড (নিষ্কর) ভূমি বিক্রয় করিবার যে নিয়ম করিলেন, বাদী সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইবার দাওয়া করেন।

---

১১৫ নম্বর।

প্রবেট।

১। উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক কি ধন প্রাপণীয় ব্যক্তি ধর্ম্মতঃভাবে উইল উপস্থিত করিলে তদ্বিষয়ক দাওয়া।

অমুক স্থানবাসি শ্রীঅমুক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে মরিলে, বাদী তাঁহার অমুক সালের অমুক মাসের অমুক তারিখের চরম উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক বলিয়া সেই উইল প্রবল করিবার দাওয়া করেন। তুমি উক্ত মৃত ব্যক্তির অন্তরঙ্গদের [কিম্বা অন্য কুটুম্বাদির] মধ্যে এক জন আছ বলিয়া তোমার নামে এই সমন দেওয়া গেল।

২। সামান্যভাবে যে প্রবেট দেওয়া গেল তাহা অসিদ্ধ করণের চেষ্টায় মৃত ব্যক্তির পূর্ব্বলিখিত উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকের কি ধন প্রাপণীয় ব্যক্তির কি অন্তরঙ্গপ্রভৃতির দাওয়া।

অমুক স্থানবাসি শ্রীঅমুক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে মরিলে, বাদী তাঁহার অমুক সালের অমুক মাসের অমুক তারিখের চরম উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক বলিয়া উক্ত মৃত ব্যক্তির অমুক সালের অমুক মাসের অমুক তারিখের কল্পিত উইলের প্রবেট অসিদ্ধ করাইবার দাওয়া করেন। তুমি উক্ত কল্পিত উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদক (কিম্বা অন্য যাহা হয়) আছ বলিয়া তোমার নামে এই সমন দেওয়া গেল।

3. *By an executor or legatee of a will when letters of administration have been granted as in an intestacy.*

The plaintiff claims to be executor of the last will of *C. D.*, late of deceased, who died on the day of dated the day of

The plaintiff claims that the grant of letters of administration of the estate of the said deceased obtained by you should be revoked and probate of the said will granted to him.

4. *By a person claiming a grant of administration as a next-of-kin of the deceased, but whose interest as next-of-kin is disputed.*

The plaintiff claims to be the brother and sole next-of-kin of *C. D.* of deceased, who died on the day of intestate, and to have as such a grant of administration to the personal estate of the said intestate. This writ is issued against you because you have entered a caveat, and have alleged that you are the sole next-of-kin of the deceased [*or, as the case may be*].

Indorsements of character of Parties.

The plaintiff's claim is as executor [*or* administrator] of *C.D.*, deceased, for, *&c.*

The plaintiff's claim is against the defendant, *A.B.*, as executor [*or, &c.*] of *C.D.*, deceased, for, *&c.*

The plaintiff's claim is against the defendant, *A.B.*, as executor of *X.Y.*, deceased, and against the defendant, *C. D.*, in his personal capacity, for, *&c.*

By husband and wife executrix.

The claim of the plaintiff, *C. D.*, is as executrix of *X.Y.*, deceased, and the claim of the plaintiff, *A.B.*, as her husband, for

Trustees.

The plaintiff's claim is as [*or*, the plaintiff's claim is against the defendant as] trustee under the will of *A.B.* [*or* under the settlement upon the marriage of *A.B.* and *X.Y.* his wife].

Public officer.

The plaintiff's claim is as public officer of the Bank, for

The plaintiff's claim is against the defendant as public officer of the Bank, for

The plaintiff's claim is against the defendant, *A.B.*, as principal, and against the defendant, *C.D.*, as public officer, of the Bank, as surety, for

Heir and devisee.

The plaintiff's claim is against the defendant as heir-at-law of *A. B.*, deceased.

The plaintiff's claim is against the defendant, *C.D.*, as heir-at-law, and against the defendant, *E.F.*, as devisee, of lands under the will of *A.B.*

৩। কোন ব্যক্তি উইল না লিখিয়া মরিলেন বলিয়া তাঁহার দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া গেলে পর উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদকের কি ধন প্রাপণীয় ব্যক্তির দাওয়া।

অমুক স্থানবাসি অমুক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে মরিলে, বাদী তাঁহার অমুক সালের অমুক মাসের অমুক তারিখের উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদক বলিয়া দাওয়া করেন।

তুমি উক্ত মৃত ব্যক্তির সম্পত্তি নিরূপণাধিকারিত্ব যে পত্র পাইয়াছ উক্ত বাদী তাহা অসিদ্ধ হইবার ও ঐ উইলের প্রবেট পাইবার দাওয়া করেন।

৪। কোন ব্যক্তি মৃত ব্যক্তির অন্তরঙ্গ বলিয়া তাঁহার দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র পাইবার দাওয়া রাখিলে ও অন্তরঙ্গস্বরূপ তাঁহার স্বার্থ বিষয়ে বিবাদ হইলে তাঁহার দাওয়া।

অমুক স্থানবাসি অমুক উইল না লিখিয়া অমুক সালের অমুক মাসের অমুক তারিখে মরিলে, বাদী আপনাকে তাঁহার ভ্রাতা ও একক অন্তরঙ্গ বলিয়া দাওয়া রাখিয়া ঐ অন্তরঙ্গস্বরূপ তাঁহার অস্থাবর সম্পত্তি নিরূপণ করিবার অধিকারিত্বপত্র প্রাপ্ত হইবার দাওয়া করেন। তুমি এই বিষয়ে সতর্ক থাকার পত্র অর্পণ করিয়া আপনাকেই উক্ত মৃত ব্যক্তির একক অন্তরঙ্গ বলিয়া জানাইয়াছ (প্রভৃতি কারণে) তোমার নামে এই পরওয়ানা দেওয়া গেল।

উভয়পক্ষের পদাদি বিষয়ক পৃষ্ঠলিপি।

বাদী মৃত চন্দ্রের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক (কিম্বা দ্রব্যনিরূপণাধিকারি) বলিয়া অমুক বিষয়ের দাওয়া করেন।

বাদী মৃত চন্দ্রের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক প্রভৃতি বলিয়া প্রতিবাদি শ্রী আনন্দের বিপক্ষে অমুক বিষয়ের দাওয়া করেন।

বাদী মৃত অমুকের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকস্বরূপ প্রতিবাদি শ্রী আনন্দের, ও নিজ সম্বন্ধসম্পর্কে প্রতিবাদি শ্রী চন্দ্রের বিপক্ষে অমুক বিষয়ের দাওয়া করেন।

স্বামির এবং উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদিকা স্ত্রীর দাওয়া।

মৃত অমুকের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদিকাস্বরূপ বাদীনী শ্রীমতী চাঁদ ও তাঁহার স্বামিস্বরূপ বাদি শ্রী আনন্দ অমুক বিষয়ের দাওয়া করেন।

ট্রষ্টীদের দাওয়া।

অমুকের উইলক্রমে নিরূপিত (কিম্বা, আনন্দের ও তাঁহার স্ত্রী চন্দ্রমণির বিবাহকালীন যৌতুক ধন নিরূপণপত্রক্রমে নিরূপিত) ন্যাসধারীস্বরূপ বাদির এই দাওয়া (কিম্বা ন্যাসধারিস্বরূপ প্রতিবাদির বিপক্ষে বাদির এই দাওয়া।)

রাজকীয় কার্য্যকারক।

অমুক ব্যাঙ্কের রাজকীয় কার্য্যকারকস্বরূপ বাদির অমুক বিষয়ের দাওয়া।

অমুক ব্যাঙ্কের রাজকীয় কার্য্যকারকস্বরূপ প্রতিবাদির বিপক্ষে বাদির অমুক বিষয়ের দাওয়া।

অমুকের নিমিত্ত প্রতিভূস্বরূপ ব্যাঙ্কের প্রধান ব্যক্তি বলিয়া প্রতিবাদি শ্রীআনন্দের, ও ঐ ব্যাঙ্কের রাজকীয় কার্য্যকারকস্বরূপ প্রতিবাদি শ্রীচন্দ্রের বিপক্ষে বাদির অমুক বিষয়ের দাওয়া।

উত্তরাধিকারী ও উইলক্রমে স্থাবর সম্পত্তি প্রাপণীয় ব্যক্তির দাওয়া।

মৃত অমুকের আইনমত উত্তরাধিকারিস্বরূপ প্রতিবাদির বিপক্ষে বাদির দাওয়া।

